পত্রাক্ষ	প্রদানের তারিথ	গ্রহণের তারিখ	পত্ৰাক্ষ	প্রদানের তারিথ	গ্রহণে:
		· ·			
					.1
				in the second se	

# মহাপুরুষচরিত।

প্রথম খণ্ড।

# মহাপুৰুষ এবাহিমের জীবনচরিত

"যে ব্যক্তি স্বীয় আত্মার জ্ঞান রাখে না সে ব্যতীত কে এবাহিমের
ধর্মহইতে বিমুখ হয় ? সত্যই আমি তাহাকে ইহলোকে
গ্রহণ করিয়াছি, এবং সত্যই সে পরলোকে
সাধুদিগের একজন।" (কোরাণ)

### কলিকাতা।

বিধান যন্ত্রে জ্রীরামসর্বস্বে ভট্টাচার্য্য দ্বারা ।

মুদ্রিভ ও প্রকাশিত।

18046

10 200/2004 10 200/2004

# ভূমিকা।

মানবজাতি তুই শ্রেণীতে বিভক্ত, মহাপুরুষ ও সাধারণ মরুষ্য। **মহা**-পুরুষ যে দকল আধ্যাত্মিক ও মানদিক বিশেষ বিশেষ গুণ ও শক্তি লাভ করিয়া যেরূপ অসাধারণ কার্য্য সাধন করেন, সাধারণ মন্ত্র্যা ভজ্ঞপ কথন সংসাধন করিতে সক্ষম নছে। মহাপুরুষগণ ঈখরের বিশেষ চিহ্নিভ ; ভাঁহার। প্রভাক্ষভাবে ঈশ্বরহইতে ধর্মালোক জ্ঞানালোক লাভ করিয়া প্রভূত তেজ ও শক্তি সহকারে জগতে অধ্যুত কার্য্য সকল সম্পাদন করেন। সাধারণ মন্নুষ্যুগণ মহাপুরুষদিগের উপদেশ, জীবনের দৃষ্টান্ত ও আলোক অন্নুসরণ করিয়া উন্নতির পথে অগ্রদর হইয়া থাকেন। দর্বাক্ষণ দকল স্থানে মহা-পুরুষের আধির্ভাব হয় না, যথন পৃথিবীর বা দেশ বিশেষের বিশেষ অভাব 🤏 তুরবস্থা হয় তথন পরমেশ্বর এক এক জন মহাপুরুষকে প্রেরণ করিয়া তাঁহার জীবন দ্বারা সেই অভাব মোচন ও অবস্থার সংশোধন করিয়া লন। ধর্মবিষরে বিজ্ঞান, কাব্য ও অন্য অন্য বিষয়ে জগতে জ্ঞানালোক বিস্তার করিবার জন্য বিশেষ বিশেষ প্রাকৃতিসম্পন্ন মহাপুরুষ বিশেষ বিশেষ সময়ে প্রাভৃতি ত হন। যথা এবাহিম মুশা ঈশা মোহশদ বুদ্দ শানক চৈতন্য প্রভৃতি ধর্ম-বিষয়ে মহাপুরুষ; সক্রেটিস, নিউটন গেলিলিও প্রভৃতি বিজ্ঞানবিষয়ে, কালিদান, সেক্নৃপিয়র, ফরদোদী প্রভৃতি কাব্য বিষয়ে মহাপুরুষ ভিন্ন ভিন্ন সময়ে পৃথিবীর ভিন্ন ভিন্ন স্থানে জন্মগ্রহণ করিয়াছিলেন। বস্তুতঃ যিনি ঈদৃশ মহা কার্য্য সম্পাদন করেন যাহা অন্য লোকে সম্পাদন করিতে পারে না তিনিই মহাপুরুষ। অনেকে মনে করেন যে আমরাও চেষ্টা यञ्ज कतित्व क्रेमा मूमा मद्धिरीय ए कानिमाम श्रेट पाति, रेश छांशास्त्र সম্পূর্ণ ভ্রম। ভাঁহারা চেষ্টা যত্ন করিয়া জীবনের অনেক উন্নতি সাধর্ম করিতে পারেন, সাধুভক্ত জ্ঞানী কবি হইতে পারেন, কিন্তু মহাপুরুষ हरेट পाরেন না। মহাপুরুষদিগের জীবনের সেই মহত্ব, ক্ষমতা ও অলোকিকভা ভাঁহাদের প্রাপ্য নহে। প্রথম শ্রেরীর মহাপুরুষের জার্থাৎ ধর্মপ্রেবর্ত্তক মহাপুরুষের চরিত্র বর্ণন করা এই এস্থের উদ্দেশ্য। জাত এব ধর্মপ্রেবর্ত্তক মহাপুরুষ কাহাকে বলে তাহার বিশেষ লক্ষণ সজ্জোপে বিবৃত হইতেছে।

**ধর্মপ্রবর্ত্তক মহাপুরু**ষকে স্থগীয় ভত্তবাহকও বলা হইয়া াকে। স্থাবিখ্যাত . প**ভিত ও মহা** ধার্জিক হে ছতোল্এব্লাম নাবুহামেদমো**হমদ গজালি** স্বরচিত কিমিয়ায়দাদভনামক গ্রাসদ্ধ পারস্য ধর্ম এন্থে তত্ত্বাহকের এই-রূপ লক্ষণ বাক্ত করিয়াছেন "ঈখর ঘাঁহার প্রতি মানব জাতির কল্যাণ প্রদর্শনের পথ মুক্ত করিয়াছেন, যিনি তাহা লোকের নিকটে প্রচার করেন এইরূপ ব্যক্তিই সগীয় তত্ত্বাহক এবং যে কলাণের গথ প্রদ-শিতি হয় তাহাই ধর্ণাবিধি।" ধর্মপ্রবর্ত্তক মহাপুরুষগণ প্রভ্যক্ষভাবে ঈশ্বর হইতে ধর্মালোক লাভ করিয়া জগতে ভাহা বিস্তার করেন, ধর্ম সংস্কার ও প্রত্যাদেশ প্রচার করিয়। বিষয়াসক্ত বিপথগামী লোকদিগকে মুক্তির পথ **প্রদর্শন করা ভাঁহাদের চির জীবনের ব্রত। ভাঁহার**। ঈশ্বরের একাস্ত অন্ত্ৰগত ত্তা ও দৰ্কত্যাগী বৈৱাগী হইয়া এই মহাত্ৰত সাধনে প্ৰাণ-পণে যত্ন করেন, প্রভুর আজ্ঞা পালন ব্যতীত তাঁহারা অন্য কিছু জানেন না, ভজ্জন্যই তাঁহাদের জীবন ধারণ। এই মহাপুরুষদের জীবনের আলোকে জগৎ আলোকিত হয়, পৃথিবী নৃতন শ্রী ধারণ করে, নর নারী চিরকাল পুণ্য প্রেম দত্য তাঁহাদের নিকটে লাভ করিয়া থাকেন। তাঁহারা জগতে নুডন আলোক ও নুতন সভ্য দান করিবার জন্য আবিভূতি হন, অম কুসংখার কর্দমে জড়িভ সভারজকে উদ্ধার করিয়া নূতন আকারে প্রকাশ করেন, পূর্ববন্তী বিধান সকলকে স্থসজ্জিত সমুন্নত বেশে উপস্থিত করেন। তাঁহাদের জীবনের তেজ ও প্রভাপে ভূপালগণ প্র্যান্ত ভীতু ও কম্পিত হন। পাপাসক্ত কপট বিষয়ী লোক ও পুরাতন প্রিয় স্বার্থপর কুসংস্কারান্ধ মানবগণের পক্ষে মহাপুরুষদিগের জীবনের তেজ ও তাঁহাদের প্রচারিত নুতন আলোক সহ্য করা হুঙ্কর হয়। তাহারা মহাপুরুষদিগকে নানা-প্রকার অপমান ও লাঞ্চনা করিতে এবং তাঁহার শোণিতপাত ও প্রাণ্মংহার পর্যাক্তৃ কবিতে জ্রটি কবে না । ইহার দৃষ্টাক্তের অভাব নাই। প্রায় কোন গ্রাপুরুষই জীবদশায় লোকের নিকটে আদৃত হন না। কেবল পরি

ত্রাণার্থী সত্যপিপাস্থ লোকেরা তাঁহাকে শ্রদ্ধা করিয়া তাঁহার প্রদর্শিত পথের 🎤 অনুসরণ করের । তিনি কতিপয় চিহ্নিত অনুবর্তীর সাহায্যে জগতে বিধান প্রতিষ্ঠিত করিয়া যান। পূর্ব্বতন কোন মহাপুরুষ যোগ, কেহ বা ভক্তি, কেহ বৈরাগ্যতত্ত্ব বিশেষভাবে প্রচার করিয়া গিয়াছেন। এইরূপ ভিন্ন ভিন্ন মহা-পুরুষদিগের অন্তবর্ত্তিগণ ভাঁহাদের প্রদর্শিত বিধির অন্তুসরণে সিদ্ধ হইয়া যোগী ভক্ত বৈরাগী নাম প্রাপ্ত হইয়াছেন। যিনি নান: প্রকার লাঞ্চিত অপমানিত অনলে দগ্ধ বা জুশে নিহত হইয়াছেন পরে সেই মহাপুরুষকেই লোকে ঈশ্বর বা ঈশ্বরের অবভার বলিয়া পূজা করিয়াছে। জীবদশায় মহাপুক-বের পরীক্ষা দংগ্রাম কট্ট যন্ত্রণার দীমা থাকে না। একে তিনি জগতের পাপ ও ছঃখ ছুর্গতি দেখিয়া দর্কদা আকুল, তাহার উপরে আবার বিধান-বিরোধী অহস্কারী পায়ও লোকদিগের দারা সভোর অবমাননা ও নানা প্রকার অভ্যাচার। তিনি একমাত্র প্রভুর প্রসন্ধাননের প্রতি আশা ও বিশ্বাসপূর্ণ নয়নে দৃষ্টি করিয়া সমুদায় সহ্য করেন। পরিণামে সকল অন্ধকার কাটিয়া ত্রাশয় বিধানবিরোধীদিগের পরাজয় নত্যের জয় হয়, জগতে সর্গের বিধান প্রতিষ্ঠিত হয়।

যুগ ধর্মের প্রবর্তক মহাপুরুষদিগের জীবনে জীবন্ধ ঈশ্বরের আশ্চর্য্য লীলা প্রকাশ পার। লীলাময় হরি মহাপুরুষগণের আত্মাতেই মূর্ত্তিমান্ ইইয়া প্রকাশিত হন। মহাপুরুষগণ যে, দকল বিষয়ে পূর্ণ ও অল্রাস্থ তাহা নহে, তাঁহারা যে বিধি ও যে দত্য বিশেষ তাবে প্রচার করিতে ঈশ্বর কর্তু ক আদিষ্ট ও নিয়োজিত তির্ষয়ে অল্রাস্থ। মহাপুরুষও অন্য অন্য মন্তব্যের ন্যায় শারীবিক মানদিক প্রকৃতিদম্পন্ন; তিনি মন্তব্য বৈ ঈশ্বর নহেন, স্মৃতরাং তাঁহাতে অপূর্ণতা থাকিবেই। কোরাণশরিকে ঈশ্বরের উক্তি স্থলে উলিথিত হইয়াছে "বল (হে মোহম্মদ্ৰ,) আমি তোমাদের ন্যায় মন্তব্য বৈ নহি।" মহাপুরুষদিগের মানবীয় ভাব ও হর্কলতাদি আমরা ভাবিব না, তাঁহাদের জীবনে যে ঐশ্বরিক অংশ ও দেবছ বিরাজমান তাঁহাকে আদর ও শ্রন্ধা করিয়া আমরা আমাদের চরিত্রকে তাঁহাদের দেব চরিত্রে পরিণত করিব। তাঁহাদের প্রেম ভক্তি বিশ্বাদ বৈরাগ্যাদি আমাদের জীবনের অন্ন পান হইবে। ন্ব-বিধান কোন বিশেষ মহাপুরুষের পক্ষপাতী নহেন, বিশেষ মহাপুরুষে নিবৃদ্ধ

নহেন, সকল দেশের সকল জাতীয় মহাপুরুষকে আদর করেন। তিনি সমুদ্য় মহাপুরুষের সমন্বয় সাধনে প্রবৃত্ত। বর্ত্তমান বিধানবাদিগণ এ প্রদেশের কি ভিন্ন দেশের কি হিন্দু জাতীয় কি ইছদি কি মোসলমান সকল দেশের সকল জাতীয় মৃহাপুরুষকে শিরোধার্য্য করিতেছেন, সকলকে সাদরে জভার্থনা করিয়া আনিয়া তাঁহাদের নিকটে শিক্ষা লাভ করিতেছেন।

পরলোকগত মহাপুরুষদিগের জীবনচরিত আলোচনা ব্যতীত তাঁহা-দের জীবনের গূঢ়তত্ব ও মাহাত্ম্য অবগত হওয়ার অন্য উপায় নাই। সহস্র সহস্র বৎসর গত হইল তাঁহারা পৃথিবী পরিত্যাগ করিয়া গিয়াছেন, তথাপি জীবনচরিতের ভিতর দিয়াই তাঁহারা সম্ম জীবনের আলোক বিকীর্ণ করিয়া নর নারীর আত্মাকে আলোকিত করিতেছেন। নব বিধান মণ্ডলীর কোন স্থযোগ্য ভ্রাতা মহাপুরুষ শ্রীচৈতন্যের জীবনচরিত স্থললিত বঙ্গ ভাষায় উৎক্লষ্ট প্রণালীতে লিখিয়া দকলের বিশেষ ক্লতজ্ঞতা ভাজন হইয়াছেন, তিনি এইক্ষণ মহাপুরুষ ঈশার পবিত্র চরিত্র বঙ্গ ভাষায় প্রকাশে প্রবৃত্ত হইয়াছেন। স্বগীয় সাধু অঘোর নাথ মহাপুরুষ শাক্যসিংহের চরিতামুভ পান করাইয়া আমাদিগকে চরিতার্থ করিয়াছেন। মহাপুরুষ নানকের জীবন চরিতও লিখিত হইয়াছে, সম্বরই পুস্তকাকারে প্রকাশিত হইবে। পশ্চিম এদিয়া মহাতেজস্বী পুরুষরত্ন মহাপুরুষদিগের আকর। তুরুক্ক ও আরব্য ভূমিতে কিয়ৎকাল অন্তর এক এক মহাপুরুষ জন্ম গ্রহণ করিয়া স্থর্য্যের ন্যায় দীপ্তি প্রকাশ করিয়া গিয়াছেন। পৃথিবীর অন্য কোন প্রদেশে এভাধিক জ্যোতিখান্ ধর্মপ্রবর্ত্তক পুরুষের আবিভাব হয় নাই। মহাপুরুষ এবা-হিমকে তত্ত্ত্য প্রায় সমুদায় মহাপুরুষের আদি পিতা বলা যাইতে পারে। মুদা ঈদা দাউদ দোলয়মান মোহম্মদ প্রভৃতি ইছদি ও মোদলমান মূহাপুরুষ-গণ তাঁহারই বংশে জন্ম গ্রহণ করিয়াছেন। আমি পশ্চিম এসিয়ার কয়েক-জন মহাপুরুষের জীবনচরিত বঙ্গ ভাষায় সঙ্কলন করিতে সঙ্কল্প করিয়াছি। এই গুরুতর কার্য্য সাধনে আমার নানাপ্রকার অযোগ্যতা ও অক্ষমতা জাছে। কিন্তু যথন কোন স্মযোগ্য লোক এ বিষয়ে সত্তর হস্তক্ষেপ করি-বেন এরূপ সন্তাবনা দেখিতেছি না, তথন আমাকেই নানা অযোগ্যতা সত্তে প্রবৃত্ত হইতে হইল। আপাতত: ইছদি ও মোদলমান জাতির আদি

পিতা হনিফী ধর্মের প্রবর্ত্তক মহাত্মা এরাহিমের জীবনচরিত বঙ্গ ভাষার প্রকাশিত ক্টল। ক্রমশঃ মহাপুরুষ মুসা দাউদ ও হজরত মোহত্মদের জীবন রুভান্ত প্রকাশ করিতে ইচ্ছা রহিল। মেরাজ্ঞোল্নবুঅত, জামেওতওয়ানিরথ, থোলাসতোল্আফিয়া এই কয়েক ইতিহাস গ্রন্থ অবলম্বন করিয়া এরাহিমের জীবনচরিত লিখা গেল। প্রসিদ্ধ পার্স্যা পুরার্ত্ত মেরাজ্ঞোল্ল নব্অত হইতেই বিশেষ সাহায্য লাভ করা গিয়াছে। এই জীবনের অনেক ঘটনাই জনশ্রুতি মূলক, সত্যের সঙ্গে যে কল্পনা মিশ্রিত আছে তাহা বলা বাছল্য। উক্ত পুস্তক সকলের লিখার মধ্যে সর্কাংশে পরস্পর প্রকা নাই। বছ গ্রন্থের মঙ্গে মিলাইয়া যতদ্র সাধ্য সত্য উদ্ধার করিতে চেটা করা গিয়াছে। বাইবেলের আদি পুস্তক ও কোরাণ শরিফ এবং তন্তায় হইতেও কিছু কিছু আত্মকূল্য প্রাপ্ত হওয়া গিয়াছে। এই ছই ধর্ম গ্রন্থের রীতিমত মহাপুরুষ এরাহিমের জীবন চরিত নাই, প্রসঙ্গমাক আছে।

্লথক।

# স্ফীপত্র।

লিশ্য	পূ	क्षेत्र ।
হুঃস্বপ্ন দেথিয়া রাজা নম্রুদের ত্রাস ও শিশুহত্যা	***	5
গর্ভমধ্যে এবাহিমের জন্ম		9
মাতাপিতার নিকটে শিশু এবাহিমের প্রশ্ন		8
গর্ত্তের বাহিরে এত্রাহিমের আগমন	•••	હ
এবাহিমকর্তৃক প্রতিমা সকলের অবমাননা	***	9
এরাহিমের প্রতিমা ভঙ্গ করা	***	٥۷
ন্ন্রদ ও এরাহিমের প্রশ্নেভর	. • •	ऽ२
এবাহিমকে অগ্নিতে বিদৰ্জন ও তাহা হইতে তাঁহার নিচ্তি		58
এব্রাহিমের ধর্মপ্রচার ও তাঁহার বাবেল রাজ্য পরিত্যাগ		2 @
এবঃহিমের মেসরে গমন করা ও তুর্ঘটনায় পতিত হওয়া	• • •	73
এবাহিমর ফল্সতিনে গমন	***	75
এবাহিমের বাবেলে প্রত্যাগমন ও নম্রুদের মৃত্যু	•••	₹•
এবাহিমের পুনর্কার কেনান দেশে যাত্রা	• • •	२ऽ
এমায়িল ও এন্হাকের জন্ম এবং হাজেরার নির্কাদন	• • •	२२
জম্জমের উৎপত্তি ও মরু। নগরের স্থত্রপাত		२8
পুত্র বলিদানে এবাহিমের প্রত্যাদেশ প্রবণ করা ও তাহাতে	প্রবৃত হওরা	२१
কাবা মন্দির স্থাপন	***	৩১
এবাহিমের দান ও আভিথ্য সৎকার	***	७२
এবাহিমেব পুত্র মদয়ন	• • •	৩৩
এবাহিমের জীবনের মহত্ব	• • •	<b>9</b> 8
स्थारम रागी	• • •	19/4

#### ওঁ একমেবাদিতীয়ম্।

## মহাপুৰুষ এব্ৰাহিমের জীবনচরিত।



#### তুঃস্বপ্ন দেখিয়া রাজা নম্রুদের ত্রাস ও শিশুহত্যা।

আরব দেশের অন্তর্গত কুকা নগরের অনতিদূরে ফোরাত নদীর পূর্ক কূলে বাবেল নামে এক মহা সমৃদ্ধ নগর ছিল। এই নগর নমৃক্রণ নামক ঈশ্বরদ্রোহী ছর্দান্ত রাজার রাজধানী ছিল। আমিই পরমেশ্বর আমাকে পূজা অর্চনা করিতে হইবে, নম্কদ খীয় রাজা মধ্যে এই আজ্ঞা প্রচার করিয়াছিল। প্রজামগুলী ভাহাকেই ঈশ্বরপদে বরণ করিয়া পূজা করিছে বাধ্য হয়, দকলেই স্ব স্ব গৃহে ও সাধারণ মন্দিরে নম্রুদের প্রতিমৃত্তি পূজার জন্য প্রতিষ্ঠিত করে। স্ত্রীপুরুষ বালক বৃদ্ধ যুব। সকল লোকেই নম্রুদ প্রধান ঈশ্বর বলিয়া বিশ্বাদ করে ও তাহার একান্ত অনুগত ভক্ত হইয়া তাহার দেবায় ও আজ্ঞাপালনে রত থাকে। চন্দ্র সূর্য্য নক্ষত্রা-দির পূজা ও অপর কোন কোন দেবদেবীর মূর্ত্তি পূজাও তথন সেদেশে প্রচলিত ছিল। একদা নম্রুদ এক ভয়স্কর স্বপ্ন দেখিয়া ভীভ হয় এবং প্রধান প্রধান জেণতির্বিৎ পণ্ডিতগণকে ডাকিয়া আনিয়া স্বর্ত্তান্ত জ্ঞাপন করে ও তাহার শুভাশুভ ফলাফল ব্যাখ্যা করিতে অন্থরোধ করে। নমরুদ স্থপ্নে দেখিয়াছিল যে আকাশমার্গে অতিশয় উজ্জ্বল একটি নক্ষত্র উদিত স্বইয়া আপন জ্যোতিতে চন্দ্র স্থা্যের জ্যোতিকে পরাস্ত করিয়াছে। কেহ কেহ বলেন যে নম্রুদ এরূপ স্বপ্ন দেখিয়াছিল, একটি প্রকাণ্ড হরিণ আদিয়া ভাহার সিংহাদনে শৃঙ্গাঘাত করে, তাহাতে সিংহাদন ভগ্ন হইরা যায়। যাহা হৌক স্বপ্ন বুভান্ত শ্রবণান্তর স্থবিজ্ঞ জেণতির্বিদ্যাণ স্থান্ধপে গণনা कतिया निर्दिष्म कृतिन य "महाताज, ध्रहनक्ष्णानित मञ्चल गृजि भर्गा-লোচনায় অবগতি হইল যে অচিরে আপনার রাজে৷ অতিশয় বিপ্লব উপস্থিত इहेरत । वर्छमान वर्ष धक महा एकची शुक्रम कम्म श्रवन कतिरवन, जिनिहे

সেই বিপ্লবের কারণ হইবেন, তিনি মহারাজকে সিংহাসনচ্যুক্ত করিবেন। দেই মহাপুরুষ প্রতিমাপুজার মূল উৎপাটন করিয়া জগতে নৃতন ধর্মের প্রতিষ্ঠা করিবেন, ভাঁহার অভ্যুদয়ে রাজত্বের মূল কম্পিত ও রাজবংশ বিলুপ্ত হইরে। তথন থলিদ নামক প্রধান জ্যোতির্ব্বিদ্ রাজাকে বিশেষভাবে অনুরোধ করিল যে এই ছর্ঘটনা সঙ্ঘটিত হইবার পূর্বের তাহার প্রতি বিধানের চেষ্টা করা একান্ত আবশ্যক। স্বযুক্তি এই যে রাজ্যের স্থানে স্থানে প্রহরীরূপে কভগুলি লোক নিযুক্ত করা যাউক, কোন পুরুষকে ম্বীসঙ্গ করিতে না দেওয়া ভাহাদের কার্য্য হইবে। যে সকল নারী এই ক্ষণ গর্ভবতী আছে, তাহাদের কাহার পুত্র সস্তান প্রস্থৃত হইলে প্রহরিগণ তৎক্ষণাৎ সেই শিশুকে হত্যা করিবে। ভয়াকুল নির্দয় নম্রুদের নিকটে এই পরামর্শ অত্যস্ত যুক্তিযুক্ত বোধ হইল। নম্ক্রদ অনন্যোপায় হইয়া আত্মজীবন ও রাজ্য সম্পদ রক্ষার জন্য তাহাই কর্ত্তব্য বলিয়া স্থির করিল। বাবেল নগরে এক জন স্থনিপুণ প্রতিমানির্মাতা ছিলেন, তাঁহার নাম তের্থ, তাঁহার অপর ন.ম আজর, তিনি রাজার অতিশয় প্রিয়পাত্র ও বিখাদভাজন ছিলেন। নম্রুদ তাঁহার প্রতি প্রহরী নিযুক্ত করা আবশ্যক বোধ করে নাই, বরং তাঁহাকে প্রহরীর কার্য্যে নিযুক্ত করিল। গর্ভবতী নারী-দিগের প্রতি শত শত দ্বীলোক প্রহরী নিযুক্ত হইয়াছিল। তাহারা সর্ব্বদা গৃহে গৃহে যাইয়া অনুসন্ধান লইত, কাহার পুত্র দন্তান হইয়াছে জানিবামাত্র সেই শিশুটীকে কালভবনে প্রেরণ করিত। কথিত আছে এই নিষ্ঠুর হত্যা-কাতে প্রায় লক্ষ শিশুর প্রাণনাশ হয়। তেরখের পত্নীর নাম আদনা। তিনি একদিন রজনীতে গোপনে আসিয়া স্বামীর সঙ্গে দ্বিলিত হন. ভাহাতে তাঁহার গর্ভের দঞ্চার হয়। এই গর্ভেই মহাপুরুষ এবাহিম জন্ম থাহণ করেন। যে রাত্রিতে আদনা গর্ভবতী হয় তাহার পর দিন ভবিষ্য-ঘক্তুগণ রাজসন্নিধানে উপস্থিত হইয়া নিবেদন করিল ''মহারাজ আপনি যে বালকের জন্য চিন্তিত আছেন, ও যাহার বিনাশ সাধনে যত্ন করিতেছেন, সে গত রজনীতে গর্ভন্থ হইয়াছে।" নম্কদ ইহা শ্রবণ করিয়া অত্যন্ত উদিগ্ন হইল, গর্ভপরীক্ষা ও শিশুহত্যা বিষয়ে অতিশয় দৃঢ়তা প্রকাশ করিতে লাগিল, চেষ্টা যত্নের একশেষ হইল।

#### গর্তমধ্যে এবাহিমের জন্ম।

আদনা এথমতঃ স্বীয় অস্তঃসন্থার বিষয়-সামীকে জ্ঞাপন করেন নাই। পরে যখন গোপন করা ছঃসাধ্য হইল তখন বলিলেন যে "আমি গর্ভবতী, আমার গর্ভে পুত্র দস্তান হইলে তাহাকে রাজার হস্তে সমর্পণ করা ঘাইবে, তাহা হইলে আমাদের প্রতি মহারাজ অধিকতর প্রসন্ন হইবেন।" এই কথা শুনিয়া তেরথ সম্ভূষ্ট হইলেন। প্রসবকাল নিকটবর্ত্তী হইলে আদুনা স্বামীকে বলিলেন "দস্তান প্রদবের সময় প্রস্থৃতির ভয়ানক বিপদ হইয়। থাকে, অনেকের জীবন রক্ষা কঠিন হইয়া পড়ে, আমি ভাবিত আছি ষে সেই সময়ে বা প্রাণদংশয় বিপদে পতিত হই, এজন্য প্রার্থনা করিতেছি যে ভূমি বিশেষ ত্রতাবলম্বনপূর্কক দেবমন্দিরে অবস্থান করিয়া আমার কল্যা-ণের জনা প্রধান দেবের নিকটে প্রার্থনা করিতে থাক, তাহা হ**ইলে** আমি দেই বিপদের আবর্ত্ত হইতে উদ্ধার পাইতে পারিব। যে পর্য্যস্ত আমার প্রসব না হয়, দে পর্যান্ত তুমি প্রার্থনা ও স্তুতি বন্দনাদি হইতে বিরত হইবে না।'' তদন্ত্সারে তেরথ ভার্য্যার মঙ্গলার্থ ক্রমাগত চল্লিশ দিন মন্দিরে প্রধান দেবমূর্ত্তির ভজনা করেন, দিবা রাত্রি ভার্য্যার শুভ প্রসবের জন্য প্রার্থনা ও মিনতি করিতে থাকেন। ইত্যবদরে আদনা স্বীয় আবাদের অদুরে এক নির্জন প্রদেশে গর্ভ করিয়া মৃত্তিকার নিমে এক গৃহ প্রস্তুত করিলেন, ও প্রস্বকালে যাহা যাহা প্রয়োজন তাহার আয়োজন করিয়া রাখিলেন এবং যথাকালে তথায় পুত্র প্রসব করিলেন। প্রসবান্তে তিনি স্বামীর নিকটে এই সংবাদ পাঠাইয়াছিলেন। তফ্দির আঞ্জিজিয়া গ্রন্থে উল্লিখিত হইয়াছে যে ন্থহের জলপ্লাবনের দতর শত বৎসর পরে এবাহিম জন্ম গ্রহণ করিরাছিলেন। তেরথ মন্দির হইতে গৃহে প্রত্যাগমন করিয়া সম্ভানের কথা জিজ্ঞাসা করিলে আদনা বলিলেন "অত্যন্ত ক্লাও ক্ষীণান্ত পুত্ৰ হইয়াছিল, প্ৰস্থত হইয়াই কালগ্রাদে পতিত হইয়াছে।" তের্থ তাহার এই কথা সভ্য বলিয়া বিশ্বাস করিলেন ও আদনা বিপন্মুক্ত হইয়াছেন ভাবিয়া দেবতাকে ধন্যবাদ नित्न ।

#### মাতা পিতার নিকটে শিশু এরাহিমের প্রশ্ন।

তেরথ যথন কার্য্যান্মরোর্ধে গৃহ হইতে বহির্গত হইতেন তথন আদনা সম্ভা-নের তত্ত্বাবধান করিতেন, গর্ভের ভিতরে যাইয়া তাঁহাকে স্তন্য দান করিয়া তাদিতেন। শিশুটিকৈ বস্তাবৃত করিষা গর্তের এক পার্খে যত্নপূর্বক রাথিয়াছি-লেন। কণিত আছে, আদনার আগমনে বিলম্ব হইলে তিনি আপন অমুষ্ঠ চোষণ করিতেন, ঈশ্বরের কুপায় অঙ্গুষ্ঠ হইতে ছগ্ধ ও মধু ভাঁহার মুথে নিঃস্ত হইত। প্রকৃত কথা এই ঈশ্বের অনুগ্রহে ও যত্নে সেই অন্ধকারময় গর্তের ভিতরে এবাহিম নির্শিয়ে রক্ষিত হইয়াছিলেন, তথন তাঁহার স্নেহ ক্রোড়েই তিনি প্রতিপালিত হইতেছিলেন। শিশু দপ্তাহে যত দূর পুষ্ট ও বর্দ্ধিত হয় এখ্রাহিম যেন একদিনে ভজ্ঞাপ দেহোন্নতি লাভ করিতে লাগিলেন। তিনি শশিকলার ন্যায় দিন দিন বুদ্ধি প্রাপ্ত হইয়া অল্পদিনের মধ্যেই অলৌকিক শ্রীধারণ করিলেন। তাঁহার রূপের ছটায় অন্ধকারপূর্ণ গর্ভ আলোকিত হইল। ভিনি ছই বৎসর বয়ঃক্রম কালে স্তন্য ত্যাগ করিলেন। যথন তাঁহার বাক্য-শ্বুট হইল, তথন হই ভেই তদীয় অন্তরে স্বগীয় তত্ব সকল প্রকাশিত হইতে লাগিল, জননীর নিকটে তিনি ঈশ্বরসম্বন্ধে প্রশ্ন করিতে আরম্ভ করি-লেন। প্রথমে তিনি জিজ্ঞাস। করেন "আমার স্ষ্টেকর্তা কে?" মাতা বলেন "আমি তোমার স্পষ্টিকর্তা।'' এবাহিম জিজ্ঞাসা করেন "তবে তোমার ঈশ্বর কে?" আদুনা বলিলেন "আমার ঈশ্বর তোমার পিতা তেরথ" ৷ জাবার এরাহিম প্রশ্ন করেন ''তাঁহার স্ষ্টিকর্তা ? " জননী বলিলেন "মহারাজ নম্রুদ।" এবাহিম পুনর্কার জিজ্ঞাসা করেন "রাজার ঈশ্বর কে?" মাতা বলেন "চুপকর এরূপ কথা বলিও না, রাজা পরমদেব ও প্রধান ঈশ্বর। কেহই ভদপেক্ষা শ্রেষ্ঠ নহে, তিনি সকলের ঈশ্বর।" ক্ষিত আছে যে একদা এবাহিম মাতাকে জিজ্ঞানা করিয়াছিলেন "আমি অধিক স্থানর, না তুমি ? '' জননী বলিলেন "তুমিই অধিক স্থানর। '' তিনি পুনর্কার জিজ্ঞাদা করিলেন "তোমার দৌন্দর্য্য অধিক, না পিতার?" আদনা বলিলেন "আমার।" এবাহিম জিজ্ঞাসা করিলেন "সৌন্দর্য্যে রাজ্ঞা শ্রেষ্ঠ, না আমার পিতা?" মাতা বলিলেন "তোমার পিতা রাজা জপেক্ষা অধিক' স্থনর।" তথন এবাহিম বলিলেন "মাতঃ যদি আমার পিতার স্ট্রকন্ত্রী মহারাজ নম্রুদ, ভবে তিনি আপনা অপেক্ষা অধিক পুন্দর করিয়া পিতাকে কেন সৃষ্টি করিলেন। তেরথ তোমার ঈশ্বর হইলে তিনি তোমাকে আপনা অপেক্ষা অধিকতর সৌন্দর্য্য কেন দান করি-লেন ? যদি তুমি আমার সৃষ্টিকর্ত্তা, তবে আমাকে কেন আপনা অপেক্ষা অধিক রূপবান্ করিলে ? " মাতা বালকের এই কথার উত্তরদানে অক্ষম ছইলেন। উদ্বিগ্নচিত্তে সামীর নিকটে চলিয়া আসিলেন। তেরথ তাঁহার মুখ বিবর্ণ দেখিয়া বিষয়তার কারণ জিজ্ঞাসা করিলেন। প্রথমতঃ তিনি প্রকাশ করিয়া বলিলেন না। পরে তেরথ বিশেষ অন্মরোধ করিলে বলিলেন " যে বালক রাজার প্রতিষ্ঠিত ধর্মকে বিপর্য্যন্ত ও বিনষ্ট করিবে জ্যোতির্ব্বিদ্গণ বলিয়াছেন দে তোমারই পুত্র।" তেরখ এই কথা শুনিয়া চমৎকৃত হইয়া জিজ্ঞাসা করিলেন "কোল বালক ?'' তথন আদনা এক এক করিয়া সমুদায় বুতান্ত তাঁহাকে জানাইলেন। তেরথ পুত্রের বিবরণ অবগত হইয়া ভতিশয় ক্রন্ধ হইলেন এবং তাঁহাকে বধ করিতে সঙ্কল্প করিয়া গর্ছে প্রবেশ করিলেন! যথন বালকের নিরুপম মুখচন্দ্রের প্রতি তাঁহার দৃষ্টি পড়িল তথন স্নেহ সঞ্চারিত হইয়া ভাঁহাকে বাধা দিল, সম্ভানকে হতা। করিতে কিছুতেই তাঁহার মন দমত হইল না। তেরখকে দেখি-য়াই শিশু এবাহিম তাঁহার দঙ্গে কথা কহিতে প্রবৃত্ত হইলেন। প্রথমে তিনি এই কথা জিজ্ঞদা করিলেন "পিতঃ আমার ঈশ্বরকে?" তেরথ বলিলেন " তোমার মাতা।" এবাহিম জিজ্ঞাসা করিলেন "মাতার ঈশ্বরকে?" তেরথ বলিলেন " আমি।" বালক প্রশ্ন করিলেন " তোমার ঈশ্বরকে ?" পিতা বলিলেন "নম্রুদ।" এবাহিম জিজ্ঞাসা করিলেন ''নম্রুদের ঈশ্বরকে?" এই বাক্য তেরথের অসহ্য হইল, তিনি বালককে চপেটাঘাত করিয়া বলিলেন "চুপকর্, তুই এই কথা বলিবার উপযুক্ত নহিদ্; রে ক্ষুদ্রবালক, এইক্ষণও তোর মুথে স্তন্যের গন্ধ রহিয়াছে, তুই উচ্চ কথা বলিদ্ ! বুড় ছেলে, তুই ঈশ্বর প্রদঙ্গরপ উচ্চাদনে যাইয়া আরোহণ করিতেছিন, ধর্মগ্রন্থে লেখনী চালাই-তেছিল।" মূর্থ তেরথ বুঝিয়া উঠিতে পারে নাই যে সর্গের বিদ্যালয় হইতে শিশু এবাহিম জ্ঞান **প্রাপ্ত হইতেছেন, গুঢ়ত**বের আলোক স্বর্গ হইতে তাঁহার অস্তরে দক্ষারিত হইতেছে। যে জ্ঞান ঐশ্বরিক জ্ঞান ভাণ্ডার হইতে প্রকাশ পার তাহা নিঃসংশয় অন্তান্ত, যে ব্যক্তি ঐশ্বরিক জ্ঞানের কথা বলেন তিনি তত্ত্বে সমূদ্রে নিমগ্ন হইয়া থাকেন।

#### গর্ত্তের বাহিরে এব্রাহিমের আগমন।

একদিন এবাহিম জননীকে জিজ্ঞাসা করিলেন "মাতঃ, এই যেস্থানে আমি আছি ইহা ব্যতীত কি আর স্থান আছে ? " জননী বলিলেন "বংস, ইহা অন্ধকারময় সঙ্কীর্ণ গর্ভ, ভয়ন্কর স্থান, শত্রুর আক্রমণভয়ে তোমার জন্য এই স্থান মনোনীত করিয়াছি ও শত্রুর হস্ত হইতে রক্ষা করিবার জন্য তোমাকে এখানে রাথিয়াছি। নতুবা বিস্তৃত ভূমি ও উন্নত আকাশ বিদ্যমান. পৃথিবীর দীমা পাওয়া যায় না, জগতের অন্ত নাই। " এবাহিম ইহা ক্ষ্মিয়া গর্তের বাহির হইবার জন্য প্রার্থনা করিলেন। প্রার্থনা পূর্ণ হইল। আদন। স্বামীর মত গ্রহণ করিয়া এত্রাহিমকে বাহিরে লইয়া আদিলেন। তথন মহাত্মা এবাহিমের বোড়শ বৎসর বয়ংক্রম। সন্ধ্যাকালে তিনি সন্ধীর্ণ গর্ভ হইতে বহির্গত হইয়া প্রসারিত ভূমিতে পদার্পণ করেন, সর্বপ্রথমে গগণ প্রান্তে একটি উজ্জ্বল নক্ষত্র ভাঁহার নয়ন গোচর হয়। তিনি সেই নক্ষত্রটিকে দেথিয়াই আনন্দে বলিয়া উঠেন "ইহাই কি আমার পরমেশ্বর?" পরে যুখন নক্ষত্র অন্তমিভ হইল, "না, এ আমার প্রমেশ্বর নয়, যে বস্তু চঞ্চল ও অন্তগত হয় তাহাকে আমি ঈশ্বর বলিতে পারি না।" অতঃপর ভুবন মোহন স্থাকর উদিত হইয়া স্থবিমল জ্যোৎসাজালে ধরাতলকে উৎস্তাসিত ও অমুরঞ্জিত করিল, ইহা দেখিয়াই এবাহিম পুলকিত অম্ভবে বলিয়া উঠিলেন "এই বুঝি আমার ঈশ্বর। " পরে চন্দ্রমা অন্তমিত হইলে বলিলেন "না, না, এ আমার ঈশ্বর নয়, আমি অন্তগামী বস্তুকে ঈশ্বর বলিয়া প্রেম করিব না। " পরে পূর্ব্ব দিকে প্রভাকর প্রভা বিস্তার করিল, এই জ্যোতির্ময় স্থগ্যকে দেখিয়া মহা উৎসাহে এত্রাহিম বলিয়া উঠিলেন "ইহাই বুরি আমার ঈশ্বর" সরশেবে স্থাকে অন্তগত হইতে দেখিয়া তাহাকেও অশ্বীকার করিলেন। ছখন তাঁহার অভ্যক্তমু বিশেষরূপে উন্মিলিত হইল, তিনি বাহা বস্ত ও বাহা

জগৎ ছাড়িয়া অন্তর্জগতে অতীন্ত্রিয় পরমেশ্বরকে প্রাপ্ত হইলেন। ও চন্দ্র স্থ্যাদি জড় পদার্থের ভিতর দিয়া বিশ্বপতি আসিয়া, অস্তরে ভাঁহাকে দর্শন দিলেন। তথন তিনি তুর্জ্জয় বিশ্বাস বল লাভ করিলেন, এবং অকুতোভয়ে জলম্ভ বিশ্বাসের কথা সকল বলিয়া জড়বাদী পৌত্তলিক দিগকে কম্পিত করিতে লাগিলেন। এবাহিমের নক্ষত্র দর্শনাবধি কোরা-ণের কয়েকটী উক্তির অন্থবাদ এস্থানে উদ্ধৃত করিয়া দেওয়া গেল। স্তর যথন তৎপ্রতি রাত্রি অন্ধকারাচ্ছন্ন হইল, সে এক নক্ষত্রকে দেখিয়া বলিল ইহাই আমার প্রতিপালক; পরে যথন তাহা অন্তমিত হইল, তথন বলিল আমি অন্তগামী বস্তু দকলকে প্রেম করি না। পরে যখন চন্ত্রমাকে সমুদিত দেখিল দে বলিল ইহাই আমার প্রতিপালক; পরে যথন তাহা অন্তমিত হইল, বলিল যদি পরমেশ্বর আমাকে পথ প্রদর্শন না করেন ভবে আমি বিপথগামী দিগের একজন হই। অনম্ভর যথন স্থাকে সমুদিত দেখিল, সে বলিল ইহাই আমার প্রতিপালক, ইহাই শ্রেষ্ঠ, পরে যথন তাহা অন্তমিত হইল, সে বলিল হে লোক সকল, তোমরা যে ( ঈশ্বরের ) অংশী স্থা-পন কর নিশ্চয় আমি ভাহা হইতে বিমুখ আছি। যিনি ছালোক ভূলোক স্জন করিয়াছেন সভাই আমি ভাঁহার দিকে স্বীয় আনন সমুদ্যভ রাথিয়াছি, আমি সত্য ধর্মাবলম্বী, আমি পৌতলিক নহি। তাহার স্বগণ তাহার সঙ্গে বিবাদ করিলে সে বলিল "ঈশ্বর বিষয়ে ভোমরা কি আমার সঙ্গে বিরোধ করিতেছ ? নিশ্চয় তিনি আমাকে পথ প্রদর্শন করিয়াছেন, আমার ঈশ্বর যাহা কিছু ইচ্ছা করিতেছেন তাহা বাতীত তোমরা তাঁহার সঙ্গে যাহাকে অংশীরূপে স্থাপন করিভেছ আমি ভাহাকে ভয় করি না, আমার ঈশর জ্ঞান প্রভাবে সমুদায় পদার্থকে ঘেরিয়া রহিয়াছেন, ভোমরা কি উপদেশ গ্রহণ করিতেছনা?" (স্বরা এনাম।)

এব্রাহিম কর্তৃক প্রতিম। সকলের অবমাননা।
আদনা এবাহিমকে গর্ভের বাহিরে আনির। গৃহে লইরা গেলেন এ
তাঁহার প্রতি অভূল সেহ ও আদর যদ প্রদর্শন করিছে লাগিলের। এ

দিকে পোন্তলিকতা বিনাশ করিয়া সতা ধর্ম প্রচার করিতে এব্রাহিমের মন উৎসাহী ও উত্তেজিত হইয়া উঠিল। তিনি প্রতিমা সকলের প্রতি ও প্রতিমাপুজক দিগের প্রতি উপহাস বিজ্ঞাপ করিতে লাগিলেন। একদিন পিতাকে বলিলেন "তাত, তোমার কি লজ্জা হয় না, পরমেশ্বর যে উত্তমাঙ্গ শীর্ষ প্রজন করিয়াছেন তাহা কাঠ থণ্ডের নিকটে প্রাণত ও ভূমিতলে অবলুঠিত কর, যে, মন স্বর্গীয় তত্মালোক লাভের অধিকারী তাহাকে চল্র স্বর্গা নক্ষত্রের প্রেমে উৎসর্গ করিতেছ? যাহার দর্শন শক্তি শ্রবণ শক্তি নাই, তুমি এমন বস্তুকে পরমেশ্বর বলিয়া পূজা করিতেছ, সে তোমাকে কোনরূপ ফল দান করিতে সক্ষম নহে। ঈশ্বরকে ছাড়িয়া যাহার পূজা করিবে সেই ইন্ধনসরূপ হইয়া তোমার জন। নরকের অগ্নি উদ্দীপন করিয়া তুলিবে। তেরথ স্বীয় উপাদ্যদেবদিগের বিক্লন্ধে পুত্রের এই সকল উক্তি শুনিয়া মহাকুদ্ধ হন, ভাঁছাকে বিশেষ রূপে ভর্ণনা ও শাসন করেন।

তেরথ কাষ্টদ্রা প্রতিমা গঠন করিতেন; প্রতিমা নির্মাণে তাঁহার ন্যায় श्वित्र भाष्ट्री क्षित्र कि कि ना । जिति य नकन नोक्रमशी मूर्खि शर्टन कित-তেন তাহা অন্য দকল কারিকরের নির্মিত মূর্ত্তি অপেক্ষা দর্কাংশে স্থন্দর ও উৎকৃষ্ট হইত, এবং অধিক মূল্য দিয়া লোকে তাহা গ্রহণ করিত। তিনি আপন সম্ভান গণের প্রতি প্রতিমা বিক্রয়ের ভার অর্পণ করিতেন, তাহারা তাহা বাজারে ও অন্য অন্য স্থানে লইয়া গিয়া বিক্রয় করিত। বিক্রয়ের রীতি এই যে বিক্রেতা বণিক্গণ আপন বিক্রেয় বস্তুর প্রশংদা করিয়া থাকে, সেই গুণ বর্ণনা শুনিয়া লোকে তাহা ক্রয় করিতে আগ্রহ করে। ভ্রাভূগণও প্রতিমা সকলের নানা প্রকার গুণ ব্যাখ্যা করিয়া তাহা অধিক মূল্যে বিক্রে করিত। একদিন তেরথ একটি পরম স্থানর বৃহৎ প্রতিমা .গঠন করিয়া বাজারে লইয়া বিক্রয় করিবার জন্য এবাহিমের প্রতি অর্পণ করেন। এব্রাহিম পিতার শাসন ও অন্তরোধে বাধ্য হইয়া প্রতিমা সহ গৃহ হইতে বহির্গত হন, কতক দূর যাইয়াই প্রতিমার পদে রজ্জু বন্ধন করিয়া পথে পথে ও বাজারে তাহা টানিয়া লইয়া যাইতে লাগিলেন এবং বলিতে লাগিলেন "যে বস্তু ধারা কোন উপকার হয় না, কাহার কোন রূপ অনিষ্ট করিবারও যাহার কিঞ্চিন্মাত্র ক্ষমতা নাই কে এমন বন্ধ ক্রয় করিতে চাহে ?"

এইরূপে তিনি যত দূর হইতে পারে প্রতিমার নিন্দা ঘোষণা করিতে ছিলেন এবং মূর্ভিটী আবর্জনাপূর্ণ স্থান ও ধূলি কর্পমের মধ্য দিয়া টানিয়া চলিয়া-ছিলেন। তাহা দেখিয়া কেহই তাহা ক্রয় করিতে ইচ্ছু হইল না, এবাহিমের কথায় ও ব্যবহারে প্রতিমাদদক্ষে লোকের ভক্তি বিশ্বাস হাস হইতে লাগিল। গৃহে প্রত্যাগমনকালে এবাহিম একটি জনপ্রণালীর ভীরে উপস্থিত হন। তিনি প্রতিমার মুখ জলে স্থাপন করিয়া বলিতে লাগিলেন "ঠাকুর, ক্লান্ত হইয়াছ, পিপাদা পাইয়াছে জল পান কর।'' তথন প্রতিমার উপাদকদিগের নিব্দিতা ভাবিয়া হাদিতে লাগিলেন। যথন তিনি নানা প্রকার ছর্গতি ও লাগুনা করিয়া প্রতিমাকে গৃহে ফিরাইয়া আনিলেন, পিতা জিজ্ঞানা করিলেন "তুমি কেন এই প্রতিমাকে বিক্রয় করিলে না ? তোমার ভ্রাতৃগণ উপযুক্ত মূল্যে সমুদায় প্রতিমা বিক্রয় করিয়া আদি-য়াছে।" এবাহিম বলিলেন "ভাত, ভোমার এই প্রতিমার গ্রাহক নাই, তোমার এই ঈশ্বরকে কেহই আদর করে না।" তেরথ বলিলেন "ডুমি প্রতিমার গুণু বর্ণনা কর না, ইহাই জনাদরের একটা কারণ, এ নগরের লোক বিক্রেয় বস্তুর প্রশংদা না শুনিলে ক্রয় করিতে চাহে না।" এবাহিম বলিলেন " পিডঃ, আমি কেমন করিয়া প্রশংসা করি, এসকল বস্তু কোন প্রশংসারই যোগ্য নহে। ইহারা অন্ধ ও বধির এবং নিভান্ত হর্কল। হে পিতা, যাহার দর্শন ও শ্রবণশক্তি নাই, যে ভোমার হিডাহিত করিছে কিছুমাত্র দক্ষম নহে, ভূমি তাহাকে পূজা করিও না।"

উক্ত হইয়াছে যে এক দিবদ এবাহিম একটি প্রতিমাকে পথে পথে ঘুরাইভেছিলেন এব' বলিতেছিলেন যে ইহাদারা কোন প্রয়োজন দিদ হয় না, যে ব্যক্তি কিনে তাহার অর্থক্ষতি হয় মূল।" উক্তৈঃমরে এই কথা বলিতে বলিতে তিনি এক গলির ভিতর প্রবেশ করেন, তথায় একটি বৃদ্ধা নারী গৃহের বাহির হইয়া বলিল, "এবাহিম, তোমার পিতা কোথায়? তাহা হইতে আমি একটি দেবমূর্জি ক্রয় করিব।" এবাহিম বলিলেন "আমা হইতে কেন ক্রয় কর না?" বৃদ্ধা বলিল "ভূমি আমাদের প্রয়োশরের নিন্দা করিয়া থাক, প্রশংদা কর না, এজনা তোমা হইতে কিনিব দা।" এবাহিম কিজাদা করিলেন "ভূমি বে ক্ষারকে গৃহে বাথিয়াছিলে ভাকা

কি হইল ?" বৃদ্ধা বলিল "গত রজনীতে তাহা চোরে চুরি করিয়া লইয়া গিয়াছে।" এবাহিম কহিলেন " আমিও তোমার ঈশ্বরের প্রশংসা করি শ্রবণ কর।'' আমার নিকট তোমার এমন ঈশ্বর আছে যে তুমি তন্তারা চল্লী উষ্ণ করিয়া রুটিকা প্রস্তুত করিতে পারিবে, যদি তুমি অন্ন পাক করিতে চাও তিনি তোমার অরস্থালী উষ্ণ করিয়া তভুলকে অন্নে পরিণত করিয়া দিবেন।'' বুদ্ধা এই কথা শুনিয়া লজ্জায় অধোমুখ হইয়া রহিল। তথন এব্রাহিম विनातन, "यिन এই नेचेत क्या ना कर जना नेचत जाएह, विभाग পড़ितन ভোমাকে তিনি আশ্রয় দিবেন, ডাকিলে শুনিবেন, ভোমার প্রার্থনা তিনি আহা করিবেন। ছঃথের প্রান্থরে শ্রান্থ ও অবসর বাজিদিগকে তিনি দয়। করেন ও তাহাদিগকে কল্যাণের পথ প্রদর্শন করিয়া থাকেন। তিনি অহতাপানলে দক্ষ পাতকীর উপরে ক্ষমারারি বর্ষণ করেন। তিনি স্তন্যপায়ী শিশুসরুৰ পাপঞ্জ আত্মাকে দুয়ার স্তন হইতে পুণ্য প্রেমরূপ ছুশ্ধ দান করিয়া থাকেন, তাঁহার নাম উচ্চারণে রসনার শোভা, তাঁহার গুণ শ্রবনে প্রানের শান্তি।" এই কথা শ্রবনে বৃদ্ধার মনের দার খুলিয়া গেল, **সে বলিল "এত্রাহি**ম, এইরূপ ঈশ্বরকে স্বন্ধূলো কর করা যায় না, আমি নিভান্ত দরিলা।" এবাহিম বলিলেন "ভাবনা নাই, একটি মন্ত্র বলি, ভাহার সাহায্যেই তুমি তাঁহাকে লাভ করিতে পারিবে। তুমি বিশ্বাস করিয়া এই মন্ত্র উচ্চারণ কর।'' নারী তৎক্ষণাৎ সেই মন্ত্র উচ্চারণ করিল, এবং বলিল ি এবাহিম, প্রতিজ্ঞা করিলাম যেপর্যাক্ত জীবন আছে তোমার পর-্নিশ্বরের ছারে মক্তক ছাপন করিয়া থাকিব।" তৎপর এব্রাহিম গৃহে চলিয়া গেলেন।

# এত্রাহিমের প্রতিম। ভঙ্গ করা।

্ এব্রাহিম অনুষ্ণ সীয় ধর্মের মহিমা কীর্ত্তম ও তৎপ্রতি আঞাই প্রকাশ পুঞ্বং পৌত্রলিকতার নিন্দা ও তাহার প্রতি স্থাগ প্রদর্শন করিছে লাগি-শুলোন, জন্মারা পুত্রলিকার এইক্রণ অবমাননা হইতেছে দেখিয়া লোক সকল শুলিকামনে তেরখের নিকটে যাইয়া অভিযোগ করিল। তেরগ পুক্তকে অনেক

ভিরম্বার ও নানা প্রকার ভয় প্রদর্শন করিলের। এবাহ্মিও ভাইাকে দমুচিত উত্তর দান করিলেন। তাহাতে নগর্বাদিগণ বলিতে লাগিল "এবাহিম. ভূমি এ কিন্তুপ নৃতন ধর্ম আবিষার করিলে, পিতা পিতামহের ধর্মকে বিলুপ্ত করিতে চলিলে।" তিনি বলিলেন "বিনি আমাকে দৎপথ প্রদর্শন করি-য়াছেন ও অনুগ্রহের দার আমার প্রতি উন্মুক্ত করিয়াছেন এবং আমাকে তোমাদের পরমেশ্বরগণের দংস্রব হইতে দূরে আনিরাছেন ভোমরা কি তাঁহার অন্তিত্তের প্রমাণ কামার নিকটে অন্বেষণ করিতেছ্ ? " তথম তিনি ঈশবের অন্তিম ও ভাঁহার জ্ঞান শক্তি প্রেমের কথা এবং পুত্রনি-কার হীনভা ও নির্জীবভাষত দূর হইতে পারে মুক্তকঠে জলভ ভাবে প্রচার করিতে লাগিলেন। সর্গ হইতে তাঁহার নিকটে এই স্থসংবাদ আদিতে লাগিল যে "এবাহিম, একত্ববাদ, অধিতীয় ঈশ্বরের ধর্ম প্রচার কর, গ্নী দরিদ্র জ্ঞানী মূর্থ সকলকে সভ্য পথ প্রদর্শন কর।" সেই সময়হ**ইডে** ্রাহিম ধর্ম প্রচারের জন্য রাজা প্রজা ধনী দরিদ্র সকলকে আহ্বান করিবা সভা করিতে আরস্ত করিলেন। ইতি মধ্যে সেদেশের এক মহোৎসর উপঙ্জিত হইল। সেই উৎসবের এই রীতি **ছিল যে সকলে নানা প্রকার** স্থাদ্য সাম্প্রী ও বছবিধ উৎকুষ্ট পরিচ্ছদ প্রস্তুত করিতেন, উৎসবের দিন প্রাতঃকালে দেমন্ত নগরের প্রধান মন্দিরে লইয়া গিয়া পুত্তলিকা সকলের সম্থে রাথিয়া দিতেন ও তাহাদিগকে প্রণাম করিয়া উৎসবক্তে চলিয়া যাইতেন, প্রত্যাগমন কালে পুনর্কার মন্দিরে আদিয়া দেই সকল থাদ্য দাম-গ্রীকে দেবতাদের প্রসাদ জ্ঞানে ভোজন করিতেন, তাঁহারা মনে করিতেন যে তাহা করিলে আরোগ্য লাভ হয় ও শরীর স্বস্থ থাকে। পরিচ্ছদ সকল দেবজা দিগের স্দৃষ্টিতে বিশেষ গুণ প্রাপ্ত হইয়াছে বলিয়া পরিধান করিতেন, তাহা পরিলে সম্বংসর কাল স্থাথে ও আনন্দে এবং স্থাতিতে যাপন কর যায়, াঁহালের এই সংস্কার ছিল। উৎসব দিনের উষা কালে নগরবানিগুর निर्मिष्टे खनानी अञ्चनादत थाना नामधी ७ পतिकानानि मन्दित ज्ञानने कतिका উৎসবক্ষেত্রে চলিয়া গেলেন, ছী পুরুষ বালক বৃদ্ধ বৃবা সকলে ষাইরা উৎসবে যোগ দিলেন। এদিকে এবাহিম কোন ছল করিয়া উৎসব ক্ষেত্র না যাইয়া গৃহে বসিয়া রহিলেন। সকল লোক চলিয়া গেলে মন্দিরকে

শুনা দেখিয়া ডিনি কুঠার হত্তে তল্মধ্যে প্রবেশ করিলেন এবং প্রতিমা-দিগের সমূথে নানা প্রকার চব্য চোষ্য লেফ পের সামগ্রী স্থাপিত দেথিয়া বাল করিয়া জিজ্ঞাসা করিলেন "ঈশ্বরগণ, ইহা থাইতেছ না কেন ? ব্যাপার কি কথা বলিতেছনা কেন ?" এই বলিয়া পুতলদিগের উপর কুঠারাঘাত করিতে লাগিলেন। সেই গৃহে সত্তর জাশিটি প্রতিমা স্থাপিত ছিল। তিনি व्यथमण्डः जाशामित मकलात रुख ছেদন कतिलान, जनलास ममुनाम मूर्डित ছিল্ল ভিল্ল করিয়া ভূমিতলে ফেলিলেন। তন্মধ্যে উচ্চসিংহাসনে ছাপিত নানা রত্নে খচিত একটি পরম স্থলর ধাতুময়ী বুহৎ প্রতিমা ছিল। তাহাকে মাত্র অক্ষত রাথিয়া তাহার ক্ষকে পরশু স্থাপন করিলেন, এবং মন্দিরের দার পুর্ব্বৎ বন্ধ করিয়া চলিয়া গেলেন। যথন নগরবাসিগণ উৎসবক্ষেত্রইতে প্রজ্যাগমন করিয়া মন্দিরে প্রবেশ করিলেন তথন পূজনীয় দেবতাদিগকে কুঠারাঘাতে ছিন্ন ভিন্ন ও ভূপতিত দেখিয়া সকলে শোকে আর্ত্তনাদ করিতে লাগিলেন ও চীৎকার বলিয়া উঠিলেন " কে আমাদের পরমেশ্বরগণের প্রতি এইরূপ আচরণ করিল, নিশ্চয় সে অভ্যাচারী পাষ্ড। " তাঁহারা জানিতেন যে পুতলিকার প্রতি এবাহিমের নিদারুণ আক্রোশ ও বিছেষ, তিনি উৎসবে যোগ না দিয়া গৃহে একাকী ছিলেন, তাঁহা ছারাই এই হুদর্গ হইয়াছে সকলে িশাস করিলেন। প্রধান প্রধান লোকের। নমুরুদের নিকটে যাইয়া এছ্র্ঘটনা জানাইলেন। নম্রুদ জিজ্ঞান। করিল "ঈশ্বরগণকে কে এরূপ অবমানন। করিল ?" সকলেই এত্রাহিমের একার্য্য এপ্রকার নির্দেশ করিলেন। ইহা ভনিয়া মমরুদ এবাহিমকে রাজসভায় উপস্থিত করিবার জন্য আজ্ঞা করিল।

#### নম্রাদ্ভ এবাহিমের প্রশোভর।

এবাহিম নিঃশক্ষভাবে নম্কদের সরিধানে আগমন করিলেন। তখন এইরূপ রীতি ছিল যে যে ব্যক্তি রাজার নিকটে উপস্থিত হইত সর্বাঞা সিংহাসন
পার্থে ভূমিষ্ট হইরা প্রণাম করিত। এবাহিম সেই রীতির অন্থসরণ করিলেন
না, তিনি সেই অহঙারী পাপিষ্ঠ রাজকে ভূমিষ্ঠ হইরা প্রণাম করিতে কিছুতেই
স্কাত হইলেন নাধ নম্কদ প্রণাম না করার কারণ জিজ্ঞানা করিলে এবা

হিম বলিলেন " আমি পরমেখর ব্যতীত অন্য কাহাকে নমন্ধার করি না।" নমকুদ জিজ্ঞাসা করিল "কে ভোমার পরমেশ্বর?" এবাহিম বলিলেন "যিনি জীবন দান ও প্রাণ হরণ করেন তিনিই আমার পরমেশ্বর।" এই কথা শুনিয়া নম্কদ কারাগারহইতে প্রাণদণ্ডের আজ্ঞাপ্রাপ্ত ছই জন কারাবাদীকে আনয়ন করিয়া তথনি সেই ছই জন কারাবাদীর এক জনকে মুক্তি দান অপর জনের শিরশ্ছেদন করিল। তাহাতেই নম্রুদ এক জনের জীবন দান অন্য জনের প্রাণ হরণ করিল মনে করিতে লাগিল। দেই মূর্থের এত দূর জ্ঞান ছিল না যে জীবনদানে জীবনের স্ষষ্ঠি বুঝায়, কাহার প্রাণদত্তে বিরত হওয়া নয়; প্রাণহরণ অর্থে হত্যা করা নয়, হত্যাদি ক্রিয়া ব্যতিরেকে প্রাণকে দেহচ্যুত করা। ইহা নমক্রদ ও তাহার ক্ষুদ্র বৃদ্ধি অহবভীগণের মনে কিছুতেই স্থান পাইল না। যাহা হউক তথন এব্রাহিম বলিলেন 'কিখর স্থ্যকে প্রকলিকে উদিজ পশ্চিমদিকে অস্তমিত করেন, যদি তুমি পশ্চিম দিকে স্থাকে উদিত করিতে পার তবে তোমার ঈশ্বরত্বের স্পর্কা করা শোভা পার।" এই কথা ভনিয়া নম্রুদ নিরুত্তর হইল। এবিষয়ে আর কোন কথা উপাপন না করিয়া এত্রাহিমকে জিজ্ঞাসা করিল "আমাদের পরমেশ্বরগণের প্রতি ভজ্রপ ছর্ক্যবহার কে করিল ?'' তিনি বলিলেন "প্রধান পরমেশ্বরটী অর্থাৎ বুহৎ পুত্রলটী এ কাণ্ড করিয়া থাকিবেন। তাঁহাকে জিজ্ঞাসা কর, তিনি বলিবেন।" তথন রাজার অস্কচরগণ বলিল "তুমি কি জ্ঞাভ মগু যে প্রতিমা সকল কথা বলিতে অক্ষম, কোন ক্রিয়া তাঁহাদের ছারা ইয় না, একার্য্য কোন প্রতিমা করিয়াছেন কেমন করিয়া বলিভেছ ? " এবাহিম বলিলেন "ভাল মন্দ করিতে যাহার কোন ক্ষমতা নাই, বরং আপনার উপর অত্যাচার হইলে নিবারণ করিতে পারে না, ডাহাকে পূজা করা কি ভোমাদের নিভান্ত নিবুদ্ধিতার কার্য্য নয় ? " পৌত্তলিকশণ ইংলি উত্তর দানে অক্ষম হইলেন। সকলে লক্ষিত হইয়া অধামুখে ब्रह्-লেন, আপনাদিগকে অপমানিত বোধ করিতে লাগিলেন। অভঃশর আপনাদের উপাস্য দেবদিগের অপমান ও তুর্গতির প্রতিক্রির জন্য এবাহিমকে গুরুতর শান্তিদানে শাসন করিতে পরামর্শ °বির করিলেন।

নমক্লদ তাঁহাকে কারাগারে প্রেরণ করিয়া তৎপ্রতি কি বিশেষ শান্তি বিধান করিবেন মন্ত্রিগণের সঙ্গে মন্ত্রণা করিতে লাগিলেন। সকলের পরামর্শে এরাহিমকৈ প্রজালিত অগ্নিতে ফেলিয়া দক্ষ করা স্থির ইইল।

### এব্রাহিমকে অগ্নিতে বিদর্জ্জন ও তাহা হইতে তাঁহার নিষ্কৃতি।

মহাত্মা এবাহিমকে অগ্নিতে বিসর্জ্জন করা ও তাহা হইতে তাঁহার নিরা-পদে নিষ্টি লাভ ব্যাপারে পার্ষ্য ইতিহাসলেথকগণ নানা অলোকিক ক্রিয়া ও অপ্রাকৃতিক ঘটনার কথা বাহল্য রূপে বর্ণন করিয়াছেন, বঙ্গীয় লেখক ভাহার অত্নরণ না করিয়া দক্তেমণে দার দার কথা ছারা উক্ত ঘটনাটী ব্যক্ত করিভেছে। কেহ বলেন চল্লিশ দিন কেহ বলেন সাত বৎসর এবাহিম কারাগারে অবক্তম ছিলেন। পরে নমুক্রদ সেই জ্যোতি-শ্বান পুরুষকে প্রজ্ঞলিত ভয়ন্বর হতাশনে নিক্ষেপ করে। একটি পর্বত-মূলে কাঠভার আহরণ করিয়া অগ্নি উদ্দীপন করা হয়। মহাশব্দে অগ্নি আকাশে ভয়ানক শিখা বিস্তার করিলে হস্তপদ বন্ধন করিয়া এবাহিমকে পর্বতের উপর হইতে বিশেষ যন্ত্রধােগে তাহাতে নিক্ষেপ করে। রাজ-কিঙ্করগণ তাহাকে দগ্ধ করিয়া হত্যা করিবার জন্য যথন জগ্নির নিকট আনয়ন করিল, তিনি সিংহের ন্যায় অকুতোভয়ে আদিলেন, তখন সেই ধর্মবীরের বদনে আশ্চর্য্য স্বর্গীয় জ্যোতি, নয়নে যেন অগ্নিষ্ফ লিক প্রকাশ পাইতেছিল। তিনি বিশ্বাস ও ভক্তির সহিত খীয় প্রভুকে দৃচরূপে আশ্রয় করিয়াছিলেন। পরমেশ্বর ভাঁহাকে আশীর্কাদ ও সাভ্না দান করিতেছিলেন। তিনি প্রভুর বলে বলীয়ান হইয়া সেই ভীষণ विक्रिक जानिक्रम कतिए अञ्चल स्ट्रेग्नी नम। नेश्वत मार्ट अनुमाधिक নির্বাণ করিয়া ভজের প্রাণ রক্ষা করিবার জন্য ঝড় বৃষ্টি প্রেরণ করি-লেন। ইতিহাদলেথকগণ বলেন যে মেঘ ও বায়ুর দেবতা আদিয়া-ছিলেন বটে কিছ ভাঁহাদের কোন কার্য্য করিতে হয় নাই। এবাহিম ভাগিতে বিসজ্জিত ইইয়া ছিলেন, ঈশ্বরের আদেশে তাঁহার গাত্রে।মে ও পরিধান বঙ্গেও অগ্নির উত্তাপের সঞ্চার হয় নাই, জয়ি শীতল ইইয়া গিয়াছিল। কথিত আছে যে স্থানে হতাশন প্রজ্ঞালিত ইইয়াছিল সেই স্থান প্রশোদ্যানে পরিণত হয়। দেবতাগণ এই অগ্নিপরীক্ষা বাণপার দর্শন করিবার জন্য স্বর্গ ইইতে অবতীর্ণ ইইয়া ছিলেন। তখন তাঁহারা সকলে ভক্তের জয়ঘোষণা ও ঈশ্বরকে ধন্যবাদ করিলেন। ভয়্মর অগ্নি মধ্যে অলৌকিকরূপে এবাহিমের জীবন রক্ষা পাইতে দেখিয়া সকলে চমৎকৃত ইইলেন।

#### এত্রাহিমের ধর্ম প্রচার ও তাঁহার বাবেল রাজ্য পরিত্যাগ।

যথন এবাহিম সেই ভয়হ্বর অগ্নির ভিতর হইতে অক্ষত শরীরে বাহিবে চলিয়া আসিলেন, তথন শভ সহস্র লোক এই অলোকিক ব্যাপার দর্শনে ভাঁহার প্রতি বিশ্বাস স্থাপন করিয়া ভাঁহার নিকটে ধর্ম গ্রহণ করিতে আরম্ভ করিলেন। এবাহিমের ভ্রাভূষ্পুত্র লুভ যাঁহাকে পরমেশ্বর প্রেরিভন্ন পদে वतन कतिशाहित्मन अवाहित्मत निकरि धर्म मीकिल इहेत्नन। अवा-হিমের পিতৃব্যপুত্তী দারা নামী এক পরম রূপবতী মহিলা এবাহিম কর্তৃক ধর্মে দীক্ষিত হন, পরে এত্রাহিম ভাঁহার পাণি গ্রহণ করেন। কেহ কেহ বলেন যে সারা হেরাণ দেশের রাজার কন্যা ছিলেন, যে সময়ে এবাহিম হেরাণে যাইয়া বাস করেন ভখন ভাঁহাকে বিবাহ করিয়া**ছিলেন।** সারা যে এবাহিমের পিতৃব্য কন্যা একথাই অধিকতর প্রামাণিক। বছলোক এবাহিমের ধর্ম গ্রহণ করিল, দিন দিন ভাঁহার ধর্মের উন্নতি ও অন্নবন্তীর সন্ধ্যা বৃদ্ধি হইতে চলিল এবং চতুদিকে মহা আন্দোলন উপস্থিত হইল, ইহা দেখিয়া নম্কদ চিস্তিত ও ভীত হইল। এক দিন তাঁহাকে নিকটে ভাকিয়া বলিল "তোমার এই নৃতন ধর্মের প্রচারে আমার রাজ্যে শাভি রক্ষা পাইতেছে না, রাজকীয় কার্য্যে বিদ্ন ও শাসন প্রণালীতে নানা বিশৃত্বল উপস্থিত হইয়াছে; এই কণ ভূমি আগন বন্ধু বান্ধব ও अञ्चलकान मह अलग हहेए हिना य छ, अवत छोगांदक तका করিবেন, তিনি ুভোমার সহার ও বন্ধু আছেন ।" এবাহিম

এই কথার সম্বত হইলেন; তথন তিনি বাবেল রাজ্য পরিত্যাগ করিয়া কেনান অভিমুখে যাত্রা করিলেন। পুনশ্চ উক্ত হইয়াছে যে এবাহিমের প্রজ-লিভ অগ্নিহইতে নিরাপদে প্রাণ রক্ষা পাওয়ারূপ অলোকিক ক্রিয়া দর্শন করিয়া নমুরুদ ভাত্যস্ত চমৎকৃত হয়, এব্রাহিমের বিশেষ প্রতাপ ও ক্ষমতা আছে বুঝিতে পারে, ভাঁহার মনে ভয়ের দঞ্চার হয়। তথন নম্রুদ এবাহিমের নিকটে যাইয়া ভূমিতলে মস্তক স্থাপন পূর্বক বলে "এবা-হিম, আমি তোমার ঈশ্বরের সালিধা লাভ করিতে ইচ্ছু; তাঁহার জন্য কিছু বলির সামগ্রী উপস্থিত করিতেছি।" এবাহিম বলিলেন "তাঁহার প্রতি বিশ্বাস স্থাপন না করিলে তিনি বলিদান আহ্য করিবেন না। যে পর্যান্ত তিনি ভিন্ন ঈশ্বর নাই এই সত্যে বিশ্বাস স্থাপন করিয়া তাঁহার ধর্ম গ্রহণ না করিবে তোমার কোন অন্তর্ভানই ফলপ্রদ হইবে না।" নমুক্রদ বলিল "এত্রাহিম, ধন সম্পদ্ মান সম্ভ্রমের মায়া পরিত্যাগ করিতে পারিব না, যথন ভোমাদারা আমি ঈশ্বরের ক্ষমতা দর্শন করিলাম তথন তাঁহার নিকটে আমার দীনতা সীকার করা কর্তব্য। " এই বলিয়া নম্রুদ চারি শহল গো, কোন কোন ইতিহাসবক্তা বলিয়াছেন যে চল্লিশ সহল গো ও চলিশ দহল ছাগ ও উট্ট ঈশ্বরোদেশ্যে বলিদান করিয়াছিল। ধর্ম গ্রহণেও উদ্যত হইয়াছিল, কিন্তু মন্ত্রিগণ তাহাতে বাধা দেয়, এবা-হিমের পিতৃব্য হারাণনামক ব্যক্তি নম্রুদের প্রধান সচিব ছিল। সেই বিশেষভাবে নিবারণ করিয়া বলে 'ভাপনি পৃথিবীর ঈশ্বর হইয়া স্বর্গের ঈশ্বরের দাস হইবেন, আপন ঈশ্বরত্ব পরিত্যাগ করিবেন আপনার শক্ষে অত্যন্ত লাম্বনা ও অপমান।" নমকদ তাহার এই মন্ত্রণা গ্রাহ্ম করে। পরমেশ্বর এব্রাহিমকে নম্রুদের দক্ষ পরিত্যাগ ক্রিতে আদেশ করেম, তাহাতে তিনি বাবেল নগর পরিত্যাগ করিয়া চলিয়া যান।

বর্থম এত্রাহিম হনিক \* ধর্ম প্রচার আরম্ভ করিলেন, নর নারী

<sup>\* &</sup>quot;হ্নিফ্'' শব্দের জর্থ সত্য ধর্মে প্রতিষ্ঠিত। এবাহিমের এক উপাধি "হ্নিফ" ডাঁহার প্রচারিত ধর্মকে এজন্য "হ্নিফী" ধর্মবলে। এবাহিমের অপর উপাধি 'ধ্রিলানা'। ইহার অর্থ ঈশ্বরের সভ্য বন্ধু।

শেই ধর্ম গ্রহণ করিতে লাগিল। নম্রুদ ও নম্রুদের অন্তর্বর্তী লোকদিগের ইচ্ছা হইল যে তাঁহাকে হত্যাকরে, তিনি অনলে দগ্ধ হইলেন না ভাবিয়া তাহারা তাঁহার হত্যা হুঃদাধ্য মনে করিল, স্থতরাং তাঁহাকে নির্বাদন করাই যুক্তি যুক্ত বলিয়া জানিল। এবাহিম লুভ ও দারাকে দক্ষে করিয়া বাবেল নগর হইতে প্রস্থান করিলেন। একদিনের পথ চলিয়া গেলে পর দারার পাণিগ্রহণ করিতে তাঁহার প্রতি প্রত্যাদেশ হইল, তদন্মারে তিনি দারাকে বিবাহ করেন। অতঃপর একটি গর্দভ ক্রয় করিলেন ও দারাকে তহুপরি আরোহণ করাইয়া হেরাণ অভিমুখে যাতা করিলেন। তথন এবাহিমের বয়ঃক্রয় আটিলিশ বৎসর। তিনি হেরাণে যাইয়া কিছুকাল অবস্থিতি করেন, তথাইইতে মেসর দেশাভিমুখে চলিয়া যান।

#### এব্রাহিমের মেদরে গমন করা ও তুর্ঘটনায় পতিত হওয়া।

মেসরে কিবতী বংশীয় সাছক নামক এক পশুপ্রকৃতি ছুর্দান্ত নরপতি ছিল। সাছক কোথাও কোন স্থলরী নারী আছে জানিতে পাইলে তাঁহাকে বলপূর্বক ধরিয়া আনিয়া আপন অভঃপুরে বন্ধ করিত। যথন এরাহিম মেসরের নিকটে উপনীত হইলেন, লুত তাঁহাহইতে বিচ্ছিন্ন হইলেন। এক বিশেষ জাতিকে ধর্মালোক দান করিবার জন্য তিনি পরমেশ্বর কর্তৃক প্রেরিভ পদে বরিত হইয়াছিলেন। কোরাণের ভাষ্য তক্দির হোসেনীতে লুতের সম্বন্ধে এইরপ উলিথিত হইয়াছে, "লুত আজরের পৌত্র হারণের পুত্র ও মহান্ধা এরাহিমের ল্রাতৃপ্পুত্র। এরাহিম যথন বাবেলহইতে কেনান দেশে চলিরা যান তথন লুত তাঁহার সঙ্গে ছিলেন। পরমেশ্বর লুতকে প্রেরিভ দান করিয়া মওত্রকাতনামক স্থানের অধিবাদীদিগের নিকটে প্রেরণ করেন। মওত্রকাতনামক স্থানের অধিবাদীদিগের নিকটে প্রেরণ করেন। প্রথান ছিল। আমুরা, দাউমা, সাবুরা ও স্টুদ্দা অপর চারিটি নগরে। প্রত্যেক নগরে চারি সহন্র লোকের বাস ছিল। লুত সাদোমাতে আসম্বন্ধরিয়া তথাকার অধিবাদীদিগের নিকটে ধর্ম প্রচার করেন। উন্তিশ্বর তিনি সেখানে বাস করিয়া সৎকর্ষে প্রবৃত্তিত ও ছ্রুণ্মহিইতে নির্ভ্ত

হইবার জন্য উপদেশ দেন। উক্ত নগরবাসী পুরুষদিগের ছক্ষ্মির মধ্যে বিগর্ধিত ব্যভিচার প্রধান ছিল। ঈখর সেই সকল লোকের পরিণাম জানাইলেন।"

এদিকে এবাহিম মেসরের হুরাচার রাজার চরিত্র শ্রবণ করিলেন এবং জানিতে পাইলেন যে, স্থানে স্থানে স্থলরী দ্রীলোকের অন্সন্ধানার্থ রাজার ভূত্য দকল নিযুক্ত আছে, ইহা অবগত হইয়া তিনি অত্যস্ত ভাবিত হইলেন। অনন্যোপায় হইয়া এক সিন্দুক প্রস্তুত করিয়া শারাকে শেই দিন্দুকের ভিতরে স্থাপনপূর্ব্বক মেদরে প্রবেশ করি-লেন। তথায় রাজনিয়োজিত শুল্কগ্রাহী লোকেরা দিন্দুকের মধ্যে বিশেষ বাণিজ্য দ্রব্য আছে ভাবিয়া তাহা উদ্ঘাটন করিয়া দেখিতে চাহে। এবা-হিম তাহাতে অনেক আপত্তি করেন ও বহু অন্তনয় বিনয় করিয়া তাহা-দিগকে দিন্দুক উদ্ঘাটনে নিবুত থাকিতে বলেন, তাঁহার এই অন্থরোধ বিফল হয়। তাহারা সিন্দুক উন্মোচন করিয়া তন্মধ্যে সেই ভুবনমোহিনী কামিনীকে দেখিয়া বিষ্ময়সাগরে নিময় হয়, এবং রাজাকে যাইয়া এই সংবাদ জ্ঞাপন করে। রাজা সংবাদমাত্র সারাকে অন্তঃপুরে লইয়া যায়। তথন এবাহিম নানা প্রকার ছল কৌশল করিয়াও নারাকে রক্ষা করিতে পারিলেন না। দেই ছুরাচার রাজা দারার রূপলাবণ্যে মোহিত হইয়া যায়, হস্ত প্রদারণ পূর্ব্বক ভাঁহার পরিত্র অঙ্গ স্পর্শ করিতে সমুদ্যত হয়। সভী আকুল হইয়া পরমেশ্বরের শরণাপর হন ও কাতরভাবে প্রার্থনা করিতে থাকেন। বিপদ্ভঞ্জন পরমেশ্বর তাঁহাকে আশ্রয় দান করেন । তথন ঈশ্বরের অভিসম্পাতে সাহুকের হস্ত স্পন্দনশক্তিহীন অদার হইয়া পড়ে। তাহার মহাত্রাদ উপস্থিত হইল, দে চতুর্দ্দিক্ অন্ধকার দেখিতে লাগিল, তাহার প্রাসাদ যেন 'কাঁপিয়া' উঠল। সতীর প্রতি অত্যাচার করাতে তাঁহার পবিত্র জীবনের তেজ প্রভাবে এই হুর্ঘটনা ঘটিতেছে দাত্মক ইহা বুঝিতে পারিয়া তাঁহাকে কাতর ভাবে ৰলিল যে "আর আমি এরূপ ছকর্ম করিব না, ভূমি প্রদল্ল হইয়া জামাকে ক্ষমা কর।" ঈশ্বর প্রসাদে তথন তাহার মনের উদ্বেগ চলিয়া যায় ও হস্ত প্রকৃতিস্থ হয়ণ। কথিত আছে এই শিক্ষা পাইয়াও সাত্তক পরক্ষণে ভুলিয়া যায়, পুনর্কার কুর্প্রবৃত্তির বশীভূত হইয়া পড়েও আপন কলঙ্কিত হস্ত প্রসা-

রণ করে। আবার ভাহার মনে উদ্বেগ ও অশাস্তি এবং হস্ত অবসন্ন হয়, পুনর্কার দারার প্রসন্নতা ভিক্ষা করিয়া সেই বিপদ্ হইতে রক্ষা পায়। তিনবার এরূপ ঘটনা হইয়াছিল, পরে দাত্মক বিশেষরূপে জন্মভপ্ত হইয়া সেই ছরভিদন্ধি সম্পূর্ণরূপে পরিত্যাগ করে, এবং দবিনয়ে দারাকে <u>জিজ্ঞা</u>দা করে "দেবি, ভূমি কে ? ভোমার বিবরণ আমি জানিতে ইচ্ছা করি।" সার। বলিলেন "আমি ঈশ্বরপ্রেমিক মহাত্মা এবাহিমের ভার্য্যা, ঈশ্বর আপন ভক্তদিগের রক্ষক ও আশ্রয়, কাহার সাধ্য যে তাঁহার ভক্তের সহধর্মিণীর প্রতি অত্যাচার করে ? আমি স্বামীর দঙ্গে এদেশে আগমন করিয়া তোমা কর্তৃক বিপদগ্রস্ত হইয়াছি, আমার মুক্তির প্রতীক্ষায় তিনি বহির্দেশে স্থিতি করিতেছেন।" তথন এবাহিম ঈশ্বরের শরণাপন্ন হইয়া অবিশ্রান্ত প্রার্থনা করিতেছিলেন। সাত্মক হাজের। নামী এক পরম রূপবতী দাসীকে সারাকে উপহার দেয়, কথিত আছেঁ দাত্বক হাজেরার প্রতি ও অত্যাচার করিতে উদ্যত হইয়াছিল, তাহাতে ও তাহার হস্ত অসার হইয়া পড়ে, ও সে নানা ক্লেশে পতিত হয়, পরে অন্তপ্ত হইয়া সেই সঙ্কল্প পরিত্যাগ করে। অতঃপর সাত্মক এবাহিমের নিকটে আদিয়া ক্ষমা প্রার্থনা করে ও তাঁহাকে পোমেঘাদি অনেক পশু উপহার দেয়। দারা রাজপ্রাদাদহইতে বাহিরে আদিয়া এবাহিমকে উপাসনায় প্রাপ্ত হন। এবাহিম পত্নীর সতীত রক্ষার বিষয়ে নিঃসংশ্ব হইয়া আনন্দমনে ঈশ্বরকে পুনঃ পুনঃ ধন্যবাদ করেন।

#### এব্রাহিমের ফলস্তিনে গমন।

অতঃপর এবাহিম মেদরে অবন্ধিতি করা উচিত বোধ করিলেন না, তথা হইতে ভিনি সৃদ্ধীক কেনানের অন্তর্গত ফলসতিন নামক প্রদেশে চলিয়া বান, সেদেশের একজন শ্ন্য স্থানে যাইয়া বাস করেন। সেখানে জলাশায় ছিলা না, তিনি একটি কৃপ খনন করেন, তাহাতে প্রভৃত জল উৎপন্ন হয়, এমত কি ক্পের মুখ ছাপিয়া ভূমিতে নির্মলজলের স্রোত প্রবাহিত হইতে থাকে। তাহার সঙ্গে অন্ধ পরিমাণ থালা ছিল, কিয়ন্দিন পরেই তাহা নিংশেষিত হয়। ঈশার ক্রপায় তিনি সেই অরণা ভূমিতে অলৌকিকরূপে থালা প্রাপ্ত হন। অবশেষে সেই কৃপের বৃত্তান্ত শ্রাবণ করিয়া তৃষ্ণাতুর লোকেরা দেশদেশান্তর হইতে দেই স্থানে আসিয়া উপ্রস্থিত হয়, বহুলোক তথায় বাসস্থান স্থাপন করে, ক্রুমে সেই বনভূমি নগরে পরিণত হয়। সমাগত লোকেরা প্রথমতঃ ধর্ম গ্রহণ করিয়া এরাহিমের আহুগত্য সীকার করে, পরে ধর্মদ্রোহী অবাধ্য ও শক্রু হইয়া উঠে, তিনি তাহাদের ব্যবহারে ছঃথিত হইয়া সেই স্থান পরিছ্যাগ করিয়া চলিয়া যান। রমলা ও আয়লিয়া ভূমির মধ্যবর্ত্তী কেন্ড নামক স্থানে যাইয়া বাস করেন। বয়তোল্মকদ্পের নামান্তর আয়লিয়া। এরাহিম চলিয়া গেলে পর উক্ত কৃপের জল অত্যন্ত কমিয়া যায়, তথন তাহার শক্রগণ আপনাদের অসদাচরণের জন্য ছঃথিত ও অহ্বতপ্ত হয়, তাহারা এরাহিমের নিকটে যাইয়া তাহাকে তথায় ফিরিয়া যাইবার জন্য অনেক অহ্বনয় বিনয় করে, তিনি সন্মত হন না। কথিত আছে এরাহিম তাহাদের মঙ্গল প্রার্থনা করেন, তাহাতে পুনর্কার কূপের জল বৃদ্ধি হয়।

#### এব্রাহিমের বাবেলে প্রত্যাপমন, ও নম্কদের মৃত্যু।

যথন এরাহিম ফনসভিন প্রদেশে বাস করিভেছিলেন তথন তাঁহার প্রভিত্তি ঈশ্বরের আদেশ হয় যে তুমি নম্কদের নিকটে যাইয়া তাহাকে ও তাহার অন্তচরবর্গকে সত্য ধর্ম গ্রহণ করিতে আহ্বান কর। এরাহিম তদন্মপারে বাবেলে যাইয়া নম্কদকে বলিলেন "তুমি বল যে ঈশ্বর ব্যতীত উপাস্য নাই, এই সভ্যে বিশ্বাদ স্থাপন কর ও ঈশ্বরকে এক মাত্র প্রভু বলিয়া তাঁহার শরণাপন্ন হও।" নম্কদ ইহা শুনিয়া ক্রোধান্ধ হইয়া বলিল "তোর ঈশ্বরদারা আমার কোন প্রয়োজন নাই, দেখ্ আমি তোর ঈশ্বরহইতে স্বর্গরাজ্য কাড়িয়া লইতেছি। আমি ভোর ঈশ্বরের সন্দে সংগ্রাম করিব, তাহাকে বল যেন আমার সন্দে যুদ্ধ করিতে সসৈন্যে উপস্থিত হয়।" স্বরাল্মা নির্কোধ নম্কদ এইরূপ অহন্ধার প্রকাশ করিয়া যুদ্ধের আয়োজনে প্রযুত্ত হইল, বছ ক্রোশ ব্যাপিয়া লক্ষ লক্ষ সৈন্য শ্রেণীবদ্ধ করিল ও ঈশ্বরের সৈন্যের প্রতীক্ষা করিয়া রহিল, এবং গর্ম্ব করিয়া এরাহিমকৈ বলিতে লাগিল, "কোথায় ভোর কশ্বর ও তাহার সৈন্য, ভয় পাইয়াছে বুঝি।" এরাহিম

বলিলেন "ব্যস্ত হইও না, শীষ্ক আমার প্রাক্ত পরমেশ্বর ভোমাকে উত্তম রূপে শিক্ষা দিবেন। স্বর্গহইতে ভাঁহার ছর্জ্যু দৈন্য আদিবে, প্রভীক্ষা কর।" এবাহিম ঈর্খরের প্রতি নির্ভর করিয়া রহিলেন। ইতিমধ্যে রণক্ষেত্রের আকাশ যেন প্রলম্ব মেঘে আচ্ছন্ন হইল, উহা মেঘ নয় কর্ম্য মশকপুঞ্জ, ঈশ্বরের প্রেরিত অগণ্য দৈন্য; সেই মশক রাশি গভীর নাদে চতুর্দিক অন্ধকার ময় ও আকাশকে আচ্ছন্ন করিয়া আদিয়া নম্কদের দৈন্যকে আক্রমণ করিল। দেনাগণের শরীর ও অশ্ব উষ্ট্রাদি বন্য পশুর গাত্র আপাদ মন্তক মশকজালে আচ্ছাদিত হইল, তাহাদের কর্ণ ও নাদারক্ষে পুঞ্জ পুঞ্জ মশক প্রেরেশ করিল। মশকের দংশনে তাহারা চীৎকার করিয়া সমর ক্ষেত্র হইতে পলায়ন করিতে লাগিল, এবং দলে দলে প্রাণত্যাগ করিল। নম্কদের নাদাচ্ছিদ্রে একটি মশা প্রবেশ করিয়া তাহাকে ভয়ানক যন্ত্রণা দিল। ক্থিত আছে তাহাতেই তাহার মৃত্যু হইল।

#### এব্রাহিমের পুনর্কার কেনান দেশে যাতা।

নম্কদ প্রাণত্যাগ করিলে পর তাহার অমাত্য ও অন্য অন্য প্রধান রাজকর্মচারী এবাহিমের নিকটে আদিয়া নিবেদন করিল যে "এপর্যন্ত এরাজ্য নম্কদের ছিল, এইক্ষণ আপনার হইল, রাজ্য শাসন সম্বন্ধে যাহা বিহিত্ত হয় করুন।" এবাহিম বলিলেন "পৃথিবীর রাজত্বারা আমার কোন প্রয়োজন নাই, যে রাজ্যে আমি বাস করিতেছি তাহা অবিনাশী রাজার রাজ্য, আমি সেই অবিনশ্বর প্রভুর কিল্কর। এদেশ ও মেসর দেশ ভূপতি ক্রিরে স্থান, কেনান দেশ ধর্ম প্রবর্ত্তক প্রেরিত পুক্ষগণের বিহার ভূমি। আমি এরাজ্যে বাস না করিয়া কেনানে যাইয়া বসতি করিব।" তথ্ন নম্কদের অন্তর্ন ও জ্ঞাতিবর্গ বলিল "আপনার সক্ষে আমরাও কেনানে যাইয়া অবস্থিতি করিব।" তথ্পর এবাহিম সদলে কেনান অভিমুখে যাত্রা লেন। প্রথমতঃ রহিয়া নামক স্থানে উপস্থিত হন, তিনি সেই স্থানের শোভা বর্জন করেন, তথা হইতে ফোরাত নদীর ক্লে আগ্রান্ত ক্রিটানগর স্থাপন করেন, সেই নগরের নাম রকিয়া। সেই ত্রিন হইতে ক্রির হাণ্য করেন, সেই নগরের নাম রকিয়া।

Acc 22008

চলিয়া যান, তথা হইতে যেস্থানে মেসরাধিপতি হাজেরা কে সারা দেবীর হস্তে সমর্পণ করিয়াছিল, তথায় উপনীত হন। তথন মেসর রাজ্যেশ্বর সাত্বকের ধর্ম্মে মতি হয়, সাত্বক এবাহিমের নিকটে আসিয়া ধর্মগ্রহণ করে। ফলতঃ যিনি মহাক্মা খলিলালার নিকটে উপস্থিত হইতেন, তিনিই ধর্মে আরুই হইয়া দীক্ষিত হইতেন এবং কিয়ৎক্ষণ তাঁহার সঙ্গে বাস করিয়া বিদায় লাভ করিতেন। তৎপর এবাহিম দমস্কে আগমন করিয়া তথাকার অধিবাসীদিগকে ধর্মপ্রধালী শিক্ষা দেন। দমক্ষ হইতে তিব নগরে আসিয়া উপনীত হন। তাঁহার আগমন সংবাদ শুনিয়া ধর্মজোহী নগরবাদিগণ পলাইয়া যায়, কেবল ধর্মবিশ্বাসী লোকেরা উপঢোকন সহ আসিয়া এবাহিমের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি তথা হইতে কেনানে উপস্থিত হন ও ফল্স তিনে যাইয়া সারার সঙ্গে সাক্ষাৎ করেন, সারা তাঁহার কুশলাগমনে অত্যম্ভ আহ্লাদিত হইয়া দরিজদিগকে বছ অর্থ দান করেন।

## এমায়িল ও এস্হাকের জন্মও হাজেরার নির্বাসন !

সারা বন্ধ্যা ছিলেন, যৌবনকাল অতীত হইয়া গেল, তথাপি সন্তান হইল না, ইহা দেখিয়া তিনি স্বামীকে বলিলেন "তুমি হাজেরাকে বিবাহ কর, হয় তো পরমেশ্বর তাহার গর্ভে তোমাকে পুল্র সন্তান দান করিবেন ও তোমার বংশ রক্ষা পাইবে।" তাহাতে এবাহিম হাজেরাকে পত্নীরূপে গ্রহণ করেন। হাজেরা পরম রূপবতী যুবতী ছিলেন। তাঁহার গর্ভের সক্ষার হইল, তিনি যথাকালে একটি পরম স্থানর পুল্র প্রস্রাব করিলেন। মোহম্মদীয় জ্যোতি এই সন্তানেই সঞ্চারিত হইল। ইহার বংশেই জ্যোতিস্মান্ পুরুষ মোহম্মদ জন্ম গ্রহণ করিয়াছিলেন। এই বালকই মোসলমান জ্যাতির আদি পুরুষ। হিক্র ভাষায় এই বালকের আলু য়ল নাম হয়, পরে তিনি গ্রমায়িল নামে প্রসিদ্ধ হন। এবাহিম পুল্রকে অতিশয় স্থানর ও স্থানজান্ত দেখিয়া মুগ্ধ হন ও তাঁহার প্রতি অত্যন্ত যত্ন ও আদর প্রদর্শন করিতে থাকেন, এক মৃহূর্ত্ত তাঁহাকে চক্ষের অন্তর্গাল করিতে কট বোধ করেন। শারা অনপত্যা, দাসী হাজেরা পুল্রবতী হইল, পুত্রের জন্য সে স্বামীর

57

বিশেষ আদর ও প্রীতি লাভ করিল, ইহা দেখিয়া তাঁছার মনে ঈর্যানল প্রজ-লিত হইল, তিনি হাজেরার নানা প্রকার অশিব চিন্তা করিতে লাগিলেন। ইতিমধ্যে ঈশ্বর আজ্ঞা করিলেন "এব্রাহিম, তুমি সারাকে বিষয় রাখিও না, সর্ব্ধ প্রয়ে তাহার মনোরঞ্জন কর, সে যাহা ইচ্ছা করে তাহা সুম্পাদন কর। " এরাহিম হাজেরা অপেক্ষা দারাকে অধিক দম্মান ও দেবা করিতে বাধ্য ছিলেন। অস্তরে ঈশ্বরের এই আদেশ প্রাপ্ত হইয়া তিনি সারার মনোগত অভিপ্রায় জানিতে ইচ্ছু হন ও ভাঁহাকে জিজ্ঞাসা করেন "হাজেরার শহমে তোমার মান্দ কি বল। " সারা বলিলেন, "যেস্থানে লোকালয় নাই, জল নাই, শ্স্যক্ষেত্র নাই এমন স্থানে হাজেরাকে পুত্র সহ নির্বাসিত করিয়া আইন, এই আমার ইচ্ছা, তাহা হইলে আমার সন্তোষ সাধন হয়।" এবা-হিম এই কথার দমত হইলেন, তিনি হাজেরা ও এমারিলকে দক্ষে করিয়া বোরাক \* আরোহণে মকার পাস্তরে চলিয়া গেলেন। তথন সেই স্থান জনশূন্য জলশূন্য কণ্টকবনাকীর্ণ অত্যন্ত ভয়ন্থর ছিল। এইক্ষণ মন্ধা নগরে যেন্তাৰে জন্জন্কুপ ও কাৰা মন্দির বিদ্যান দেখানে এবাহিম স্বীয় পত্নী ও পুত্রকে স্থাপন করিয়া ভাঁহাদের নিকটে কতগুলি খোর্মা ফল ও এক মশক জল রাথিয়া প্রস্থান করিলেন। হাজেরা দেখিলেন যে এ**ত্রাহিম তাঁহাকে** ফেলিয়া একাকী চলিয়া যাইতেছেন, তথন তিনি সভয়ে আস্তে ব্যস্তে ভাঁহার পশ্চাতে দৌড়িয়া জিজ্ঞাদা করিলেন, "তুমি আমাকে এই ভয়ম্বর স্থানে একাকী রাথিয়া কোথায় যাইতেছ ? "কোন উত্তর পাইলেন না। এবাহিম এই কথার কর্ণপাত করিলেন না, হাজেরার পুতি দৃষ্টিপাতও করিলেন না। যে-হেতু তিনি সারার নিকটে অঙ্গীকার করিয়াছিলেন যে জলহীন ও শন্যহীন তুর্গম স্থানে হাজেরাকে নির্বাসিত করিয়া আসিবেন, ভাঁহার সঙ্গে কোন কথা কহিবেন না ও তাঁহার দিকে ফিরিয়া চাহিবেন না। হাজেরা পুনঃ পুনঃ জিজ্ঞাসা করিয়া কিছুই উত্তর না পাইয়া পরে এই মাত্র প্রশ্ন করিলেন "নাধ্য আজ তুমি আমার প্রতি যে আচরণ করিতেছ তাহা কি পরম প্রভুর আদেশা-মুদারে করিতেছ ?" এবাহিম বলিলেন, হাঁ। হাজেরা এই কথা ভনিয়া নীরব

 <sup>&</sup>quot;বোরাক" এক প্রকার চতুপদ জন্ত ।

हरेलन अवः अवाहित्मत भकाकामत्न कांच तहिलन। क्रेचेतत याहा रेक्हा তাহা পূর্ণ হউক বলিয়া মনকে পুবোধ দিলেন, ঈশবের ক্লপার উপর নির্ভর স্থাপন করিয়া রহিলেন, ক্রমে এবাহিম তাঁহার দৃষ্টির অস্তরাল হইলেন। তথন হাজেরা করপুটে নিবেদন করিলেন "প্রভু পরমের্বর, আমি শিশু পুত্রসহ শস্যহীন জলহীন প্রাস্তরে তোমারই আশ্রয়ে বাস করিতেছি।" অতঃপর এবাহিম শোকার্ভিছদয়ে অঞ্পূর্ণনয়নে দারার আলয়ে উপস্থিত হইলেন। শারার দঙ্গে গৃহধর্ম পালন করিতে লাগিলেন, এই দময়ে তাঁহার ও দারার বুদ্ধা বস্থা, তাঁহার একশতবৎসর সারার নকাইবৎসর বয়ঃক্রম; তথন সম্ভান হইবে কোন আশা ও সন্তাবনা ছিল না, তজ্জন্য উভয়ে ছঃথিত। কিন্তু ঈশ্বরের ইচ্ছায় বুদাবস্থায় সারা গর্ভবতী হইলেন ও যথাকালে পরম রূপবান পুত্র পুসব করিলেন, শিশুর সৌন্দর্য্যের ছটায় গৃহ আলোকিত হইল। এব্রাহিম তাঁহার নাম এদহাক রাথিলেন। এই এদ্হাকই ইছদি জাতির আদি পিতা. ভাঁহার বংশে মুসা দিসা পুভৃতি বছ ধর্মপুবর্ত্তক মহাত্মা জন্ম গ্রহণ করিয়া পৃথিবীতে সর্গের আলোক বিস্তার করিয়াছিলেন। কেনানের লোকের। বলে যে এনহাক এবাহিমের ঔরদ পুত্র নহেন, বুদ্ধাবস্থায় তিনি তাঁহাকে পুত্ররূপে গ্রহণ করিয়া পালন করিয়াছিলেন।

## জম্জমের উৎপত্তি ও মকা নগরের সূত্রপাত ৷

এদিকে হাজের। সেই মহা ভীষণ জরণ্যে স্তন্যপায়ী শিশুটিকে জোড়ে করিয়া বিসিয়া রহিলেন। একটি বন্ধু নাই, কোনরূপ আশ্রয় নাই, কি ভয়ানক জবস্থা। কখন মাতা পুজের মুখ নিরীক্ষণ করিয়া ক্রন্দন করেন₊ কখন শিশু জননীর মুখের দিকে তাকাইয়া কান্দিয়া উঠেন। হাজেরা স্থামিপুদত সেই খোর্মাভল ভক্ষণ ও পানীয় পান করিয়া ক্র্যাও পিপাসা নির্ত্তি করিতেছিলেন, এম্মায়িল স্তম্থ পান করিয়া জীবিত ছিলেন। অল্পদিন পরে জল নিঃশেষিত হইল, হাজেরা প্রল পিপাসায় অস্থির হইলেন। এস্মায়িলকে ভূমিতলে স্থাপন করিয়া ইতস্ততঃ জলাবেষণ করিতে লাগিলেন। কোন লোকের সহায়তা প্রাপ্ত হন কি না তাহার অনুসন্ধান করিয়া বেড়াইতে লাগিলেন। ককা গিরি

নিকটে ছিল, তাহার উপরে যাইয়া আরোহণ করিলেন, কাহাকেও দেখিতে না পাইয়া নামিয়া আদিলেন। তথা হইতে মরওয়া শৈলের নিকটে চলিয়া গেলেন, দেখানেও কাহার কোন চিহ্ন পাইলেন না। স্ফাও মরওয়ার ব্যবধান তুইশত পদ ভূমি। তিনি জল ও লোকের অন্বেষণে **দক। হইতে** भव्रथा देगाल, भव्रथा इटेंटि मका देगाल हेगानिनीव नाम प्राप्त कि করিতে লাগিলেন। এইরূপ এক পর্বত হইতে পর্বতাস্থরে সাত বার করিয়া ভাঁহাকে দৌড়িতে হইয়াছিল। বাঁহারা ব্রতধারী হইয়া হজ্ঞ করিতে মন্ধা-ভীর্থে উপস্থিত হন, হাজেরার সেই প্রধাবন স্মরণার্থ তাঁহাদিগকেও তজ্ঞপ দাত বার করিয়া দফা ও মরওয়ায় ধাবমান হইতে হয়। হাজেরা এক এক বার দৌড়িতেছিলেন আর প্রাণাধিক পুত্র এন্মায়িলের সংবাদ লইতেছিলেন, ষেহেতু শিশুটি বা হঠাৎ কোন হিংস্ৰ জন্তুর করাল কবলে পতিত হয় এই ভয়ে ভীতছিলেন। ইতি মধ্যে তিনি মরওয়া গিরির দিকে শব্দ শুনিতে পাইলেম. কিন্তু কে কথা বলিতেছে কাহাকেও দেখিতে পাইলেন না। স্থির হইয়া শুনিতে লাগিলেন, কেহ যেন এই বলিতেছে, "হার্জেরা, স্বস্থানে ফিরিয়া যাও, তোমার দস্তান বিনষ্ট হইবে না, সে আপন পিতার দাহায্যে এই স্থানে ঈশ্বরের মন্দির নির্মাণ করিবে, তাহা দারা লোকের অশেষ কল্যাণ হইবে।" হাজেরা এই কথা শ্রবণে মনে সাস্ত্রা লাভ করিয়া এস্মায়িলের নিকটে ফিরিয়া আদিলেন। সেথানে এক জন জ্যোতির্মায় পুরুষকে দণ্ডায়মান দেখিতে পাইলেন। সেই পুরুষ জিজ্ঞাদা করিলেন "নারি, তুমি কে ?" তিনি বলিলেন " আমি এবাহিমের ভার্যা।" আগন্তক জিজ্ঞাদা করিলেন " তিনি তোমাকে এই ভয়ানক স্থানে কেন পরিত্যাগ করিয়াছেন 😢 কাহার আশ্রমে রাথিয়াছেন ? " হাজেরা বলিলেন "পর্মেশ্রের আশ্রমে রাথিয়াছেন।", তথন সেই তেজখী পুরুষ বলিলেন "তিনি উত্তম আশ্রয়ে बाथियाष्ट्रां, ভय नारे।" এই বলিয়া অদৃশ্য হইলেন। কথিত আছে হাজেরা দেই সময়ে সমুখ ভাগে দৃষ্টি করিয়া হঠাৎ একটি স্থনিম ল জলের উৎস দেখিতে পাইলেন। পরমেশ্বর দেই উৎস হাজেরার জন্ম উৎসারিত করিয়াছিলেন। এই প্রস্তবণই জম্জম্ নামে আখ্যাত, ইহার . जन श्रुना जन रनिया नमान्छ। शास्त्रता छेदन त्निया महा जानक

লাভ করেন, ভাহার জলপান করিয়া তিনি ও শিশুটি পরিভ্**ঞ** হন।

ইহার কিছুকাল পরে এয়মন দেশের জরহম বংশীয় এক দল বণিকৃ মক্কার পথ দিয়া যাইতে ছিলেন, জলাভাবে ভাঁছাদের অভ্যন্ত ক্লেশ হইয়া ছিল, তাঁহারা তৃষ্ণায় কাভুর হইয়া ইতস্ততঃ জল অম্বেষণ করিতে ছিলেন। ইতি মধ্যে একদল জলচর পক্ষীকে উড়িয়া আদিতে দেখিলেন। ভাঁহারা দেই বিহঙ্গকুল দেখিয়া মনে করিলেন যে এই প্রাস্তবের কোন স্থানে অবশ্য জল আছে, যেহেতু এই সকল পক্ষী জল ছাড়া থাকিতে পারে না। ইহা ভাবিয়া ভাঁহার। হুই ব্যক্তিকে অনুসন্ধানে প্রেরণ করিলেন। সেই ছুই জন জল অন্বেষণ করিতে করিতে সেই উৎসের নিকটে যাইয়া উপস্থিত হয়। তথায় দেখে যে এক পরম রূপবতী নারী এক**টি স্থন্দর শিশুকে সঙ্গে** করিয়া প্রস্রবণের এক পার্ষে বাস করিতেছেন। সেই প্রস্রবণ দেখিয়া তাহাদের আনন্দের সীমা রহিল না, তাহারা বিশ্বয়বিক্ষারিতলোচনে হাজেরার প্রতি দৃষ্টি করিয়া জিজ্ঞাদা করিল "তুমি দেবী, না মানবী ?" হাজেরা আত্ম বুতান্ত জ্ঞাপন করিয়া বলিলেন যে "প্রভু পরমেশ্বর দয়া করিয়া আমাকে ও এই বালককে এই নিঝর দান করিয়াছেন।" তৎপর তাহারা জমজমের জল পান করিয়া সেই জল অতিশয় নির্মাল ও স্মরদ প্রাপ্ত হইল। তৎক্ষণাৎ যাইয়া শঙ্গীদিগকে সবিশেষ জ্ঞাপন করিল। তথন তাঁহার। সকলে সহর্ষে আসিয়া সেই জল পান করিয়া অত্যক্ত স্থী হইলেন, এবং দেই প্রান্তরকে পশু চারণের বিশেষ উপযুক্ত স্থান ও তথাকার বায়ু স্বাস্থ্যকর বলিয়া করিলেন। আবাসের জন্য তাঁহার। সেই স্থান মনোনীত করিয়া হাজেরার নিকটে বলিলেন যে, "আমরা ভোমার প্রতিবেশী হইতে, ইচ্ছা করি, আমাদের দারা তোমার ষথোচিত দেবা হইবে।" হাজেরা বলিলেন "এই প্রস্রবণে আমার সম্পূর্ণ স্বত্ব থাকিবে, এই অঙ্গীকারে তোমরা এস্থানে বসতি করিতে পার।" তাঁহারা একথায় সন্মত হন, এবং স্বদেশে যাইয়া সঞ্জ-নবর্গ ও গোমেবাদি পশু এবং কভুরা নামক সম্প্রদায়কে সঙ্গে করিয়া চলিয়া আইসেন। উক্ত জরহম জাতি মক্কার উচ্চভূমিতে এবং কভুরা জাতি নিম ভূমিতে বাসস্থান নিরূপণ করিলেন। মজাজনামক ব্যক্তি জরহমদিপের

দলপতি এবং সমিদা কুতুরাদের দলপতি ছিলেন। তাঁহারা সকলে সে স্থানে গৃহাদি নির্মাণ করিয়া বাস করিতে লাগিলেন, এবং হাজেরা ও এস্মায়িলের প্রতি বিশেষ যত্নপরায়ণ হইলেন। এইরূপে মক্কার নির্জ্জন প্রান্তরে লোকের বসতি হইল। জরহমদিগের সংসর্গ ও বন্ধুতা লাভ করিয়া হাজেরা ও এস্মায়িল জনেক পরিমাণে নিশ্চিস্ত ও স্থবী হইলেন। এস্মায়িল তাঁহাদের সাহায্যে উরতি লাভ করিতে লাগিলেন ও তাঁহাদিগের নিকটে আরবি ভাষা শিক্ষা করিলেন, কথিত আছে যে আরব্য ভাষায় তিনি প্রথম স্ববক্তা বলিয়া পরিচিত হন। তিনি ক্রমে ক্রমে এরাহিমের চরিত্রের দলাপুণ সকলে অধিকার লাভ করেন, অত্যন্ত ধর্মান্তরাগী ও ঈশ্বরে জ্লেম্ভ বিশালী হইয়া উঠেন।

# পুত্রবলিদানে এত্রাহিমের প্রত্যাদেশ প্রবণ করা ও তাহাতে প্রবন্ধ হওয়া।

এবাহিম মাসান্তে একবার অখারোহণে মক্কায় আসিয়া হাজেরা ও প্রস্মায়িলের সংবাদ লইয়া বাইতেন। তিনি সারাকর্ত্ক এই অফীকারে বন্ধ হইয়া ছিলেন যে অখপৃষ্ঠ হইতে হাজেরার গৃহে অবতরণ করিয়া তাঁহার সেবা ও আতিথ্য গ্রহণ করিবেন না। স্থতরাং সেই অফীকার পালনের জন্য এবাহিম হাজেরার নিকটে আসিয়াই চলিয়া যাইতেন, অখ হইতে নামিয়া বিলম্ব করিতেন না। এই রূপে কতিপয় বৎসর অভীত হয়, ক্রমে এস্মায়িল বোড়শবৎসর বয়ঃক্রমে উপনীত হয়, তাঁহার শরীর স্থগঠিত ও বলিষ্ঠ হইয়া উঠে, তখন তিনি সময়ে সময়ে ধয়র্ব্বাণ লইয়া অরণ্যে মৃগয়া করিতে যাইলতেন। তৎকালে এবাহিম কখন কখন আসিয়া তাঁহাদের আতিথ্য গ্রহণ প্রকৃত্ব তিন একদিন রজনীতে প্রস্থাতন বিলান করিবার জন্য স্থারকর্ত্বক আদিই হয়। একদল ইতিহাসবেতা পশুত বলেন যে এস্মায়িলের বলিদানে আদেশ হইয়া ছিল, আর একদল এস্হাক্তেক বলিদান করিছে আজ্ঞা হইয়া ছিল বলিয়া নির্বারণ করেন। এবিষয়ে ত্ই দলের নির্বারণ বিষম অনৈক্য। কিন্ত অধিকাংশ প্রধান

ইতিহাসবিদ্ এস্মায়িলের সম্বন্ধে আদেশ হওয়ার কথাই নির্দ্ধারণ করিয়া-ছেন, निथक छ मारे अधिकाः एगत निर्मात अवनश्वन कतिन। এবাহিম স্বপ্নে দেখেন যে এস্মায়িল তাঁহার ক্রোড়ে আছে, এক দেবতা ভাঁহার নিকটে উপস্থিত হইয়া তাঁহাকে বলিতেছেন যে "এব্রাহিম, আমি ঈশবের প্রেরিড, পরমেশ্বর বলিতেছেন যে, এই বালককে আমার উদ্দেশ্যে বলিদান কর। স্বপ্ন দর্শনের পর এবাছিমের নিদ্রা ভঙ্গ হইল, ডিনি এই ভয়ানক স্বপ্নের বিষয় ভাবিয়া ভীত ও কম্পিত হইলেন, ইহা পাপাস্থরের কার্য্য ভাবিয়া তাহাকে অভিসম্পাতপূর্বক ভাবশিষ্ট রজনী উপাদনা প্রার্থনায় যাপন করিলেন। পর দিন ভাবিতে লাগিলেন যে, এই স্বপ্ন কি আমার চিস্তাসস্তূত, না, পাপাস্থরের কার্য্য, না ঈর্ধরের লীলা; নিশ্চয় কিছুই বুঝিয়া উঠিতে পারিলেম না। সেই দিবদ শুদ্ধ স্থানে যাইয়া শুদ্ধ মনে নিদ্রিত হইলেন, পুনর্কার স্বপ্নে দেখিলেন ষে দেবতা তাঁহাকে বলিতেছেন " আমি পরমের্খরের প্রেরিত, তোমার সম্ভানকে ঈশ্বরোদেশ্যে বলি দান কর।" পরক্ষণে এবাহিম জাগরিত হইয়। ভাবিতে লাগিলেন যে ইছা কথন শয়তানের কার্য্য নয়, ইছা ঈশ্বর-প্রেরত স্বপ্ন। সেই দিন পুনরায় স্বপ্নে দেখিলেন যে দেবতা আসিয়া বলিতে-ছেন "এবাহিম, পরমেশ্বর তোমাকে আদেশ করিতেছেন, উঠ, স্বীয় পুত্রকে বলিদান কর, নিশ্চয় জানিও ঈশ্বর পাপ করিতে আজ্ঞা করেন না, সৎকর্ষেই আদেশ করিয়া থাকেন।" এই তৃতীয় দিবসের স্বপ্প দর্শনে এবা-হিম সম্পূর্ণ নিঃসংশয় হইলেন, জানিলেন যে পুত্রকে বলিদান করার সময় উপস্থিত, ইহা একাস্ত ঈশ্বরের অভিপ্রেত। তথন হাজেরার নিকটে যাইয়া বলিলেন, এস্মায়িলকে স্নান করাইয়া তাহার অঙ্গে তৈল মর্দন্ পূর্বক কেশ বিন্যাস করিয়া দেও, এবং উত্তম পরিচ্ছদ পরাইয়া তাহাকে স্থসজ্জিত কর।" হাজেরা জিজ্ঞাসা করিলেন ''অদ্য বালককে স্থসজ্জিত করিবার কারণ কি ? " এবাহিম ধলিলেন 'ভাহাকে কোন বন্ধুর নিকটে লইয়া যাইভেছি, এজন্য তাহার বেশ বিন্যাস আবশ্যক। " (কেহ কেহ বলেন এবাহিম মক্কাতে এই স্বপ্ন দেখেন নাই, কেনানে দেখিয়া এস্মায়িলকে বলিদান করিবার জন্য মক্কায় চলিয়া ভোসিয়াছিলেন।) জনস্তর এসুমায়িলকে বলিলেন "বৎস, "

ছুরিকা ও রজ্জু দকে লও, কোরবাণি (বলিদান) হইবে।" এসমায়িল পিতার আজ্ঞাত্মারে তাহা লইয়া তাঁহার দঙ্গে দঙ্গে চলিলেন। কভক দুর যাইয়া জিজ্ঞানা করিলেন "ভাত, কোথায় যাইতেছ?" এবাহিন বলিলেন "বন্ধুর নিমন্ত্রণে যাইভেছি।" এনুমায়িল জিজ্ঞানা, করিলেন "দেই বন্ধুর গৃহ কোথায়?" এবাহিম বলিলেন "তাঁহার আলম পবিত্র ভূমিতে, এই হ্যালোকপ্রাসাদ ও ভূলোকশয্যা তাঁহারাই ক্বত।" মায়িল জিজ্ঞাদা করিলেন 'পিতঃ, তোমার দেই দথা আমাদের দঙ্গে কি একত্র ভোজন করিবেন ?" এবাহিম বলিলেন, "না, তিনি পান ভোজন করিয়া জীবন ধারণ করেন না, তিনি ভোজন করান, ভোজন করেননা।" শরলপ্রকৃতি এদুমায়িল প্রশ্ন করিলেন "তাত, তোমার দ্বথা **কি অত্যস্ত** ধনবান ?'' এবাহিম বলিলেন <sup>বি</sup>হাঁ স্বৰ্গ মৰ্ভ্যের ঐশ্বৰ্য্য ভাঁহার**ই।" কথিত** আছে এইরূপ কথোপকথন করিয়া পিতা পুত্র কিয়ন্দুর পথ চলিয়া গেলে পাপপুরুষ ভাবিল যে এন্মায়িল ও তাহার পিতা মাতাকে বিপাকে ফেলিবার এই উপযুক্ত সময়, অন্য সময় স্থযোগ ঘটিয়া উঠিবে না। ইহা ভাবিয়া দে বৃদ্ধ পুরুষের আকারে প্রথমতঃ হাজেরার নিকটে যাইয়া জিজ্ঞাসা করিল, "এব্রাহিম তোমার সন্তানকে কোথায় লইয়া গিয়াছে ?" হাজেরা বলিলেন "তিনি তাহাকে লইয়া এক বন্ধুর আলয়ে গিয়াছেন।" সেই পুরুষ বলিল "তাহা নয়, বরং তাহাকে বধ করিতে লইয়া গিয়াছে। " হাজেরা বলিলেন "এবাহিমের হৃদর অভিশয় স্নেহ-প্রবণ, তিনি পিতা হইয়া কি পুত্রকে হত্যা করিবেন ? ইহা কথন হইছে পারে না।" বৃদ্ধরূপী পাপপুরুষ বলিল "এবাহিমের এইরূপ বিশাস বে এসমায়িলকে বলিদান করিবার জন্য সে আদি**ট হইয়াছে। "তথ**ন হাজেরা বলিলেন " যদি তিনি বলিদানে আদিষ্ট হইয়া থাকেন তবে প্রস্থ পর্মেশ্বরের আদেশ মন প্রাণে পালন করিতে আমরা প্রস্তুত। ইম্বরের আজ্ঞা পালন করা অপেক্ষা কোন্ কার্য্য শ্রেষ্ঠ।" তথন রন্ধ নিরাশ হইরা হাজেরার নিকট হইতে চলিয়া গেল, এসমায়িলের পশ্চাৎ পশ্চাৎ যাইয়া বলিল, "এনুমায়িল, পিতা তোমাকে কোথায় লইয়া যাইভেছেন, স্ব-গত আছ ?" এস্মায়িল বলিলেন " এক বন্ধুর সন্ধিধানে লইয়া ষাইভেছেন "

পাপান্তর বলিল "না, ভোমাকে হত্যা করিতে লইয়া যাইভেছেন।" এস্মায়িল বলিলেন "পিতা পুত্রকে হত্যা করেন ইহা কি কখন দেখি-য়াছ ? "তথন দে বলিল "এবাহিম মনে করিতেছে যে ঈশ্বর তাহাকে এরপ আদেশ করিয়াছেন।" এসমায়িল বলিলেন "ঈশ্বরের এ প্রকার আজ্ঞা হইয়া থাকিলে তাহা শিরোধার্য্য। " শয়তান এসুমায়িলের নিকট নিরাশ হইয়া এত্রাহিমকে জিজ্ঞাসা করিল " সাধো, তুমি পুত্রকে কোথায় লইয়া যাইতেছ ?'' এবাহিম বলিলেন " এই পর্বতের গুহায় কোন প্রয়ো-জনে যাইতেছি। "বৃদ্ধ বলিল, ভূমি তাহাকে বলিদান করিতে লইয়া যাইতেছ, আমি ঈশ্বরের শপথ করিয়া বলিতেছি, তুমি যেমনে করিতেছ ঈশ্বর এরূপ আদেশ করিয়াছেন তাহা সম্পূর্ণ মিথ্যা, বরং শয়তান স্বপ্নে দর্শন দিয়া এই কথা বলিয়াছে যে আপন পুত্রকে বলিদান কর, দাবধান ! শরতানের কথায় স্বীয় স্বেহাস্পদ তনয়কে বধ করিও না, পরে সম্ভাপিত হইবে, সেই সময় অন্নাতাপ করিয়া কোন লাভ হইবে না। " তখন এবাহিম বুঝিতে পারিলেন যে এই বৃদ্ধই শয়তান, দূর হও বলিয়া ধম্কাইয়া ভাহাকে দূর করিয়া দিলেন, এবং বলিলেন " নিশ্চয় ঈশ্বর আমার এই হাদয়-নন্দন পুত্র এস্মায়িলকে বলিদান করিতে আমার প্রতি আদেশ করিয়াছেন, আমা দ্বারা ও আমার সম্ভান দ্বারা তোমার মনোরথ দিদ্ধ হইবে না।" এই কথা শুনিয়া বর্ষীয়ান ক্ষুদ্ধ ও নিরাশ হইয়া প্রস্থান করিল। পর্বতের ভিতর হইতে এই রূপ শব্দ হইল, "এনুমায়িল, এইক্ষণ পিতা ভোমার শোনি-ভপাত করিবে, আমার গর্ভে তোমার কবর হইবে।" পর্ব্বতে এই ভয়স্কর ধ্বনি হইল শুনিয়া এদ্যায়িল বলিলেন ''পিডঃ, পর্কাত আমাকে এই আশ্চর্য্য কথা ভনাইতেছে।" তিনি যাহা ভনিয়া ছিলেন তাহা পিতাকে জাুনাইলেন। এবাহিম বলিলেন " বৎস, উহা পাপপিশাচের উক্তি, পর্ব্বভের ভিতর হইতে সে এই কথা বলিতেছে, তৎপ্রতি মনোযোগ করিও না। " অতঃপর এব্রা-হিম তাঁহাকে দক্তে করিয়া গিরিগুহায় লইয়া উপস্থিত হইলেন। তথন তিনি বলিলেন "বৎস, সভাই আমি স্বপ্নে দেখিয়াছি যে তোমাকে বলিদান করি-ছেছি, এইক্ষণ ভোমার কি অভিপ্রায়।" এস্মায়িল এই নিদারুণ কথা শুনিয়াও কিছুই বিচলিভ হইলেন না, শাস্তভাবে জিজ্ঞানা করিলেন

"পিতঃ, প্রভু পরমেশ্বর কি আমাকে বদিদান করিবার জন্য আদেশ করিয়াছেন ? " এবাহিম বলিলেন। "হাঁ, তিনি আদেশ করিয়াছেন।" এই কথা শুনিয়া এসুমায়িল অক্ষুদ্ধমনে বলিলেন "এই দেহ প্রভুর কার্য্যে য্যয় হইবে আমার সোভাগ্যের বিষয়, প্রভুর আদেশ হইয়া থাকিলে আর বিলম্ব করিবে না, কেননা বিলম্ব হইলে আজ্ঞা সম্পাদনে বিল্ল উপ-স্থিত হইবে। সত্ত্র আমার হস্ত পদ বন্ধন করিয়া গলদেশে ছুরিকা অর্পন কর।" পরে বা স্নেহবশতঃ এত্রাহিম বলিদানে সক্চিত হন এবং মৃত্যুভয়ে ভীত হইয়া নিজে অধৈৰ্য্য ও অনিজ্পুক হন, এজন্য এস্মায়িল বলি-দানে দত্তর হইবার জন্য পিতাকে পুনঃ পুনঃ অন্তরোধ করিতে লাগিলেন, কিরূপ প্রণালীতে বন্ধন ও স্থাপন করিয়া বলিদান করিতে দহজ হইবে নিজেই পিতাকে তাহা বলিয়া দিলেন। এবাহিম এস্মায়িল**কে তজ্ঞপ** বন্ধন ও বেদীর উপর স্থাপন করিয়া ছুরিকা হল্তে বলিদানে প্রবৃত্ত হইয়া-ছেন এমন সময় অধ্যাত্ম জগতের এই ধ্বনি ভনিতে পাইলেন "এবাহিম, তুমি আমার আজ্ঞা পালন করিয়াছ, ক্ষান্ত হও, স্নেহভাজন পুত্রকে আর বলিদান করিতে হইবে না, ভূমি আমার যথার্থ দাস, এইক্ষণ তোমার প্রতি আমার কুপা প্রকাশের সময় উপস্থিত, পশ্চান্তাগে দৃষ্টি কর, যাহা ভোমার নয়নগোচর হয় তাহা আমার উদ্দেশ্যে বলিদান কর।" এই মহাবাণী শ্রবণে এবাহিম পশ্চাদিকে দৃষ্টিপাত করিয়া দেখিলেন যে, একটি প্রাচীন মেষ পর্বত হইতে তাঁহার দিকে দৌড়িয়া আসিতেছে, তৎক্ষণাৎ তিনি সেই মেষটিকে ঘাইয়া ধরিলেন, এবং এনুমায়িলকে বন্ধনমুক্ত করিয়া তাঁহার পরি-বর্ত্তে সেই মেষ্টিকে বলিদান করিলেন। তথন পিতাপুত্র উভয়ে ঈশরকে পুনঃ পুনঃ ধন্যবাদ করিয়া আনন্দমনে গৃহে চলিয়া গেলেন।

#### কাবা মন্দির স্থাপন।

হাজেরার আগমনের পর মক্কার অরণ্য কি প্রকারে লোকালয়ে পরি

শত হয় পূর্বে তাহা বিবৃত হইয়াছে, ক্রমে লোক বৃদ্ধি হইয়া নগরে পরিশৃদ্ধ

হয়। এবাহিম হইতেই মকা নগরের স্ত্রপাত ও তাঁহা হইতেই সেই স্থান ভীর্থে প্ররিণত হইয়া উঠে। তিনি একমাত্র অধিতীয় নিরাকার ঈশ্বরের পূজা প্রতিষ্ঠিত করিবার জন্য তথায় এক মন্দির স্থাপন করেন। এবাহিম সমং স্থপতি হইয়া এনুমায়িলের দাহায়ে মন্দিরের ভিত্তি স্থাপন ও প্রাচীর নির্মাণ করিয়া ছিলেন। এত্রাহিম প্রতিষ্টিত দেই মন্দিরই বর্তমান কাবা মন্দির। ইংার এইক্ষণ পূর্বের অবস্থা নাই, পুনঃ পুনঃ জীর্ণসংস্থার করিতে হইয়াছে। এবাহিমের সময় হইতেই এই মন্দিরের মহা গৌরব ও মাহাত্ম্য, এইক্ষণঙ নানাদেশের লক্ষ লক্ষ যাত্রী আদিয়া এই মন্দির দর্শন ও প্রদক্ষিণাদি করিয়া থাকে। মন্দিরের পার্ষে এক খণ্ড প্রস্তরের উপর এব্রাহিমের পদচিহ্ন **আছে, তাহাকে লোকে বিশেষ সন্মান করিয়া থাকে। কাল ক্রমে প্রতিমার** বিনাশকারী এবাহিমের এই মন্দিরে প্রতিমা সকল প্রতিষ্ঠিত হইয়া পুজিত হয়. বছকাল যাত্রিকগণ এথানে প্রতিমা দর্শন ও অর্চনা করিতে আইদে। অনন্তর প্রায় তের শত বৎসর হইল এসলাম ধর্মের প্রবর্ত্তক হজরত মোহম্মদ <u>দেই দমুদয় প্রতিমা ধ্বংদ করিয়া কাবামন্দিরে অদ্বিতীয় নিরাকার ঈশ্বরের</u> উপাসনা প্রতিষ্ঠিত করিয়াছেন। তদবধি কাবার সঙ্গে পৌত্তলিকতার কোন সংস্রব নাই।

#### এব্রাহিমের দান ও আতিথ্য দংকার।

গ্রাহিমের অগণ্য গোমেষাদি পশু ছিল, তিনি সেই পশুপাল চরাইতেন
ও তদ্বারা উপজীকা নির্কাহ করিতেন। একদিন একজন ভিক্কুকু আদিয়া
ভাঁহার নিকটে ঈশ্বরগুণাহ্বকীর্ভন করিয়াছিলেন, তৎশ্রবণে এরাহিম
শ্রেমানন্দে বিহবল হইয়া সেই ভিক্কুককে নিজের সমুদায় সম্পত্তি প্রদান
করেন। এরাহিম অভিথিকে অত্যম্ভ আদর করিতেন, আভিথ্য সৎকারে
ভাঁহার বিশেষ অন্তরাগ ও শ্রদ্ধা ছিল। একদিন তিনি একত্র ভোজন করিবার আকাজ্কায় অভিথির অন্তরণ করিতে ছিলেন। পথে এক বৃদ্ধকে পাইয়া
শৃহে লইরা আইসেন। বৃদ্ধ ধর্মবিরোধী ছিল, এরাহিম ইহা জানিতে পাইয়া

অনেক ধর্ষোপদেশ দিলেন, ভাহার মন পরিবর্ত্তনের জন্য বহুচে ৯ করিলেন, কোন মন্ডেই দে, ধর্ম প্রহণে সম্মত হইল না। এরাহিমের পীড়াপীড়িডে রন্ধ ক্ষুক হইয়া ভোজন না করিয়াই চলিয়া গেল। তথন পরমেশ্বর এরা-হিমকে জন্মযোগ করিয়া বলিলেন "এরাহিম, আমি এই বৃদ্ধকে তাহার বিদ্রোহিতা পদ্দে চিরজীবন জন্নদান করিয়াছি, আমার ভাণ্ডার ভাহার জন্য সর্কাদা ইম্বুক্ত রহিয়াছে, অদ্য এক দিনমাত্র জন্যে জন্য ভোমার প্রতি সে জর্পিড হইয়াছিল, হায় ! তাহাকে ভূমি জন্মে বঞ্চিত করিয়া ক্ষুবিত জবস্থার ফিরাইয়া দিলে।" এরাহিম এই বাণী শ্রবণ করিয়া র্ক্ষের পশ্চাতে দৌড়িলেন, ও সবিশেষ জন্মরোধ করিয়া তাহাকে ফিরাইয়া লইয়া আসিলেন। বৃদ্ধ প্রেক্ত জনাদর পরে আদর করার কারণ জিজ্ঞাসা করিলে এরাহিম সেই প্রতাদেশের কথা জানাইলেন। এই কথা বৃদ্ধের মনে জভিশ্ব সংক্রোধ্য হইল। এই বিষম বিদ্রোহী পাষণ্ডের প্রতি ভাহার এড দ্রাধ্য এই বলিয়া সে কাঁদিডে লাগিল, এবং ধর্মে দীক্ষিত হইয়া ঈশ্বরের একজন পরম ভক্ত হইল।

## এব্রাহিমের পুত্র মদয়ন।

মহাপুক্ব এবাহিমের পুত্র মদরন সারার গর্ভজাত, না হাজেরার তাহার নিশ্চর তথ পাওয়া বায় নাই। বোধ করি মদয়ন হাজেরার গর্ভোৎপল্প এশায়িলের অন্তজ ছিলেন। সারা বন্ধ্যা বলিয়াই প্রসিদ্ধা। কেছ কেই বলেন ঈশবের বিশেষ অন্তথ্যহে রন্ধাবন্ধার তাঁহার গর্ভে একমাত্র এস্হাক জন্ম গ্রহণ করিয়াছিলেন, কেই কেই বলেন এস্হাক তাঁহার গর্ভজাত পুত্র নহেন, পালিত পুত্র ছিলেন। মদয়নের বংশোৎপল্প লোকেরা মদয়ন জাতি বলিয়া খ্যাত হয়। কোরাণশরিকে ঈশবের উক্তিম্থনে উল্লিখিত ইইয়াছে রে "মদয়ন জাতির প্রতি তাঁহার আতা শোঅয়বকে (প্রেরণ করিয়া ছিলাম") তক্সিরে বির্ত ইইয়াছে যে "মদয়ন জাতি ক্রুত্র ও বৃহৎ ত্রই প্রকার তুল ও পরিমাণ যয় রাখিত, বৃহৎ যয়লারা কর ক্রুত্র যয়লারা বিক্রের ক্রিত, এইল্লেশে ভাহারা সকলকে ঠক ইত। শোকরব এই প্রবেশনা ইইতে নির্ত ইইবার

জন্য ভাহাদিগকে উপদেশ দান করেন। মহাপুরুষ এরাহিমের এক পুরের নাম মদয়ন, সেই মদয়নের বংশোভব লোকদিগকে মদয়ন জাতি বলে, তাহাদের প্রতি শোজয়ব প্রেরিত হইয়াছিলেন।" মদয়ন নম্কদের কন্যা রগজার পানিগ্রহণ করিয়াছিলেন। অয়ি পরীক্ষা ব্যাপারের পর এরাহিমের প্রতি রগজার বিশেষ ভক্তি জিয়য়া ছিল, তথন তিনি তাঁহার নিকটে যাইয়া ধর্মগ্রহণ করেন। নম্কদ কন্যার এই আচরণে অত্যম্ভ ক্রেম হয়, ও তাঁহাকে কারাক্রম করিয়া বহু বৎসর নানা প্রকার যন্ত্রণা দান করে। অবশেষে রগজা পরমেশয়ের অল্পুত কৌশল ও ক্রপা বলে এই বিপদ্ ইইতে মুক্ত হইয়া এরাহিমের নিকটে যাইয়া উপস্থিত হন। এরাহিম তাঁহাকে সাদরে গ্রহণ করেন। তিনি কিছুকাল এরাহিমের সক্ষে দেশ পর্যাইনে থাকিয়া নানা প্রকার কইভার বহন করিয়াছিলেন। তৎপর এরাহিম সীর পুত্র মদয়নের সক্ষে তাঁহার বিবাহ দেন। রগজার গর্চে মদয়নের ক্রমে বিংশতি সম্ভান জন্মগ্রহণ করে।

## এব্রাহিমের জীবনের মহত্ত্ব।

মহাপুরুষ এবাহিমের প্রতি হজরত মোহম্মদের প্রগাঢ় শ্রদ্ধা ছিল, তিনি আপনাকে তাঁহার অরবর্তী বলিয়া পুনঃ পুনঃ স্থীকার করিয়াছেন ও লোকদিগকে বলিয়াছেন যে তোমরা এবাহিমের ধর্মের অরুসরণ কর। মহাআ এবাহিমের জীবনে প্রত্যাদেশের গোরব আশ্চর্য্যরূপে রক্ষা পাই-রাছে। তিনি পরমেখরের একান্ত অরুগত জলন্ত বিধাসী ভূত্য ছিলেন, ঈশ্বরাদেশ ও তাঁহার প্রেমের অরুরোধে আপন শরীর দ্বী পুত্র সম্পত্তি বিসর্জন করিছে কিছুমাত্র কৃতিত হন নাই। হাসিতে হাসিতে প্রজ্বনিত হতাশনে প্রবেশ করিলেন, যোর অরণ্যে দ্বী পুত্র পরিভ্যাগ করিয়া আসিলেন, এক ভিন্কুকের মুখে ঈশ্বরের গুণকীর্ত্তন শুনিয়া ভাহাকে আপনার সর্বাহ্ব দান করিলেন। ফলাফল চিন্তা কিছুই করিলেন না। উশ্বরপ্রেমে মন্ত ঈশ্বরের একান্ড আজ্ঞাকারী ভূত্য কাহাকে বলে ভিনি আপন জীবন দ্বাহা যেরূপ দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন এরূপ বির্বা।

এরাহিম দীর্ঘ জীবন লাভ করিয়া ছিলেন, কেহ বলেন যে ভিনি ছুই শত বৎসর জীবিত ছিলেন। কেহ বলেন পঞ্চারকাই বৎসর জীবন ধারণ করিয়াছিলেন। এরাহিম হইতে তক্ছেদ সংস্কার প্রবর্তিত হয়, এরা-হিম প্রথম পাত্নকা ও পায়জামুখ প্রিধানা করেন।



পরমেশ্বর এবাহিমকে বিংশতি পুস্তিকা দান করিয়া ছিলেন। প্রায় সকলঃ
পুস্তিকাই উপদেশপূর্ণ, সেই সকল উপদেশের কয়েকটি উপদেশ নিমে অহবাদ করিয়া দেওয়া গেল।

"হে মানব, তোমার প্রাত্যহিক উপাদনা দাধনের জন্য আমি তোমার। প্রতি প্রদন্ত, তুমিও আমার প্রদন্ত প্রাত্যহিক উপজীবিক। লাভ করিয়া আমার। প্রতি সম্ভূষ্ট থাক।

হে মানব, যাহা তুমি প্রাপ্ত হইয়াছ তাহা ভবিষ্যন্দিবদের জন্য প্রেরণ কর।

হে মানব, যিনি ভোমাকে দান করিয়াছেন তুমি তাঁহার প্রতি ক্বভক্ষ হণ্ড, যে ব্যক্তি ভোমার প্রতি ক্বভক্ষ তুমি ভাহাকে দান কর।

হে মানব, তুমি সমগ্র জীবন অনিত্য সংসার উপার্জ্জনে ব্যয় করিলে, পরলোক সাধন কথন করিবে ?

হে মানব, আমি ভোমার চক্ষ্র উপর আবরণ এজন্য ক্ষন করিয়াছি যে কুদৃষ্টি হইবার উপক্রম হইলে চক্ষ্কে অবরোধ করিবে, এবং ভোমার বুথের উপর অধ্রোষ্ঠরপ কপাট এজন্য স্থাপন করিয়াছি যে কুবাক্য বলিবার উপক্রম হইলে ভাহা দারা মুখ বন্ধ করিবে।

হে মানব, যাহার। বছ আশা করিয়। সংলারাদ্বেশ করে ও জল্প আছুঠান করিয়। পরলোক আকাজ্ঞা করে, যাহাদিগের কথা ঋষিদিগের ন্যার কিছু কার্য্য কপটের; যাহার। দান না পাইলে অসহিষ্ণু হয়, আকাজ্ঞা। পূর্ণ না , হইলে ধৈর্যা ধারণ করিতে পারে না, ভূমি ভাহাদিগের দলভূক্ত হইও লা । হে মানব, বে ব্যক্তি নিজের জন্য তোমাকে প্রোম করে সে প্রেম করে না, জামি তোমাকে তোমার জন্য প্রেম করিতেছি, সাবধান, জামা হইছে দূর হইও না।

হে.মানব, তোমার পলায় নিজের ও অন্যের দোবের বুলী ঝুলিতেছে, ভূমি অন্যের প্রাতি চক্ষু স্থাপন করিয়া আছ, আপন দোবের প্রতি চকু মুক্তিত করিয়া রহিয়াছ, ইহা উচিত নয়।

হে মানব, যদি ভূমি সর্গ আকাজ্ফা কর তবে প্রভু পরমেশ্বরের ভজনা করিতে থাক, বে কার্য্য জামার প্রির ভূমি তাহা কর, তাহা হইলে জামি তোমার প্রিয় যাহা, তাহা সম্পাদন করিব। ভূমি নরককে স্থণা কর, জোমার ঈশ্বরও পাপকে স্থণা করিয়া থাকেন, ভূমি আমার স্থণার সামপ্রীকে জর্ধাৎ পাপকে পরিভ্যাগ কর, আমিও তোমার স্থণার সামপ্রী নরক হইতে তোমাকে রক্ষা করিব।

হে মানব, সংশয় হইতে দূরে থাক তাহা হইলে আমাকে জানিতে পাইবে; ভোগে বিরক্ত হও তাহা হইলে আমাকে দেখিতে পাইবে; এবং আমার ভূজনার জন্য আপনাকে প্রস্তুত কর আমার সঙ্গে মিলিত হইবে।

হংখী মানব সংসারেরর জন্য যাহা করিয়া থাকে স্বর্গ লোকের জন্য যদি ভাহা করে তবে ঈশ্বর তাহাকে অবাধে স্বর্গে লইয়া যান ; ঈশ্বর যাহা দান করিয়াছেন তাহাতে যদি সে ধৈর্য ধারণ করে তবে ঈশ্বর তাহাকে পৃথিবীতে ভাগ্যবান্ করেন ; যদি সে অবৈধ পরিত্যাগ করে তবে স্বীয় ধর্মকে বিশুদ্ধ রাথিতে পারে ; এবং যদি অসত্য পরিত্যাপ করে তবে সে একজন ঈশ্বরেশ সভ্য বন্ধু হয়।

হে মানব, বাহা ভোমার আছে ভাহা হইতে ভিক্কুক দরিদ্রক্তে বঞ্চিত্ত করিও না, তাহা হইলে আমিও ভোমা হইতে দয়া বঞ্চিত করিব না, আমি যেমন ভোমার অভিথিকে আদর করি ভূমি আমার অভিথিকে সেরূপ আদর করিও। এবাহিম জিজ্ঞাসা করিলেন "প্রভা, কে ভোমার অভিথি?" প্রভাদেশ হইল, "যে দীন হীন ভিক্কুক ভোমার নিকটে উপস্থিত হয় সে আমার অভিথি।"

ভোমরা সর্বাদা পাপ করিছেছ, আমি পূর্ণ ক্ষমাশীল, আমার নিকটে

প্রত্যাগমন কর ও অনুভাগ কর, তাহা হইলে তোমারা যাহা করিয়াছ কমা করিব সঙ্চিত হইব না।

হে মানব, যথন তোমার ক্রোধ হয় তখন আমাকে স্মরণ করিও, তাহা হইলে আমি দয়ার সহিত তোমাকে স্মরণ করিব।

হে মানব, যে ব্যক্তি অৱ উপজীবিকা লাভে আমার প্রতি সম্বষ্ট, আমিও অৱ ধর্মান্মষ্ঠানে ডাহার গ্রতি সম্বষ্ট।

হে মানব, তিনটি বস্তু আছে ভাহার একটির সঙ্গে আমার বিশেষ সম্বন্ধ, জার একটির সঙ্গে ভোমার বিশেষ সম্বন্ধ, জপরটি ভোমার ও আমার মধ্যে বিশেষ সম্বন্ধ। প্রথমটি ভোমার শরীরস্থ আআ, দ্বিতীরটি ভোমার কিয়া, তৃতীরটি প্রার্থনা।

হে মানব, "ঈশ্বর বৈ উপাদ্য নাই" এই কথা বলিয়া কেই কথন সংর্গ যায় না। যে ব্যক্তি তৎদক্রে এই কয়েকটি অন্তর্গান করে, যথা;—আমার মন্দিরে বিনীত হয়, আমার প্রসঙ্গে জীবন যাপন করে, আমার অন্তরোধে অবৈধ বিষয় ইইতে আত্মাকে নিবৃত্ত রাখে, আমার সঙ্গোধের জন্য দীন হুঃখী দিগকে আপনার পার্থে স্থান দান করে, অনাথের প্রতি দয়া করে, ফর্কির দিগের দঙ্গে করে, দেই স্বর্গে যায়।

হে মানব, যে পরিমাণে ভোমার মন সংলারের প্রতি অন্তরাগী হইবে সে পরিমাণে ভোমার অন্তরহইভে আমার প্রেম প্রত্যান্ত হইবে, বে পরি-মাণে ভূমি সংলারে লোভী হটবে লে পরিমাণে আমি ভোমাহইভে ধর্মের মিষ্টভাকে দূর করিব।

হে মানব, তোমাকে আমি বিবর সঞ্জ করিবার জন্য স্টি করি নাই, ধর্মোপার্জনের জন্য স্টি করিয়াছি।

হে মানব, পুনঃ পুনঃ আমার সায়িধ্য অবেষণ কর, মন্দির নির্দাণ করির।
ভূমি আমার প্রভিবেশী হও, তথবিদ্ জ্ঞানীদিপের সঙ্গে সহবাস করির।
আমার সঙ্গোষ অবেষণ কর, অসভ্যকে পরিভ্যাগ করিরা প্রাভঃকালে ও জন্য
এক সময়ে আমাকে কিছুকাল স্মরণ কর, আমি এই সুই সমরের মধ্যে
ভোমার প্রভি প্রচুর কল্যাণ বিধান করিব।

হে মানব, তুমি প্রার্থনায় প্রান্ত হইও না, আমি প্রার্থনা পূর্ণ করিছে

প্রাস্ত নহি; যদিচ বহুপাপ করিরাছ তথাপি আমার দরার নিরাশ হুইও না, আমার দয়া সকলের প্রতি উন্মুক্ত।

হে মানব, তোমার প্রার্থনা ও অবেষণ ব্যতিরেকে আমি সীয় দয়া গুণে তোমাকে ধর্মবিখাদ দিয়াছি, অভএব প্রার্থনা ও অবেষণ দতে কেমন করিয়া আমি ভোমাকে স্বর্গ দানে কুপণতা করিব ?

হে মানব, যে ব্যক্তি তোমাহইতে বিচ্ছিন্ন হয় ভূমি তাহার দক্ষে যাইয়া মিলিত হইও যে ব্যক্তি তোমাকে দানে বঞ্চিত করে ভূমি তাহাকে দান করিও, যে ব্যক্তি তোমার দক্ষে কথা বলে না ভূমি তাহার দক্ষে কথা বলিও, যে ব্যক্তি তোমার ক্ষতি করে ভূমি তাহার হিত দাধন করিও, তাহা হইলে ভূমি স্বর্গবাদী অপ্রগামী লোকদিগের একজন হইবে।

এরাহিম জিজ্ঞানা করিয়াছিলেন "প্রভো, যে ব্যক্তি ভোমার ভয়ে মুখমগুল অঞ্চললে অভিষিক্ত করে দে, কি পুরস্কার পাইবে?" পরমেশ্বর ঘলিলেন "ভাছার পুরস্কার আমার ক্ষমা, আমার স্বর্গ " এরাহিম জিজ্ঞানা করিয়াছিলেন "প্রভো, যে ব্যক্ত বিধবারও নিরাশ্র বালকের আশ্রর হয় ভাছার কি পুরস্কার?" ঈশ্বর বলিলেন "আমি আপন স্বর্গের আশ্রয়ে ভাছাকে রক্ষা করি।"

# মহাপুরুষচরিত।

### দ্বিতীয় খণ্ড।

# মহাপুৰুষ মুসার জীবনচরিত।

( भानि বাইবল ও বিশেষ বিশেষ মোহমদীয় গ্রন্থ হইতে সন্ধলিত।)

# কলিকাতা।

मृत्रा । । नाम ।

# मूही।

বিষয়		পৃষ্ঠা
বনিএব্রায়েলের মেদরে বদ্যতি	•••	3
ফেরওণের পূ <b>র্বার্ত</b> ান্ত	•••	9
ফেরওণের আত্মপূজা প্রতিষ্ঠাও বনিএলারেলের প্রতি	্ত <b>অভ্যাচা</b> র	•
মহাপুরুষ মুগার জন্ম ও ফেরওণের দ্বারা প্রতিপাশিত	হওয়া	1
এক ব্যক্তিকে হত্যা করিয়া মুদার মদয়নে পলায়ন	• • •	\$5.
মুশার স্বদেশে যাত্রা ও পথে প্রত্যাদেশ শ্রবণ	•••	78
ফেরওণের নিকটে মুদার জাগমন ও অলোলিক ক্রিয়	প্রদর্শন	24
ফেরওণ ও তাহার অন্থগামী লোকগণের প্রতি নানা	প্রকার বিপৎপ	t To
ও মুসার সদলে প্রস্থান	•••	<b>२</b> 8
বনিএস্রায়েলের দাগর পার হওয়া ও ফেরওণীয় <b>দঞ</b>	দারের	
জ্লমগ্ন হওয়া	•••	36
এব্রায়েল মণ্ডলী দহ মুদার কেনানাভিমুখে যাত্রা কর	া. ও পথে নান	
এব্রায়েল মণ্ডলী দহ মুদার কেনানাভিমুখে যাত্রা কর পরীক্ষায় পতিত হওয়া	া. ও <b>গ</b> থে নান	٥.
	•••	9.
পরীক্ষায় পতিত হওয়া	•••	9. 9¢
পরীক্ষায় পতিত হওয়া মুসার খণ্ডর ও পত্নীর আগমন ও মুসার বিচার প্রণালী	•••	<b>⊙.</b> ৩¢
পরীক্ষার পতিত হওয়া মুসার খণ্ডর ও পত্নীর আগমন ও মুসার বিচার প্রণালী সংশোধন	•••	9. 9.
পরীক্ষার পতিত হওয়া মুসার খণ্ডর ও পত্নীর আগমন ও মুসার বিচার প্রণালী দংশোধন সিনর গিরিতে ঈশ্বরের সক্ষে মুসার কথোপকথন ও ই	••• नेष्रोदत्रत	94
পরীক্ষার পতিত হওয়া মুসার খণ্ডর ও পত্নীর আগমন ও মুসার বিচার প্রণালী সংশোধন সিনয় গিরিতে ঈখরের সক্ষে মুসার কথোপকখন ও ই আজ্ঞা প্রচার	••• नेष्रोदत्रत	9. 94
পরীক্ষার পতিত হওয়া মুদার খণ্ডর ও পত্নীর আগমন ও মুদার বিচার প্রণালী দংশোধন দিনর গিরিতে ঈখরের দক্ষে মুদার কথোপকখন ও ই আজ্ঞা প্রচার এস্রায়েল মণ্ডলীর গোবৎস মূর্ত্তি পূজা ও মুদার শাসন	শৈবের শ	୭. ୬୯ ୬୬ ୫୫
পরীক্ষার পতিত হওয়া মুসার খণ্ডর ও পত্নীর আগমন ও মুসার বিচার প্রণালী দংশোধন দিনর গিরিতে ঈখরের দক্ষে মুসার কথোপকখন ও ই আজ্ঞা প্রচার এস্রায়েল মণ্ডলীর গোবৎস মূর্ভি পূজা ও মুসার শাসন হারুণের মৃত্যু	শৈবের শ	9. 94 94 88 88
পরীক্ষার পতিত হওয়া মুসার খণ্ডর ও পত্নীর আগমন ও মুসার বিচার প্রণালী দংশোধন দিনয় গিরিতে ঈখরের দক্ষে মুসার কথোপকখন ও ই আজ্ঞা প্রচার এল্রায়েল মণ্ডলীর গোবৎস মূর্ত্তি পূজা ও মুসার শাসন হারুণের মৃত্যু	শৈবের শ	9. 94 94 88 89

# নহাপুৰুষ মুসার জীবন চরিত।

### বনি এস্রায়েলের মেসরে বসতি।

বনি এসায়েলের মেসরে যে প্রকারে বসতি হয় তাহার সংক্ষিপ্ত বিবরণ এই। এবাহিমের পুত্র এসহাক্ ও এসহাকের পুত্র ইয়কুব, ইয়কুবের অপর নাম এসরাইল, এসরাইল ঈশবের বিশেষ অনুগৃহীত সাধু পুরুষ ছিলেন। তিনি কেনান দেশে বাস করিতেন। তাঁহার দ্বাদশ পুত্র হয়। প্রথম म्भ शूर्वित नाम ऋरवन, अमयून, त्नवि, शिक्ना, टेमाथव, निवृन्न, नाज, নপ্তানি, গাদ, আদের। কনিষ্ঠ পুত্রের নাম ইয়ুদোফ ও দর্ক কনিষ্ঠের নাম বেনিয়ামীন ছিল। ইয়ুদোফ পরম স্থন্দর ও বছগুণালয়ত পুরুষ ছিলেন, এবং ইয়কুবের রুদ্ধাবস্থায় জন্মগ্রহণ করিয়াছিলেন। ইয়ুদোফ ত্মশীল, স্থবোধ ও স্থানী এবং বুদ্ধাবস্থার সন্তাম বলিয়া ইয়কুব তাঁহার প্রতি সমধিক স্নেহ ও অনুরাগ প্রকাশ করিতেন। ইয়ুগোফের প্রতি পিতার অধিকতর স্নেহ ও বাৎসল্য দেখিয়া জ্যেষ্ঠ দশ প্রাতার অন্তরে বিদ্বোনল জ্বলিয়া উঠে। তথন ইয়ুসোফের যৌবন কাল। ইতিমধ্যে ইয়ুসোফ স্বপ্পে দেখেন যে চল্ল সুর্যা ও একাদশ নক্ষত্র ভাহাকে সন্থান করিতেছে। ভিনি এই अन्न युखां छ छापन कतिता देवकूर छारितन स देवूरां क अकलन অত্যন্ত বড় লোক হইবে। তদবধি তিনি তাঁহার প্রতি যৎপরোনান্তি ভাল বাসা প্রকাশ করিতে লাগিলেন। সর্বাদা তাঁহাকে চক্ষে চক্ষে রাখি-তেন, চক্ষের অন্তরাল হইতে দিতেন না। ইয়কুবের প্রচুর সম্পতি 😘 অগণ্য গোমেষাদি পশু ছিল। তাঁহার জ্যেষ্ঠ সম্ভানগণ ভাবিলেন যে পিছা প্রবল স্নেহবশতঃ কনিষ্ঠ ভ্রাভা ইয়ুসোফকেই সমুদায় সম্পত্তির অধিকারী করিবেন, আমাদিগকে ভাহা . হইতে একবারে বঞ্চিত রাধিরেন। এই ভাবিয়া ভাহারা অস্তরে বিষম যাজনা ভোগ করে ও ভাহাদের সর্ব্যানক

সমধিক প্রাঞ্জলিত ইইয়া উঠে। তাহারা প্রাপ্তরে ক্রীড়া আমোদ করিবার ছলে বছ অন্থনয় বিনয়ে ইয়কুবকে সন্মত করিয়া তাহার নিকট ইইডে ইয়ুসোফকে লইয়া যায়। এবং হত্যা করিবার কামনায় অরণ্যে লইয়া গিয়া এক পুরাতন বৃহৎ কুপের মধ্যে নিক্ষেপ করে। সেই পথ দিয়া এক দল বণিক্ মেসর দেশে য়াইতে ছিলেন; তাঁহারা পিপাসাকুল হইয়া জল অবেষণে তথায় উপস্থিত হন। বণিক্ দলপতিকূপ হইতে জল তুলিতে প্রবৃত্ত হইয়া ইয়ুসোফকে উঠাইয়া লন। তথন ইয়ুসোফের জ্যেষ্ঠ লাভ্গণ নিকটে ছিল; তাহারা আসিয়া বলে "এ আমাদের দাস, আমরা ইহাকে ভোমার নিকটে বিক্রয় করিছে প্রস্তুত্ত আছি।" বণিক্ যৎকিঞ্চিৎ মূল্যদানে ইয়ুসোফকে কয় করিয়া মেসরে চলিয়া যান। লাভ্বর্গ গৃহে প্রত্যাগমন করিয়া পিতাকে বলে যে ইয়ুসোফকে ব্যান্ত্রে ভক্ষণ করিয়াছে। ইয়কুব শোকাকুল চিজ্ঞে কাল্যাপন করিতে থাকেন।

এদিকে বণিক মেসরে যাইয়া ইয়ুসোফকে দাসরূপে বিক্রী করিবার জনা নগরে উপস্থিত করেন। বছলোক ইয়ুদোফের রূপলাবণ্য দর্শনে মোহিত হইয়া সর্বাস্থ দানে তাঁহাকে ক্রয় করিতে উদ্যুত হন; পরিশেষে মেসরাধি-পতির আজিজমেদর উপাধি প্রাপ্ত প্রধান মন্ত্রী প্রচুর অর্থ দানে তাঁহাকে ক্রুয় করিয়া গৃহে লইয়া আদেন। মন্ত্রীর পত্নী জোলয়থা ইয়ুদোককে ্দেথিয়া তাঁহার রূপ লাবণ্যে মুগ্ধ হন ও তৎপ্রতি একাস্ত আসক্ত হইয়া পড়েন। ভাঁহাকে বশীভূত করিয়া স্বীয় কুপ্রবৃত্তির চরিতার্থতা সাধনের জন্য নানা উপায় অবলম্বন করেন। কিন্তু ইয়ুদোক কিছুতেই ব্যভিচারে স্বীয় জীবনকে কলম্বিত করিতে সমত হন না। মন্ত্রী পড়ী নিরাশ হইরা ইয়ুসোফের প্রতি অত্যস্ত কুৰ হন এবং ভয়ানক অপবাদ দিয়া নানা ছলে কৌশ্লে তাঁহাকে কারাকদ্ধ করেন। কেই বলেন সাত বৎসর কেই বলেন দ্বাদশ বৎসর ইয়ুসোফ কারাপারে বন্দী ছিলেন। ইতিমধ্যে মেদরাধিপতি রেয়াণ এক স্বপ্ন দেখেন, িকোন পণ্ডিত সেই স্বপ্নের ব্যাখ্যা করিয়া উঠিতে পারেন নাই, পরে ইয়ুসোফের নিকটে স্বপ্ন বৃত্তান্ত বর্ণিত হয়, তিনি উত্তমরূপে তাহার ব্যাথা করেন, ভাহাতে রাজা অত্যস্ত সম্ভূষ্ট হন, এবং তাঁহাকে কারামূক্ত করিয়া কোষা-ধ্যক্ষের পদে নিযুক্ত করেন। এই ঘটনার কিছু কাল পরে মেদরে এবং, কেনানে ভয়ানক ছর্ভিক্ষ উপস্থিত হয়। ইয়ুসোফ পূর্কেই ছর্ভিক্ষের লক্ষণ ৰুঝিতে পারিয়া রাজ্যের নানা বিভাগ হইতে প্রচুর শদ্য দংগ্রহপূর্কক দঞ্চয় রাথিয়াছিলেন। তুর্ভিক ভয়স্কর আকার ধারণ করিলে ডিনি উপযুক্ত মূল্য গ্রহণ করিয়া প্রজাদিগকে শদ্য বিতরণ করিতে থাকেন । ক্রমে কেনানে এই সংবাদ প্রচার হয়। ইয়ুসোফের ছুর্জিক্ষনিপীড়িত ভ্রাভূবর্গ শস্য ক্রয় করিবার জন্য কেনান হইতে নেসরে ইয়ুসোফের নিকটে আগমন করেন। ভত্পলক্ষে ইয়ুসে।ফের দঙ্গে ভাহাদের পরিচয় হয়, এবং ইয়ুসোফ ভাহাদিগকে দাদরে গ্রহণ করেন। পরে তিনি বুদ্ধ পিতাকে ও অন্যান্য আত্মীয়বর্গকে কেনান হইতে অ'নাইয়া লন। তদব্বি তাঁহারা মেসরে অরম্বিতি করে। এইরপে মেদরে এম্রায়েল ও বনি এম্রায়েলের অর্থাৎ ইয়কুবের সম্ভতি-গণের বসতি হয়। প্রীষ্টজন্মের স্তরশত ছয় বৎসর পূর্বের এঞ্রায়েল উন-সত্তর জন পুত্র কলত জ্ঞাতি কুটুখানি সহ নেদরে আদিয়াবাস করেন, ভদবধি ক্রমে তাহাদের বংশ অত্যক্ত বুদ্ধি পাইয়া দেশময় ব্যাপ্ত হইয়া পড়ে। ইয়ুসোফ এক শত বৎসর জীবিত ছিলেন, এরিজন্মের ১৯৩৫ বৎসর পূর্বে তাহার মৃত্য হয়, তিনি উনচলিশ বৎসর বয়ঃক্রম হইতে একাতর বৎসর পর্যান্ত মেসরে অবস্থিতি করেন। তাঁহা দারা মেসরে একেশ্বরবাদ ধর্ম্ম প্রবর্ত্তিত হয়। মেসরের আদিম নিবাসী কিব্তীজাতি, তাহারা এস্রায়েল জাতিকে অত্যক্ত বিদ্বেষ করিত। মেসরের রাজ্পণত বনি এস্রায়েলের প্রাক্তি ষ্মত্যস্ত অত্যাচার করিতে থাকে।

## ফেরওণের পূর্ব্বিরত্তান্ত।

মেসরাধিপতি ঈশ্বরবিদ্রোহী কেরওণের প্রকৃত নাম কার্স বা করতিস্
অথবা ( ছিতীর ) অলিদ ছিল, কেহ কেহ বলেন তাহার নাম মসার তাহার
পিতার নাম অলিদ। এইক্ষণ যেমন মেসরপতির থদিত, তুরুকাধীর্বরর
সোল্তান, ইরাণরাজের শাহ উপাধি ওজাপ পুরাকালে যিনি মেসবের
রাজসিংহাসনে অধিরু ইইতেন তিনি ফেরওণ উপাধি লাভ করিতেন।

কোরাণ শরিফে উল্লিখিত হইয়াছে যে ফেরওণ প্রজাদিগকে বলিয়াছিল "আমি ভোমাদিগের প্রধান ঈশর, ভাহাতে পরমেশ্বর ভাহাকে প্রহিক পারত্রিক দণ্ডে দণ্ডিত করিয়াছেন।" এই ফেরওণের প্রথম জীবন নিন্দনীয় ছিল না, দে পূর্ব্বে দামান্য অবস্থায় জীবন যাপন করিয়াছিল, অনেক তৃঃখ ক্লেশের পর দে মেসরের সিংহাসন প্রাপ্ত হয়, রাজা হইয়াই সে ঈশবর্বের অভিমান করে, ও বনি এআয়েলের প্রতি নিদারুণ অভ্যাচার করিতে থাকে। ভাহাতে পরমেশ্বর মহাপুরুষ মুসাকে প্রেরণ করিয়া ভাহাকে বিশেষ শান্তি দান করেন, ও ভাহার অভ্যাচার হইতে এআরেল সম্ভতিগণকে মুক্ত করিয়া কেনানে পুনঃপ্রতিষ্ঠিত করেন।

কথিত আছে যে ফেরওণের জন্মস্থান বল থ। সে তথা হইতে দেশ জ্রমণে প্রেবৃত্ত হইয়া বিউশহমা নামক নগরে আগমন করে, দেখানে হামান নামক এক ছ্রাত্মার দক্ষে তাহার জালাপ পরিচয় হয়। দেই বিউশহমা নগরেই হামানের নিবাদ ছিল। ফেরওণ তথা হইতে মেদরে চলিয়া আইদে, হামানও তাহার সঙ্গে তথায় আগমন করে, তখন খরবুজার সময় ছিল, তাহা-দের সঙ্গে অর্থ সম্পত্তি কিছুই ছিল না, তাহারা ক্ষুধার্ত্ত হইয়া এক জন ক্ষেত্র-স্বামীর নিকটে থাদ্য প্রার্থী হয়। ক্ষেত্রপতি ভাহাদের প্রতি ধরবুজা বিক্রমের ভার অর্পণ করে, ভাহারা ভাহার পারিশ্রমিকরূপে থাদ্য গ্রহণ করিতে বাধ্য হয়, কিন্তু পরে ভাহা হইতে নির্ত্ত হটয়া কাবুদ (ফেরওণ) মেসরাধিপতির নিকটে স্বীয় ছ্রবস্থা জ্ঞাপনপূর্বক নপরের গোরস্থানের অধ্যক্ষতার পদ প্রার্থনা করে। মেসররাজ প্রার্থনান্ত্রসারে তাহাকে উক্ত পদে নিযুক্ত করেন। তথন এইরূপ বিধি হয় যে কাবুদের অন্ন্মতি ব্যতিরেকে কেহ শব প্রোথিত করিতে পারিবে না। কাবুদ নিয়োপপত্র পাইয়াই পোরস্থানের ছারে ষাইয়া বদিয়া থাকে। ইহার কিয়দিন পরেই মহামারি উপস্থিত হয়, সংক্রামক পীড়ায় আক্রান্ত হইয়া প্রতিদিন নগরের সহস্র সহস্র লোক প্রাণত্যাপ করিতে থাকে। কাবুস গোরস্থানে জানীত প্রত্যেক শবের জন্য এক এক মুদ্রা করস্বরূপ গ্রহণ করে, এইরূপ অল্পদিনের মধ্যে তাহার প্রচুর সম্পত্তি হয়। অনস্তর সে রাজমন্ত্রীদিগকে অর্থ দানে বশীভূত করিয়া ভাহাদের সাহায়ে। নগরের শান্তিরক্ষকের পদে অভিবিক্ত হয়, সেই কার্ব্যে নিযুক্ত হইয়া কার্যাদক্ষতা গুণে রাজার প্রিয়পাত্র হইয়া উঠে। ইহার কিয়দিন পরেই প্রধান মন্ত্রীর মৃত্যু হয়, রাজা তাহাকে সেই পদে নিযুক্ত করেন। তথন তাহার রাজ্য মধ্যে একাধিপতা ও অতুল ক্ষমতা হয়।

# ফেরওণের আত্মপূজা প্রতিষ্ঠা ও বনি এস্রায়েলের প্রতি অত্যাচার।

কাবুদ মন্ত্রীর পদে অভিষিক্ত হইয়াই হামানকে বলে যে আমিই ঈশ্বর, মেসরবাসিগণ যাহাতে আমাকে ঈগর বলিয়া বিশ্বাস করিয়া পূজা। ও সন্মান করে সেই উপায় অবলম্বন করিতে হইবে। হামান বলে যে তোমার ঈশ্বরত্বের আকাজ্জা হইয়া থাকিলে প্রথমতঃ অল্পে অঙ্গে প্রজাদিগের মন হস্তগত করিয়া লও। তথন মেদর নিবাদী দমুদায় লোক মহাত্মা ইয়-নোফের প্রবর্ত্তিত একেশ্বরবাদ ধর্মে বিশ্বাদী ছিল ও তদ্ধর্ম **অ**চরণ করিত। ফেরওণ প্রজাদিগকে বশীভূত করিবার এই এক উপায় আবি-ষার করিল, যথা প্রজাবন্দকে ভাহাদের দের একবৎসরের বাজস্ব হইতে অব্যাহতি দিল, স্বীয় সম্পত্তি হইতে রাজার প্রাপ্য অর্থ রাজাকে প্রদান করিল। পরে হুর্ভিক্ষাদি কারণে প্রজাদের অর্থকষ্ট উপস্থিত হুইনে ফেরওণ আরও তিনবার রাজস্ব হইতে প্রজাদিগকে নিম্বতি দান করে। এই মহোপকার লাভ করিয়া প্রজাবন্দ তাহার একান্ত অনুগত হইয়া পড়ে, ও তাহাকে পরম দয়াবান সদাশয় লোক বলিয়া বিশাস করে। ইহার কিছু দিন পরেই মেসরাধিপতির মৃত্যু হয়, তাঁহার কোন উত্ত-রাধিকারী ছিল না। প্রজামগুলী সমুদ্যোগী হইয়া কেরওণকেই রাজ সিংহাদনে প্রতিষ্ঠিত করে। ইতি পূর্বে ফেরওণ করতিস, কাবুদ বা অলিদ অথবা মসাব নামে পরিচিত ছিল, এইক্ষণ প্রকৃত পক্ষে কেরপ্র উপাধি প্রাপ্ত হইল। ফেরওণ রাজ্য লাভ করিয়াই হামানকে মন্ত্রীয় পরে বরণ করে ও তাহার নিকটে স্বীয় সকর সাধনে পরামর্শ জিজ্ঞান্ত হয়। হামান বলে যে যদি ভূমি নির্বিছে প্রজাদিখের দারা ঈশবরণে প্রিড

হইতে চাও তবে পরামর্শ এই যে রাজ্য মধ্যে এই আজ্ঞা প্রচার কর যে অতঃ-পর কেহ বিদ্যার চর্চ্চা শান্তালোচনা করিতে পারিবে না, পণ্ডিত মণ্ডলী অধ্যাপনাদি পরিত্যাগ করিবেন। এই প্রকারে লোকে ক্রমশঃ শান্ত চর্চার অভাবে স্বীয় ধর্ম ভূলিয়া যাইবে, পরবর্তী লোকেরা শিক্ষার অভাবে মুর্থ হইবে, এইরূপ অল্লে অল্লে তাহার। ধর্মজ্ঞান হারাইয়া তোমাকে ঈশ্বর বলিয়া মান্য করিবে। ছামানের এই গৃঢ় কৌশল ফেরওণের নিকটে যুক্তি যুক্ত বোধ হইল। সে রাজ্যমধ্যে এই আজ্ঞা ঘোষণা করিল যে কোন প্রজা বিদ্যা শিক্ষা শাস্ত্রলোচনা করিতে পারিবে না, যে ব্যক্তি বিদ্যালোচনা করিবে তাহার শিরশ্ছেদন হইবে। তদবধি ফেরওণের ভয়ে লেংকে শাস্ত্রালোচনা জ্ঞানচর্চ্চা হইতে বিরত থাকে, মেশররাজ্যে অধ্যয়ন অধ্যাপনা রহিত হয়। অনস্তর কিছু কালের মধ্যে সমুদায় মেসর দেশ নিবিড় অজ্ঞানত∤ তিমিরে আচ্ছন্ন হইল, সকলে ঈশ্বরকে ভুলিয়া গেল, পশুর অব য়া প্রাপ্ত হইল। অতঃপর ফেরওণ প্রজাদিগকে প্রতিমা পূজা করিতে আদেশ করে, তদবধি কিব্তি জাতি পুতল পূজায় প্রবৃত্ত হয়। এই প্রকার বিশ-বৎসর তাহারা মূর্ত্তি পূজায় যাপন করে. পরিশেষে ফেরওণ বলে যে আমিষ্ট প্রতিমা সকলকে ঈখরত প্রদান করিয়াতি, ইহারা ক্ষুদ্রা আমি প্রধান ঈখর, এই বলিয়া প্রজাবর্গকে আদেশ করে যে আমি সর্ববিপ্রধান ঈশ্বর ইহা ভোমা-দিগকে স্বীকার করিতে হইবে। কিব্তি জাতি তাহাতে দমতি প্রদান করে। অনস্তর প্রতিমা দকল চূর্ণ করা হয়। কথিত আছে যে ফেরওণ মেসরে প্রবাহিত নীলনদের জলের হ্রাস বৃদ্ধি সম্বন্ধে ও অন্য অন্য বিষয়ে কিছু কিছু অলোকিকতা প্রদর্শন করে, তদর্শনে সর্বাগ্রে কিব্তিগণ বিবাদী হইরা ভাহার পূজা করিতে থাকে, ভাহাতে ফেরওণ প্রদন্ত ছইয়া তাহাদের সূথ সচ্ছন্তা বিধানে বিশেষ যত্নবান্ হয়। किन्ত বনি এসায়েল ইয়ুসোফের প্রবর্ত্তিত ধর্মে স্থিরতর থাকে, তাহারা ফেরওণের পূজার সমত হয় না। তজ্জন্য ফেরওণ তাহাদের প্রতি অত্যক্ত অত্যাচার আরম্ভ করে। তাহাদিগকে কিব্তি প্রজাদের সেবার নিযুক্ত রাথে, যে দকল কার্য্য অতাস্ত নীচ স্থানিত ও গুরুতর পরিশ্রম সাধ্য সেই সমস্ত কার্ব্যের ভার ভাহাদের প্রতি অর্পণ করে। এসায়েল- বংশীর নরনারী এইরূপ নানা প্রকার অত্যাচারে অত্যন্ত প্রপীড়িত হয়।
কেহ সেই নীচ ও তুঃসাধ্য কার্য্য সকল করিতে না চাহিলে আহাকে
ভক্তবর দত্ত পাইতে হইত।

# মহাপুরুষ মুসার জন্ম ও ফেরওণের গৃহে প্রতিপালিত হওয়া।

মহাপুরুষ মুদা এম্রাণের পুত্র, এম্রাণ ইয়দহরের পুত্র, ইয়দহর ফাহ-শের এবং ফাহশ 'লেবির পুত্র, লেবি ইয়কুবের পুত্র ছিলেন। একদিন রজনীতে ফেরওণ কুম্বপ্ন দেখিয়া প্রাতংকালে ভবিষাৰজা পঞ্জিত দিগকে ডাক,ইয়া ভদুতাভ জ্ঞাপন করে, ভবিষ্যদ্জ্গণ আপন আপন বিদ্যার প্রভাবে নিশ্চয় করিয়া বলেন "এই স্বপ্নদারা প্রকাশ পাইতেছে এসারেল জাতির মধ্যে এমন এক পুরুষ জন্মগ্রহণ করিবে যে তাহাছার। আপনার রাজত বিলুপ্ত হইবে, সমুদায় প্রজা তাহার অধীনতা স্বীকার করিবে।" ফেরওণ ইহা শ্রবণ করিয়া ভীত হয় এবং জিজ্ঞাসা করে যে "কবে সেই পুরুষ জন্মগ্রহণ করিবে ।" ভাঁহারা বলেন "তিন দিবসের মধ্যে মাতৃগর্ভে তাহার সঞ্চার হইবে।" ইহা শুনিয়া ফেরওণ আদেশ করিল যে "অদ্য হটতে বনি এসায়েলের কোন ব্যক্তি জীমন্ধ করিতে পারিবে না, যে জন আজ্ঞ। অমান্য করিবে ভাহার প্রাণদণ্ড হইবে।" সর্বতি এই আজ্ঞা ঘোষণা করা হইল। প্রত্যেক এসাথেল মস্তভির গৃহ এক এক জন প্রহরী। রক্ষা করিতে লাগিল। ফেরওণের ভয়ে কোন ব্যক্তিই স্বীয় ভার্য্যার দঙ্গে শর্ম করিল না। ঈশ্বরের বিধি অনতিক্রমণীয়, এতাধিক শাসম ও শাস্তিভয় সংবৈও তৃতীয় দিবস রজনীতে মুসাদারা তাঁহার জননী গর্ভ ধারণ করিলেন। তবিরণ এই ; — বুখান্দ নামী এম্রাণের পত্নী এসায়েল বংশ শস্থৃতা ছিলেন, ইতঃপূর্বে বুখান্দের গর্ভে হারুণ নামক এক পুত্র ও মরয়-মনাসী এক কন্যা জন্মগ্রহণ করিয়াছিলেন। কেহ কেহ বলেন মুসার জন্মগ্রহ-ণের পরে হাকণ প্রস্ত হইয়াছিলেন। এম্রাণ ফেরওণের একজন বিশ্বস্ত কর্ম

চারী ছিলেন। সেই দিবদ রজনীতে তিনি ফেরওণের নিকটে ভাহার পার্ষে প্রহরীরূপে উপস্থিত থাকেন, নিশীথ কালে সকলে নিদ্রায় বিহ্বল হইলে বুখান্দ গুপ্তভাবে এম্রাণের নিকটে চলিয়া আইদেন, ভাহাতে তাঁহার গর্ভের দৃঞ্চার হয়। এম্রাণপত্নী দকলে নিদ্রাবস্থায় থাকিতেই স্বগৃহে প্রস্থান করেন, কেহই ইহার মর্ম কিছুই অবগত হইতে পারে নাই। পর দিন প্রাতঃকালে ফেরওণ ভবিষ্যম্বক্তা দিগকে ডাকিয়া জিজ্ঞাদা করিলেন "কেমন প্রস্তাবিত সম্ভান উৎপত্তি বিষয়ে কি হইল ?" তাঁহারা গণনা ঘারা স্থির করিয়া বলিলেন যে "গত রাত্রিতে উক্ত সস্থান গর্ভস্থ ইই-शाष्ट्र।" देश अनिया कात्र ७० श्रेटती निगरक आरम्भ कतिरान स्य अनारयन বংশীয় কোন জীর গর্ভে পুত্র সন্তান হইলে তৎক্ষণাৎ সেই সন্তানকৈ শংহার করিবে, কন্যা হইলে জীবিত রাখিবে । এই নিষ্ঠুর আজ্ঞা পালনে প্রহরিগণ বিশেষ দৃঢ়তা অবলম্বন করিল, প্রস্থৃত হওয়া মাত্র তাহাদের হস্তে সহসু সহসু শিশু নিহত হইল। বছ বৎসর পর্যান্ত ফেরওণের এইরূপ নিদারুণ শিশু হত্যা কার্য্য চলিতে থাকে, তাহাতে এপ্রায়েল বংশ একবারে বিলুপ্ত হওয়ার উপক্রম দেখিয়া মদ্রিগণ এক বৎসর শিশুদিগকে রক্ষা করিয়া এক বৎসর বধ কাতে ফেওরণকে বাধ্য করে। কিছু কাল সেইরূপ এক এক বৎসরান্তে সদ্যঃপ্রস্থৃত শিশুদিগের হত্যা হইতে থাকে। বাইবেলে উক্ত হইয়াছে, শিশু রক্ষার বৎসরে হারুণ জন্মগ্রহণ করিয়া-ছিলেন। কিন্তু ঈথর ইচ্ছাক্রমে এম্রাণের পত্নীর গর্ভ লক্ষণ কেংই অত্মতব করিতে পারে নাই। তিনি নির্কিন্নে গুপ্তস্থানে পুত্র প্রস্ব করিলেন। তথন ফেরওণের ভয়ে ভীত হইলেন, শিশুটীকে স্তন্য পানা-স্তর একটী ক্ষুদ্র বিদ্ধুকে স্থাপন পূর্ব্বক নীলনদে ভাস।ইয়া দিলেন। ফেরওণ সেই নদের তীরে এক প্রাদাদ নির্মাণ করিয়াছিল, সেই প্রাদাদের পুরোভাগে একটী ক্ষুদ্র সরোবর খাত হইয়াছিল। প্রণালীদ্বারা উক্ত নদের সঙ্গে সরোবরের যোগ ছিল। নদের জলদোত প্রণালীযোগে দরোবরে প্রবেশ করিয়া অন্য প্রণালীদ্বারা প্রাদাদের অভ্যন্তরে প্রবেশ করিত, তথা হইতে অন্য পথে নদীতে যাইয়া পড়িত। দৈবাৎ সোভোযোগে সেই ক্ষুদ্র সিদ্ধুক পরিচালিত হইয়া উক্ত সরোবরে প্রবেশ করে।

বালকের ভগিনী মর্য়ম শিশুটির পরিণাম কি হয় জানিবার জনা ওপ্রভাবে দিন্দুকের দঙ্গে দঙ্গে রাজ প্রাদাদের নিকটে উপস্থিত হয়। তথন কেরওণ স্বীয় ভার্য্যা স্থাসিয়াকে দঙ্গে করিয়া ক্রীড়া দরোবরের ভটে দিংহাদনে উপবিষ্ট ছিল। দরোবরে ভাসমান দিনুক দেখিয়া তন্মধ্যে কি আছে অনুসন্ধান করিতে ভাহার কৌতৃহল হইল। তৎক্ষণাৎ তাহা উঠাইয়া লইল। দিক্ষ্ উদ্ঘাটন করিয়া দেখে যে পরম-স্থন্দর দিব্য-লাবণ্যযুক্ত একটী শিঙ ষ্মালো করিয়া স্মাছে। ফেরওণ এস্রায়েল বংশ-সস্তত শিশু ভাবিয়া তাঁহাকে বধ করিতে উদ্যুত হয়। আসিয়া তাহাকে এই কার্য্য হইতে নিরুত্ত করেন। শিশুর রূপ-লাবণ্যে আসিয়া মোহিত হইয়াছিলেন, তাঁহার পুত্র সন্তান ছিল না, তিনি ফেওরণকে বলেন যে, এই শিশু তোমার ও আমার পুত্র হইল, ইহাকে হত্যা করিতে পারিবে না, পুত্র রূপে পালন করিব। পত্নীর একান্ত অনুরোধে ফেরওণ শিশুটিকে পুত্র স্থলে গ্রহণ করিয়া প্রতিপালন করিতে বাধ্য হইল। বাইবেলে উক্ত হইয়াছে যে ফেওরণের কন্যা সানার্থ নদীতে উপস্থিত হইরাছিলেন, তাঁহার দাসীগণ নদীতীরে বেড়াইতেছিল, ইতিমধ্যে নলবনে এক পেটারা দেখিয়া তিনি দাদীদিগের ছারা উহা উঠাইয়া লইলেন, পরে পেটারা খুলিয়া সেই বালককে দেখিলেন, শিশু তথন ক্রন্সন করিতে ছিল, তিনি বালকের ভগিনীকে পাইয়া তাঁহার যোগে তাঁহার গর্ত্তধারিণীকে আনাইয়া ধাত্রীর কার্য্যে নিযুক্ত করিলেন। ফেরওণের কন্যার কুষ্ঠ রোগ ছিল, বালকের মুখামৃত স্পর্শে সেই রোগের নিবৃত্তি হয়। কিন্তু মোদলমান গ্রন্থকারের। নানা গ্রন্থেই ফেরওণের কন্যা স্থলে পত্নীর প্রাসক্ষ করিয়া-ছেন। এটি জন্মের ১৫৭১ বৎসর পূর্বে মুসার জন্ম হয়। আসিয়া শিশুটীকে স্তন্য পান করাইবার জন্য ধাত্রীর অন্বেষণ করিভেছিলেন. এমন সময় শিশুর ভগিনী মররম আসিরা বলিলেন যে আমি একজন ধাত্রী উপস্থিত করিতে পারি, তাঁহার স্তনে প্রচুর হুগ্ধ আছে, তিনি ধাত্রীর কার্ব্যে বিশেষ নিপুণা। আসিয়া ভাহাতে সমত হইলেন, তথন মর্বম আপন জননীকে আনিয়া ধাত্রীর কার্য্যে নিযুক্ত করিলেন। এইরূপে শিশুর মাতা ছদাবেশে উপযুক্ত পারিশ্রমিক গ্রহণে শিশুকে স্তন্য দান করিতে লাগিলেন। কেওবণ অপুত্রক ছিল, সে পিতৃবৎ শিক্ত প্রকিল্ডেড জ্বত

প্রকাশ করিতে লাগিল। আসিয়াও মাতার ন্যায় তৎপ্রতি আদন ও বাৎ-পল্য প্রদর্শন করিতে লাগিলেন, শিশুর নাম মুসা রাখিলেন। মুসা শক ছুইটা পদের যোগে উৎপন্ন হইয়াছে। স্থারিয়াণী ভাষার মুশব্দে সিদ্ধক বিশেষ, সৃ। শব্দে জল বুঝায়। কেহ কেহ বলেন, জলে দিল্পুকের মধো ভাঁহাকে পাওয়া যায় বলিয়া ভাঁহার নাম মুদা রাখা হইয়াছিল। মেদর দেশীয় ভাষায় অথাৎ কিব্তিভাষায় মুশব্দের অর্থ জল, সা শব্দের অর্থ বুক্ষ, বুক্ষের নিকটে জল হইতে তাঁহাকে তুলিয়া লওয়া হয় তাহাতেই ফের-গুণ তাঁহাকে মুসা নানে। শুভিহিত করে। মুসা পরম আদর ও যত্ন সহকারে লালিত পালিত হইতে লাগিলেন। কথিত আছে যে কয়েক মাস গত হইলে এক দিন ফেরণ্ডণ তাঁহাকে ক্রেণ্ড়ে করে ও সম্মেহে তাঁহার মুখ চ্ম্বন করিতে উদ্যত হয়, এমন সময় মুসা তাহার ঋঞা আনক্রমণ করিয়া গণ্ডে চপেটাঘ'ত করে। তাহাতে ফেরওণে অভান্ত বিরক্ত ও ক্রেক হয়। মনে করে যে এই ত্রস্ত বালক এম্রায়েল বংশীয় কোন লোকের সস্তান, তৎক্ষণাৎ তাহাকে বধ করিতে উদ্যত হয়। আদিয়া নানা অনুনয় বিনয়ে বাধ্য করিয়া হত্যা হইতে তাহাকে নিবৃত্ত করে এবং এই বলিয়া প্রবোধ দেয় যে শিশু অজ্ঞান, তাহার হিতা হিত বোধ নাই, এজন্যই দে ভোমাকে চপেটাঘাত করিয়াছে। এ বনি এবামেলের বংশোন্তর নয়; দে বৎসর এবায়েল কুলের সমুদায় শিশুকেই ভো ছমি হত্যা করিয়াছ। শিশু যে একান্ত অবোধ তাহার প্রমাণ তোমাকে প্রদর্শন করিতেছি, " এই বলিয়া তিনি শিশুর সমূথে এক পাত্রে জলস্ক অঙ্গার অপর পাতে উজ্জ্বল মণি ধারণ করেন, শিশু অগ্নিতে জিহ্বা স্থাপন করেন তাহাতে রদনার কিছদংশ দক্ষ হয়। এই ব্যাপার দৈথিয়া ফেরওণ শান্ত হয়। কথিত আছে মুসা বিশ বৎসর বয়:ক্রম কালে বিবাহিত হন। ফেরওণুমহাঘটা করিয়া ভাষার বিবাহ দেয়। হরস্থল ও বলকা নামে মুদার ছই পুত্র জন্ম গ্রহণ করে। তৎপর আর কয়েক বৎসর তিনি রাজপ্রাসাদে বাস করেন। বাইবলে ফেরওণের প্রাদাদে মুদার বিবাহ ও দন্তান উৎপত্তির কোন উল্লেখ নাই। যাহা হৌক মুদা যে ফেরওণ কর্তৃক প্রতিপালিভ হইয়া-ছিলেন ভাষা নিঃসন্দেহ। ফেরওণ আত্মরক্ষার জনা কত উপায় উদ্ভাবন कितिन, कछ मारक्षान इहेन, नक नक मिछत था। मरहात्र कतिन, घरणार ষে শিশু তাহার সর্কান শ করিবেন তাহাকে পিতৃবৎ যত্ন পূর্বাক সগৃহে প্রতিপালন করিলেক। বিধাতার কৌশল চক্রে পড়িয়া তাহার সমুদায় বল কৌশল পরাহত হইল, বিধির বিধি সম্পন্ন হইবেই তাহা কেহ বাধা দিয়া রাখিতে পারে না। শিশু জননী কর্ত্বক পরিত্যক্ত হইয়া জলে ভাসিয়া আসিলেন, প্রাণঘাতক শক্র ছারা স্বত্বে প্রতিপালিত হইলেন, পরে তিনি বয়ঃপ্রাপ্ত হইয়া পাষও দলনও এক বিপন্ন জাতিকে উদ্ধার ও জগতে নৃত্ন ধুয়ালে ক বিস্তার করিলেন। ঈশ্বের নিগৃঢ় কৌশলে শিংহ মুগশিশুর সংরক্ষণে নিযুক্ত হইল, সেই মৃগশাবক সিংহের বল বিক্রম চুর্ণ করিয়া জগতে জন্তুত ক্রিয়া সম্পাদন করিল।

### এক ব্যক্তিকে হত্যা করিয়া মুসার মদয়নে পলায়ন।

भूमा भशी वनवान् वीत्र भूक्ष हिलन, जिनि अक पिन भशा हुनी ल नशरतत পरि खम्बे कतिर इहिलान, इंडिमर्था प्रिशानन य अर्क द्यान এক জন কিব্তীয় রাজ কর্মচারী এস্রায়েল কুলোভব সামরী নামক এক ব জির প্রতি অত্যাচীর করিতেছে। দামরী তাঁহাকে দেখিয়াই দাহায়া প্রার্থনা করে, মুদা ভাষার দাহায়া করিতে যাইয়া কিব্তির विष्क पृष्ठ भूरे। चाक करतन, काशांक्के ति अध्य **अध्य स्त्र। ७० क्यां**क মুসা ও সামরী তথা হইতে স্থানান্তরে সুক্রিয়ে প্রস্থান করেন। কে হত্যা। করিল ফেরওন তথন তাহার কোন অহুসন্ধান প্রাপ্ত হয় না। এক জনকে হতা৷ করিলেন বলিয়া মুদা অন্তাপিত হন ও স্থারের নিকটে ক্রমা প্রার্থনা করেন। পর দিন প্রাতঃক:লে পুনর্কার মুদ। মগুরের পথে আদিয়া দেখেন যে সাম্রীকে আর একজন কিব্তি প্রহার করিভেছে, তাহাকে (मिथाई माम्ब्री माहाया প्राणी हत्। उथन मूत्रा माहाया क्रांतन व्यवस्त्र হইয়া বলেন "তুমি বড় অসাবধান, কলা এক জনের সঙ্গে গোলদে গু করিয়া-ছিলে, অদা পুনর্বার আর এক জনের দক্ষে কলহ করিতে গিয়া আমার মাহায্য প্রার্থনা করিতেছ।" এই বলিয়া তিনি অত্যাচারীকে আক্রমণ করিতে উদ্যুক্ত हन, उथन तारे किन् ि विनन "मूना, वृक्षित्व नातिशाहि कृषि कना क्र

ব্যক্তিকে হত্যা করিয়াছ, অদ্য আবার আমাকে হত্যা করিতে চাহিতেছ, ভোমার এই হত্যাকাণ্ডের সংবাদ আমি রাজার গোচর করিতেছি। তৎ-পর ভাহার এক সহচর তাহার ইঙ্গিতক্রমে মুদা যে রাজকর্মচারীকে হত্যা করিয়াছে তাহা রাজার নিকটে জ্ঞাপন করিবার জন্য দৌড়িয়া যায়। এই ব্যাপারে মুদা শক্ষিত হন, তিনি জানিতেন যে ফেরওণ যেমন অত্যা-চারী ভেমন ন্যায় বিচারক, বিচারে সীয় পুত্র বলিয়াও পক্ষপাত করে না। ভিনি যে হত্যা করিয়াছেন ইহা ফেরওণ জানিতে পাইলে মহা অনর্থ হইবে ইহা ভাবিয়া তথা হইতে গোপনে গৃহাভিমুখে প্রস্থান করিলেন। জননীকে মাত্র এই দংবাদ জানাইলেন, অন্য কাহাকে জানাইলেন ন।। ইতিমধ্যে এক জন বন্ধু আদিয়া গুপ্তভাবে তাঁহাকে বলিল "রাজা হত্যাব্যাপার অব-গত হইয়াছেন, তুমি হত্যা করিয়াছ এই তাঁহার দিল্লাভ হইয়াছে, তিনি ভজ্জনা ভোমার প্রাণদণ্ড করিবেন এরূপ সম্বল্প করিয়াছেন, অভএব যদি ভূমি প্রাণে বাঁচিতে চাও, অবিলম্বে পলায়ন কর।" এই কথা শুনিয়াই মুদা বুকায়িতভাবে নগর হইতে বাহির হইয়া মদয়ন অভিমুখে যাত্রা করিলেন। মেসর হইতে মদয়ন দশ ক্রোশ দূরে, কেহ কেহ বলেন দাত দিনের পথ। মুসা মদয়নে পৌছিয়া সন্ধ্যাকালে নগরের প্রান্তে এক স্থানে উপ-নীত হইলেন। সেথানে একটি বুহৎ কৃপ ছিল. তথন পশুপালকগণ গো মেষাদি পশুদিগকে জলপান করাইয়া কূপের মুথে এক খণ্ড বুহৎ প্রস্তর ফলক রাথিয়া দিয়াছিল। সেই স্থানে শো অব নামে এক জন বুদ্ধ সাধু পুরুষ ছিলেন, ভাঁহার অনেক গুলি ছাগ মেয ছিল, ভাঁহার যুবতী কন্যাদ্বয় সেই পশুদিগকে জল পান করাইবার জম্য কূপের পার্শ্বে উপস্থিত হন। কূপের মুথ হইতে দেই প্রকাণ্ড প্রস্তর সরাইয়া জল তুলিয়া যে পশুদিগকে পান করা ইবেন ভাঁহাদের এরূপ শক্তি ছিল না। পশুপালকগণ আদিবে ভাহাদের সাহায্যে তাহারা জল তুলিবেন এই প্রতীক্ষায় শান্তভাবে এক পার্ষে দণ্ডায়মান ছিলেন। মুসা ভাঁহাদিগকে দণ্ডায়মান থাকিবার কারণ জিজ্ঞানা করিলে ভাঁহা-দের এক জন আত্ম পরিচয় দিয়া বলিলেন যে "আমরা ছই ভগিনী, আমাদের পিতা গৃহে আছেন, তিনি অতিশয় বৃদ্ধ ও তুর্বল হইয়া পড়িয়াছেন, ্ত্সামরা তাঁহার ছাগ মেষাদি পশু রক্ষণাবেক্ষণ করিয়া থাকি। পশুদিগকে

জল পান করাইতে হইবে, আমাদের এ রূপ শক্তি নাই যে কূপের মুখ হইতে প্রস্তর সরাইয়া জল ভূলিয়া লই। রাথালদিগের আগমন প্রভৌক্ষা করি-তেছি, তাহারা আসিলে তাহাদের সাহায্যে জল তুলিয়া লইব।'' ইহা শুনিয়া মুদা বলিলেন যে আমি জল উত্তোলন করিতেছি, অন্য কাহার প্রতীক্ষা করিতে হইবে না।" এই কথা বলিয়া তিনি প্রস্তর স্বাইয়া চর্মময় ডোল যোগে পর্যাপ্ত জল তুলিয়া দিলেন। কন্যাদ্য পশুষ্থকে জল পান করাইয়া গৃহে চলিয়া আসিলেন এবং পিতাকে বলিলেন যে "এক জন অপরিচিত বলবান্পুক্ষ আমাদের প্রতি দয়া করিয়া পশুদলের পানার্থ জল তুলিয়া দিয়াছেন।" শোহ্বব শুনিয়া আহলাদিত হইলেন এবং কন্যাদিগকে বলিলেন "যিনি আমাদের এক্লপ উপকার করিয়াছেন তাঁহার দেবা করা কর্ত্তব্য।" ভাহার এক কন্যার নাম সফুরা ছিল, ভিনি ভাঁহাকে বলিলেন যে "তৃমি যাইয়া দেই দয়ালু পুরুষকে অভ্যর্থনা করিয়া আমার গৃহে লইরা আইস।'' পিতার অনুমতি ক্রমে জ্যেষ্ঠা কন্যা সফুরা মুসার নিকটে প্রত্যাগমন করেন, মুসাদেব ক্ষুৎপিপাসায় একান্ত ক্লান্ত ও দ্রের পথ পর্যাটনে নিভাস্ত শ্রাস্ত হইয়া পড়িয়াছিলেন, কূপের অদূরে ভক্তলে বিশ্রাম করিতেছিলেন। তথন সফুর। আসিয়াসলজ্ঞ ও বিনমভাবে বলি-লেন "মাননীয় পরিব্রাজক, পিতৃদেব আপনাকে নিমন্ত্রণ করিতেছেন, আমাদের গৃহে আজ আপনার আতিথ্য গ্রহণ করিতে হইবে। আমার সঙ্গে চলুন, তিনি আপনার প্রতীক্ষা করিতেছেন।" স্কুরার মিষ্ট স্ভাবণে মুদা অভ্যম্ভ প্রীত হইলেন এবং দাদরে নিমন্ত্রণ গ্রহণ করিয়া ভাঁহার সঙ্গে শো অবের আলয়ে চলিয়া আসিলেন। শোঅব তাঁহার প্রতি অতি-শয় যত্ন ও আদর প্রকাশ করিতে লাগিলেন, মুদাদেব ভাছাকে বিশ্বস্ত বন্ধু জানিয়া আহুপূর্ব্বিক আত্মহৃতান্ত জ্ঞাপন করিলেন। সফুরা পিভাকে বলি-লেন যে "এ ব্যক্তি অভিশয় বলবান্, ইহাকে বেশ ভদ্র ও স্থচরিত্র এবং বিশ্বস্ত বোধ হইভেছে। ইহাঁকে ভৃত্যরূপে নিযুক্ত করিয়া ইহার প্রতি আমাদের পশুপাল সংরক্ষণের ভার অর্পণ করিলে ভাল হয়।" শোজব এই কথা অনু-মোদন করেন। তৎপর তিনি মুদাকে বলেন "আমরা কন্যা দুক্রাকে বিবাহ कतिया পঞ্চপাল तक्कभारक्करणत ভात धर्म भूतिक एम वर्मत आमात गृहरू জবস্থিতি করিতে কি তুমি সন্মত আছ? তাহা হইলে আমি তোমাকে কন্যা। স্প্রদান করিতে প্রস্তুত। দশ বৎসর পরে আমার সম্বন্ধে তোমার আর কোন দায়িও থাকিবে না। তথন তুমি সপরিবারে যথা ইচ্ছা চলিয়া যাইতে পারিবে।" মুসা এ বিষয়ে সন্মত হন, দশ বৎসর শোঅবের পশুপালন করিবেন এই অজ্ঞীকারে সক্রাকে বিবাহ করেন।
শোজব মুসার সহবাসেও সেবায় বিশেষ সম্প্রীত হন। অলৌকিকরূপে প্রাপ্ত একটি যাই তাঁহার গৃহে ছিল, তিনি জানিতেন যে মহাপুরুষেরাই সেই বৃষ্টি ধারণে সক্ষম, মুসার জীবনে মহাপুরুষের বিশেষ লক্ষণ দেখিয়া তাঁহাকেই উক্ত দৈবষ্টির উত্তরাধিকারী বলিয়া জানিলেন এবং তাহা তাঁহার হস্তে প্রদান করিলেন। বাইবলে মুসার শাশুরের নাম মদনীয় যাজক যিথা বলিয়া উল্লিখিত আছে।

#### মুসার স্বদেশে যাত্রা ও পথে প্রত্যাদেশ শ্রবণ।

নির্দ্ধারিত দশ বৎসর অন্তে মুসাদেব সন্ত্রীক ও ছাগ মেবাদি পশু ও দ্রব্যজাত সহ মেসরাভিম্থে যাত্রা করেন। মদয়ন হইতে এক দিনের পথ চলিয়া গিয়া রাত্রি যোগে তুর সায়না গিরির অদ্রে এক প্রাক্তরে পথ হারা হন, সেই প্রাক্তরের নাম "ওয়াদি এমন" অর্থাৎ এমনের প্রাক্তর। সেথানে সক্রার প্রসব বেদনা উপস্থিত হয়। দৈবযোগে তথন ঝড় রৃষ্টি ও বজ্রখনি হইতে থাকে, আকাশ মণ্ডল ঘন মেঘে আচ্ছয়, চ চ্র্লিক্ ঘোর অন্ধকারে আত্মত, মুসাদেব উত্তাপ ও আলোকের জন্য অয়ি উল্পাপন করিতে আনেক প্রকার চেষ্টা করিলেন, তাঁহার চেষ্টা বিফল হইল। সফ্রা শীতে কম্পিতা ও জর্জ্জরিতা, ভাহার উপর ভয়ানক প্রসব বেদনার বাতনা, মুসা কোথায় আয়ি পাইবেন ভাহার জন্য চিস্তা করিতে লাগিলেন, হঠাৎ তুর পর্কতে জ্যোভি দেখিতে পাইলেন, তিনি ভাহা অয়ি মনে করিলেন, বাস্তবিক ভাহা আয়ি ছিল না ঈশ্বরের জ্যোভি। "যোদেবোহয়ৌ যোহপস্ম যোবিশ্বমাবিব্রেশ, যওবিষ্কু যোবনস্পভিষু তব্দৈ দেবায় নমোনমঃ।" বে দেবতা অয়িতে যিনি জলেতে যিনি বিশ্বতে প্রবিষ্ট হইয়া আছেন, যিনি

ওষ্ধিতে যিনি ৰনস্পতিতে সেই দেবতাকে পুনঃ পুনঃ নমক্ষার করি। আর্ঘ্য মহর্বির এই বচন মুদার জীবনে প্রমাণিত হইল। তিনি পর্বভঙ্ ওষধি বা বনস্পতির মধ্যে প্রদীপ্ত দাবানল রূপে ঈর্বরের আবির্ভাব দর্শন করিলেন, দূর হইতে সেই ঐশবিক জ্যোতিকে বহ্লিজ্যোতি মনে করিয়া অন্ধকার নিবারণ ও উষ্ণতা সাধনের উপায় হইল বলিয়া আফ্রাদিত হইলেন। এবিষয়ে কোরাণে যাহা উল্লিখিত হইয়াছে ভাহার কয়েকটি বচন ব্দমুবাদ করিয়া দেওয়া গেল। 'ধেখন দে অগ্নিদর্শন করিল তথন স্বীয় পরিবারকে বলিল বিলম্ব কর, সত্যই আমি অগ্নি দেখিয়াছি, ভরস। ষে তাহা হইতে তোমার জন্য অনল আনম্বন করিব এবং সেই অগ্নির নিকটে কোন পথপ্রদর্শকও প্র প্র হইব। তৎপর যথন সে তাহার সমীপে আগ-মন করিল তথন শব্দ হইল "চে মুদা, সত্যই আমি ভোমার প্রভু, অভঃ-পর স্বীয় পাছকা দূরে রাখ, «নিশ্চয় ভূমি ভূর নামক পুণাভূমিতে উপস্থিত, আমি তোমাকে মনোনাত করিলাম, তোমার প্রতি যাহা প্রত্যাদেশ হই-তেছে ভাহা শ্রবণ কর, আমি এক মাত্র অদ্বিতীয় ঈর্বর, অতঃপর আমার নেবা কর ও আমার মারণার্থ উপাসনাকে প্রতিষ্ঠিত রাখ।" বাইবেলে উক্ত হইয়াছে অশিতি বৎদর বয়:ক্রমের দময় মুদার এই দর্শন ও প্রত্যাদেশ শ্রবণ হয় কিন্তু কোন কোন ইছদী শাস্ত্রবিৎ পণ্ডিতের মতে তাঁহার ৭০ বৎসর বয়ঃক্রম কালে এই ঈশ্বর স্বাবিষ্ঠাব ও ঈশ্বর বাণী শ্রবণ হইয়াছিল। তিনি এই মহাবাণী শ্রবণ করিয়া বিশ্বিত ও স্তম্ভিত হটয়া স্থিরভাবে দণ্ডায়মান রহি-लान। जेचेत विलिलन "मूना, जूमि मिक्किन इट्डि कि धातन कतिया आहे?" मूना कहिलम 'यष्टि' क्रेश्वत आलिम कतिलम हेशांक कृष्टल निष्क्र करते।" অভ্যামাত্র মুদা যৃষ্টি মৃত্তিকায় ফেলিয়া দিলেন, অকমাৎ উহা ভয়ানক অবগর মূর্তি ধারণ করিয়া ইভস্ততঃ দঞ্রণ করিতে লাগিল। মূদা দেখিয়া ভর शाहेलन। क्रेश्वत विलिन "ভत्न कति। ना, न्मर्न माळ हेश भूनर्सात्र পূर्तावना आश रहेरव " यारे मूना न्मर्ग कवितनम अमिन नर्न यहिए পরিণত হইল। অতঃপর ঈশর বলিলেন "শীয় ৰক্ষলে হস্ত স্থাপন করিরা বাহির কর।" মুদা ভাহা করিলেন, দেখেন যে তাঁহার করতল ভর ুহইমা দীপ্তি পাইডেছে। পুনর্কার করতল বছকলে স্থাপন করিলেন, উই।

পূর্বের ন্যায় স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইল। তথন ঈশ্বর বলিলেন "ডোমার দম্বন্ধে এই ছুইটি ঐশ্বরিক নিদর্শন, হে মুদা, এইক্ষণ তুমি ফেরওণের নিকটে গমন কর, ও ভাহাকে আমার সংবাদ বল এবং সভ্যপথ প্রদর্শন কর।" মুদা ক্ষুদ্রশিশুর ন্যায় দরল ছিলেন, তাঁহার প্রশোতর ও সভাব চরিত্রে আশ্চর্যা সরলতা প্রকাশ পাইত। তিনি বলিলেন "প্রভো, আমার পরি-বার ও গোমেষাদি পশু প্রান্তরে পড়িয়া রহিয়াছে তথায় রক্ষক কেহ নাই, প্রণায়নীর প্রদব বেদনা উপস্থিত, শীতে তাহার ওঠাগভ প্রাণ, স্বামি অগ্নি পাইব বলিয়া এথানে আসিয়াছিলাম, বিলম্ব করিতে পারিতেছি না।" ঈশ্বর বলিলেন, "আমি দেই সমস্ত সংরক্ষণের ভার গ্রহণ করিলাম, তাহাদের কোন বিপদ হইবে মা, এবিষয়ে ভূমি নিশ্চিত হও।" পুনর্কার মুসা বলিলেন "আমি মেসরে এক জনকে হতা করিয়াছি, ভর হইতেছে আমাকে বা কেরওণ মারিয়া ফেলে, বিশেষতঃ অ্যার জিহ্বা আড়ষ্ট, আমি বচন বিন্যাদে পটু নহি, আমার ভাতা হারুণ ব কৃষ্টু, তাঁহাকে আমার সহকারী প্রচারক করিয়া দেও।" ঈশ্বর বলিলেন "আমি ভোমার সহায় আছি, কোন ভয় নাই, ছারুণ তোমার দহকারী হইবে, ভূমিও বাক্পটুতা লাভ করিবে, আমি তোমার ও হারুপের রসনায়, কথা বলিব। তুমি ষাইয়া ফেরওণকে বল ষেন সে আমাকে ভয় করে ও দখান করে ও পুণ্য ভূমি কেনানে চলিয়া যাইতে জামার প্রেমাম্পদ বনি এস্রায়েল দিগকে ছাড়িয়া দেয়। ভাহাতে ভাহার ঞ্ছিক পরিত্রিক কল্যাণ হইবে, নচেৎ মহা অকল্যাণ ঘটিবে।" ইহা ভনিয়া মুসা বলিলেন "প্রভো, ফেরওণ যদি জিজ্ঞাস। করে ভোমাকে কে পাঠাইয়াছে, ভাহার নাম কি ? তথন আমি কি বলিব ?'' ঈথর বলিলেন "ভূমি কহিও যিনি আমাকে পাঠাইয়াছেন ভিনি সৎস্বরূপ, নিভ্যু বিদ্যমান, ভিনি 'জামি আছি' বলিয়া থাকেন, অন্য কোন নামে পরিচয় দান করেন না। যদি সে ভোমার কথা অগ্রাহ্ম করে ভূমি যষ্টিকে অজগর ও করতলকে শুত্র জ্যোতিতে পরিণত করা রূপ এই ছই অলোকি ক্রিয়া প্রদর্শন করিবে, ভূমি বে আমার প্রেরিত ইহাই ভাহার নিদর্শন। ফেরওণ ভোমার দকে কঠোর ব্যবহার করিলেও ভূমি কোন রূপ কটুক্তি করিবে না, ভাহার পহিত নম ব্যবহার করিবে। যাও কেরওণের হস্ত হইতে তোমার সঞ্জা- ভিকে উদ্ধার করিয়া লইয়া আইস। ত!হারা অত্যন্ত প্রাপীড়িত ও ক্লিষ্ট, ভাহাদিগকে ক্লেশ বন্ধনা হইতে মুক্ত করিতে হইবে।" ঈশবের এই আজা শুনিয়া
মুদা প্রাণিগতপূর্বক বিদায় গ্রহণ করিলেন এবং পত্নীর নিকটে আসিয়া
দেখেন যে তিনি একটি পুত্র সন্তান প্রসাব করিয়াছেন, ঈশবে কুপায় তিনি স্বস্থ
শরীরে নিরাপদে আছেন।

বাইবেলের যাত্রা পুস্তকে উক্ত হইয়াছে যে কোপে জ্যোতি দেখিয়া মুদা উহা কিলের জ্যোতি অনুসন্ধানের জন্য অগ্রসর হন। সেই জ্যোতি হরিছর্ণ রুক্ষের শাথা প্রশাথায় সঞ্চালিত হইতেছিল, এক স্থানে স্থির ভাবে জলে নাই। ভিনি এক দৃষ্টে এই সাশ্চর্য্য ব্যাপার নিরীক্ষণ করিতেছিলেন, পরে ঈশবের সক্ষে কথোপকথন হয়, এবং তিনি প্রচারে আদি**ই হইয়া অবশেষে শভ্রালয়ে** আদিয়া ভার্যাকে দক্ষে করিয়া মেদরে চলিয়া যান। বাইবেলে লিখিত আছে যে মেদয়নের ধর্মবাজক যিথ্রে। মুদার খণ্ডর ছিলেন। মেদরে যাতা করার পূর্বের সেকোরার গর্ভে ছুইটি পুত্র সম্ভান জ্বিয়াছিল। বাইবেলে ইহাও উক্ত হইয়াছে অভঃপর পরমেশ্বর মুসাকে বলিলেন "তুমি মেসরে যাত্রা করি-তেছ, আমি ভোমার প্রতি যে সকল অন্তুত কার্ব্যের ভার অর্পণ করিয়াছি তাহা ফেরওণের দাক্ষাতে করিবে, কিন্তু আমি তাহার অন্তঃকরণ কঠিন कतिव ভाशां त ज्ञात्यन-वश्मीय लाकिनिशक शां कित मा, पूरि ফেরওণকে বলিবে যে পরমেশ্বর আজ্ঞা করিতেছেন এস্রায়েল মণ্ডলী আমার জ্যেষ্ঠ পুত্রস্বরূপ, অতএব আমি তোমাকে কহিতেছি যে আমার সেবা করিতে আমার পুত্রদিগকে ছাড়িয়া দেও, যদি তাহাদিগকে ছাড়িয়া দিতে অসমত হও তবে আমি তোমার জ্যেষ্ঠ পুত্রকে বধ করিব।" "পরে পরমেশ্বর হারোণকে কহিলেন, "তুমি মুসার সহিত সাক্ষাৎ করিতে প্রান্তরে যাও।" ,তাহাতে তিনি ঈশরের পর্বতে যাইয়া মুসাকে প্রাপ্ত হইয়া চুখন করিলেন। তথন মুদা ঈশরের নিরূপিত তাবৎ বাক্য ও তাঁহার আক্তাপিত ভাবৎ চিহ্ন হারোণকে জ্ঞাপন করিলেন।"

## ফেরওণের নিকটে মুসার আগমন ও অলো-

#### কিক ক্রিয়া প্রদর্শন।

পরে মুসা ও হারোণ মেসরে উপনীত হইয়া এস্রায়েল-বংশীয় প্রাচীন-বর্গকে একত করিলেন। হারোণ মুসার প্রতি পরমেশ্বরের আভ্যা সকল लाकिपशतक जानाहेलन, ७ डाहाप्तत माकार् तरहे नकन जालोकिक ক্রিয়া প্রদর্শন করিলেন। তাহাতে দকলে বিখাদ করিল যে পরমেখর কুপা করিয়া এস্রায়েলবংশের ছঃখ মোচনে প্রবৃত্ত হইয়াছেন। ইহা বুঝিয়া ভাহার। ভাঁহাকে প্রণাম করিয়া ভজনা করিল। অনস্তর মুসা ও হারোণ ফেরওণের নিকটে উপস্থিত হইয়া বলিলেন যে "এস্রায়েলের প্রভু পরনেশ্বর আদেশ করিভেছেন যে প্রাস্তরে আমার উদ্দেশ্যে উৎসব করণার্থ আমার লোকদিগকে ছাড়িয়া দেও।" ইহা ভনিয়া ফেরওণ কহিল "পর্মেশ্বর কে যে তাহার কথা মানিয়া এস্রায়েল বংশকে ছাড়িয়া निव ; आमि পরমেশ্বরকে জানি না, এআয়েল বংশকে ছাড়িয়া দিব না।" অভংপর ফেরওণ স্বীয় কর্মচারীদিগকে আদেশ করিল যে "প্রস্তর উত্তোলন ইত্যাদি গুরুতর পরিশ্রমের কার্য্যে এত্রায়েল বংশীয় নর নারীকে বিশেষরূপে নিযুক্ত কর, তাহাদিগকে বিশ্রাম করিতে দিবে না, তাহারা কোন পারি-শ্রমিকও পাইবে না।" পরে মুদাকে বলিল "তুই যে ঈশবের প্রেরিত ভাহার কি নিদর্শন আছে ? ভুইতো দেই ব্যক্তি যে আমার অলে প্রতি-পালিত হইয়াছিলি, এবং এক জনকে হত্যা করিয়া পলায়ন করিয়াছিলি, এইক্ষণ ভোর প্রাণ দণ্ড করিলে কে ভোকে রক্ষা করিবে?" মুসা বলিলেন শুলামি যে ঈশ্বরের প্রেরিত তৎসম্বন্ধে অলোকিক নিদর্শন আছে, এইকণ্ট पिथिए पहिरत। वहकान इहेन यामि धक बना क हछा। कतिशाहि मछा, কিছ আমি তাহাকে হত্যা করিব বলিয়া ইচ্ছা করিয়া হত্যা করি নাই, সে ছুমুর্ম করিয়াছিল ভজন্য ভাহাকে শাস্তি দান করিতে যাই, ভাহাতে দামান্য চপেটাঘাতে ভাহার প্রাণের বিরোগ হয়। আমাকে যে ভূমি ভর প্রদর্শন করিতেছ তাহাতে আমি ভীত নহি, কেন না ঈশ্বর আমার সহায় वाह्न।"

মুসার এই কথা শুনিয়া কেরওণ ক্রোধে প্রজ্ঞলিত হইয়া বলিল "কোথার তোর ঈশ্বর, ভাগার কি ক্ষমতা আছে প্রদর্শন কর।'' তখন মুসা হতৃত্বিত ষষ্টি ভূতলে নিক্ষেপ করিলেন, তৎক্ষণাৎ উহা ভয়স্কর অজগরের রূপ ধারণ করিয়া গর্জন করিতে লাগিল এবং ফেরওণকে প্রাস করিতে উদ্যুত হইল। ফেরওণ ভায়ে কম্পিত কলেবর হইয়া বেগে পলায়ন করিতে চাহিল, অজগর ও তাহার পশ্চান্বর্তী হইল। তথন নিরুপায় হইয়া ফেরওণ মুসাকে ডাকিয়া বলিল "শীদ্র ভোমার অজ্পর সম্বরণ কর, আমি ভোমার ঈশ্বরকে সমান করিব এবং এপ্রায়েল বংশীয়গণকে ছাড়িয়া দিব।" মুদা তথন অজগরের পু ফু ধারণ করিলেন, অমনি উহা তাঁহার হত্তে যষ্টিতে পরিণত হইল। পরে ফের-ওণের মন পুনর্কার কঠিন হইয়া গেল, দে এআায়েল সম্ভানদিগকে ছাড়িয়া দিতে অসমত হইল, মুসাকে বলিল "তুমি অন্য কোন অলোলিক ক্রিয়া প্রদর্শন কর, তৎপর এম্রায়েলদিগকে ছাড়িয়া দিবার বিষয়ে বিবেচনা করা ষাইবে।" তথন তিনি বক্ষে করতল স্থাপন করিয়া প্রদর্শন করিলেন, করতলে অত্যুজ্জল শুত্রজ্যোতি দিপ্তি পাইতে লাগিল। ফেরওণ তাহা দেথিয়া শঙ্কিত হইল, এবং এপ্রায়েলদিগকে উৎসব করিতে ছাড়িয়। দিবে এরূপ অঙ্গীকার করিল, কিন্তু পরক্ষণে মন্ত্রী হামানের কুমন্ত্রণায় অসমত হইল। হারুণ ঈর্ণরকে ভয় করিবার জন্য বিনমভাবে অনেক উপদেশ দিলেন, কিছুই ফল দর্শিল না। পুনর্কার যষ্টি অজগররূপ ধারণ করিয়া ফেরওণকে প্রাসাদ শুর প্রাস করিতে উদ্যুত হইল, তথন কেরওণও ভয় পাইয়া এল রেল-দিগকে ছাড়িয়া দিবে এরূপ অঙ্গীকার করিল,পরে কুবুদ্ধিবশতঃ অঙ্গীকার পালন क्रिन ना। ज्थेन ज्यानक लाक क्षत्र अन्ति भाग किन य "महाताज, मुनात ষষ্টি দর্প হওয়া কোন ঐশ্বরিক ক্রিয়া নহে, ইহা ঐল্রজালিক ব্যাপার। মুসা ইল্রজানমন্ত্রে দীক্ষিত, মন্ত্র বলে সে এরণ অন্তুত ক্রিয়া সম্পাদন করিতেছে আপনার রাজ্যে শত শত একজালিক আছে যে তাহারাও এরপ কার্য্য कतिए शास, तदा हैश व्यापका व्यक्ति वाक्षी किया श्रीमर्गात नक्षी আপনি পুরস্কার দানের অঙ্গীকারে তাহাদিগকে আহ্বান করুন, ভাহারা আশত্র্য ক্রিয়া সকল প্রদর্শন করিয়া মুসার দর্প চূর্ণ করিবে,।" ফেরওণের ুনিকটে এই পরামর্শ যুক্তিযুক্ত বলিয়া বোধ হইল, সে সীয় রাজ্যের সমুখায়





ঐলজালিককে ডাকিয়া পাঠাইল। রাজ্যের নানা প্রদেশ হইতে রাজাজ্ঞায় পুরস্কারের লোভে দহস্র দহস্র ঐক্তজালিক উপস্থিত হইয়া নানাবিধ কৃত্রিম দর্প প্রদর্শন করিতে লাগিল, ভাছারা স্ত্ত ও দারু নির্দ্মিত শূন্যগর্ভ দর্প সকলে পারদ পূর্ণ করিয়। প্রান্তরে স্থায়োডাপের মধ্যে রাখিয়া দিয়াছিল, কেছ কেহ মৃত্তিকার নিমে এক প্রকার উত্তাপ সঞ্জয় করিয়া তত্পরি ক্তিম ভূজন নকল স্থাপন করিয়াছিল। উদ্ভাপে পারদ স্ফীত ও বিস্ত ত হইয়া তাহা-দিগকে স্পন্দিত ও সঞ্চালিত করিতেছিল। কেরওণ ও তাহার পারিষদবর্গ এবং সহস্র সহস্র লোক কৌত্হলাক্রাস্ত হইয়া এই ব্যাপার দেখিতেছিল, এবং মুদার পর্ব চূর্ণ হইল ভাবিয়া সকলে আনন্দ প্রকাশ করিভেছিল। তখন ফেরওণ মুসাকে ডাকিয়া বলিল, "দেখ সহস্র সহস্র সামান্য লোক ভোমার ন্যার কাঠাদিকে জীবস্ত ভূজকমরূপে প্রকাশ করিতেছে; ভোমার ভজ্ঞপ দর্শ প্রদর্শনে ঐশবিক ক্রিয়া প্রকাশ পাইতেছে কেমন করিয়া বলা ষাইতে পারে, ভোমার কার্য্য ইহাদের ন্যায় এন্দ্রজালিক কার্য্য ভিন্ন জন্য কিছুই নয়, যদি কোন অলোকিক ক্ষমতা বলে ভূমি ইহাদিগকে পরাস্ত করিতে শক্ষম হও, ভবে আমরা ভোমাকে ঈশ্বরপ্রেরিত লোক বলিয়া বিশ্বাস করিতে প্রস্তত।" মুসা ইহা ভানিয়া যাঁষ্ট ভূমিতে নিক্ষেপ করিলেন, ভৎক্ষণাৎ উহা ভয়ক্ষর অজগররূপ ধারণ করিয়া গর্জন করিয়া উঠিল ও মুথব্যাদান করিয়া একে একে ঐক্রজালিকদিগের প্রদর্শিত সমুদর বিষধর গ্রাস করিয়া ফেলিল। ঐক্সজালিকগণ ইহা দেখিয়া ভয়ে পলায়ন করিতে লাগিল, দর্পও মহাবেগে ভাছাদিগকে ভক্ষণ করিবার নিমিত্ত ভাছাদের পশ্চাৎ ধাবিত **হ**ইল। যাছকরগণ নিরূপায় হইয়া মুদার আশ্রয় গ্রহণ পূর্বক ক্ষমা প্রার্থনা করিল, এবং তাঁহাকে ঈশ্বর প্রেরিভ অলৌকিক শক্তিশালী মহাপুরুষ,ভাবিয়া তাঁহার নিকট ধর্মে দীক্ষিত হইল। তথন দর্প তাহাদিগকে পরিত্যাগ করিয়া দ্রপারিষদ ফেরওণকে গ্রাস করিছে উপক্রম করিল, চহুদিকে ছলমূল পড়িয়া গেল। কেরওণ মুদার শরণাপন্ন হইয়া প্রাণ বাঁচাইল, বনিএম্রায়েলকে ছাড়িরা দিবে আর ঈশবের অবমাননা করিবে না এরপ অন্ধীকার করিল। তথন মুদা দর্পের পূচ্ছ হতে ধারণ করিলেন, উহা পূর্ববিৎ যৃষ্টিরূপে পরিণভ इहेन ।

মুসার হস্তস্থিত দণ্ডের তদ্রূপ অজগর আকার ধারণ করা, করতলে শুক্র-জ্যেতি প্রকাশ পাওয়া ইত্যাদি ব্যাপার বিজ্ঞান অনৈস্থিক ও অম্লক বলিয়া প্রমাণিত করে। প্রাচীন কালে বিজ্ঞানের চর্চা ছিল না, নরনারীর হাদয় ঘোর কুসংস্কারে আচ্ছন্ন ছিল, বক্তা ও লেথকগণ সচরাচর অসম্ভব ও অপ্রমাণিত ব্যাপার সকল বর্ণন করিতে ভাল বাসিতেন, সাধারণের ক্ষৃতি ও দেই রুপছিল। অদূরদর্শী অন্ধ বিশ্বাদী অবৈজ্ঞানীক লোকেরা সহজে সে সকল বিখাস করিত। বিশেষতঃ কোন সাধু মহাজনের কথা হইলে তাঁহার চরিত্রের সঙ্গে কোন প্রকার অপ্রাকৃতিক জড়ীয় অলোকিকভার বোগ না দেখিলে তাঁহাকে প্রায় কেহই মহাজন বলিয়া শ্রদ্ধা ভক্তি সমর্পণ করিতে সমুৎ-স্থক হইত না। তথন আধ্যাত্মিক আনৌকিকতা অপেকা বাহিক ইস্ত জালবৎ অলৌকিকতার দমধিক আদর ছিল। কোন মহাপুষের প্রসমূ হইলেই, তিনি হাঁটিয়া সমুদ্র পার হন বা আকাশ পথে উড়িয়া যান, ইড্যাদি তাঁহার কোন না কোন অভুভ ক্রিরার উল্লেখ হইত। মেসমেরিজমে বা ঐক্রজালিক ক্রীয়ায় লোকের চক্ষে এক প্রকার ধাদা লাগিয়া যায়। তাহাতে लारक प्रश्न कन रहेन, खता प्रश्न रहेन, मूछ शक्की छेफ़िया शन, हेखानि আশ্চর্য্য ব্যাপার দেখিতে পার, অথচ সমুদারই মারা ও কাকি। এরূপ মহা-পুরুষ ও মহর্ষিদিগের ক্রিয়াকলাপ সম্বন্ধেও পূর্বভন লোকের চক্ষু একার অভিভূত হইয়া পড়িত, তাহারা তাঁহাদের অনেক অস্বাভাবিক কার্য্য দর্শন করিত, বিশেষতঃ জনরব তিলকে তাল করিয়া তুলিত, শাল কারেরাও সেই জনজাতির প্রতি বিশাস স্থাপন করিয়া তাহা বাহল্য-রূপে লিপিবন করিয়া পিয়াছেন। পুরুষ পরম্পরা ভাষা হইভেই অলোকিকভার নান। শাখা প্রশাখা বাহির হইয়াছে। কি হিন্দু, কি মোর-नमान, कि शेष्टेवाली नकन नन्धनायत्र गांधकायत्रारे नाना अयोक्तिक । অযোগ্য বৃত্তান্ত বারা মহাজনদিগের মহত্ত প্রচার করিছে চেষ্টা পাই-রাছেন। হিন্দু শাস্ত্রে লিখিত আছে বে, মহামুনি অগন্ত্য সমুদ্রকে গভূষ যোগে পান করিয়াছিলেন। জহু মুনি স্থরপুনীকে পান করিয়া পুনর্মার का विमीर्गर्यक वाहित कतिशाहितक। तिवताक हैताई अनिन्नारक ্ষহল্যা দেবী পাষাণে পরিণত হইয়াছিলেন। বছসহত্র বৎসর অতে ভিনি

প্রীরামের চরণরেণু স্পর্শে পুনর্কার মানবদেহ প্রাপ্ত হন ইত্যাদি। মান শাধু পুরুষদিগের সহস্কেও মোসলমান শাস্ত্রকারেরা কভ কিছু লিথিয়াছেন। কিন্তু তাঁহাদের পেগাম্বর মহাপুরুষ মোহমদ অলৌকিকভার পক্ষপাতী ছিলেন না, লোকে ভাঁহাকে অলৌকিক কার্দ্য করিতে অহুরোধ করিত তিনি ত্রিবরে অনাদর প্রকাশ করিতেন, কোরাণ ভাহার প্রমাণ করিভেছে, তবে একেবারে যে অলৌকিকতার পদ্ধ নাই ভাহাও বলা যায় না। ভাহার শিব্যাত্মশিব্য ভাঁহার সম্বন্ধেও অনেক অলৌকিকভার কথা লিথিয়া গিয়াছেন। বায়েজিদ প্রভৃতি অনেক মোললমান মহর্ষি অলৌকিক কার্য্যকে অবজ্ঞার চক্ষে দর্শন করিয়াছেন। महर्षि लेगात मृह्य की वन नान कता मृह्युत शत कवत इहे एह समतीत তাঁহার স্বর্গে চলিয়া যাওয়া ইত্যাদি অন্তুত ব্যাপার সভ্য থীষ্টীয় সম্প্রদায় এই উনবিংশ শতাব্দিতেও বিশ্বাদ করিতেছেন। এই ক্ষণেও ফ্কির ও দল্লাসী निरंगत मश्रक्ष शली बारमत नतनातीरनत मूर्थ अत्नक अर्लोकिक कियात কথা শুনিতে পাওয়া যায়। কিন্তু অনুসন্ধানে তাহা অমূলক বলিয়া পুনঃ পুনঃ প্রতিপন্ন হইয়াছে। সাধারণ লোকে পূর্ব্বে ভূত দর্শনের গল্প সচরাচর বলিত, বিজ্ঞানের প্রভাবে যাহাদের কুসংস্কার দূর হইয়াছে তাহারা কথন তাহা সম্-লক বলিয় বিশ্বান করে না। এইক্ষণেও অদূরদর্শী সুলবুদ্ধি কুশংস্কারাপন্ন লোকেরা সচরাচার ঘটনা সকলকে ভিন্নাকারে প্রকাশ করে। নানালোক সাবার ভাহার মধ্যে নানা রং ফলায়, ছই তিন সহস্র বৎসর পূর্বের যথন লেখা পড়ার চর্চা প্রায় কিছুই ছিল না, বিজ্ঞানের আলোক কোথাও ফুর্ডি পাইত না, লোক সকল নিভান্ত বাহাদশী কুসংস্কারপন্ন কল্পনা প্রিয় ছিল, তথন যে আরও কত অধিক কল্পিত ব্যাপার বাস্তবিক ৰলিয়া প্রচারিত হইবে, লোক পরম্পরায় এবণ করিয়া পরবর্ত্তী ইতিহাস লেখকগণ তাহা প্রকৃত ঘটনা স্থলে স্থান দান করিবেন কিছুই আশ্চর্য্য নয়। মুদাদেব স্বীদ প্রভুর বলে ফেও-ণের নিকটে বিশেষ তেজ ও প্রতাপ প্রকাশ করিয়াছিলেন, যাহা দেখিয়া ফেরগুণকে পুনঃ পুনঃ ভীত ও পরাস্ত হইতে হইয়াছিল, কল্পনাঞ্জিয় কুসংস্কারাপন্ন লোকেরা ক্রমে ক্রমে তাহাকে দর্প ইত্যাদি নানা বাছ ভ্রম্কর আকার দানে যে প্রকাশ করিয়াছে ভাহাতে কিছু মাত্র দলেহ নাই।

ঞ্ব সভা জ্ঞানময় প্রমেশ্বরের নিয়ম অথও ও অপরিবর্তনীয়, ডিনি বাজিবিশেবের অন্নরোধে আপনার প্রাকৃতিক অবিচলিত নিয়ম ভঙ্গ করিয়া কাঠকে দর্প করিতে বাধ্য হন না, তিনি খীয় আধ্যাত্মিক গৌরবে গৌরবান্তি করেন। ঐক্তমালিকের ইক্তমাল প্রদর্শনের ন্যায় তাহার যথার্থ ভক্ত পরাভাবিক অভুতক্রিয়া প্রদর্শন করিয়া লোকের নিকট শ্রদ্ধাভাজন ও গৌরবাম্বিত হইতে কখন অভিলাষ করেন না, ডিনি প্রভুর বিনীত ভূত্য হইয়া মুজিপ্রদ স্বর্গীয় তত্ত্ব ও প্রভুর আদেশ সকল জগতে প্রচার করিয়া বেড়ান। সামান্য অবস্থাপর মুদা এক জন হর্জ্য হর্দান্ত শত্রান্ত করিয়া ঘোর বিপদাপন্ন বজা-তির হুঃথ ক্লেশ দূর করিলেন, ভাহাদিগকে অভিনব জ্ঞান ধর্মের আলোকে আলোকিত করিয়া ধর্মবলে পৃথিবীতে একটা স্থদূঢ় শ্রেষ্ঠ জাতিরূপে স্থাপন করিলেন ইহা অপেক্ষ অলোকিক ব্যাপার আর কি আছে? মুদার ঈথর দর্শন ও ঈশ্বরবাণী শ্রবণ, বিনয়, আহুগত্য, স্বর্গীয় বিশ্বাস ও পবিত্র স্বজাতি প্রেম, অবিচলিত উৎসাহাদি উচ্চ ধর্মভাব ও আধ্যাত্মিক সাধুগুণই অলোকিকতা। সামান্য মান্তবের জীবনে ঐর্থরিকভাবের বিকাশের ন্যায় অলৌকিকতা আর কি হইতে পারে ? পৃথিবীতে যে ব্যক্তি নানা একারে হীনাবস্থাপন্ন দে একটী দেশকে বা জাতিকে নুভন সভ্যের আলোকে আলোকিত করিয়া স্বর্গরাজ্যে লইয়া চলিল, স্বর্গীয় বীরতে জগৎ কাঁপাইল ইহা অপেকা অস্তুত ক্রিয়া আর কি আছে? বিজ্ঞানের দকে ধর্মের দামঞ্জন্য विश्वाद्य, विकान कथन धर्माव विद्याधी श्टेट भारत ना, रकन ना धर्म যে ঈশ্বরের বিজ্ঞানও সেই ঈশ্বরেরই। তত্রূপ বাহ্য অলৌকিডা সম্পূর্ণ বিজ্ঞান বিৰুদ্ধ, ইহাতে কিছুমাত সন্দেহ নাই। তবে রাসায়নিক ও এক-জালিক লোক বিভিন্ন প্রকৃতি পদার্থের যোগ বিয়োগে এবং অভ্যাসও চতুরতা वरन ७ वृद्धिकोगान अरनक आकर्षा किया श्रीमर्गन कतिया शास्त्रन, **छा**ष्टाट विकारने वे सहिमा श्रवाण शाय । महाजनित्र आली किक ক্রিরা এই রাসায়নিক ও ঐক্রজালিক লোকদিগের অলৌকিতা শ্রেণীর অন্তর্গত বলিলে কোন আপত্তি ইইতে পারে না, তবে তাহাতে ঈশ্বরভজের ০কোন গৌরব নাই, বরং অগৌরব।

কিছুতেই ফেরওণের মন পরিবর্তন না হওয়াতে পরমেখর মুশাকে বলিলেন "আমি ফেরওণের প্রতি যাহা করিব এইক্ষণ তুমি দেখিতে পাইবে। আমার পরাক্রম প্রকাশিত চইলে দে লোকদিগকে ছাড়িয়া দিবে ও আপন দেশ হইতে তাহাদিগকে দ্র করিবে।" ঈশ্বর মুসার সহিত কথোপকথন করিয়া আরগু বলিলেন "আমি যিহোবা, আমি এস্রাহিম, ইয়কুব ও এস্হাকের নিকটে সর্ব্বশক্তিমান ঈশ্বর নামে বিখ্যাত হইয়াছিলাম। আমি ভাহাদের বংশোদ্ধব লোকদিগকে কেনান দেশ প্রদান করিব, অর্থাৎ যে দেশে তাহারা প্রবাদ করিতেছিল তাহাদিগকে সেই দেশ দিব। তাহাদের সঙ্গে আমার এই অঙ্গীকার আছে। এইক্ষণ করেগণ কর্ভ্ ক দাসতে নিযুক্ত সেই এপ্রায়েলবংশের কাতরোজি শ্রবণ করিয়া আমি সেই অঙ্গীকার ম্মরণ করিলাম। তুমি এপ্রায়েলবংশকে কহ, আমি পরমেশ্বর, কিবতি লোকদিগের ভার বহন হইতে তাহাদিগকে মুক্তিদান করিব, আমি তাহাদিগকে শ্বীয় প্রজা করিয়া ভাহাদের ঈশ্বর হইব।"

## ফেরওণ ও তাহার অনুগামি লোকগণের প্রতি নানা প্রকার বিপৎপাত ও মুদার সদলে প্রস্থান।

যথন মহাপুক্ষ মুদা কেরওণ ও তাঁহার অনুগামিগণের দম্বন্ধ নিরাশ হইরা ঈশ্বরের নিকটে দাহায্যের জন্য দকাতরে প্রার্থনা করিলেন তথন পরমেশ্বর পুনঃ পুনঃ তাহাদের উপর বিপদ প্রেরণ করিতে লাগিলেন। প্রথমতঃ তিন বংশর ব্যাপিয়া ছর্জিক্ষ হয়, তংশর নপ্তাহ পক্ষপালের উপদ্রব, দাত দিবল নগর প্রাক্তর গৃহ কটোলিকা কীট পুঞ্জে পূর্ণ হয়। সপ্তাহকোল কিবতি-দিগের সম্বন্ধে নীল নদের জল রক্তে পরিণত হইয়া যায় এবং সপ্ত দিবা রাত্রি বন্য পশু দকল আসিয়া প্রাম নগর আক্রমণ করে, তিন দিবদ কিবতিদিগের কো সের অর্থ উটু গর্দভাদি পশু সংক্রামক রোগে বিশদাপন্ন হয়, লক্ষ্ মণ্ডুক্ষ উৎপন্ন হইয়া ঘর বাড়ী আচ্ছাদন করিয়া কেলে, পরে কড় ও শিলা স্থিট এবং জলপ্লাবনে কিবভিদিগের সর্কাথান্ত হয়। এই প্রকারে ক্রেরওণ পুনঃ পুনঃ বিপদাকান্ত হইয়া এক এক বার ঈশ্বরের শরণাগত হইডে

ও বনিএত্রেরেলকে ছাড়িয়া দিতে উদ্যত হইয়াছিল, কিছ পরে হর্কু-দিবশতঃ ও মন্ত্রী হামানের কুমন্ত্রণায় অসমত হইয়াছে।

অনম্ভর একদিন ফেরওণের স্থমতি হইল, সে স্থানান্তরে উৎসব করিবার জনা যাইতে বনিএআয়েলকে অহুমতি দান করিল। তথন ঈশ্বর মুলাকে আদেশ করিলেন যে "তুনি এই স্থােগে রজনীতে এসায়েল সভতিগণ সহ পোপনে কেনানাভিমুথে প্রস্থান কর, পথে আমি তোমার সহায় রহিলাম।" মুদাদেব বনিএম্রায়েলকে ইহা জ্ঞাপন করিয়া প্রস্তুত হইতে বলিলেন। পর-দিন বনিএম্রায়েল নিস্তার পর্কের উৎসবে গমনচ্ছলে প্রতিবেশী কিব ডিগ্রু হইতে নানা একার পরিচ্ছদ ও স্বর্ণ রোপ্যের অভরণ ও অন্য অন্য বছমুল্য সামগ্রী চাহিয়া লইল, কেহ দানে সন্দেহ বা আপত্তি করিল না, কেন না थि जिव भारत के कि का ভরণাদি চাহিয়া লইয়াছে ও পরে ফিরাইয়া দিয়াছে। কথিত আছে বালক বালিকা ও স্ত্রীলোক ব্যতীত বনিএলায়েল গণনায় ছয় লক্ষ ছিল, সকলেই রজনীযোগে মেদর হইতে প্রস্থানের জন্য প্রস্তুত হইল। ঈশ্বর ইচ্ছার এমন ঘটনা ঘটিল যে দেলিন মেসরে মহামারি উপস্থিত হইল, সেই মরকে নগরে প্রত্যেক কিব ভির জ্যেষ্ঠপুত্র প্রাণত্যাগ করিল, সকলেই শোকাকুল হইয়া कमन विनाभ कतिएं नाशिन, अन्य कोन मिर्क मरनार्यां विधान कतिएं পারিল না। এদিকে নিশাকালে মুদা সদলে মেদর হইতে বাজা করিলেন। হারুণ অঞা চলিলেন, তাঁহার পশ্চাতে বছদলে বিভক্ত বনিএআয়েল ক্রে ক্রমে যাতা করিল, ভাহারা গোমেবাদি পভ ও সমুদয় গৃহ সামগ্রীসহ রাজি যোগে সাগরকুলে এক প্রান্তরে যাইয়া সমবেত হইল। রামিসন নামক স্থান হইতে ছয় লক্ষ্পদাভিক স্থকে নামক ছানে যাতা করে। একারেল-বংশ চারি শভ জিশ বৎসর পর্যান্ত মেসরে বসভি করিয়াছিল, সেই চারি শত জিশ বৎসরের শেষভাগে উক্ত দিবদে তাহারা মেনর হইতে वाहित हहेल। धहे याजात पितन पातनार्थ धव्यासन तथ्न शुक्रवास्त्रकार त्मे ताकिए क्षेत्रद्वात्करम्। विरम्य बर्ज्यानन कतित्रा वानिएएह । सूना সকলকে বলিলেন "এই দিন ভোমরা অরণ রাখিবে, বেহেতু ভোমরা এই দিবস কারাগারত্বরূপ মেসর হইতে বাহির হইলে, পর্মেশ্ব আপন বাহুবলে ভোমাদিগকে উদ্ধার করিলেন। আবীর মাদের এই দিনে ভোমরা বহির্গত হইলে,। প্রমেখর যে সকল দেশ দান করিবেন বলিয়া ভোমাদের পূর্বপুক্ষ-দিগের নিকটে অঙ্গীকার করিয়াছেন সেই ছয় মধু প্রবাহিদেশে যথন তিনি ভোমাদিগকে আনয়ন করিবেন তখনও ভোমরা এই মাদে এই পর্ব্ব পালন করিও, সপ্তাহ পর্যান্ত ভাড়ী শুন্য কটি থাইবে, সপ্তম দিনে পরমেখরের উদ্দেশ্যে উৎসব করিবে।" ভাড়িশ্ন্য কটিকা ভোজনের বিধি এই জন্য হয় যে সেই রাত্রিতে ভাহারা মেদর হইভে আনীত ময়দা ঘারা পিইক প্রস্তুত করিয়াছিল, ভাহাতে ভাড়ী ছিলনা, কেননা মেদর হইতে প্রলায়ন করিবার ব্যস্তভা প্রযুক্ত কিছুই খাদ্যোপকরণ প্রস্তুত করিয়া জানিতে পারে নাই।

#### বনিএস্রায়েলের সাগর পার হওয়া ও ফেরওণীয় সম্পূদায়ের জনমগ্ন হওয়া।

এদিকে পর দিন ফেরঙণের নিকটে দংবাদ প্ছছিল যে মুদা ও দম্দার বনিএন্নারেল আপন আপন ধন সম্পত্তি ও গোমেবাদি এবং কিব্তিদিগের বরালকারাদি সহ গত রজনীতে পলায়ন করিয়া গিয়াছে। ইহা প্রবণ করিয়া তৎক্ষণাৎ ফেরগুণ প্রজাদিগকে আদেশ করিল যে "ভোমরা দৌড়িয়া যাও, দে দকল লোককে আক্রমণ করিয়া বধ কর, তাহারা তোমাদের এতাধিক ধন সম্পত্তি বঞ্চনা করিয়া প্রস্থান করিল, কিছুতেই তাহাদের অপরাধ মার্জনীয় নহে।" নগর ও উপনগরে দেনাপতিদিগের প্রতি অবিলয়ে দলের উপন্থিত হইবার জন্য আদেশ হইল। চতুর্দিক হইতে সেমার্ক্র দলে দলে রাজবামীতে আগমন করিল। ফেরগুণ সৈন্ত্রক ও অন্য সহস্র প্রকাশ করিয়া ক্রতবেগে মুদার অন্ত্রমণে বাহির হইল। ফেরগুণীয় দেনার অঞ্জাগে এক মেঘন্তত প্রকাশ পাইয়া প্র ক্রিকারারত করিয়াছিল, তজ্জন্য পথ হারা হওয়াতে দৈন্যদলের প্রমনে বিলয় হইয়া পড়িল। এদিকে মুদা দললে তিন দিবদ সমুক্রতীরে ছিভি করেন, এমত সময়ে ফেরগুণের বাহিনী দলে দলে সমুক্রের বন্যার ন্যায় মহাবেগে আদিভেছে দেখিয়া এস্লায়েল বংশীয় লোকেরা প্রাণভয়ে

পতাঁত সাকৃল হইরা পড়িল। তথন উহারা মুবাকে ভৎ বনা করিয়া विनिष्ठ नाशिन (र "कृमि कामानिशक नहें न्ना कानिता विनाम कतित्न, कामना মেসরে ভাল ছিলাম, ভূমিই আমাদিগকে স্থা সচ্ছান্দে রাখিবেও আমাদিগকে किनात्न लहेत्रा बाहेवात कता लेखेत जामात्क आएम कतियाहिन हेजानि नामा कथा विनया जुनारेया जानित्न अवः जामानित्वत मर्कनाम कतित्व। এইক্ষণ রাজা ক্রোধানলে প্রজ্ঞানত হইয়। অগণ্য দৈন্যসামন্ত দহ উপস্থিত, সমুখে ভীষণ সমুস্ত, পলায়নের কোন উপায় নাই,এই সময়ে কে আমাদিগকে তুমি যে ঈশ্বরের কথা বলিয়া থাক তোমার সেই ঈশ্বর এইক্ষণ কোথায় ? তিনি কি এই সৈন্য তরক্ষ হইতে আমাদিগকে মেদরে কি কবর ছিল না যে প্রান্তরে বাঁচাইতে পারিবেন দ আমাদিগকে মারিবার জন্য উপস্থিত করিলে। তুমি আমাদিগকে মেনুর হইতে লইয়া আসিয়া অভি-অন্যায় করিয়াছ, কিকৃতি দিগের সেবা করিবার জন্য আমাদিগকে ছাড়িয়া দেও, কেননা প্রাস্তরে মৃত্যু হওয়া জপেকা তাহা-দের দেবা করা আমাদের পক্ষে শ্রেরঃ, এই কথা আমরা মেসরেও ভোমাকে বলিয়াছি। '' এদিকে মুসাদেব যথন দেখিলেন চুর্বলচিত ঘোর অবিশাসী মজাতিবর্গ ভরে বিহবল হইয়া তাঁহাকে নানাপ্রকার ভর্মনা করিডেছে, আক্রমণ ও উৎপীড়ন করিতে উদ্যত, আবার সন্মুখে ভয়ানক সমুদ্র, সদক্ষে প্রায়ন করিবার কোন স্থােগ নাই, তখন ডিনি অননাগতি হইয়া আপুন প্রভুর শরণাপর হইলেন ও উপায়হীন নিওর ন্যায় কাভরে প্রার্থনা করিতে লাগিলেন। তদবভায় ঈশর জাঁহার অভরে প্রকাশিত হইয়া বলিলেন "মুরা। ভাৰিত হইওনা, অঞ্চর হও, এবং বৃষ্টিধারা সমুদ্রম্বলে আঘাত কর, অনায়াসে সাগর পার হইবে।" সুমা এই আজ্ঞা শ্রবণ করিয়া ছৎক্ষণাৎ সাগর জলে ষ্টির আমাত করিলেন ভাছাতে শাগরবক্ষ বিদীণ হইয়া গুইদিকে প্রাচীরের আকারে জল সমুরত হইয়া উঠিল, উভয় জলপ্রাচীরের মধ্যভাগ এক কুল হইতে অপর কূল পর্যন্ত প্রশন্ত বত্তের আকারে প্রকাশ পাইল। তথন এস্লা-য়েল মণ্ডলী তাহার ভিতর দিয়া শ্নায়াদে দাগর পার হট্যা গেল। কেহ কেই বলেন তৎকালীৰ দেই স্থানে বৰুদ্ৰে চড়া পড়িয়া গিয়াছিল, মুদা ও তাঁহার ্দক্ষের বাহিনী দেখিয়া সনায়াবে ছবিয়া গেলেন। কোন কোন মোদল-

মানই তিহাদ বেতার মতে মুসা নীল নদ পার হইয়াছিলেন সমুদ্র নয়, কিন্ত কোর্ণ ও বাইবেলে সমুদ্রের কথাই লিখিত আছে। উহা স্থফ সাগর, कान हेश्रदाशीय वमनकाती विनयाहिन य छेक नमूख्य शाम शाम हो। বালুকাময় চড়া পড়িয়া যায়, আবার সহসা তাহা ভালিয়া পড়ে। যথন শেইরপ চড়া পড়িয়াছিল বোধ হয় তথন মুদা দলবলে পার হইয়া ঘান,ডাহার পর ক্ষণেই জলব্রোতে চড়া ভালিয়া পড়ে সেই সময় ফেরওণ দদৈন্যে জলে অবতরণ করে। এদিকে কেরওণ দদৈন্যে দাগরতীরে উপস্থিত হইয়া যথন দেখিল যে মুসা দলবলে সাগর পার হইয়া গেল, তথন সে আশা করিল যে সদলে অপর পারে যাইয়া মুসাকে আক্রমণ করিতে পারিবে। এই ভাবিয়া জালে নামিয়া সেই পথেই দলবলে জ্রুতবেগে পার হইতে উদ্যুত হইল। সকলে সাগরগর্ভে অবভরণ করিলে ছুই পার্ষের জলপ্রাচীর ভাহাদের উপরে ভাঙ্গিয়া পড়িল। তৎক্ষণাৎ ফেরওণ সদৈন্যে জলমগ্ন হইয়া প্রাণভ্যাগ कतिन, धक खानत्र थान तका भारेन ना। धयासन महानगन एकत्र ७न সদলে সাগরজলে মগ্ন হইল দেখিয়া আনন্দধ্বনি করিয়া নৃত্য করিতে লাগিল। মুসাদেব ভূমিষ্ট প্রণত হইয়া পরিত্রাতা পরমেখরের স্তব ছতি ও প্রশংসা সঙ্গীত করিতে লাগিলেন। তথন ঈশ্বর তাঁহাকে প্রসন্ন বদনে আশীর্কাদ করিয়া ভুক্ত রাজ্যের অন্তর্গত কেননাভিমুধে বনিএব্রেয়িলকে লইয়া যাতা করিতে আদেশ করিলেন।

এছলে ঈশ্বরের আদেশ ও মুদার দক্ষে তাঁহার কথাে পকথন বিষয়ে কিছু বজব্য আছে। পরমেশ্বর কি মহুযাের ন্যায় মানবীয় ভাষায় মুদার দক্ষে কথা বলিয়াছিলেন ? বাস্তবিক তাহা নহে। ঈশ্বর নিরাকার, মহুযাের ন্যায় তাঁহার মুখ নাই, তিনি রদনাযােগে বাহিরে কথা বলেন না, অশন্দবাক্যে স্থায়িয় ভাষায় মহুয়ের অন্তরে কথা বলেন, ঘটনার ভিতর দিয়া বাহ্ প্রকৃতির মধ্য দিয়া কথা বলেন। তাঁহার পন্তীর অশন্দ বাণী বজ্পবিনকেও পরাস্ত করে, অহুগত ভজ্জ লােকেরা বিশাদ কর্ণে তাহা শুনিতে পায়। এই ঈশ্বরাণীকে প্রত্যাদেশ বা দৈববাণী বলে। মহাপুক্ষ ও শ্বিম মহর্বিগণ অন্তরে এই প্রত্যাদেশ শ্রবণ করিয়া তদন্দ্রনারে অহুক্ষণ আপনাাদের জীবনের কর্তব্য দকল পালন করিয়া গিয়াছেন। যিনি ঈশ্বরে আল্লেম্মর্পণ

করেন তিনিই তাঁহার নিগৃঢ় আদেশ উপদেশ তনিতে পান। কথিত আছে যে জেরিল শাসিয়া হজরত মোহস্বদকে ঈশবের আদেশ জ্ঞাপন করিতেন। কোরাণ শরিকের প্রসিদ্ধ উর্দ্ব অন্তবাদক ও টীকাকার শাহ অব্দোল কাদের সাহেব লিখিয়াছেন যে "পবিতাত্মাই জেবিল, জেবিল ঈশার সঙ্গে সঙ্গে সর্বাদা থাকিতেন।" পবিত্রাত্মাকে স্বর্গীয় বিবেক বলা যায়, মুসাদেব ও মহাত্মা দিশা ও হজরত মোহমদ প্রভৃতি মহাজনগণ যে বিবেকযোগে ঈগরের আদেশ শ্রবণ করিরাছেন ও অভারে অম্প্রাণিত হইয়াছেন তাহা বলা বাছল্য। কোরাণের বকর স্থরার ১২শ রকুর প্রারম্বে লিখিত আছে, "বল যে ব্যক্তি জেবিলের বিরোধী হয় (সে অনিষ্ট করে) কেন না নিশ্চয় সেই জেবিল ঈশরের আদেশে তোমার অস্তরে এই কোরাণ অবতারণ করেন।" ইহা ছারা স্পষ্ট প্রভীতি হইতেছে যে অন্তরেই হজরত মোহমাদ জেবিল (পবিত্রাত্মা) যোগে ঈশ্বরের আদেশ লাভ করিয়াছেন। পবিত্রাত্মার বিরুদ্ধা-চরণের ন্যায় পাপ নাই, পবিতাত্মার বিরোধী হওয়া আর ঈশ্বরের বিরোধী হওয়া এক কথা। কোরাণে যেমন উলিখিত হইয়াছে যে জেবিল (পবি-আত্মা) হলরত মোহমদের অন্তরে কোরাণ অবতারণ করিয়াছেন ভজ্ঞপ হিন্দুশারেও অস্তরে যে ঈশরের আদেশ হয় তাহার ভূরি ভূরি প্রমাণ আছে। শ্রীমন্তাগবতে বেদের উৎপত্তি সম্বন্ধে নিধিত হইয়াছে "তেনে বন্ধানা য জাদি কবয়ে মুছস্ভি যঃ স্বয়ঃ" অর্থাৎ পরমেখর জাদি কবি বন্ধার হাদয় যোগে বেদ প্রকটন করিয়াছেন ভদার। জানী লোকের। মুগ্ধ হন। হিন্দুর। ''শব্দ অন্ধ' অর্থাৎ ঈশ্বর বাক্যস্বরূপ বলিয়া থাকেন, খ্রীষ্টায় ধর্মশান্তেও এই কথার আভাস পাওরা যায়। যথা আদিতে এটি দ্বারের বাক্যরূপে ছিলেন। নান। শাষেই ঈশ্বর যে কথা বলিরাছেন ভাহার প্রমাণ পাওরা রার। এইকণ ও ষে তাঁহার কথায় শেব হইরাছে ভিনি নীরব হইয়া বসিয়া আছেন, কাছার প্রার্থনায় উত্তর দেন না, কাহাকেও জ্ঞানোপদেশ প্রদান করেন না, न्छन छच छाँशांत्र निकटि किছूरे नारे, मम्लाम बारेदवन काताना लिए ममान्ध হইরাছে, অভএব ঈশ্বর চুপ করিয়া এক কোনে বসিয়া রহিয়াছেন ইহা সম্পূর্ণ ক্রান্তি। অনন্ত ঈশবের অনন্ত জ্ঞান ও অনন্ত বাণী, অনন্ত শাল, তাহা কোন ুকালে ক্রাইবে না। ভিনি অবিশাস্ত কথা বলিতেছেন ও উপদেশ দিডে

ছেন। যাহার বিবেক কর্ণ উন্মুক্ত রহিয়াছে তিনিই মুদার ন্যায় প্রাভ্র কথা তানিতে পাইডেছেন। তাঁহার কথা বাহ্নিক শব্দ নয়, আছেরিক। আকাশে দৈববাৰী হইল, পবিতাত্মা বা জেবিল এক অন্তুত জড়ীয় আকারে বাহিরে প্রকাশশাইলেন এ সকল কথা মনঃকল্লিত বা রূপক বৈ নহে। আদেশ সকল মহুযোর প্রতি প্রতিনিয়ত হইয়া থাকে, তবে নাধারণ লোকের প্রতি সাধারণ আদেশ বিশেষে ব্যক্তির প্রতি বিশেষ আদেশ হয়। ঈর্বর হইতে নিষেধ বিধি তিরস্কার ও পুরস্কার শর্কাণ আদিতেছে, ছ্কর্ম করিলে আত্মমানি সৎকর্ম করিলে আত্মপ্রানার।

### এস্রায়েল মণ্ডলী সহ মুসার কেনানাভিমুখে যাত্রা করা ও পথে নানা পরীক্ষায় পতীত হওয়া।

যাহাহৌক মুলাদেব এপ্রায়েল জাতিকে লঙ্গে করিয়া যাতা করিলেন। কথিত আছে প্রাস্তরে রৌজের নময় ঈশ্বরের আদেশে মেঘশ্রেণী তাঁহাদের মস্তকোপরি ছায়াদান করিয়া ছিল। কয়েকদিন জন্তর মুলাদেব সদিগণ শহ শ্র প্রাস্তর পার হইয়া মারা নামক স্থানে উপস্থিত হন। তথাকার জল ভিক্ততা প্রযুক্ত কেহ পান করিতে পরিল না। দকলে মুলার বিরুদ্ধে নানা কথা বলিতে লাগিল, মুলা নিরুপায় হইয়া কাতরভাবে ঈশ্বরের নিকটে প্রার্থনা জারস্ত করিলেন। তাহাতে পরমেশ্বর তাঁহাকে এক প্রকার কাঠ দেখাইলেন, মুলা দেই কাঠ গ্রহণ করিয়া জলেতে নিক্ষেণ করিলেন, তদ্বারা জলের ভিক্ততা দূর হইল। দেই স্থানে ঈশ্বর এপ্রায়েল জাতির জন্য ব্যবহা সকল নির্দারিত করিলেন এরং বলিলেন শ্বদি ভোমরা তোমাদের প্রভু পরমেশ্বরের জাক্তা মান্য কর ও তাঁহার দৃষ্টিতে মাতা উচিত তাহাই কর ও তাঁহার বিধি সকল পালন কর তবে কিব্তিজাতি যে সকল রোগ যন্ত্রণ ভোগ করিয়াছিল তোমরা দেই যন্ত্রণ ভোগ করিবেনা। আমি ভোমাদের জারোগ্যকারী পরেমেশ্বর।

অনস্তর মেশর পরিত্যাগের বিতীয় মাদের পঞ্চদশ দিবদে এপ্রায়েল মণ্ডলী এলিমও ওদীন এই হুই স্থানের মধ্যবন্ধী দীন নামক প্রান্তরে উপস্থিত হন।

তবঁন এপ্রায়েল মণ্ডলী অল্লাভাব জনিত ক্লেশে ক্লিট হইয়া মুদার ও হারুণের বিরোধী হইয়া উঠে, ভাহারা বলে "আমরা যথন মাংদের স্থালীর নিকটে বিশিষা ভৃপ্তির সহিত অন্ন ভে জন করিতে ছিলাম, হায় হায় তথন মেসর দেখে क्ति व्यावज्ञात कतिनाम ना, क्रुवाय ममुनाय मखनीक वध कत्रवार्थ जामता আমাদিগকে বাহির করিয়া এই প্রান্তরে আনয়ন করিলে।" মুদা দেই व्यादां ब का जिवर्गाक लहेशा नर्सना विश्व । वाजिवान थाकिएजन, वृक्षाहरल । ভাহারা কিছুই বুকিডনা, ঈশবের প্রতি ভাহাদের নির্ভর ও রিখান কিছুই ছিল ना, अकरे क्रिमिनिश एमिशलिके अस्ति हरेश क्लिनाहन क्रिफ अदः পরমোপকারী মুসাকে গালিদান ও উৎপীড়ন করিতে ক্রটি করিত না মুদাদেব তাহাদের গালি ও তিরন্ধার মন্তক পাডিয়া গ্রহণ করিভেন ও কিদে ভাহাদের মৃদ্রল হর অন্তক্ষণ তাহাই ভাবিতেন। সম্ভান বৎসল পিতা যেমন ছষ্ট সন্তানদের অভ্যাচার-বহন করে ভিনি ঠিক সেই প্রকার ভাহাদের উৎ-পীড়ন দহ্য করিতেন। মহাপুরুবদিগের চরিতই এইপ্রকার, ভাঁহারা বহন করিবার জনাই প্রেরিড হন, আপ্নার ভাবনা **हिन्छ। ছ। जिल्ला १ शिवीत जावना है गर्वना जादन ७ श्रेष्ट्रत मिक्टी कन्मन करत्म।** তथन थ माভाবে এलायन मधनी नानाश्रकात कृष्टेकारेवा कतितन मुनारमव ষ্ট্রবরে নিকটে প্রার্থনা করিতে লাগিলেন। জীবিকা দাতা পর্মের্থর মুনাকে वितालन "आमि जिमात्मत जना वर्ग श्रेटिक थाना स्वा वर्षन कतित, त्नाक সকল বাহিরে যাইয়া প্রতি দিনের জন্য নির্দারিত পরিমাণায়নারে আপ मारमत थामा प्रता माध्यक्ष कति । शाति रत, जाहाता माधः कारम पारम प शाजः-कारन अब बाल इहेरव । किन्ह छाहाना आमात धहे वावचा सुनादन हिनद কিনা এতথার। আমি ভাহাদিগকে পরীক্ষা করিব।" এই কথার সঙ্গে করা-कांत्र जना ভाविरवना, शबस रेवदाशी सर्श्वत हेनात धरे रेवतार्गा शामान खन्त केका तथा यात्र । यादा दशेक मुना धारे गाळा अवन कतिता धनाव्यक्त मक्टलीक वनित्वत "अत्रदावत नावःकात्व छाजनार्थ छामानिशक माश्म निय्तन अवर श्रीकःकारन श्रेष्ट्रत अब नान कतियन । श्रेत्राभेश्वत नवर्ष তোমরা বে সকল বাস বিভঞ্জ করিলে ও অবিখানের কথা বলিলে ভিনি कारा अभिज्ञान । आमन्न एक । आमार्शन विकृष्ट कामार्शन रहता नह क्य-

दात विकटक विषया शहेशा थारक।" शदत सूत्रात ज्यादमण हाकन अहे केशा সমুদয় মগুলীকে ৰলিভেলাগিলেন। ইত্যবদরে ভাহার। প্রান্তরের দিকে দৃষ্টি করিয়া মেঘন্তভের মধ্যে ঈশ্বরের তেজ দর্শন করিল। অনন্তর সন্ধাাকালে ভাটুই পক্ষী দলে দলে আদিয়া ভাষাদের শিবিরের চতুম্পার্থে উড়িতে লাগিল, ভাছারা আপনাদের ভোজনার্থ ঈশ্বরের প্রেরিড পক্ষী জানিয়া সেই সক-नक मिकात कतिन। श्राज्यकारन कृष्य वीकाकात खुतम भनार्थ विरमय तामि রাশি প্রান্তরে পড়িয়াছিল, এবায়েল মণ্ডলী তাহা কুড়াইয়া ভক্ষণ করিল। কোরাণের ভক্সির বিশেষে উমিথিত হইয়াছে যে "মন ও সলওরা এস্রারেল মণ্ডলীর আহারার্থ উপস্থিত হইত, মন একপ্রকার ক্ষুদ্রাকার মিষ্টদ্রব্য, রজনীতে বায়ুবেগে এস্রায়েল সৈনাগণের চতুর্দ্ধিকে বর্ষিত হইত, প্রাতঃকালে তাহারা ভাহা সংগ্রহ করিয়া ভক্ষণ করিত। সলওয়া একপ্রকার ক্ষুদ্রপক্ষী, এই भक्की पत्न पत्न वाजाहरू इहेग्रा अव्यासन तमनागर्गत हरूभार्य ভুতলে পড়িয়া যাইত ভাহারা সেই সকলকে ধরিয়া জানিয়া কবাব করিয়া থাইত।" দেই মন বা মালা ভজ বর্ণ ধান্যাকৃতি ছিল, তাহার আত্বাদ মধু মিশ্রিত পিষ্টকের ন্যায় চিল।

এইক্ষণ প্রমেখন এই আজ্ঞা করিলেন "ভোমনা প্রভ্যেক ব্যক্তি স্ব স্থা ভোজন শক্তি অনুসারে উহা কুড়াইয়া লও এবং ভোমাদের এক এক জন আপন আপন পটমওপছ লোকদিগের সন্ধ্যান্ত্রসারে প্রভ্যেকের নিমিন্ত কিছু কিছু করিয়া দংগ্রহ কর।" এক্রায়েল বংশীয় লোকেরা তদন্তরূপ কার্য্য করিল। তাহাতে কেহ অধিক কেহ অর কুড়াইল, মুসা তাহাদিগকে সাবধান করিলেন যে তোমরা প্রদিনের জন্য কিছুই রাখিবেনা। তথাপি কেহ কেহ মুসার কথা অগ্রাহ্য করিয়া আগামী দিবরের জন্য খাদ্য স্ক্র করিয়াছিল, সেই খাদ্য নই হইয়া গেল। ঈশ্রের মণ্ডলী পবিত্র বিধানের অন্তর্গত লোকেরা সাংসারিক লোকদিগের ন্যায় অন্তর্গ্রের জন্য চিন্তা করিবেনা, ঈশ্রের প্রতি ভাহাদের পূর্ণ নির্ভন্ন স্থাপন করিতে হইবে, কেননা ঈশ্বর তাহাদের ভারগ্রহণ করিয়াছেন, যাহারা ঈশ্বরের প্রতি নির্ভর না করিয়া ভবিষ্যাতের জন্য সক্ষ্য করে তাহারা ভাহার বিধান মার্গের বহির্ভ্যুত লোক, ভাহাদের স্ক্রিত সেই অন্তর্গত জন্য ভোজনে ভাহাদের শ্রীর মন

বিক্রত ও অভন্ধ হয়। মুদার কেমন আশ্চর্য্য ভাব! এমন শার কাহার ও জীবনে দেখিতে পাওয়া যায় না। কুত্র শিশু বেমন কথার কথার জননীকে जिञ्जामा करत, मुनात्मय अपने श्वकात श्राम श्राम केंग्रेरतत जात्कात श्वकीका করিতেন, আজ্ঞা না পাইলে কোন কার্য্যে প্রবৃত হইতেন না। ভগবাদের প্রতি তাঁহার এরূপ অচল বিবাস ও ভক্তি ছিল বে,বে বিষয়ে আদেশ প্রাপ্ত হইতেন পৰ্বত প্ৰমাণ বিশ্ব উপস্থিত হইলেও তিনি তাহা সম্পাদনে ভীত ও সন্ধৃচিত श्रेटे जिन ना। क्षेत्र जीशांक वालिंग कतिशाहिलन रह, अवारतन मधनी रहन नश्चार्ट्य पट निवरम विश्वन थाना मरबार करत, जारात चर्काः न नविज विज्ञाय वारतत कना श्रेष्ठ थाकिर्त, तम नियम छारानिशक थानानित आस्त्राकन कतिए हहेरव ना। मूना अहे आखा नकनरक सानाहेरनन, छाहाता ভদমূরণ আচরণ করিল। সেই দঞ্চিত খাদ্য দ্রব্য দূর্বিভ হইল না, কিঙ ভাহাদের কেহ কেহ ভাহাতে তৃপ্ত ন। হইরা বিশ্রাম বারেও খাদ্য কুড়াইবার চেষ্টা করিল। ভাছাতে পর্মেশ্বর মুশাকে বলিলেন " তোমরা আমার আজ্ঞা ও ব্যবস্থা পালন করিতে আর কড কাল অসমত থাকিবে, দেখ আমি ভোমাদিগকে বিশ্রাম দিন প্রদান করি-ब्राह्म, এই জনা वर्षे मित्न विज्ञाम मित्नत छे भवुक थामा रकामामिशक मित्रा থাকি, অভএব ভোমরা কেহ সপ্তমদিবলৈ খ খ নির্দিষ্ট খান হইছে वाहित इहेख ना।" जनविष अव्यादान मधनी मधम जिवनक विवासित जिन বলিয়া বিশেষ রূপে মান্য করিতে লাগিল। শনিবার বিভাম বার, সেই দিন সাংসারিক কার্য্য কর্ম না করিয়া কেবল ঈখর ভজনার যাপন করার বিধি। এইকণও ইছদিলাতি তাহা পালন করিতেছে। কোরাণে উক্ত रहेबाह्य त्य अवादान मधनी व्यक्ति मिन धक बाकात थामा शाहेबा विवक्त হট্রা উঠে, এবং মুসাকে বলে "ভোমার সম্বর কি নানা বিধি উত্তর খালয় श्राप्त नक्य महत्म, कमलनवानिशन श्राध्य लनाषु मन्द्री छान देखानि কত প্রকার ভাল ভাল খাদ্য দ্রব্য ভোজন করিয়া থাকে, ঈশ্বর কি ভাহা আমাদিগকে দিতে পারেন না ? আমরা এরপ আহারের কট আর কিছুভেই मञ्च कतिरा पाति ना, धकविथ थाएग आमाएमत किছ माज कि नाहै। ছাহাতে পরমেশ্র এক গ্রামের নিকট ভাহাদিগকে উপস্থিত করিয়া বলেন

"তোমরা যে আমার বিরুদ্ধে পাপ করিয়াছ, ভজ্জন্য গ্রামের দারে প্রণাম করতঃ পাপ ক্ষমা হউক বলিতে থাক, তৎপর এন্থানে স্বচ্ছলরূপে নানা প্রকার ভোজ্য সামগ্রী প্রাপ্ত হইবে।"

অন্তর মুদা দুমন্ত মণ্ডলী দহ দীন প্রান্তর অতিক্রম করিয়া রিফিদিম নামক ভানে ষাইয়া শিবির ভাপন করেন। তথায় জলাভাব হয়। ছ্যার্ভ দঙ্গিণ জল পান করিতে না পাইয়া তাঁহার দঙ্গে কলহ আরম্ভ করে। ভাহারা বলে "আমাদিগকে জল দাও পান করিব, তুমি আমাদিগকে ও আমাদের সম্ভানগণকে এবং পশু সকলকে ভৃষ্ণা দ্বারা বধ করিতে মেসর হইতে কেন আনিলে ?" তাহাতে মুদা বলেন " তোমরা কেন আমার দক্ষে বচদা কর এবং ঈশ্বরকে আর কেন পরীক্ষা কর।" ভৎপর তিনি পরমেশবের ভিকটে থেলোক্তি করিয়া নিরেদন করিলেন "প্রভো, আমি এই লোক দিগের নিমিত্ত কি উপায় করিব ? ভাহারা জল না পাইয়া আমাকে প্রস্ত-রাঘাতে বধ করিতে উদ্যত্।" তথন পরমেশ্বর একটি পর্বতকে লক্ষ্য করিয়া ভাঁহাকে বলেন "তুমি যষ্টি দারা এই শৈলে আঘাত কর, শৈল ভেদ করিয়া নির্মাল বারি নিঃস্থত হইবে।" মুদা তদমুদারে আঘাত করিলে তাহা হইতে বাদশটী প্রস্রবণ নির্গত হয়, মুসার সঙ্গে বাদশ সম্প্রদায় ছিল, এক এক সম্প্রদায় এক এক প্রস্রবনে পর্য্যাপ্তরূপে জল পান করে। এস্রায়েল বংশীয় প্রাচীন লোকের। এই রূপ পাষাণ ভেদ করিয়া জল নিঃস্ত হওয়া ব্যাপার দেখিয়া আশ্চর্যায়িত হয়। সেই স্থানে এক্রায়েল বংশীয়-দের বিবাদ ও পরমেশবের পরীক্ষা হইয়াছিল বলিয়া ভাহার নাম 'মদা' ও 'মিরিরা' (পরীক্ষা ও বিবাদ) রাখা হয়। রিফিদিমে ছর্জান্ত শামালক জাতি মুদাদেবের দৈন্যদলের দকে ঘোরতর সংগ্রাম করে। পবে তাহারাই পরাস্ত হয়। সংগ্রামে জয় লাভের পর মহাপুরুষ मूना ज्यात এक दानी निर्माण कतिया जारात नाम "देशत जामारमत ध्वजा স্বরূপ" রাথেন।

#### মুদার শশুর ও পত্নীর আগমন ও মুদার বিচার প্রণালীর সংশোধন।

ইতিপূর্ব্বে মুদাদেব স্বীয় ভার্য্যা সেকুরাকে ভাঁহার পিতালয়ে পাঠাইয়াছিলেন। মুদার বস্তব শো অব মুদার দঙ্গে ঈশ্বর যে দকল ক্রিয়া করিয়ছেন ও এস্রায়েল জাতিকে যে মেদর হইতে বাহির করিয়া লইয়া আদিয়াছেন এই ওভদংবাদ অবগত হইয়া বিশেষ আফ্রাদ প্রাপ্ত হন, এবং আপন তুহিতা সেকুরা ও ভাঁহার তুই পুত্রকে দঙ্গে করিয়া প্রান্তরে মুদার নিকটে আগমন করেন। মুদার এক পুত্রের নাম গার্দের অপর পুত্রের নাম ইলিয়েষর ছিল। মুদা স্বীয় ইত্তরকে দক্ষরমে অভ্যর্থনা করিয়া গ্রহণ করেন ও দাদর সম্ভাষণে কুশল বার্ত্তা জিজ্ঞাদা কবিয়া প্রী পুত্রাদির দঙ্গে মিলিভ হন। পরে কের-ওল দদলে যে প্রকারে নিহত হইয়াছে ও ভাঁহার প্রতি ঈশ্বর যে দকল কর্ষণা প্রকাশ করিয়াছেন ও বনি এক্রায়েলকে ষেরপে উদ্ধার করিয়া আনিয়াছেন বিস্তারিতরূপে আপন শত্রকে বলিলেন। শোঅব দেই দকল কুশল সংবাদ অবগত হইয়া আনন্দে পুল্কিভ হন এবং ঈশ্বরের মহিমা কীর্ত্তন করিছে থাকেন। পরে তিনি দেই স্থানে ঈশ্বর উদ্দেশ্যে হোম ও নৈবেদ্য উৎসূর্গ করেন, এস্রায়েল বংশীয় প্রাচীন লেকেরা আদিয়া ভাঁহার সঙ্গে ভোজনে যোগ দেয়।

পরে মুসা এস্রায়েলমণ্ডলীর বিচার করিছে প্রবৃত্ত হন, প্রাতঃকালাবধি
সন্ধ্যাপর্যন্ত তাঁহার নিকটে লোকের ভিড় হয়। মুসা যে প্রকারে বিচার
কার্য্য নির্মাহ করিছেন তাঁহার খণ্ডর উহা দেথিয়া তাঁহাকে বলিলেন "তুমি
একাকী কেন প্রাতঃকাল হইতে সন্ধ্যা পর্যন্ত সমুদার লোকের বিচার করিয়া
থাক ?" মুসা বলিলেন "সকল লোক ঈশ্বরীয় বিচার জিজ্ঞাসা করিবার জন্য
আমার নিকটে উপস্থিত হয়, জামি বাদী প্রতিবাদীর উক্তি প্রবৃণ করিয়া
বিচার করিও ভাহাদিগকে ঈশবের বিধি ব্যবস্থা সকল জ্ঞাপন করিয়া
থাকি।" শোল্পব বলিলেন "ভোমার এরূপ আচরণ ভাল নয়, ভাহাছে
ভূমি ও অর্থী প্রভাগী উভয় পক্ষই ক্লান্ত হইয়া পড়িডেছ। কেননা এ কার্য্য
ভোমার ক্ষমতার অভিরিক্ত। ভূমি একাকী এত লোকের বিচার করি

শক্ষম নও। অত্যাব আমি তোমাকে এই পরামর্শ দিতেছি, ঈশ্বর তেমার সহায় হউন। তুমি লোকদিগের পক্ষ হইরা তাহাদের কথা ঈশবের নিকটে নিবেদন করিও, ও তাহাদিগকে ঐশবিক বিধি ও ব্যবস্থার উপদেশ দিও এবং তাহাদের গস্তব্য পথ ও কর্ত্তব্য কর্ম প্রদর্শন করিও। এতভিন্ন এই মণ্ডলীর মধ্য হইতে ঈশ্বরলীক সত্যবাদী নিঃমার্থ ম্বেলাগ্য লোক মনোনীত করিরা সহস্রপতি, শতপতি, পঞ্চাশৎপতি ও দশপতিরূপে নিযুক্ত কর, তাহারা সর্বাদা স্থা নির্দিষ্ট দলের বিচার করিবে, কোন মহা বিচার হইলে তাহা ভোমার নিকটে সমর্পিত হইবে, কিন্ত ক্ষুত্র বিচার সকল তাহারা করিবে। এইরূপ তাহারা সাহায্য করিলে তোমার কার্য্য ভার লম্মু হইবে। যদি তুমি এরূপে আচরণ কর ও ঈশ্বর তোমাকে এপ্রকার ক্ষান্ত্রা করেন, তবে তুমি একার্য্য বহন করিতে পারিবে এবং এই সকল লোকও মঙ্গলমতে আপনাদের গন্তব্য স্থানে গমন করিবে।" মুসাদের শ্বভরের এই পরামর্শ শিরোধার্য্য করিলেন, তদত্বরূপ বিচার কার্য্যাদির ব্যবস্থা করিয়া লইলেন। তনস্তর শোজব বিদায় প্রহণ করিয়া স্থানে প্রভাগমন করিলেন।

## সিনয় গিরিতে ঈশবের সঙ্গে মুসার কথোপকথন ও ঈশবের আজ্ঞা প্রচার।

মেশর হইতে যাতা করিয়া এআরেলবংশ তৃতীর মাসের প্রথম দিবসে
সিনয় প্রান্তরে উপন্থিত হয়। বাইবেলে সিনয় প্রান্তর সিনয়পর্বত
মোহশদীয় প্রহাদিতে এমন প্রান্তর, তুর পর্বত বা তুর সায়নাপর্বত
বলিয়া উলিখিত। তাহারা রিফিদিম হইতে যাতা করিয়া সিনয় প্রান্তরে
আসিয়া সিনয় পর্বতের সমূখে শিবির স্থাপন করে। তথন মুসা সেই প্রশ্বতিক পর্বতে আরোহণ করিলেন। পরমেশর পর্বত হইতে তাঁহাকে তাকিয়া
বলিলেন "তুমি ইয়কুবের বংশকে, এআয়েলের সন্তানগণকে আমার এই
উক্তি আপন কর, আমি কিব্তি দিগের প্রতি যাহা করিয়াছি এবং
উৎক্রোণ পক্ষীর পক্ষপুটের নাায় তোমাদিগকে যে বহন করিয়া
লইয়া আসিয়াছি তাহা তোমরা দেখিয়াছ। এই কণ যদি তোমরা আমার

আজা মান্য কর ও আমার নিয়ম পালন কর তবে তোমরা সকল লোক অপেকা আমার বিশেষ অধিকার পাইবে এবং আমার মনোনীত যাজকদিপের এক বংশ ও পবিত্র এক জাতি হইবে।" তথন মুদা স্থাদিয়া প্রাচীন লোক দিগকে নিকটে ডাকিয়া প্রমেখরের এই আজ্ঞা জ্ঞাপন করিলেন। ভাহাতে সকলে এক যোগে স্বীকার করিয়া বলিল "ঈশ্বর ঘাহা বলিবেন जामता छाटा शालन कतित । अति मूत्रा शत्र भावति । अति कथा নিবেদন করিলেন। পরমেশ্বর বলিলেন "আমি নিবিড় মেছের ভিতর দিরা ভোমার নিকটে উপস্থিত হইব, জোমার বঙ্গে আমার কথোপকথন হইবে. সকলে তাহা প্রবণ করিতে পারিয়া তোমাকে সিশাস করিতে বাধা ছইবে। ভুমি মণ্ডলীর নিকটে যাইরা ভাহাদিগকে পবিত্র হইতে বল। ভাহারা বল্লাদি रयन अकानन करत, अमा इटेरा पूरे मियन राम পविज जार याभन कतिया তৃতীয় দিবদের জনা প্রস্তুত হয়, কেননা তৃতীয় দিবদ আমি দিনর পর্কতে मकरनत माक्कारक व्यकाम भारेत। एमि हर्दिक मीमा निक्रमन করিয়া লোকদিগকে বল তাহারা পর্বভারোহণে বা দীমা স্পর্করণে যেন সাবধান হয়। যে ব্যক্তি পর্বত স্পর্শ করিবে দে হত হইবে। অভএব কেহ যেন সিনয় গিরিকে স্পর্ণ না করে। ভুরী ধানি হইবা মাত্র যেন ভাহার। পর্বভের নিকটে উপস্থিত হয়।" অনস্তর মুসা পর্বস্থ इटें मामिया जानिया मधनी क श्रीक इटें डिशानिश नाम करितनम. এবং বলিলেন "ভোমরা আপন আপন বল্ল ধৌত কর, ভূডীর দিবদের জনা প্রস্তুত হও, কেছ ভার্যার নিকটে গ্র্মন করিও না।" ভাছারা छमञ्जूल कार्या कतिन। शत छुछीत्र मियन छेवा कारन स्मान्त्रस्म বিছাৎ এবং গিরিশকে ঘনঘটা ও উচ্চ ভুরীক্ষমি ছইতে লাগিল ৷ এই व्याशास मिविद् नमुख्य लाक कन्शिष्ठ श्हेन । मुना नेबस्त्रत प्रमेत्नास्त्रला লোকদিগকে বাহির করিয়া পর্বতের নিয়ভাগে আনিয়া দণ্ডায়মান করি-त्नन । उथन नमल निनंत्र नर्का वृ ममन हिन, नत्र स्थत विद्यार वाहरम अजीव জনদণ্টলে পর্বত শিখরে প্রক,শ পাইরাছিলেন, ভাঁছার তেজ ও প্রভাগে লমুলার পর্বত কল্পিত হইডেছিল। মুদা গিরিশুলে আরোহণ করিরা ক্রবারের নিকটে কিছু জিজাসা করিলে ক্রমর আকাশবানীড়ে ভাহার উত্তর

দান করিলেন। পরে মুদা ঈশ্বরের জাজ্ঞাক্রথে পর্বত হইতে অবরোহণ পূর্ববিক হারুণকে দঙ্গে করিয়া পুনর্বার পর্বতে আরোহণ করিলেন। অন্য কেহ নির্দ্ধারিত সীমা লজ্মন করিয়া শৈল শিখরে আরোহণ করিতে পারে নাই। কিয়ৎক্ষণ, অস্তর মুদা নিমে অবতরণ করিয়া লোকদের নিকটে ঈশ্বরের আজ্ঞা দকল প্রচার করিতে লাগিলেন।

ভারতবর্ষন্থ মুনিঋষিদিপের জীবন দর্শন ও যোগপ্রধান ছিল। তাঁহার। ধ্যানযোগে স্ব স্থ অন্তরে পরব্রন্ধকে উজ্জ্বলরূপে দর্শন ও পরমান্ত্রার সঙ্গে আস্থার গভীর যোগসাধন করিয়া পরমানন্দ লাভ করিভেন। তাঁহাদের ব্রহ্মবাণী শ্রবণের কথা অতি অন্নই শুনিতে পাওয়া যায়। যথা মণ্ডুক উপনিষদে উক্ত হইয়াছে, "অন্তঃশরীরে জেনাভির্ময়োহি শুক্রং যং পশুতি যতয়ঃ ক্ষীণ-দোষাঃ।" ( অর্থ ) "দেই জ্যোতির্মায় নিক্ষ প্রমেশ্বর শ্রীরের অভ্যন্তরে মনোমধ্যে বিরাজ করেন, যোগিগণ নিস্পাপ হইয়া তাঁহাকেই দর্শম করিয়া থাকেন।" "জ্ঞান প্রসাদেন বিশুদ্ধসত্বস্তুত্ত্ব তং পশ্যতে নিকলং ধ্যায়মানঃ।" (অর্থ) "জ্ঞান প্রদাদে শুদ্ধচিত্ত ব্যক্তি ধ্যান যুক্ত হইয়া নিরবয়ব ব্রহ্মকে উপ-লব্ধি করেন।'' কঠোপনিষদে উক্ত হইয়াছে যে "তন্দুর্লর্শং গৃতমত্ব প্রবিষ্টং खशहिकः शक्तरतष्ठेः भूतानम् व्यथाखायागायिगरमन रम्वम् मधा यीरत। वर्षानारको জহাতি।" (অর্থ) "তিনি হুজের, তিনি স্মস্ত বস্তুতে গুঢ়রূপে প্রবিষ্ট হইয়া আছেন, ডিনি আত্মাতে স্থিতি করেন ও অতি নিগৃঢ় স্থানেও বাদ করেন, তিনি নিতা, ধীর ব্যক্তি প্রমান্ধার সহিত স্বীর আত্মার সংযোগ পূর্ব্বক অধ্যা-जारवारि तन्हें व्यक्तानवान् अत्रामश्रतक छे अनिकि कतिया हर्ष लाक हहे एक বিমুক্ত হন।" "অনোরনীয়ান্ মহতোমহীয়ান্ আত্মস্য জভোর্নিহিতে। গুহারাং ভমক্রতুঃ, পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদাক্ষহিমানমালুনঃ।" (অর্থ) পরমাত্মা অভি ফুকা হইতেও ফুকা এবং মহৎ হইতেও মহৎ, ভিনি প্রাণি-গণের অনুদরে বাস করেন। বিগতশোক ব্যক্তি সেই ইন্দ্রিয়াতীত বিধা-ভাকে ও ভাঁহার মহিমাকে ভাহারই প্রসাদে দর্শন করে।" "এয সর্কেরু ভূতের গুঢ়াকা ন প্রকাশতে, দৃশাতে বগ্রা ব্রুগা স্কারা স্থা দর্শিভিঃ।" (অর্থ) "এই চিৎস্করণ পরমাত্ম। সমুদায় প্রাণীর মধ্যে প্রচ্ছন্তরপে স্থিতি করি-**उट्टिन, अ**ध्यावनभी माधकश्व এकाश्रमत्न डांशांक नर्यन करतन।" हेड्यानि,

কিঙ্কী মুসার, জীবন শ্রবণপ্রধান, বন্ধবাণী শ্রবণই ভাঁহার জীবনের সার ডব। সকল অবস্থায় সাক্ষাৎ সম্বন্ধে এই রূপ প্রত্যাদেশ প্রবণ করিয়া চলিতে তাঁহার নাায় আর কাহাকেও দেখিতে পাওয়া যায় না। তিনি একাস্ত আজ্ঞাধীন ভূত্য ছিলেন। তাঁহার বিধানে ব্রহ্ম দর্শনের কথা বড় নাই। তিনি যে অন্তরে ঈশ্বর দর্শন করিয়াছেন তাহার কোন নিদর্শন পাওয়া ষায় না। ভাঁহার আত্মার কর্ণ প্রমুক্ত ছিল, তিনি সর্বাদা ঈশ্বর বাণী প্রাথণ করিতেন। তিনি দময়ে দময়ে বাহিরে প্রকৃতির ভিতরে তরু লতা পর্বত মেঘ ও বিহ্যুতের মধ্যে মাত্র ঈশ্বরের স্মাবির্ভাব স্ববলোকন করিয়াছেন। "স্থলে হরি कल हित हाल हित स्टर्श हित कारण कारिल हित हितमा वह कुम छन।" "ভূমি বিধরপী ভগবান নর্বভূতে বর্ত্তমান, জড় জীব তরু লভা সবকার প্রাণ।" এই দকল উক্তি মুদার জীবন ও তাঁহার প্রবর্তিত বিধান প্রমাণিত করি-তেছে। "দেই জ্যোতির্ময়" নিজলক পরমেশ্বর শরীরের অভ্যন্তরে মনোমধ্যে বিরাজ করেন যোগিগণ নিম্পাপ হইয়া তাঁহাকেই দর্শন করিয়া থাকেন।" ষুলার চরিত্র এই বত্যের সাক্ষ্যদান করে না। তিনি চক্ষু নিমীলন করিয়া ধ্যানের পথে গমন করেন নাই, অস্তর ছাড়িয়া বহিরে গিয়াছেন, বাহা জগতে বিশেষ বিশেষ পদার্থে কখন কখন ঈশ্বরের আবির্ভাব দর্শন করিয়া স্তম্ভিত হইয়াছেন। বৈদিক সময়ে ঋষিগণ যেমন চল্র স্থাাদি বাহ্যপদার্থে ঈশবের প্রকাশ দেখিয়া তাঁহার স্তব স্তৃতি বন্দনা করিয়াছেন মহাত্মা মুসা ও সেই-প্রকার তাঁহার প্রভু কিহোবার আবির্ভাব জড় বস্তর মধ্যে প্রভাক করিয়া মহিমা কীর্ত্তন করিয়াছেন। প্রথম ঈশ্বর বাহিরে পরে অন্তরে, প্রথম বাছ প্রকৃতিতে পরে সাত্মাতে প্রকাশ পান। ঋষেদে উক্ত হইরাছে "বিফোম কং वीर्गानि थारवाठः यः भार्थिवानि विमर्ग तजाः नि । रा जन्न जावकुछतः স ধহুং বিচক্রমাণ স্ত্রে ধে। রুগায়।" (অর্থ) হে মানবগণ, ভোমরা শীল্প সেই नर्का वाभी भारतमा राज महीश्रमी माकि की र्छन कर, यिनि धरे ममुम्य कर भार्थ ও উপাসক দিগের বাস্যোগ্য সভ্যলোক সুজন করিয়াছেন, সমুদায় পরাক্ষ जाहातहे, महाबाजा जाहातहे क्षणाना कतिया थाका" दिनिक अविनित्तत्र ঈশরের ন্যায় মুদার ঈশরও মহিমাধিত তেজোমর প্রতাপশালীরূপে প্রকাশ ু পাইয়াছেন। কিছ মুদার নমরে ঈশরের ব্যক্তিত ও কর্তত বেরূপ ব্যক্ত হই-

য়াছে বৈদিক সময়ে শেরপ নয়। মুসা সম্পূর্ণ রূপে আমিত বর্জিত হইয়া নিজের ইচ্ছা ও কর্ড্ড একেবারে বিগর্জন করিয়া জীবস্ত প্রভুর হত্তে যত্রস্বরূপ ছিলেন। ধর্মের আরত্তে ঈশ্বরভয় পরে ঈশ্বরপ্রেম, প্রথমতঃ ঈশর ভয়ঙ্কর শান্তিদাতা রূপে প্রকাশ পান, পরে প্রেমন্তরূপ হরি রূপে ভক্তের অন্তর অধিকার করেম। ভয় ধর্মের বাল্যাবস্থার, প্রেম যৌব-নাবস্থায়। বেদ হইতেই ভারতবর্ষে প্রকৃত ধর্মের স্ত্রপাত হয় তথন ঈখ-রের ডেজ মহিমা প্রভাপ ও ভীষণছের ভাবই প্রকাশ পায়, পরে পুরাণের সময়ে ঈর্বরের প্রেম ও লীলা, বিধাতৃত আরম্ভ হয়। এই প্রকার পশ্চিম এদিয়ায় মুসার বিধান হইতেই জ্বলম্ভ বিধানের স্থত্তপাত, স্মুভরাং এই বিধানের শাম্বে ভর, শাসন, ঈখরের পরাক্রম ও প্রভাপের কথাই বাছল্যরূপে বিবৃত হই-রাছে। মুদার ঈশ্বর প্রেমময় নহেন, তেজোময় পরাক্রমশালী ভয়ন্কর। পরবর্ত্তী ঈসার বিধানে স্বর্গীয় প্রেমের প্রকাশ। জ্রমেই বিধানের বিকাশ ও পূর্ণতা। মুসার উপদেশ "চকুর পরিবর্তে চকু দত্তের পরিবর্তে দন্ত উৎপাটন কর।" ইবার উপদেশ "অভ্যাচারের প্রভিরোধ করিও না, যদি কেই ভোমার দক্ষিণ গতে চপেটাঘাত করে ভাহাকে বাম গও ফিরাইয়া দিও।' ধর্মের প্রথম ব্দবস্থার নীতি, বিভীয় অবস্থায় প্রেম। মুসার ধর্ম কঠোর নীতির উপর ঈদার ধর্ম প্রেমের উপরে সংস্থাপিত।

মুদা পর্বত ইইতে ঈশরের যে সকল আজ্ঞা শ্রবণ করিয়া মণ্ডলীর নিকটে প্রচার করিয়াছিলেন, তাহার করেকটা এন্থলে উদ্ধৃত করিয়া দেওয়া গেল।

"আমার সমক্ষে অন্য কোন দেবতা রাখিতে পারিবেনা, ভূমি আপ-নার নিমিত্ত কোন খোদিত মূর্ট্ট অথবা উপরিত্ত আকাশ কিংবা অধঃত্ত পৃথিবী কিংবা তল্লিয়বতী সনিল্ভ কোন পদার্থের প্রতিমা নির্মাণ করিবে না।

"প্রভু পরমেখনের নাম নিরর্থক লইওনা, কারণ যে কেহ তাঁহার নাম নির্থক লয় পরমেখর ভাহাকে নিরপরাধী গণ্য করেন না।

"বিচারে অন্যায় করিওনা, দরিজের মুখাপেক্ষা করিও না, ধনীরও সঙ্কম করিও না, ভূমি ন্যায়েছেই স্বীয় প্রতিবেশীর বিচার করিও।

"ভূমি মনে মনে প্রাভ কে খুণা করিও না, কিন্তু বে কোন প্রকারে হউক্

শীর প্রতিবাদীকে অন্নযোগ করিবে এবং তাহাকে প্রাপ করিতে দিবেনা।

"প্রতিহিংশা করিওনা ও স্বজাতির প্রতি দেশ করিওনা, কিন্তু প্রতি
বাদীকে আত্মবৎ প্রীতি করিবে।

"নর হত্যা করিও না, পরদার করিও না, চুরি করিও না, আপন প্রতিবাসীর বিক্লমে মিথ্যা সাক্ষ্য দিও না, প্রতিবাসীর গৃহে লোভ করিও না।"

মুশা পর্বত হইতে নামিয়া এই দকল আজ্ঞা প্রচার করিলে পর লোক দকল পর্বভকে মেঘ গর্জনে প্রতিধানিত, তড়িদামে আলোকিত ও ধুমময় দেখিল। তাহারা এই ভয়স্কর দৃশা দেখিয়া পলায়ন করিয়া দূরে দাঁড়াইল, এবং মুদাকে বলিল "তুমি আমাদের দঙ্গে কথা বল, ঈশ্বরের কথা আমরা ভনিতে চাহি না, আমাদের প্রাণ ওঠাগত হইয়াছে।" তখন মুদা তাহাদিগকে কহি-লেন "ভয় করিও না, তোমাঁদিগকে পরীকা করিবার জন্য ও তোমরা যেন আর পাপ না কর এই নিমিত্ত পরমেশ্বর আপন ভয়ানক মূর্ত্তি প্রদর্শন করি-লেন।" তথন লোক দকল দুরে দণ্ডায়মান ছিল, কিছ যে ছানে পরমেধর ছিলেন সেই ছোর অন্ধকারের নিকটে পুনর্কার মুদা গমন করিলেন। পরি-শেষে প্রমেশ্র মুদাকে কহিলেন "তুমি এলায়েল মগুলীকে বল, আমি আকাশে থাকিয়া তোমাদের দক্ষে কথা কহিলাম, তোমরা তাহা প্রত্যক্ষ করিলে, অতএব তোমরা আমার সাক্ষাতে রোপ্যময় বা কর্ণময় দেবতা আপ্নাদের জন্য নির্মাণ করিও না। তুমি হে মুসা, আমার নিমিত এক মুক্তরী বেদী নির্মাণ কর, তত্ত্পরি হোম বলি ও মঙ্গলার্থ বলি উৎদর্গ কর।" हेणां क्रिक छेलाम ६ आएम क्रिलिन। लाद क्रमणः लदरमध्य स्ता-ছারা এসায়েল মণ্ডলীর প্রতি সামাজিক ও পারিবারিক নিয়ম প্রণালী শাসন বিধি পূজা হোম বলি বভাদির নিয়ম পর্বাহ ও উৎস্বাদির ব্যবছা খাদ্যা থাদ্য নির্ণয় ও প্রায়শ্চিত বিধি ও নানা প্রকার উপদেশ ও আদেশ প্রচার করিলেন, তাহা বিভারিত বর্ণন করিয়া পুস্তক দীর্ণ করা আবশাক বোধ হইন না। তাহার আনেক নিষ্ম প্রণালী ও বিধি হাবছ বর্তুমান সময়ের উপবোগী নহে। মুসা ও বনি এআরেব সমসে ' অনেক অবাস্তর ঘটনার সজ্বটন হইয়াছিল, ছাহা তাদৃশ প্রয়োজনীয়

নয় বলিয়া উল্লেখ করা গেল না। কেবল প্রধান কয়েকটা বিষয় উলিভ ইইভেছে।

পৃথির মুসাকে বলিয়াছিলেন "স্থফ সাগর অবধি পিলেষ্টায় সমুদ্র পর্যান্ত এবং প্রান্তর অবধি ফোরাত নদী পর্যান্ত তোমাদের ক্ষিকারের সীমা নির্দ্রণ করিলাম, আমি সেই দেশের বর্ত্তমান নিবাদীদিগকে তোমাদের হস্তে সমর্পণ করিব, তোমরা তাহাদিগকে বলে কৌশলে ক্রমে ক্রমে তাড়াইয়া দিও, তাহাদের সঙ্গে কিছা তাহাদের দেবগণের সঙ্গে কোন অঙ্গীকার করিও না। তোমাদের অধিকৃত দেশে তাহাদের বাস করা উচিত নয়, তাহারা তোমাদিগকে আমার বিরুদ্ধে পাপে লিপ্ত করিবে। যদি তোমরা তাহাদের দেবগণকে দেবা কর তবে অবশ্য তাহারা তোমাদের ফাঁদে স্বরূপ হইবে।"

অনস্তর পরমেশ্বর মুসাকে কহিলেন "তুমি এস্রায়েল মণ্ডলীকে বল, কামি ভাহাদিগকে যে দেশ দিব ভাহার। দেই দেশে প্রবেশ করিলে পর ঈশ্বরের উদ্দেশ্যে ভূমির বিশ্রাম হইবে, রুষকগণ ছয় বৎসর পর্যান্ত আপন ক্ষেত্রে বীজবপন করিবে, দ্রাক্ষার উদ্যান করিবে ও দ্রাক্ষা ফল সংগ্রহ করিবে, কিন্তু সপ্তম বৎসর ভূমির বিশ্রাম কাল হইবে, পরমেশ্বরের উদ্দেশ্যে দেবিশ্রাম করিবে। সেই বৎসর কেহ শায় বশন বা কর্ত্তন ও বুক্ষাদিরোপণ করিবে। টেক্ত বৎসর ভাহারা পূর্ব্ব বৎসরের সঞ্চিত শাস্যাদি ভোগ করিবে। ক্ষেত্রোৎপন্ন সমুদায় দ্রব্য ভাহাদেব ও ভাহাদিগের দাস দাসীর ও সহবাসী বিদেশীর ও ভাহাদের পালিত পশু ও দেশন্থ বন্য পশুদিগের আহার্য্য হইবে।" অপিচ হই। ও বিলিলেন, "ক্ষেত্রের শায় ছেদন কালে ভোমরা নিঃশেষরূপে ছেদন করিবে না, এবং ক্ষেত্র হইভে পত্তিত শাস্য সংগ্রহ করিবে না, ভাহাদীন হীন ও বিদেশীয় লোকদিগের জন্য রথিয়া দিবে।"

শনস্তর পরমেশর মুসাকে বলিলেন "তুমি হারুণ ও ভোমার অন্য তুই সহচর নাদব ও অবিহ এবং এপ্রায়েল বংশের সত্তর জন প্রাচীন লোক সহ আমার সন্ধিধানে আগমন কর, তুমি নিকটে আসিবে ভাহারা দূরে থাকিয়া আমার ভজনা করিবে, ভোমার সঙ্গে পর্বতে আরোহণ করিতে পারিবে না।" তথন মুসা আসিরা পরমেশ্বরের এই বিধি লোকদিগকে জ্ঞাপন করিলে সকলে এক বাক্য হইরা বিলিল "ঈশ্বর যাহা আজ্ঞা করিলেন আমরা তাহা পালন

किश्वित।" পরে মুসা পরমেশরের সমুদার অঙ্গীকার ও বিধি লিখিয়া রাখিলেন, এবং প্রত্যুবে উঠিয়া পর্বত মূলে এক যজ্ঞবেদী নির্মাণ করিলেন এস্রায়েলীয় ছাদশবংশীয় যুবকগণ হোমার্থ ও মঙ্গলার্থ পশু সকল বলিদান। করিল। ভখন মুসা সেই বলি-পশুর শোণিত অর্দ্ধাংশ বেদীর উপর অর্দ্ধাংশ লোক-দিগের উপর দিঞ্চন করিলেন এবং নিয়ম পুস্তক সকলের নিকটে পাঠ করিয়া বলিলেন "পর্মেশ্বর ভোমাদের জন্য যে দকল নিয়ম করিয়াছেন এ দেই নিয়মের রক্ত, ইহা ভোমাদের শরীরের রক্তের সঙ্গে গিশিয়। যাউক।" ভৎপর মুদা ও হারুণ নাদব ও অবিহ এবং অপর সন্তর জন প্রাচীন লোক যাইয়া এস্রা-য়েলের স্থরকে দর্শন করিলেন। মোহমাদীয় শাস্ত্রকারেরা বলেন যে মহাপুরুষ মুনা মণ্ডলীর প্রধান দত্তর ব্যক্তিকে দঙ্গে করিয়া পুন্য শৈলে উপস্থিত হইলে ভাহার৷ ঈখরের বাণী শ্রবণ করিয়া বলিতে লাগিলেন "যে পর্যান্ত ঈশ্বর দর্শন না হয় সে পর্যান্ত আম্বা বিশ্বাস করিতে পারি না।" এই কথার পরই তাঁহা-দের উপর বিদ্যাৎ প্রকাশ পায় ও বজ্ঞাবনি হয় ভাঁহারা কাঁপিতে কাঁপিতে অচেতন হইয়া পড়েন। (প্রাণত্যাগ করিয়াছেন বলিয়াই উল্লিখিত হইয়াছে!) ভাহা দেখিয়া মহাত্মা মুদা শোকাকুল হইয়া প্রার্থনা করেন "হে আমার প্রভো, যদি তুমি ইহাদিগকে ও আমাকে ইতিপূর্বে হত্যা করিতে ভাল हिल, जामार्एत निर्स्ताथ लाकित। वादा कतियाह उज्जना कि आमारिशक वध कति उन्ह े जूमि जामा दिन वसू, जामा निभारक कमा कत ও जामा-দিগকে দয়া কর, তুমি ক্ষমাশীল্দিগের মধ্যে শ্রেষ্ঠ।" মুসা এইরূপ প্রার্থনা क्तित्व भारते क्रेश्चर प्रशा क्तिशा छ। शामिशक भूम क्रीयम पान करतम। ज्यन পরমেশ্বর মুদাকে কহিলেন "ভূমি পর্বতে আমার নিকটে আদিয়া হিছি কর, আমি মণ্ডলীর শিক্ষার্থ যে প্রস্তর ফলকে ব্যবস্থা লিপি করিছেছি ভাহা ভোমার হত্তে সমর্পণ করিব।" ইহা ওনিরা মুদ। প্রাচীনবর্গকে কহিলেন "আমি যে পর্যান্ত ফিরিয়া না **আ**দি সে পর্যান্ত এ স্থানে তোমরা **অবস্থিতি** করিতে থাক। হারুণ তোমাদের নিকটে রহিলেন, ভোমাদের মধ্যে কোন বিহাদ উপস্থিত হইলে তিনি নিম্পত্তি করিবেন।" এই বলিয়া তিনি পর্বতে চলিয়া গেলেন। যখন তিনি সিনয় পর্বতের উপরে আরোহণ করিলেন ভখন মেহাবলীছারা পর্বত আচছন ছিল, দেই মেঘের মধ্যে ঈথরের তেজ

শ্বিতি করিতেছিল। ক্রমাগত ছঃ দিন পর্বতি মেঘাচ্ছন্ন থাকে, সপ্তম ধিবদ ঈশ্বর মেঘের মধ্য হইতে মুদার দঙ্গে কথা বলেন। তদবধি মুদা বিশেষ ত্রত অবলম্বন করিয়া চল্লিশ দিন পর্বতে যাপন করেন।

এস্রায়েল মণ্ডলীর গোবৎসমূর্ত্তিপূজা ও মুসার শাসন। মুদার দক্ষে স্বর্ণকারের কার্য্যে স্থপটু দামরি নামক এক ব্যক্তি ছিল। এস্রায়েলমণ্ডলী মুদার পর্বত হইতে প্রত্যাগমনে বিলম্ব দেখিয়া দামরির নিকটে উপস্থিত হইয়া বলিল "আমাদের নেতা মুসার সম্বন্ধে কি ঘটিল কিছুই বুঝিয়া উঠিতে পারিতেছি না, বোধ হয় তাহার মৃত্যু হইয়াছে। অতএব আমাদের জীবনের ভার গ্রহণ করে এমন এক দেবত। ভূমি আমা-দের জন্ম নির্মাণ কর।" সামরি ভাহাতে সমত হইয়া ভাহাদের নিকটে ম্বর্ণ রন্ধভাদি ধাতু দ্রব্য প্রার্থন। করিল, ভাহার। কিব্ভিগণ হইতে যে সকল অভরণাদি আনয়ন করিয়াছিল সেই সমস্ত ভাহার নিকটে আনিয়া দিল। সামরি ছাঁচে সেই সমস্ত ধাতু দ্রব্য গলাইয়া এক গোবৎস মূর্ত্তি নির্মাণ করিল, এবং দেই মূর্ত্তির ভিতরে এরূপ কৌশল করিল যে উহা গোবৎদের ন্যায় ডাকিতে লাগিল। এস্রায়েল মণ্ডলী এই অপূর্ব্ব দেবতা প্রাপ্ত হইয়া মহা আনন্দিত হইল, এবং তাহাকে দাদরে পূজা করিতে লাগিল। মুদার প্রতিনিধি হারুণও তাহাদের দঙ্গে যোগ দিলেন, তিনি সেই ঠাকুরের দল্পথে এক বেদী নির্মাণ করিয়া কল্য এই পরমেশ্বরের উদ্দেশ্যে উৎসব হুইবে এরূপ দোষণা করিলেন। তদক্ষণারে পর দিন প্রতাষে সকলে আসিয়া হোম নৈবিদ্যাদি উৎসর্গ করিল ও ভোজন পান করিয়া আমোদ করিতে লাগিল। তথন প্রমেখ্র মুদাকে বলিলেন "দেখ ভোমার অসাক্ষাতে অরাধা অবোধ লোকেরা মহা পাপ করিল, ভাহারা আমার পরিবর্ত্তে গোবৎস মূর্ত্তির পূজা আরম্ভ করিয়াছে। আমি ইহাদিগকে বিনাশ করি।" মুদা ইহা অবগত হইয়া মহা কুন্ধ ও সম্ভাপিত হন, তৎক্ষণাৎ ঐশ্বরিক উপদেশাবলী অঞ্চিত হুই প্রস্তর ফলক হভে করিয়া পর্বত হইতে নামিয়া আদেন, শিবিরের নিকটবর্জী হইয়া দেখেন যে এক্সায়েলমগুলী তাহাদের গোবৎস ঠাকুরের সন্মুখে আনন্দে ন্তা করিতেছে ৷ ইহা দেখিয়া তিনি অত্যন্ত অন্থির হন ও হস্তস্থিত প্রস্তর া

ফলাক ভূতলে নিক্ষেপ করিয়া ভালিয়া ফেলেন, এবং বংস দেবকে অগ্নিতে দগ্ধ করেন ও তাহা ধূলীবৎ পেষণ করিয়া জলের দঙ্গে মিশাইয়া মগুলীকে পান করিতে দেন। পরে তিনি হারুণকে ভর্পনা করিয়া বলেন "তুমি শাক্ষাৎ থাকিতে এ সকল লোক এরূপ মহাপাপ কেন করিল, ভূমি কেন ইহাদিগকে গোবৎস পূজায় যোগ দানে বাধা দিলে না?'' হারুণ বলিলেন "প্রভো, ক্রোধ করিবেন না, ইহারা চাক্ষুষ বস্তুর প্রতি আদক্ত, ভাহা আপনি জ্ঞাত আছেন, ইহারা চাক্ষুব দেবতার প্রার্থী আপনার সেই अनुगा नेशत bice ना। अञ्चव आमि ভाहारमत कार्या विरताधी ध्रे-নাই।" বাইবেলে লিখিত আছে হারুণই গোবৎসের করিয়াছিলেন, কিন্তু মোহমদীয় নানা গ্রন্থে দামরি তাহার নির্মাতা বলিয়া উলিথিত হইয়াছে। যাহাহউক পরে মুদা শিবিরের ছারে দণ্ডায়মান হইয়া বলিলেন "পরমেশ্বরের পাঁক্ষে কে আছে সে আমার নিকটে উপস্থিত হোক। লেবীর সম্ভানগণ ভাঁহার নিকটে সমবেত হইল, তথন মুসা ভাহাদিগকে বলিলেন "এআরেলের প্রভু পরমেশ্বর এই আজ্ঞা করিতেছেন যে, ভোমরা প্রত্যেক ব্যক্তি অসি ধারণ করিয়া শিবিরের মধ্য দিয়া এক দার হইতে অন্য ঘার পর্যান্ত গমনাগমন কর ও প্রত্যোকে ব ব ভাতা মিত্র ও প্রতিবেশীদিগকে বধ কর।" মুসার বাক্যান্স্লারে ভাহারা ভজাপ করিল, ভাহাতে ন্যুনাধিক তিন দহস্র লোক মারা পড়িল। মুদা বলিয়াছিলেন "তোমরা প্রত্যেক জন স্ব স্থুত্র ও প্রাতার বিপক্ষ হইয়া পরমেশ্বরের উদ্দেশ্যে আপনাদিগকে পবিত্র কর, তিনি তোমাদিগকে আশীর্কাদ করিবেন।"

পর দিন মুশা সকলকে বলিলেন "ভোমরা মহাপাপ করিয়াছ এইক্ল আমি পরমেশ্বরের নিকটে বাইতেছি, যদি আবশাক হয় আমি ভোমাদের পাপের প্রারশ্ভিত্ত করিব।" অনস্তর মুশা পরমেশ্বের সন্নিধানে আদিয়া বলিতে লাগিল "এই সকল লোক পুত্তলিকার উপাদক হইয়া মহাপাপ করিয়াছে, প্রভো, ভূমি কুপা করিয়া ইহাদের পাপ ক্ষমা কর, যদি ভাহা না কর তবে আমি বিনয় করিয়া বলি ভোমার পুস্তক হইতে আমার নাম উঠাইয়া লও।" ভাহাতে পরমেশ্বর বলিলেন "যাহায়া আমার বিকর্ত্তে পাপ করিল • ভাহাদের নামই পুস্তক হইতে উঠাইয়া লইব, আমি য়থা দ্মরে ভাহাদের পাপের প্রতিফল দিব। যাও, আমি যে দেশের বিষয় তোমাকে বলিয়াছি সেই দেশে লোকদিগকে লইয়া চল।"

#### হারুণের মৃত্য।

পরে মুদা এন্তায়েল মণ্ডলী দহ দিনয় হইতে যাতা করিয়া বছক্লেশে নানা ় **হুর্গম স্থান অতিক্রম পূর্বকে ইলোম রাজ্যের সীমাস্থিত কাদেশ নগরে উ**প-श्विष्ठ हन, পথে জল कष्टे अन्न कष्टे अनुष्ठ हत्र, मख्योत लाक्तित्र ভজ্জনাবড় অন ধৈষ্য হইয়াছিল। ইদোমের রাজা ভাহার রাজা মধ্য দিয়া গমনে তাহাদিগকে বাধা দেয়। মুদা অনেক অনুষয় বিনয় করেন, রাজা কিছতেই পথ ছাড়িয়া দেয় না। তথন এস্রায়েল মণ্ডুলী কাদেশ হইতে প্রস্থান করিয়া হোর পর্বতে উপস্থিত হয়। ইদোম দেশের দীমাস্তবর্ত্তী হোর পর্বতে পরমেশ্বর মুদাকে বলিলেন 'হারুণ স্বীয় পিতৃলোকের নিকটে সংগৃহীত হইবে, আমি এস্রায়েল বংশকে যে দেশে দিব সে সেই দেশে প্রবেশ করিবে না। ভূমি হারুণকে ও ভাহার পুত্র ইলিয়াসরকে হোর পর্কভের শিখরে লইয়া আইস এবং হারুণের বস্ত্র ভাহার পুত্রকে পরিধান করিতে দেও, ছারুণ তথায় প্রাণত্যাগ করিয়া স্বীয় পিতৃ পুরুষদের দক্ষে মিলিত হইবে।" তথন মুদা ঈখরের আজ্ঞানুদারে সমুদায় কার্য্য সম্পাদন করিলেন। হারুণ হোর গিরি শৃঙ্গে প্রাণত্যাগ করিলেন। পরে মুদা ও ইলিয়াদর পর্বত হইতে নামিয়া আসিলেন। হারুণের মৃত্যুতে সমস্ত এলায়েলমগুলী তিশ দিন প্র্যান্ত শোক প্রকাশ করিল।

### এন্ত্রায়েল মণ্ডলীর মাংসের প্রতি লোভ ও তাহার প্রতিবিধান।

পূর্বের কোরাণের উক্তি বলিয়া উলিখিত হইরাছে যে এপ্রায়েলমওলী একবিধ খাদেট বিরক্ত হইরা উঠিয়াছিল, এইক্ষণ তাহার বিস্তারিত বিবরণ ও শেষ ফল আদি বাইবলের মুগা লিখিত চতুর্থ পুস্তক হইতে বর্ণিত হইতেছেন •

ক্ষমী: এস্রায়েল মণ্ডলী অভিশয় লোভী হইতে চলিল, রজনীতে রাশি রাশি মালা শ্বা বাভাদে উড়াইয়া আনিয়া ফেলিভ, ভাহারা ভাহা কুড়াইয়া চুর্ব করিয়া পিষ্টক প্রস্তুত করিত, তৈলপক্ক পিষ্টকের ন্যায় উহার আস্বাদ ছিল। সেই মারা ভোজনে ভাহাদের অকচি হইল, তখন মাংসের অভাব ঘটিয়া উঠিল। ভাহারা মুদার নিকটে এই বলিয়া কন্দন করিতে লাগিল, কে আমাদিগকে মাংস থাইতে দিবে ? মেসের দেশে আমরা যে সকল মৎসা মাংস শশা থকি জা পলাতু লন্ডন প্রভৃতি বিনা মূল্যে লাভ করিয়া ভোজন করিতাম এইক্ষণ তাহা মনে পড়ে। আমাদের প্রাণ শুক হইল, আমাদের সন্মুখে নালা ব্যতীভ কিছুই নাই।" মুদা লোকদিগের রোদন শুনিয়া অত্যন্ত ছঃথিত হললন এবং ঈশ্বরকে বলিলেন ''তুমি আপন দাসকে কিজন্য এরূপ ক্লেশ দিতেছ? কিজন্য তুমি এই সকল লোকের ভার আমার মস্তকে অর্পণ করিলে? আমি কি ইহাদিগকে গর্ভে ধারণ করিয়াছি না জন্ম দান করিয়াছি ? হুগ্ধ পোষ্য শিশু বহনকারিণী জননীর ন্যায় ইহাদিগকে বক্ষে বহন করিতে কি তুমি আমাকে আজ্ঞা করিতেছ ? আমি কি এইরূপ দেশশুদ্ধ লোকের ভার বহন করিব ? এই সকল লোককে এই ক্ষণ আমি কোথা হইতে মৎস্য মাংস যোগাই 🕫 ইছারা দকলে আমার নিকটে রোদন করিয়া 'আমাদিগকে মাংস দেও, আমরা মাংস থাইব বলিতেছে, এত লোকের ভার সহু করা একা আমার পক্ষে অসাধ্য, আমার শক্তির অভিরিক্ত। তুমি যদি আমার প্রতি এরপ আচরণ ক্রিভে চাও ভবে অনুগ্রহ করিয়া স্মামাকে একেবারে ব্ধ কর ভাহাহইলে আর নিজের ছুর্গতি দেখিতে হইবে না।" তথন প্রমেশ্বর মুসাকে কহিলেন "ভুমি এলায়েল বংশীয় সভর জন প্রাচীন অধ্যক্ষ পুরুষকে মণ্ডলীর আবাসভারের নিকটে উপস্থিত কর, আমি সেই স্থানে প্রকাশিত হইয়া ভোমার দঙ্গে কথা কহিব এবং ভোমার আত্মার শঙ্গে তাহাদের আত্মার যোগ স্থাপন করিয়া দিব, তাহাতে তাহারা মণ্ডলীর ভরি বহনে তোমার দহকারী হইবে। তুমি দকলকে জ্ঞাপন কর যে জেমিরা আগামী দিবদের জন্য পবিত্র হইয়া প্রস্তুত হও, মাংস ভক্ষণ করিতে পাইবে। ঈশব তোমাদের রোদন শুনিয়াছেন, তিনি তোমাদিগকে এক মাদ প্রাস্থ প্রতি দিন প্রয়াপ্ত মাংস থাইতে দিবেন।" তথন মুসা কহিলেন "প্রভেট্ন আমার দক্ষে ছর লক্ষ পদাতিক, তুমি তাহাদিগকে এক দিন ছই দিন বনর
সম্পূর্ণ এক মাদ প্যান্ত মাংস যোগাইবা, তাহাদের জন্য কত গো মেষ
বধ করিলে কুলাইবে ? সমুদ্রের সমুদার মৎস্য সংগ্রহ করিলেও বোধ করি
সঙ্কুলন হইবে না।" তাহাতে প্রমেশ্বর বলিলেন "ঈশ্বরের হস্ত কি সঙ্কু চিত?
আমার উক্তি সকল হয় কি না দেখিবে।"

তখন মুদা বাহিরে যাইয়া পরমেখনের আজ্ঞা লোকদিগকে জানাইলেন, এবং পর দিন প্রাচীন সম্ভর জন লোককে একত্র করিয়া স্পাবাদের চতুস্পার্শে উপস্থিত করিলেন। সেই সময় পরমেশ্বর মেঘ রথে অবতীর্ণ হইয়া মুসার আত্মার কিয়দংশ গ্রহণপূর্ব্বক উক্ত প্রাচীন পুরুষদিগের আত্মার সঙ্গে যোগ করিয়া দিলেন। তাহাতে তাঁহারা ঈশ্বরাদিষ্ট বাক্য বলিতে লাগিলেন। অধি-কস্তু শিবিরাভ্যস্তরে ইল্দদ ও মেদদ নামক ছই ব্যক্তিও পবিত্রাত্মাধারা পূর্ব হইল। তাহারা উক্ত সন্তর জনের মধ্যে গণ্য ছিল না, শিবিরের বাহিরেও নির্দিপ্ত স্থানে আগমন করে নাই, অথচ ভাহারা ঈর্ধরাদিপ্ত বাক্কা বলিতে লাগিল। তথন এক যুবা দৌজিরা আদিরা মুদাকে কহিল 'ইল্দদ ও মেদদও ঈশ্বরাদিষ্ট হইয়া আশ্চয্য কথা বলিতেছে।'' মুদার এক যুবক অন্তর মুসাকে কহিল "প্রভো, আপনি তাহাদিগকে বারণ করুণ।" তাহাতে মুসা-দেব বলিলেন "ভূমি কি আমার অহুরোধে তাহাদের প্রতি ইর্ব্যা করিতেছ ? জামি ইচ্ছা করি সমুদায় লোক প্রত্যাদিষ্ট ইইয়া কথা বলুক, পরমেশ্বর नमून (युत मर्था श्रीय जाचा शांभन ककन।" পরে মুদা ও প্রাচীনগণ শিবিরে প্রবেশ করিলেন। অবশেষে পরমেশ্বর আদেশে প্রবল বায়ু নির্গত হইয়া অগণ্য ভাটুই পক্ষী শিবিরের নিকটে আনিয়া ফেলিল, ভাহাতে শিবিরের চতুর্দিক এক দিবসের পথ পর্যান্ত শাতাহত ভাটুই পক্ষী দারা ছই হস্ত পুরু হটয়া ভূমি আছোদিত হইল। সকলে দিবা রাত্তি অবিশ্রাস্ত দেই পক্ষী দংগ্রহ করিয়া স্ব স্ব পটমগুপে স্তৃপাকার করিল এবং ভবিষ্যতের জন্য মাংসরাশি ভদ করিয়া রাথিয়া দিল। তথন ঈশবের অভিশাপ হয়। মহামারী উপস্থিত হইরা লোভী মাংসাশী দিগকে সংহার করে। মুসা সেই স্থানের নাম ফিত্রোৎহওয়াবা (লোভীর কবর ) রাথেন। কেননা তথায় লোভীদিগকে কবর দেওস।

হয়। পরে এস্রায়েলমণ্ডলী ফিরোৎছওয়াবা হইডে হৎসাবাভে যাত্র। করেঃ।

#### ধূর্দ্মযাজকগণের প্রতি বিধি।

হারুণের চারি পুত্র ছিল, নাদব, অবিহ ইলিয়াসর ও ইথামর। সর্বা-জ্যেষ্ঠ নাদ্ব ছিলেন। ইহারা সকলেই অভিষিক্ত যাজকের পদে নিযক্ত ছিলেন। নাদ্ব ও অবিহ দিনয় পর্কতে প্রাণ্ড্যাগ করিয়াছিলেন। তাঁহাদের मुखानां कि हिल ना, हेलियानत ७ हेथामत युक्त किया मुल्यानन कतिएक ছিলেন। পরমেখর মুশাকে ৰলিয়াছিলেন যে ভূমি হারুণের পুত্র যাজ-কগণকে বল যে স্বজাতির মধ্যে কাহার মৃত্যু হইলে ধর্ম যাজক অশুচি হইবে না, কেবল স্বীয় পিতা মাতা, পুত্র ও কন্যা এবং ব্রাতা ও অধিবাহিতা ভগিনী মরিলে অশুচি ছইবে। যাজকগণ আপন দলে প্রধান, অভ এব ভাহারা সাধা-রণ লোকের মৃত্য জন্য আপনাদিগকে অভচিগণ্য করিবে না। ভাহারা শাশ্রু ও মন্তক মুখন করিবে না, এবং আপন শরীরে কোনরূপ অল্লাঘাত করিবে না, \* ঈশ্বরের উদ্দেশ্যে পবিত্র থাকিবে, ঈশ্বরের নাম দাধারণ ও হেয় ক্রিবে না। ভাহার। প্রমেখরের উদ্দেশ্যে উপহার উৎদর্গ করে অভএব ভাহারা প্রিত্তা রক্ষা করিবে। ভাহারা বেশ্যাকে কিমা ব্যভিচারিণী নারীকে অথবা স্বামীর পবিত্যক্তা দ্বীকে বিবাহ করিবে না। স্বামি পাপ-হারী প্রমেশ্বর পবিত্র, অভএব আমার নিয়োজিত যাজকগণও যেন পবিত্র হয় ।"

# ভূরী বাদ্যের বিধি।

পরে পরমেশর মুদাকে কলিলেন "তুমি ছইটি রৌপ্যময় তুরী নির্মাণ কর, ভদ্ধারা দৈন্যের সমাগম ও শিবিরস্থ সকলের প্রস্থাণার্থ আজ্ঞা প্রচার হটবে। সেই ছই তুরী বাজিলে সমস্ত মণ্ডলী আবাস শারের সমূর্ণে

শেই সময়ে সাধারণ লোকেরা অয় ও উয়ি য়ারা অয় অভ্যক চিহ্নিক
 ৪ চিত্রিক করিত।

ভোমার নিকটে আদিবে। কিন্তু এক ত্রীর ধ্বনি হইলে অধ্যক্ষণ অর্থাৎ সহস্রাধিপতি লোকেরা ভোমার সন্ধিধানে আগমন করিবে। রেণ্-বাদ্য বাজিলে পূর্কদিকৃত্ব শিবিরের লোকেরা চলিয়া যাইবে, দ্বিতীয় বার রণবাদ্য ইইলে দক্ষিণদিকৃত্ব শিবিরের দৈণ্যগণ যাত্রা করিবে। এইরূপে ক্রেম ভাহাদের প্রত্থানার্থ রণবাদ্য বাজাইতে হইবে। কিন্তু মগুলীর সমাণ্যমার্থ যথন ত্রী ধ্বনি করিবে তথন রগবাদ্য করিবে না। হারুণ যাজকের প্রেম্ম এই ত্রী বাজাইবে। এই ত্রী ধ্বনির বিধি ভোমাদের প্রক্ষাম করেবে তথকার বেদশে হরন্ত শক্ষ্যণের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করিবে তথকালে এই ত্রীতে রণবাদ্য বাজিবে, ভাহাতে ভোমাদের প্রত্থা প্রমেশ্বর ভোমাদিগকে অরণ করিবেন, ভোমরা শক্রকুল হইতে রক্ষা পাইবে। এক জ্বানন্দ দিনে ও পর্কাহে ও মাদারজে, ভোমাদের হোম বলি ও মঙ্গলার্থ বিলিদান সময়ে ভোমরা এই ত্রী বাজাইবে, ভাহাতে ভোমাদের স্কশ্বর ভোমাদিগকে অরণ করিয়া আশীর্কাদ করিবেন।

#### মুসাদেবের পরলোক প্রাপ্তি।

ক্ষনন্তর মুদা মেয়ার প্রান্তর পার হইয়া নিবোপর্কাতের পিদ্গাশুক্তে আরোহণ করেন। তথা হইতে পরমেশ্বর তাঁহাকে দমস্তদেশ অর্থাৎ দান অবধি গিলি-রদ দেশ এবং দম্দায় নপ্তাল ও ইফু য়িমের এবং মিনসির দেশ ও পশ্চিম দম্দ্র পর্যন্ত য়িছদীয় তাবৎ দেশ এবং দক্ষিণ দেশ ও বিরিহাের তলভূমি ও প্রান্তর দেখাইলেন এবং বলিলেন "আমি ভোমার বংশকে এই দকল দেশ দান করিব, এই দেশের বিষয়েই আমি এলাহিম, এদ্হাক ও ইয়কুবের নিকটে অঙ্গীকার করিয়াছিলাম, এই দমস্ত স্থান ভোমাকে। প্রদর্শনি করিলাম, কিন্ত তুমি তথায় যাইতে পারিবে না।" অনন্তর পরমেশ্বরের অন্তগত ভূতা মুদা পরমেশ্বরের আজাহ্বসারে দেই মোয়ার দেশে প্রাণত্যাগ করেন। শেই দেশে বৈৎপিয়োর নামক স্থানের সম্মুখন্থ নিম ভূমিতে ভাঁহার সমাধি হয়। কিন্ত অন্যাপি কেইছ তাহার সমাধিভূমির তব পায় নাই। মৃত্যু সম্মের মুদার এক শত বিশ্ব বৎসর বয়ঃক্রম ছিল, তথনও ভাঁহার চক্ষু ক্ষীণ ও

ভেজের হাস হর নাই। মোরার প্রাস্তরে এক্রারেল মণ্ডলী ত্রিশ দিবল প্র্যান্ত তাঁহার মৃত্যু জন্য শোক প্রকাশ করিয়াছিল।

ছরাত্মা ফেরওণ বিধাতার বিধি খণ্ডন করিয়া দীর দুর্গী জি ও কাধানার প্রতিষ্ঠিত রাখিবার জন্য প্রাণেপণে কভ যত্ন চেষ্টা করিল, শক্ষ ভাবিয়া কজ লক্ষ লক্ষ শিশুর শোণিতপাত করিল, সকলই বিফল হইল। পরিণামে ধর্ম জয়লাভ করিলেন। বিধাতার বিচিত্র কৌশলচক্রে পড়িরা সে আপন প্রাণের শক্রকেই সাদরে প্রতিশালন করিল। মুসা ধর্মবিধি সকল লিপি করিয়া প্রচার করিয়াছিলেন, ধর্মগ্রন্থ তিনি দ্বরং লিথিয়াছিলেন, এতদ্বারা বোধ হয় ফেরওণ তাঁহাকে বাল্যকালে পুত্রবং রীতিমভ শিক্ষা দান করিয়াছিল। মুসার শরীরে অপরিসীম বল ছিল, বাল্যকালেই তাঁহার বিশেষ তেজ প্রতাপ ও জীবনের মহত্ব প্রকাশ পাইয়াছিল। তিনি নিপীড়িত স্বজাতির ছংখে লর্কদা মর্মান্তিক যাতনা পাইছেন। পরে কর্মবের বলে বলীয়ান্ হইয়া অজাতিকে ছংসহ জভ্যাচার ও ঘোর দাসত শৃত্যাল হইছে উদ্ধার করিলেন, উচ্চ ধর্ম স্থ্য সম্পদ্ধ ও স্বাধীনভা দারা পৃথিবীতে তাহাদিগকে মহা গোরবান্থিত করিয়া ভুলিলেন।

মুশা নৃদের পুত রিছশ্রের মস্তকে হন্তার্পণ করিয়া আশীর্কাদ করিছিলের, তজ্জন্য রিছশ্রের আত্মা পবিত্রাত্মাদার। পূর্ণ হইরাছিল। ভংশর এক্ষা-রেলমণ্ডলী ভাঁহারই অধীনভা স্বীকার করিয়া মুশার প্রচারিত ঈশরের বিশি অনুসারে জীবনের কার্য্য সকল নির্কাহ করিছে থাকে। পরে ভাহারা ঈশরের অঙ্গীকৃত পবিত্র কেনান ভূমিতে ঈশ্বরপ্রসাদে বাল অধিকার লাভ করিয়া স্থান্ধ জীবন বাত্রা নির্কাহ করে। এক্ষারেল বংশীর ধর্মপ্রপ্রক মহাপুরুষ দিপের মধ্যে মুশাকে স্বর্গান্ত্রপান বলিতে হইবে, ভাঁহার ন্যায় আশ্রুষ্য জিয়াও এরপ ঈশরের সলে শ্রুষ্থীনভাবে কথোপক্ষর অন্য কেহই করেন নাই। মুশাকর্ড্ব প্রচারিত ধর্মপ্রছের নাম ভঙ্গার্জ, এক্রায়েল বংশীয় ইছদিক্ষাভি ভওরয়তের মতে জীবন যাত্রা নির্কাহ করেন।

মুসার জীবন ও তাঁহার প্রবর্তিত বিধানে প্রধানত: এই কয়েকটি ভক্তর বিষয় শিক্ষণীয়। ক্রিয়াশীল শক্তিময় ধ্রসভা ঈবনকে প্রভাক্ত করা, অভিক্রুদ্র কার্য্য পর্যন্ত ঈশ্বরের আদেশ শ্রবণ কবিরা সম্পাদন করা, বিশ্বের

বৃদ্ধি ও চিন্তার অধীন হইয়া কিছুই না করা, সম্পূর্ণরূপে আমিত বর্জিত একান্ত অন্থাত ও সরল শিশুর ন্যায় স্বভাব প্রাপ্ত হওয়া, স্বজাতির কল্যান ও উদ্ধারের জন্য সর্বত্যাগী হওয়া ও জীবন উৎসর্গ করা। পূর্ণ বৈরাগ্য সাধন, ঈশ্বর যাহা দান করেন, ভাঁহার নির্দিষ্ট বিধি ও প্রদর্শিত প্রণালীর ভিতর দিয়া যে উপজীবিকা উপস্থিত হয় তন্মাত্র গ্রহণ করা, অন্য উপায়ের সামগ্রী দ্যিত ও বিক্রত জানিয়া তদ্গ্রহণে বিরত থাকা, সহিষ্ণৃতার সহিত সম্পূর্ণরূপে ঈশ্বরের উপর নির্ভর করা, কল্য কি থাইব বলিয়া চিন্তা না করা। কোন রূপ স্বেচ্ছাচারী না হওয়া, ঐশ্বরিক বিধি ব্যবস্থাদি সর্ব্বভোভাবে প্রতি পালন করা। নিষ্ঠাবান্ নীতি পরায়ণ শুদ্ধাচারী হওয়া। মুসার প্রবর্তিত বিধির অন্তর্গত হোম বলি ত্রত সংযমন আচার ব্যবহারাদি হিন্দু ধর্ম সন্ধত হোমাদির সঙ্গে অনেক সাদৃশ্য রাখে।

मञ्जूर्व।

### মহাপুৰুষ মুসার জীবনচরিত।

#### পরিশিষ্ট। \*

বেদী নির্মাণের বিধি; — দীর্ঘে ও প্রস্থে পাঁচ হস্ত তিন হস্ত উচ্চ চতু ছোণ একবেদী শিটিম কাষ্ঠ দার। নির্মাণ করিতে হইবে। সেই চারিকোণের উপর বেদীর একাংশস্থাপ পিতলপচিত চূড়া থাকিবে। ভস্মস্থাপনের স্থালী হাতা বাটী ত্রিশূল অগ্নিপাত্র কার্বারী পিতল দারা প্রস্তুত করিয়া রাখিবে। এ সকল খেদীর অঙ্গীয় হইবে। দওযোগে বেদী উঠাইয়া স্থানাক্তরে বহন করিয়া লইয়া যাইবার জন্য তাহাতে কড়া সকল সংলগ্ন হইবে। বেদী মগুলীর আবাস দারে স্থাপিত হইবে।

হোমের বিধি; পশুর মধ্যে নির্দ্ধেব পুং গোও ছাগ ও মেব এবং পক্ষীর মধ্যে ঘূর্ ও পারাবত হোমার্থ বলির বোগ্য। বহারু এর যাজকণ্যনের প্রতি হোমক্রিয়া সম্পাদনের বিধি। ঈশ্বরোদ্দেশ্রে যে কেহ ভক্রপ কোন পুংগণ্ড মণ্ডলীর জাবাসদ্বারে লইয়া জাসিবে সেই ব্যক্তি সেই পশুর মন্তেকে হস্তার্পণ করিবে, ভাহাতে এই বলি ভাহার প্রায়ন্দিন্ত রূপে গৃহীত হইবে। বলির পশুকে বধ করা হইলে যাজকগণ ভাহার রক্ত বেদীর উপরে চতুদ্দিকে সিক্ষম করিবে ও চর্ম্ম উন্মোচন করিয়া মাংস সকল থণ্ড থণ্ড করিবে, পরে রেক্নীর উপরিভাগে অগ্রি হাপন করিয়া অহুপরি কার্চপুঞ্জ সাজাইবে, সেই জাগ্রর উপরে উক্ত পশুর মাংস থণ্ড সকল ও মন্তক্ত ও মেদ ভাপন করিবে। শুভর নাজী ও পদ জলে ধ্যাত করিয়া সেই হোমাগ্রিতে নিক্ষেপ করিবে। ভাহান্তে উহ্ন

বিধি ব্যবস্থাদি বিশেষভাবে বিশ্বত হইল না বলিয়া পূর্বে উলিখিত ইয়াছে, কিন্ত এইকণ আবশ্যক বোধ হওয়াতে তাহা পরিশিটে বেশে স্থানীয়া দেওয়া পেল।

পরমেশবের উদেশ্যে অগ্নীকৃত সংগন্ধি হোম বলি হইবে। সুধু বা পার্মান বভষোগে হোম করিতে হইলে যাজক ভাহার মন্তক মুচড়িয়া দেই প্রকার বেদীতে ভাহাকে দক্ষ ও ভাহার রক্ত বেদীর পার্ষে দিঞ্চন করিবে। পক্ষীর মলযুক্ত আমাশয় বেদীর পূর্ক পার্ষে ভশ্মের স্থানে রাথিয়া দিবে।

অজ্ঞানকৃত পাপের প্রায়ণ্ডিত সম্বন্ধীয় বলিদান;—অভিষিক্ত যাজক
মণ্ডলীর অপরাধজনক পাপ করিলে দে, কৃত পাপের প্রায়ণ্ডিতের জন্য
পরমেশ্বরের উদ্দেশ্যে এক গোবংদ উৎসর্গ করিবে। পূর্ব্বোক্ত হোম বলির
প্রণালীতে ভাহাকে বধ করা হইবে। যাজক দেই গোবংদের কিঞ্চিৎ রক্তদহ মণ্ডলীর আবাদ মধ্যে প্রবেশ করিয়া দেই রক্তে আপন অঙ্গুলি ভ্বাইয়া
পবিত্র স্থলে তিরন্ধরণীর অপ্রভাগে তাহার কিঞ্চিৎ দিঞ্চন করিবে, এবং কিঞ্চিৎ
আবাদস্থ স্থগন্ধি ধূপবেদিকার চূড়ার উপর রাখিবে এবং অবশিষ্ট সমস্ত রক্ত
দারস্থ হোমবেদীর মূলে ঢালিয়া দিবে। অত্রন্থ ও অত্রের উপরিস্থ এবং
হই মোর্টিয়ার পার্শন্থ মেদ যক্তবের উপরিস্থিত অন্তাচ্ছাদক মেটিয়ার সহিত
উদ্ঘোচন করিয়া হোমবেদীর উপরে দশ্ধ করিবে। পরে গোবৎদের চর্ম ও
অবশিষ্ট মাংদ সকল মন্তক ও পদ এবং অন্ত ও গোময় এই সর্বান্ডন্ধ বংদটীকে
লইয়া শিবিরের বাহিবে ভন্ম নিক্ষেপের স্থানে আনয়ন করিয়া অয়িতে দশ্ধ
করিবে। সমুদায় মণ্ডলী বা কোন অধ্যক্ষ বা সাধারণ লোক না বুবিয়া পরমেশ্বরের বিক্রন্ধে পাপ করিলে উপরিউক্ত প্রণালী অন্থদারে তাহার দোমের
প্রায়শ্চিত্ত হইবে। শ্রেণীভেদে এই প্রায়শ্চিতে বিশেষ প্রভেদ কিছুই নাই।

মঙ্গলার্থ বলির বিধি;—মঙ্গলার্থ বলির যোগ্য পশু পুং বা দ্রী গো, মেষ ও ছাগ। হোমার্থ বলির ন্যায় তাহার প্রার্থমিক ক্রিয়া হইবে, প্রায়েশ্ডিক বলির ন্যায় তাহার মেদাদি বেদীর উপর হোমাগ্রিতে দশ্ধ করিবে, অগ্নি কাঠ হবা দংযুক্ত হইবে। তাহাতে দেই মেদাদি পরমেশ্বরের উদ্দেশ্যে অগ্নীকৃত স্থান্ধি উপহার হইবে। মেষ বলিদান করিলে তাহার লাঙ্গুলের সমস্ত মেদ মেরু দংগুর নিকট হইতে ছাড়াইয়া লইবে। এপ্রায়েল বংশীয়দের মধ্যে প্রের্যান্ত্রুমে এই বিধি প্রতিষ্ঠিত থাকিবে। এই হোমের মাংগাদি অগ্নীকৃত স্থান্ধি উপহাররূপ ভক্ষ্য হইবে। মেদ ও রক্ত কেহ ভোজন করিবে না, মেদ প্রমেশ্বরের জন্য হইবে।

• দোষার্থ বলির বিধি পুর্ব্বোক্ত প্রায়শ্চৈত্তিক বলির বিধির অনুব্রূপ।
দোষার্থ বলির দগ্ধ মাংস যাজকগণ পবিত্র স্থানে ভক্ষণ করিবে, তাহা
ভাতি পবিত্র। এই বলি জ্ঞানকৃত দোষ ক্ষালনার্থ প্রায়শ্চিত স্বরূপ।
যে যাজক ঘারা প্রায়শ্চিত করিবে এই বলির মাংস তাহার হইবে।
এবং যাজক যাহার হোম বলি উৎসর্গ করিবে সে সেই বলির
পশুর চর্ম পাইবে। সমুদায় ভক্ষ্য পক্ক নৈবেদা, উৎসর্গকারী যাজকের
হইবে এবং ভৈলমিশ্রিত কিন্ধা শুক সর্ক্ববিধি নৈবেদ্য ভূলারূপ হাক্সণের
সমুদায় পুত্র পাইবে।

মঙ্গলার্থ ধন্যবাদের বলি ;—কেহ ধন্যবাদের বলি উপস্থিত করিলে, সে ভাহার দলে ভৈলমিশ্রিত ভাড়ীশূন্য কটী ও ভৈলাক্ত ভাড়ীশূন্য পিষ্টক ও ভৈলমিশ্রিত ভজ্জিত স্থুজির পিষ্টক নিবেদন করিবে। পরে দে ভাহা হইছে এক এক পিষ্টক লইরা উছেলনীয় নৈবেদ্যরূপে পরমেশরের উদ্দেশ্যে নিবেদন করিবে। এই মঙ্গলার্থ বলির রক্তপ্রক্ষেপকারী যাজক ভাছা পাইবে, এই বলির মাংদ নিবেদন দিনেই ভোজন করা কর্ত্তব্য, ভাহার কিছুই পরদিনের জন্য রাথিবে না। উৎসর্জ্জনীয় বলি মানত বা স্বেচ্ছাকৃত হইলে ভাহার অবশিষ্টাংশ পর দিনেও ভোজন করা যাইছে পারে, কিন্তু ভৃতীর দিবদ অবশিষ্ট সমুদার মাংদ অগ্নিতে দক্ষ হইবে। দেই দিবদ কেহ দেই মাংদ ভক্ষণ করিলে উক্ত বলি নিক্ষল হইবে, এবং ভোক্তা পাপের ফলভোগ করিবে। এবং কোন অক্তি বন্ধর সদ্বেষদি মাংদের সংস্পর্শ হয় ভবে ভাহা অভক্ষ্য ও অগ্নিতে দক্ষ হইবে, আর বে জন অক্তি অবস্থায় উক্ত মাংদ ভোজন করে দে বিনাশ পাইবে।

নৈবেদ্যের বিধি; — স্বর্ণ রৌপা ও পিত্তল, এবং নীলও ধুম ও নিক্ষুর বর্ণের স্ক্র বন্ধ, ছাগরোম রক্তবর্ণ মেষচর্ম ও তহশের চর্ম এবং শিঠিম কাষ্ঠ ও দীপার্থ তৈল এবং অভিবেকার্থ তৈলের ও স্থান্ধি ধূপের গন্ধক্র ও এফোনদের বন্ধ ও বৃক্পাটার নিমিত স্থাকান্তমণি প্রভৃতি সংগৃহীক ছইয়া

শাক্ষ্য নিশ্বাণের বিধি;—আড়াই হস্ত দীর্ঘ দেড়, হস্ত প্রস্থ ও দেড়

হন্ত উচ্চ শিঠিম কার্ষের এক সিন্ধুকু নির্মাণ করিয়া তাহার ভিতর ও বাহির স্মন্পত্র ছারা মোড়িবে, তাহার বুরি দিকে স্মবর্ণের কার্ণিশ হইবে ও দণ্ড ছারা উঠাইয়। বহন করিবার জন্য তাহার চারি কোণে স্বর্ণময় চারি কড়া থাকিবে। সেই দিরুকের মধ্যে দয়ত্বে সাক্ষ্যপত্র স্থাপন করিবে। এই শাক্ষাপত ঈশ্বরের নিয়মাবলী অঞ্চিত তুই প্রস্তর ফলক। স্বর্ণ ছারা দিলু কের পরিমাণে পাপাচ্ছাদন ও স্বর্ণ থচিত দীর্ঘে তুই হস্ত প্রস্থে এক হস্ত উচ্চতায় দেড় হস্ত স্থাৰ্থ কাৰ্ণিষ বিশিষ্ট কড়াযুক্ত শিঠিম কাষ্টের মেজ নির্মাণের বিধিও আছে। পাপাচ্ছাদন দ্বারা সেই দাক্ষ্য দিরুক আচ্ছাদিত হইবে এবং স্বর্ণ শিটিয়া হুইটী স্বর্গীয় দৃত নির্মাণ পূর্বক সেই আচ্ছাদনের হুই পার্ষে পরস্পর সম্মুখা সম্মুখী ভাবে দণ্ডায়মান করিবে, তাহাদের পক্ষ উর্দ্ধদিকে বিস্তৃত হইবে, দৃষ্টি আচ্ছাদনের প্রতি থাকিবে। ঈশ্বর মুসাকে বলিয়াছিলেন ৰে "যে স্থানে আমার নিয়মপত্র স্থাপিত, আমি দেই স্থানে বিরাজমান থাকিব, সেই পাপাচ্ছানের উপরি ভাগ হইতে আমি তোমার দকে কথা বলিব, এবং এস্রায়েল মণ্ডলী সমন্ধীয় আমার আজ্ঞা সকল জ্ঞাপন করিব।" থালা ও চাম্য এবং আচ্ছাদন পাত্রাদি স্বর্ণছার। নির্মিত হইবে, বিশেষভাবে নির্মিত উক্ত মেজের উপর ঈগরের দুম্মুথে দর্শনীয় রুটি স্থাপিত রাথিবে।

দীপ বৃক্ষ নির্মণের বিধি; — ঈশ্বর মুসাকে বলিলেন যে তুমি স্বর্ণ দারা এক দীপ বৃক্ষ প্রস্তুত কর, ভাছাতে কাণ্ড ও শাখা এবং গোলাধার ও কলিকা ও পূজা থাকিবে। তাহার তুই পার্শে তিন শাখা করিয়া ছয় শাখা হইবে, প্রত্যেক শাখাতে বাদাম পূজাকৃতি তিন গোলাধার এক কোরক ও এক পূজা এবং বৃক্ষ মধ্যে সেই আকারের হারি গোলধার ও কলিকা ও পূজা এবং প্রত্যেক তুই তুই শাখার নিমে এক এক কলিকা থাকিবে। এই বৃক্ষের জন্য সপ্ত প্রদীপ ও উজ্জ্বল স্বর্ণহারা বর্ত্তিকা ছেদনী নিশ্বিত হইবে। এই দীপ বৃক্ষ এক মন বিশুদ্ধ স্বর্ণ দ্বারা প্রস্তুত করিবে।

ধূপবেদী নির্মাণের বিধি;— ধূপ জালাইবার জন্যে শিঠিম কাঠের
দীর্ষে ও প্রন্থে এক হস্ত এবং হুই হস্ত উচ্চ ও চূড়াবিশিষ্ট এক চূচুকোণ বেদী
নির্মিত হইবে। তাহার উপরি ভাগ ও চারি পার্ষ ও চূড়া বিশুদ্ধ মর্ণে মোড়ান
থাকিবে। ঈশ্বর এই ধূপবেদী নির্মাণের বিধি জ্ঞাপন করিয়া মূলাকে বলিলেন,

আমি যে স্থানে ভোমার দক্ষে দাক্ষাৎ করিব, দেই দাক্ষ্য দিল্পুকের উপরিস্থিত পাপাচ্ছাদনের দমুখে দাক্ষাদিল্পুকের দমুখ্ন্থ তিরস্করণীর অন্ত্রাগে ভাষা স্থাপন করিবে। প্রভাগে প্রাভিত্ত প্রাভিত্ত প্রমায়ক্রমে প্রভিত্তিন ঈশ্বরের দামুখে এইরূপ ধূপ জালান ইইবে। হারুণ দম্পুর্বায়ক্রমে প্রভিত্তিন ঈশ্বরের দামুখে এইরূপ ধূপ জালান ইইবে। হারুণ দম্পুর্বার এক বার এই ধূপ বেদীর চূড়ার উপর পাপার্থ প্রায়-ক্ষিত্ত লির রক্ত দিঞ্চন করিয়া প্রায়ক্ষিত্ত করিবে,পুরুষ্ণার্ক্রমে এরূপ চলিবে। এই বেদী পরমেশ্বরের দৃষ্টিতে অভি পবিত্ত। প্রভিত্তিন বিশুদ্ধ জিত ভৈলের দীপ হারুণ ও ভাষার পুত্রগণ দক্ষ্যা অবধি প্রাত্তকাল পর্যান্ত দাক্ষ্য দির্করের দম্মুখন্থিত ভিরন্ধরণীর বাহিরে পরমেশ্বরের দম্মুখে স্থাপন করিবে। পুরুষায়ুখ্বিত ভিরন্ধরণীর বাহিরে পরমেশ্বরের দমুখে স্থাপন করিবে।

ভক্ষ্য নৈবেদ্যের বিধি ;-- যদি কেছ্ পরমের্খরের উদ্দেশ্যে ভক্ষ্য নৈবেদ্য উৎসর্গ করিতে চাহে ভবেঁ স্থক্ষ স্থজি ভাহার নৈবেদ্য হইবে, সে ভাহার উপর তৈল ঢালিয়া কন্দুরুগহ হারুণের পুত্র যাজকদিগের নিকটে আনিবে, যাজক তাহা হইতে একমুষ্টি সৃক্ষ স্থজি ও কিঞ্চিৎ তৈল এবং সমস্ত কন্দুক লইয়া তৎ-স্মরণার্থক অংশরূপে বেদীর উপর দক্ষ করিবে। তাহাতে উহা পরমেখরের উদ্দেশ্যে অগ্নীকুত স্থগন্দি নৈবেদ্যে হইবে। এই ভক্ষ্য নৈবেদ্যের অযশিষ্ঠাংশ হারুবের ও তাহার পুত্রগণের প্রাপ্য। পক্ক ভক্ষ্য নৈবেদ্য তৈলমিশ্র তাড়ী শূন্য স্কা স্থাজির পিষ্টক বা তৈলাক্ত ভাড়ী শ্ন্য স্কা পিষ্টক। তৈল মিশ্রিত ভাড়ী শুন্য ফুল্ম ফ্জি ও তৈল পক্ষ ফুল্ম ফুজি কটাহে ভাজা হইলে ভৰ্জিত ভক্ষ্য নৈবেদ্যরূপে ব্যবস্থাত হইবে। পূর্ব্বোক্ত প্রধালীতে ইহা যাজকের নিকটে উপস্থিত করিয়া তত্বারা উৎসর্গ করিয়া লইবে। যে কোন পক্তক্ষা নৈবেদ্য ঈশ্বরোদেশে বেদীর উপর দক্ষ করা হইবে তশ্বধ্যে তাড়ী বা মধুর শম্পর্ক থাকিবে না। ভক্ষা নৈবেদোর প্রভ্যেক দ্রবা লবণাক্ত হওয়া আব-শাক। প্রথম জাত শদ্যের নৈবেদ্য নিবেদন করিতে হইলে, জ্বিতে ভক শীবনির্মাক্ত সেই শদোর কোমল বীজ নিবেদন করিতে হইবে। ভাহার উপর ভৈল ও কন্দুরু রাখিলেই নৈবেদা হইবে। পরে যাজকের যাহা কর্তব্য মে ভাহা করিবে।

, আবাৰ নিৰ্মাণের বিধি; -নীল ও ধুম এবং রক্তবর্ণের পাকান স্ত্র-

নির্মিত দশ যবনিকা দারা এক আবাস প্রস্তুত করিবে, সেই সকল যবনির্কাতে স্বৰ্গীয় দূতগণের মূর্ত্তি থাকিবে। প্রত্যেক যবনিকা দীর্ঘে আটাইশ হস্ত ও প্রস্তে চারি হস্ত হইবে। পাঁচ পাঁচ ধবনিকা পরস্পর সংযুক্ত থাকিবে। শেষ জুই যবনিকার নীল স্তরের ঘুণ্টিঘরা রচিত করিবে অর্থাৎ দংযোজ্য প্রথম যবনি-কার অস্তে পঞ্চাশ যুল্টিঘরা এবং দিতীয় যমনিকার অস্তেও পঞ্চাশ যুল্টিঘরা করিবে। উভয় শ্রেণীর খুণ্টিঘরা সমবর্তী হইবে এবং পঞ্চাশ দ্বর্ণ ঘুণ্টি করিয়া খুন্টিঘরা যোগে যবনিকা সকল পরস্পর বন্ধ করিবে। এই আবাদের উপর আচ্চাদনের জন্য ছাগলোমজাত একাদশ যবনিকা প্রস্তুত করিতে হইবে। প্রত্যেক যবনিকা দীর্ঘে ত্রিশ হস্ত প্রস্তে চারি হস্ত হইবে। পরে যবনিকা দকল পরস্পার সংযুক্ত করিয়া পৃথক রাখিয়া দিবে। এইরপে অন্য ছয় যবনিকা পৃথক রাখিবে, এবং ইহার ষষ্ঠ যবনিকা দোহারা করিয়া ভাস্বুর সমুখে স্থাপন করিবে। সংযোজা প্রথম শেষ যবনিকার অভে পঞ্শ পঞ্শ ঘুন্টিঘর। হইবে। পরে পিতলের পঞাশ ঘুন্টি করিয়া ঘুন্টিঘরাতে তাহা প্রবেশ করা ইয়া আবাসের বস্তু একতা করিবে, তাহাতে এক পটমণ্ডপ প্রস্তুত হইবে। আবার এই পটমণ্ডপে অতিরিক্ত অক্তর্থ⊲নিকা প\*চাৎ পার্থে লম্ববান থাকিবে। তামুর যবনিকা দীর্ঘে উভয় প্রার্ঘে এক হস্ত করিয়া অরিজ্ঞ হটবে, ভাহা আছোদনের জন্য আবাদের উভয় পার্খে ঝুলিয়া থাকিবে। পরে মেষের রক্তীকৃত চর্ম্মে পটমগুপের এক আচ্ছাদন ও ততুপরি তহুশের চর্ম্ম নির্শ্বিত এক আচ্ছাদন হইবে।

আবাদের ভিন্ন ভিন্ন আংশের জন্য শিঠিম কাঠের দীর্ঘে দশ হস্ত প্রস্থে দেড় হস্ত স্থান ভজা সকল করিবে, প্রভাকে ভজাতে ছইটি পারা সমুখাদ-মুখীন ভাবে স্থাপন করিরা প্রভাকে পারাতে রূপার চুল্লি রাগাইরা কোথাও বিশ কোথাও ছর কোথাও ছই ভজা স্থাপন করিবে। এবং শিঠিম কাঠের দীর্ঘ দীর্ঘ অর্গল প্রস্তুত করিরা আবাদের এক পার্খের ভজাতে পাঁচ অর্গল স্থান্য পার্খের ভজাতে পাঁচ অর্গল পশ্চিম দিকস্থ পশ্চাৎ পার্খের ভজাতে পাঁচ ভ্র্মান সংযুক্ত করিবে। মধ্যস্থ অর্গল ভজার এক পার্খ ইইতে অন্য পার্খ পর্যান্ত হইবে, এবং এই ভজা স্বর্ণে আচ্ছাদিত করিবে,এবং অর্গল বন্ধ করিবার জন্য স্থানির কড়া থাকিবে ও অর্গল স্থানি জড়িত হইবে। অপিচ নীল বর্ণের ও ধুম বর্ণের ও রক্ত বর্ণের পাকান স্থান ধারা এক তিরঙ্করিণী প্রস্তুত করিবে, তাহাতে বিচিত্র স্থান দূতগণের আরুতি থাকিবে। এবং দেই তিরস্করিণী স্থর্ণেতে মোড়ান চারি স্তম্ভের উপর থাটাইবে ও রূপার চারি চুঙ্গী ও উপরে স্থর্ণের আনাড়া থাকিবে। ঘুণ্টির নিম্নভাগে তিরঙ্করণী টাঙ্গাইয়া সেই স্থানে তাহার ভিতরে সাক্ষ্যসিদ্ধুক স্থাপন করিবে। তাহাতে সেই তিরস্করিণী পবিত্র স্থানের ও অভিপবিত্র স্থানের বাবধান হইবে। স্পত্তি পবিত্র স্থানের দক্ষিণ দিকে দীপ বৃক্ষ রাখিবে এবং আবাসের দক্ষিণ দিকে দীপ বৃক্ষ রাখিবে এবং আবাসের দ্বারের নিমিত্ত নীল বর্ণ ও ধুমবর্ণরক্ত বর্ণের পাকান স্থানির্দিত চিত্রি বিচিত্র এক আচ্চাদন বন্ধ নির্মাণ করিবে, ঐ আচ্চাদন রক্ষার জন্য শিঠিম কাঠ্নের স্থানে ক্ষিত্র ইহবে। তিরঙ্করণীর পশ্চাৎ ভাগ স্থাতি পবিত্র, কেননা সে স্থানে ক্ষরের বিধিপত্র সংরক্ষিত, ও সেই বিধির সঙ্গে তিনি স্বয়ং বিরাজমান। তিরস্করণীর সন্মুখভাগ পবিত্র, তথার যাজকণ্যণ উপস্থিত ইইতেন, সাধারণ লোক তাহার বাহিরে থাকিতেন।

পবিত্র বন্ধাদির বিধি; —ধর্মথাজক হারুণের ঐশ্বর্য ও শোভার জন্য এফোদনামক গাত্রাবরণবিশেষ ও পরিধের ও বিচিত্র উত্তরীয় ও উফীব ও কটি বন্ধ এবং বুকপাট। ইইবে। তাহার পুত্র দিগের জন্য এইরূপ বিশেষ বন্ধ নির্দিষ্ট থাকিবে। স্বর্ণজরি এবং নীলবর্ণ ও ধূমবর্ণ ও রক্তবর্ণের পাকান স্প্রজারা নানা কারুকার্য্য বিশিষ্ট এফোদ প্রস্তুত ইইবে। তাহার চই প্রান্তে পরস্পার সংযুক্ত ছই কন্ধ পটী থাকিবে। ছইটী হরিৎ মণিমধ্যে ছয় জন করিয়া এপ্রায়েলের বার জন সন্তানের নাম অন্ধিত ইইবে, এবং দেই ছই মণি ছই স্বর্ণ ছালীতে বন্ধ করিয়া এপ্রায়েল বংশের মারণার্থ এক্ষোন্দের ছই ক্ষমপটীতে সংস্থাপিত থাকিবে, হারুণ পরমেশ্বরের সামুখে আপম ছই ক্ষমে মারণার্থ ভাহাদের নাম বহন করিবে। বুকপাটা বিচারার্থ ইইবে। উত্তা উক্ত প্রাণীতে নানা বর্ণের স্থ্রে প্রস্তুত্ত ও বিবিধ মণি মাণিক্যে থচিত ইইয়া এফোদের উপরে স্থাপিত থাকিবে। হারুণ যথন পরমেশ্বরের সামুখে প্রবেশ করিবে তথন ভাহার হৃদয়ের উপরে উহা থাকিবে। হারুণ ইবরের সামুথে এন্ধারেল বংশের বিচার স্থীয় বক্ষের উপরৈ নিত্য বহন স্থাবের সামুথে এন্ধারেল বংশের বিচার স্থীয় বক্ষের উপরৈ নিত্য বহন

করিবে। এই বিচারার্থ বুকপাটাতে "উরিম" ও "ভুম্মিম'' ( দীপ্তি ও দিদ্ধি ) অক্ষিত হইবে। এফোদ সম্বন্ধীয় সমুদায় পরিধেয় বন্ধ নীল বর্ণ করিবে ও তাহার মধান্থলে শিরঃ প্রবেশার্থ এক ছিন্তা থাকিবে এবং তাহার অঞ্চলের উপরে চতুর্দিকে নীলবর্ণ ও ধুমবর্ণ ও রক্তবর্ণের দাড়িম্ব অঙ্কিত করিবে, তাহার মধ্য-श्राम श्वरार्वत किह्निनी थाकित। शक्तन नेशेत्वत त्मवा कतिवात ममास ভাহা পরিধান করিবে। পরে বিশুদ্ধ মর্ণের মুদ্রার ন্যায় এক পত্র প্রস্তুত করিয়া তাহার উপরে "পরমেধরের উদ্দেশ্যে পবিত্র," এই কথা অস্কিত করিবে, এবং উহা নীল স্থত্র দ্বারা বন্ধ করিয়া উষ্ণীদের অ্পপ্রভাগে বসাইয়া দিবে। তাহা হারুণের ললাটের উপরে থাকিবে। ভাহাতে হারুণ এআবারেল বংশ কর্ত্তক পবিত্রীকৃত দ্রব্য সম্বন্ধীয় দোষ বংন করিবে ও প্রমেশ্রের নিকটে যেন ভাহার। গ্রাহ্য হয় এই উদ্দেশ্যে নিভা ভাহা কপালে ধারণ করিবে। উত্তরীয় ও উফীব কার্পান স্থত দারা প্রস্তুত হুইবে, কটা বন্ধন স্থচী কর্ম ছারা চিত্র বিচিত্র করিবে। হারোণের পুত্রগণের জন্য উফীষ ও কটীবন্ধন ও তাহাদের ঐশ্বর্য শোভার নিমিত্ত শিরে।ভূষণ করিবে। হেমুদা, তোমার ভ্রাতা হারুণ ও তাহার পুত্রগণকে এইসকল বস্ত্র পরিতে দিবে ও তাহাদিগকে অভিষেক করিয়া পবিত্র যাজকের পদে নিযুক্ত করিবে। তাহারা পবিত্র কার্য্যে বভী হুইয়া অপরাধ করিয়া মারা না যায় এই জন্য এই ওদ্ধ বন্ত পরিধানের বিধি হইল ৷

যাজকদিগের পদাভিষেকের বিধি;—জনস্তর আমার যজন কর্ম নির্কাহার্থ পবিত্র হইবার জন্য তুমি হে মুদা, হারুণ ও তাহার পুত্র দিগের সম্বন্ধে এই সকল কার্য্য করিবে। যথা, এক নির্দ্ধেষ গোবৎস ও মের আনরন করিবে, তাড়ীশূন্যপিষ্টক ও তৈলাক্ত তাড়ীশূন্য স্ক্র্যাপিইক গোধ্ম চূর্ণ ধারা প্রস্তুত করিবে, এবং তাহা এক চুপড়ীতে রাখিবে, সে হারুণও তাহার পুত্রগণকে মণ্ডলীর আবাস ধারের নিকটে জ্বলে স্মান করাইবে এবং সেই সকল বস্ত্র হারুণকে পরাইবে, পরে স্প্রভিষেদ্য তৈল তাহার মন্তকের উপর ঢালিয়া ভাহাকে অভিবিক্ত করিবে। অনস্তর হারুণের পুত্রগণকে উন্তরীর পরিধান করিতে

দিবৈ এবং হারুণকে ও তাহার পুত্রগণকে কটীবন্ধন পরাইয়া তাহাদের মন্তকে শিরোভ্ষণ স্থাপন করিবে। এইরপে তুমি তাহাদিগকে স্থপদে নিষ্ক্ত করিবে। পরে ষথা বিহিত হোমবলি ও নৈবেদ্যাদি উৎদর্গ হইবে।

তৎপর মুদা ঈশ্বরের বিধি অন্থদারে ক্রমে ক্রমে দেই দকল কার্য্য দম্পাদন করেন। দিয়ন শৈলে চল্লিশ দিবদ মুদা অনশনে যাপন করিয়া ঈশবের নিকটে যে দকল উপদেশ ও নিয়মাবলী প্রাপ্ত হন, ভাহার দারাংশ মাত্র এন্থলে গ্রহণ করা গিয়াছে। বিশেষ বিশেষ দমরে যাজকদিগের ধূমবর্ণ পরিচ্ছেদ ধারণ করারও বিধি হইয়াছিল। আবার যজনবতে ব্রতী হইবার জন্য যাজকগণ প্রভ্যেক মাদের প্রথম দিনে মুদার নিকটে নূতন ভাবে বিশেষ বিধি অন্থদারে দীক্ষিত হইতিন। হারুণের ছই যাজক পুত্র দিয়ন শৈলে ঈশ্বরের বিধি লক্ষন করাতে স্মান্তি দেয় হইয়া প্রাণভাগি করিয়াছিলেন।

খাদ্যাখাদ্য জীববিষয়ক বিধি;—খুর বিখণ্ড ও রোমন্থন আছে এই উভয় লক্ষণাক্রান্ত যে দকল পশু দেই দমন্ত পশুই ভক্ষ্য, এই ছুই লক্ষ্টীনপশু অভক্ষ্য, তাহার শবস্পর্শও নিষিদ্ধ। জলজন্তর মধ্যে যাহাদের ডানা ও শক্ষ, এই ছুই আছে দেই দকল জন্ত ভক্ষ্য, এতন্তির অভক্ষ্য, তাহাদের শব্দু মূণিত। পক্ষীদিগের মধ্যে মাংসাশী পক্ষী ও চারি চরণে গমনশীল পক্ষবংন্ অন্ত ঘুণার্হ, কিন্ত পঙ্গপাল খাদ্য হইবে। উড্ডীয়মান যট্পদ পভঙ্গ ঘুণার্হ হইবে, যে কেহ তাহার শবস্পর্শ করিবে দে সন্ধ্যাপর্যান্ত অভিচি থাকিবে। এই প্রকার কোন উরোগ জন্ত খাদ্য কোন উরোগ অখাদ্যরূপে বিশ্বত হইমাছে। যে কেহ ভাহার শব বহন বা স্পর্শ করিবে সেই দিন সন্ধ্যা পর্যান্ত দে অশুচি খাকিবে, ভাহার বন্ধ ধৌত করিতে হইবে। অস্ত সর্কপ্রেকার কীট অখাদ্য।

স্ত্রীলোক সম্বন্ধে বিধি;—স্ত্রীলোকের ঋতু ইইলে সাভ দিন পর্যন্ত রক্তপ্রাব জন্য সে অন্তচি থাকিবে। এই সমরে যে কেহ ভাহাকে বা ভাহার আসন, বত্র ও শ্যাদি স্পর্শ করিবে ভাহারও অশৌচ হইবে। বে স্ক্র্যা প্রয়ন্ত অন্তচি থাকিবে, স্নান করিয়া ভাহাকে শুদ্ধ ইইডে ইইবে। বৈ স্থান্ত প্রস্থ করিবে ভাছাকে রজস্বলা দ্বীর নাায় সাত দিন জশুচি থাকিতে হইবে।

আইন দিবসে বালকের ত্বক্ ছেদ হইবে, এবং প্রস্তুতি তেত্রিশ দিন পর্যস্তু

কে ন পবিত্র স্থানে যাইবে না ও পবিত্র বস্তু স্পর্শ করিবে না। কন্যা প্রসব
করিলে প্রস্তুতি ত্ই সপ্তাহ পর্যস্তু বিশেষভাবে এবং ছেষ্টি দিন পর্যস্তু

সাধারণ ভাবে অশুচি থাকিবে। অনস্তর পুত্র বা কন্যা প্রসবের অশোচের

দিন পূর্ণ ইইলে সে হোমবলির জন্য একবর্ষীয় এক মেষবৎস এবং প্রায়শ্চিত্ত

বলির জন্য একটী ঘুঘু বা একটী কপোতের শাবক মণ্ডলীর আবাসের ছারে
আনিবে ও যণাবিধি উৎসর্গ করিয়া প্রায়শ্চিত ছারা শুচি হইবে। প্রমেহ-রোগী ও কুষ্ঠরোগী এবং বিশেষ বিশেষ বেশেষ বিশেষ কোষীর প্রতি বিশেষ বিশেষ বিধি
আছে, ভাহার আর উল্লেখ হইল না।

#### শাসন ও নিয়ম ও নীতি সম্বন্ধীয় বিবিধ বিধি।

ভোমরা আপন আপন পিতা মাতাকে ভয় করিও, প্রতিমার অন্থসরণ করিও না, আপনাদের জন্য ছাঁচে চালা কোন দেবতা নির্মাণ করিও না, জামিই তোমাদের প্রভু পরমেশ্বর।

ভূমি বধিরকে শাপ দিও না, অংশর সমূখে বাধা জন্মার এমন কোন বস্তু রাখিও না, আপন ঈশ্বরকে ভর করিও; আমিই প্রমেশ্বর।

ভোমরা স্ব স্ব কন্যাদিগকে ব্যভিচারিণী হইতে প্রবৃত্তি দান করিও না, ভাহা করিলে দেশ ব্যভিচারী হইবে ও দেশ ছঙ্কি যায় পূর্ণ হইবে।

তোমরা পলিতকেশ রুদ্ধের সম্মুখে দণ্ডুয়মান হইবে, ও প্রাচীন দিগকে সমাদর করিবে ও ঈশ্বরের প্রতি ভয় রাখিবে; আমিই পরমেশ্র।

তোমরা আপনাদিগকে অভচি করিও না, ভৃতবৈদ্যদিগকে প্রাহ্ন করিও না, প্রস্রুজালিকদিগের নিকটে কিছু অংখ্যণ করিও না; আমিই তোমাদের প্রভু পরমেশ্বর।

ভোমরা আমার বিশ্রাম দিনকে পালন করিও, আমার পবিত্রন্থানকে দ্যাদর করিও, আমিই পরমেশ্বর।

ट्यामत। व्यंतिम श्राटम कतिया य ममल कनवान् द्वक तालन कतिरन,

তিন বৎসর পর্যান্ত শেই সকল রুক্ষের ফল ছক্সংঘূক্ত রাথিয়া দিবে, ভক্ষণ করিবে না, চতুর্থ বৎসর সে সমস্ত পরমেখনের ধন্যবাদার্থ উপহার রূপে পবিত্র হইবে, পঞ্চম বৎসরে ভক্ষণ করিবে, তাহাতে তোমাদের জন্য প্রচুর কল উৎপন্ন হইবে; আমিই ভোমাদের প্রভু পরমেখন।

কোন বিদেশীর লোক ভোমাদের দেশে ভোমাদের সঙ্গে বাদ করিলে ভোমারা ভাষার প্রভি উপদ্রব করিও না, ভোমাদের সদেশীর লোকের ন্যায় দেই বিদেশীর লোকের প্রভি দখান প্রদর্শন করিবে, ভোমরা ভাষাকে আজ্মত্বা প্রেম করিবে, মেসর দেশে ভোমরাও বিদেশী ছিলে; আমিই ভোমাদের প্রমেখন ।

ভোমরা বিচার বা পরিমাণ কিন্ধা ভৌল অথবা কাঠা বিষয়ে জ্বন্যার করিও না।

কেহ গো কিমা মেব চুরি করিয়া বধ বা বিক্রয় করিলে ভাহাকে সেই
এক গোর পরিবর্জে পাঁচ গো এবং এক মেবের পরিবর্জে চারি মেব দান
করিভে হইবে; চোর সিধ কাটিয়া ধরা পড়িলে যদি কেহ ভাহাকে বধ
করে সে হত্যাজন্য অপরাধী হইবে না, কিন্তু যদি স্থাগ্যাদয় হইলে বধ
করে ভবে হত্যার অপরাধি অপরাধী হইবে।

চুরি দ্রব্য পরিশোধ করা চোরের কর্ত্ব্য, তাহার কিছু না থাকিলে চৌর্যহেতু সে বিক্রীত হইবে। গো কিখা গর্দভ অথবা মেষাদি চোরিত বস্তু চোরের হস্তে জীবিত স্বস্থায় প্রাপ্ত হইলে তাহাকে তাহার বিশুণ দিতে হইবে।

যদি কেই অন্যের শদ্যক্ষেত্রে কিম্বা ফ্রাক্ষাক্ষেত্রে গোচারণ করে, অথবা নিজের পশু ছাড়িয়া দিলে দেই পশু যদি অন্য কুষকের ক্ষেত্রে প্রবেশ করিয়া শদ্যাদি নই করে তবে দেই ব্যক্তি ভাষার পরিবর্কে সীয় ক্ষেত্রের উত্তম ফল ভাষাকে দিবে।

কেহ কণ্টকৰনে অগ্নি লাগাইলে যদি কাহার ধানারাশি বা বর্জমান শস্য কিমা ক্ষেত্র দশ্ধ হয় ভবে সেই অগ্নিদাভা অবশ্য ভাহার মূল্য দিবে

কেহ মূজা বা অলভার খীয় প্রতিবেশীর নিকটে গচ্ছিত রাখিলে ভাহা

• বদি ভাহার গৃহ হইছে কেহ চুরি করিয়া লইয়া যায়, পরে সেই চোর ধরা

পছে, তবে তাহাকে তাহার বিশুণ দিতে হইবে। যদি চোর ধরা ন পর্ছে, তবে গৃহস্থামী প্রতিবেশীর গচ্ছিত দ্রব্যে হস্তার্পণ করিয়াছে কিনা তাহা স্থানিবার জন্য দে বিচারকর্ত্তার নিকটে স্থানীত হইবে। এবং গোবা পর্দত কিমা মেষ অথবা হস্তাদি কোন প্রকার প্রণষ্ট বস্তর বিষয়ে যদি কেই বলে উহা স্থামার, তবে বিচারপতির নিকটে অভিযোগ ইইবে, বিচারক বাহাকে দোষী স্থির করে দে আপন প্রতিবেশীকে দ্রব্যের দিশুণ দান করিবে।

যদি কেহ স্বীয় গর্দাভ বা গো কিম্বা মেষ অথবা অন্য পশু প্রতিবেশীর নিকটে প্রতিপালনার্থ অর্পণ করে ও সেই পশু সরিয়া যায়, বা হিংদিভ হয় কিম্বা কেহ ভাড়াইয়া দের ভবে আমি প্রতিবাদীর দ্রব্যে হস্তার্পণ করি নাই এই বলিয়া দে, পশুস্বামীর নিকটে পরমেশ্বরের নামে শপথ করিবে; ভাহাতে পশুরস্মামী দেই দিবা প্রাহ্য করিবে, পরিশোধ পাইবে না। কিম্ব যদি কেহ ভাহার সাক্ষাতে চুরি করে, ভবে পশুর স্বামী মূল্য পাইবে। যদি পশু কোন হিংস্প্র জন্ত কর্তৃক নিহত হয়, ভবে সেই রক্ষক প্রমাণ প্রদর্শন করিয়া ভাহার মূল্য দান করিবেন।

যদি কেহ সীয় প্রতিবেশীর পশু চাহিয়া লয়, ও তাহার স্বামী তাহার দক্ষে না থাকা অবস্থায় তাহার হানি কিম্বা মৃত্যু হয় তবে তাহাকে উহার মূল্য প্রদান করিতে হইবে। কিন্তু যদি পশুর স্বামী তাহার দক্ষে থাকে তবে দে মূল্য পাইবে না। উহা ভাড়াটিয়া পশু হইলে ভাড়া পাইবে।

যদি কেহ খবালাত। কন্যাকে ছলন। করিয়া তাহার সঙ্গে এক শ্যায় শয়ন করে, তবে তাহাকে কন্যাপণ দানে বিবাহ করিতে হইবে, আর যদি ভাহার সঙ্গে স্বীয় কন্যাকে বিবাহ দিতে কন্যার পিতা জনমত হয় তবে যথাবিধি কন্যাপণ স্বরূপ তাহাকে রজতথণ্ড দান করিতে হইবে।

ষে জন পরমেশ্বর ব্যক্তীত অন্য দেবতার নিকটে বলিদান করে দে বর্জ্জ-নীয় রূপে বিনষ্ট হইবে।

তুমি বিধবাকে কিস্বা পিতৃহীন বালককে ক্লেশ দিও না, তাহাদিগকে কোন রূপ ক্লেশ দান করিলে তাহারা যদি আমার নিকটে ক্রন্দন বিলাপ করে এ তবে অব্ধ্য আমি তাহা শ্রবণ করিব এবং ক্রোধ প্রজ্ঞালিত হইলে আধি তোমাদিগকে সংহার করিব, ভাহাতে ভোমাদের ভার্ব্যা সকল বিধবা গুসন্তানগণ পিতৃহীন হইবে।

যদি তুমি তোমার কোন দরিদ্র প্রতিবেশীকে ঋণ দান কর তবে, তাহা হইতে স্থ গ্রহণ করিও না, যদি তুমি দরিদ্র প্রতিবেশীর বস্ত্র বন্ধক রাখ, তবে স্থ্যান্তের পূর্বে তাহা ফিরাইয়া দিও। কেন না তাহা তাহার এক মাত্র আচ্ছাদন ও লজ্জা নিবারক বস্ত্র। দে যদি আমার নিকটে খেদ করে আমি দয়া প্রযুক্ত তাহা শ্রবণ করিব।

ভূমি বিচারপতিকে নিন্দা করিও না, এবং স্বজাতির শাসনকর্ত্ত।কে অভি-শাপ দিও না।

তোমার প্রথম পক্ষণস্য ও দ্রাক্ষা রস অমাকে নিবেদন করিতে বিলম্ব করিও না, এবং তোমার প্রথমজাত পুত্র আমাকে দান করিও। আপন গোও গোবৎলৈর সম্বন্ধে এই রূপে আচরণ করিও, সে সাত দিন স্বীয় মাতার সঙ্গে থাকিবে, তুমি অষ্টম দিবস তাহা আমাকে দান করিও।

ভোমরা আমার পবিত্রলোক হইবে, ক্ষেত্রেভে মারা পড়িয়াছে এমন পশুর মাংদ ভক্ষণ করিও না, কুকুরের নিকটে তাহা কেলিয়া দিও।

তুমি মিথ্যা জনশ্রুতিতে যোগ দিও না, এবং জন্যায় সাক্ষী হইয়া হুর্জনের সহঃয়তা করিও না।

ভূমি ছুজ্রার উদ্দেশ্যে বহুলোকের অন্তুসরণ করিও না, এবং বিচারে অন্যায় করিবার জন্য বহুলোকের পক্ষ হইয়া প্রতিবাদ করিও না।

তুমি শব্দর গো কিমা গর্মভকে পথ হারা ইইয়াছে দেখিলে অবশ্য তাহার স্বামীর নিকটে তাহাকে লইয়া ঘাইবে, আর তুমি আপন শব্দর গর্মভকে ভারাক্রান্ত হইয়া পতিত দেখিলে অবশ্য তাহা উঠাইয়া সেই শব্দর সাহাধ্য করিবে।

তুমি দরিত্র প্রতিবেশীর বিচারে তাহার প্রতি অন্যায়াচরণ করিও না, এবং মিথ্যা কথা হইতে দ্রে থাকিও, নির্দোষকে ওধার্মিক লোককে নষ্ট করিও না, কেন না আমি ছষ্টকে নির্দোষ করিব না।

তুমি উৎকোচ গ্রহণ করিও না, কেননা উৎকোচ জ্ঞানবান্ দিশকে

• অন্ধ করে ও ধার্মিক দিগের কথা উণ্ট ইয়া কেলে।

ভূমি শাশ্রুর একপ্রাস্ত মুগুন করিও না, কাহার মৃত্যু হইলে শরীরে শালাঘাত ক্রিও না।

কোন পুরুষ বিবাদ করিয়া কোন গর্ভবতী নারীকে প্রহার করিলে যদি তাহার গর্ভপাত হয় কিন্তু পরে আর কোন আপত্তি না হয় তবে দে ঐ স্থার সামীর নিরপণাত্মদারে দণ্ডিত হইয়া রিচার কর্ত্তার নিকটে দণ্ডের টাকা দিবে, কিন্তু যদি কোন আপত্তি উপস্থিত হয় তবে প্রাণের পরিবর্ত্তে প্রাণ, চক্ষুর পরিবর্ত্তে চক্ষু দন্তের পরিবর্ত্তে দন্ত হস্তেব পরিবর্ত্তে হন্ত চরণের পরিবর্ত্তে চরণ দাহনের পরিবর্ত্তে দাহন আঘাতের পরিবর্ত্তে আঘাত কালশিরার পরিবর্ত্তে কালশিরা দণ্ড হইবে।

কেহ আপন দাস কিম্বা দাসীর চক্ষুতে বা দস্তেতে আঘাত করিলে যদি ভাহার চক্ষু বা দস্ত নই হয় তবে জজ্জন্য তাহাকে মুক্ত করিতে হইবে।

গোকর শৃক্ষাঘাতে যদি কাহারও মৃত্যু হয় তবে ঐ গোক প্রস্তর দারা বধ্য ও তাহার মাংস অথাদ্য হইবে। গোকর অধিপতি দণ্ডাই হইবে না। সেই গো পূর্ব্বে শৃক্ষাঘাত করিত ইহা জানিয়াও তাহার স্বামী বন্ধন না করাতে যদি কাহ কে বধ করে তবে সেই গোও তাহার স্বামী প্রস্তর দারা বধ্য হইবে। কাহার দাস বা দাসীকে শৃক্ষাঘাতে বধ করিলে গোকর স্বামী সেই দাস ও দাসীর প্রভুকে ত্রিশ শেকল রজত দান করিবে এবং গো প্রস্তর দার। বধ্য হইবে।

যদি কেই কোন গর্ভ জনার্ভ করে, কিস্বা গর্ভ খনন করিয়া আচ্ছাদিত না করে ও তন্মধ্যে কোন গো কিস্বা গর্দত পড়িয়া যয়, তবে সেই গর্ভস্থামী পশুস্থামীকে রজতমূল্য দান করিবে, কিন্তু ঐ মৃত পশু তাহার ইইবে।

এক জনের গোরু জন্য জনের গোরুকে যদি শৃক্ষাঘাত করিয়া মারিয়া ফেলে তবে তাথারা জীবৎ গোরুকে বিক্রয় করিয়া তাথার মূল্য তৃই জংশ করিয়া লইবে এবং মৃত গোরুকেও তৃই অংশ করিবে। কিন্তু পূর্কে শৃক্ষাঘাত করিত ইথা জানিয়া তাথার স্বামী তাথাকে বাঁধিয়া না থাকিলে সে তাথার পরিবর্ত্তে জন্য গোরু দিবে, কিন্তু ঐ মৃত গোরু তাথার হইবে।

তুমি ছয় দিন স্বীয় কর্ম করিয়া শগুম দিনে বিশ্রম করিও; ভাহাতে ,

তোমীর গো ও গর্দত সকল বিশ্রাম পাইবে, এবং তোমার দাদীপুত্র ও বিদেশীঃ লোক বিশ্রাম লাভ করিবে।

আমি তোমাদিগকে বাহা বলিলাম ত্রিবয়ে সাবধান হইও, কাছাকেও ইভর দেবগণের নাম শ্বরণ করিয়া দিও না, ভোমাদের মুথহইভেও ভাহার উচ্চারণ না হউক।

ভূমি প্রতিবংশর তিন বার জামার উদ্দেশ্যে উৎসব করিও, তাড়ীশূন্য কটির উৎসব পালন করিও, আমার স্বাজ্ঞান্থসারে নিরূপিত সময়ে জাবির মাসে সপ্তাহকাল তাড়ীশূন্য কটি ভোজন করিও, কেননা সেই মাসে ভূমি মেসর হইতে মুক্তি লাভ করিয়াছ। কেহ রিজ্ঞহস্তে আমার নিকটে যেন উপস্থিত না হয়। ভূমি ক্ষেত্রে যাহা যাহা বপন করিয়াছ তাহার প্রথম পক্ষ শদ্য ছেদনের উৎসব করিও, এবং বংসরাস্তে উদ্যান হইতে ফল সংগ্রহকালে ফল সঞ্চয়ের উৎসব পালন করিও। এই ভাবে বংসরের মধ্যে ভিন বার ভোমরা সমুদায় পুরুষজাতি প্রভু পরমেশ্রের সাক্ষাতে উপস্থিত হইবে, ইত্যাদি।

ভারতবর্ধে যেমন মন্ত্র-হিভার নীতির আদর, সেইরূপ সমুদার পাশ্চাত্য সভ্য দেশে মুসার শাস্ত্রের সমাদর। এই নীতিধারা পশ্চিম এসিরা, ইরুরোপ ও আমেরিকার ইছদি ও থীষ্টান লোকেরা শাসিত হইরা আসিতেছে। মুসার নীতিকে মূল করিরাই এইক্ষণ ইরুরোপে নীতি শাস্ত্র উন্নতি লাভ করিরাছে। মোসালমান জাতির মধ্যেও এই নীতিশাস্ত্র একাস্ত অল্প প্রভাব বিস্তার করে নাই।

মহাপুরুষ মুসার বিধানকে তাঁহার পরবর্তী মহাজন দেবাল্বা ঈদা পূর্ব করিয়াছেন । মুসা জগতে নিয়ম ও নীতি স্থাপন করিলেন, ঈসা তত্ত্পরি স্থাীয় বল ও দেবত প্রকাশ করিলেন। মুসার নীতির পথ ঈসার দেবত্তের পথ, মুসার স্থারাজ্য পৃথিবীতে পার্থিব নিয়ম ও নীতির উপরে, তাঁহার পরবর্তী ঈসার স্থারাজ্য স্থাীয় ভাবে অলোকিক প্রেমের উপরে স্থাপিত হয়। জীবনে যেমন প্রথম পাপবোধ, তৎপর জন্মভাপ, অবশেষে পাপ হইতে মুক্তি; তত্ত্বপ প্রথমতঃ কগতে মুসা পাপের জ্ঞান দান করেন, যোহন

জাদিয়া অনুতাপের পথ দেখাইয়া দেন, পরে ঈদা পাপকে পরাজয় করেন। মুদা ঈশ্বরের গৃহে দাদ ছিলেন, তিনি প্রভুর আদেশ শুনিয়া সমুদায় কার্ঘ্য সম্পাদন করিতেন, প্রভু ভৃত্যের ন্যার ঈশ্বরের দক্ষে তাঁহার সম্পর্ক ছিল, স্থুতরাং স্বতন্ত্রত। ছিল। পরে যিও মাধ্যাত্মিকভাবে ঈশ্বরের পুত্ররূপে অবভীর্ণ হন, পুত্র পিতার অংশ, পিতার গুণ পুত্রেতে সঞ্চারিত হয়। সভাব ও ওবে ঈদা পিতার দক্ষে এক হইয়া যান। মুদা ঈশ্বরের আজ্ঞা ভনিয়া ভাহা প্রচার করিতেন, বিশুব দঙ্গে ঈশ্বরের দেরূপ সম্পর্ক ছিল না তিনি ইচ্চায় ও ভাবে ঈখরেতে নীল হইয়া গিয়াছিলেন, তাঁহার স্বতন্ত্র ইচ্ছা ও অন্তিত ছিল না। ঈবার মুধে স্বয়ং ঈম্বর কথা বলিতেন। এই জন্যই ভিনি বলিয়াছেন "যে আমাকে দেখিয়াছে সে আমার পিতাকে দেথিয়াছে। আমিও আমাব পিতা এক।" মুগা ঈশ্বরোদেশ্যে মেষ বলিদান করিয়া হোম করিভেন। যিশু নিজে মেষশাবক ছিলেন, ষেহেতু ভিনি মেষশাবকের ন্যায় একান্ত নিরীহ ও নির্দোষ প্রকৃতি ছিলেন, ভিনি আপনাকে ঈশবোদেখে বলিদান করিয়াছিলেন। মুসা, দর্শনীয় রুট উৎদর্গ করিতেন, যিও মৃত্যুর পূর্বে নিজের রক্তমাংল বলিয়া রুটি ও দ্রাক্ষা-রস যে। গে "প্রভুর ভোজ" দিয়াছিলেন। মুসার ধর্মে ও ঈসার ধর্মে এইরূপ প্রভেদ। মুসার ধর্মের উন্নত অবস্থাই ঈসার ধর্ম। পরে ঈসা আসিয়া মুসার ধর্মকে পূর্ণ করিয়াছেন।

# মহাপুৰুষচরিত।

তৃতীয় সংখ্যা।

# মহাপুৰুষ দাউদের জীবনচরিত।

বাইবেল ও বিবিধ মোহম্মদীয় গ্রন্থ হইতে সন্ধলিত।

"সত্যসত্যই আমি দাউদকে আপন সন্নিধান হইতে মহঞ্জ দান করিয়াছিলাম।" (কোরাণ)

### কলিকাতা।

বিধান যন্ত্রে জ্রীরামনর্কস্ব ভট্টাচার্য্য দার।
মুদ্ধিত ও প্রকাশিত।

# সূচীপত্ত।

विषय ।		ं शृष्टी।
দাউদের পূর্ব্ব বৃত্তান্ত		` 5
দাউদের রাজ্য প্রাপ্তি	• • •	•
দাউদের প্রেরিতত্ব লাভ	••	¢
नाङ्टन  विश्रन्	•••	· s
माউদের বিচার	•••	b
দাউদের শেষ জীবন		59
দাউদের গাথা	•••	5.5

#### ভ একমেবাদ্বিতীয়ম্।

## নহাপুৰুষ দাউদের জীবনচরিত।



### দাউদের পূর্ব্বরতান্ত।

মহাপুরুষ দাউদ এম্রায়িল বংশসম্ভত, তাঁহার পিতার নাম বিশয়, কনান দেশের অন্তর্গত বয়তলহম নগরে বিশয়ের নিবাস ছিল। তিনি কুষিকর্ম করিতেন, ভাঁহার অষ্ট পুত্র, দাউদ সর্ব্ধকনিষ্ঠ পুত্র ছিলেন। তিনি প্রথম বয়সে পিতাকর্ত্ত্ব পশুচারণ কার্য্যে নিযুক্ত হন। যে সমধ্যে দাউদ জমগ্রহণ করেন তথুন এস্রায়িল জাতির অত্যক্ত তুরবন্থা ছিল, জালুড নামক পেলেষ্টেলীয় এক তুর্দাস্ত নরপতি ভাহাদের সর্ম্বর হরণ করিয়াছিল এবং তাহাদের উপরে সময়ে সময়ে ধংপরোনাস্তি উৎপীডন করিত তাহাদের সৌভাগা সম্পদের কারণ ঈপরপ্রদত্ত মুসার সক্ষাসিন্ধক থে ভাহাদের নিকটে ছিল উহা সেই সময়ে অপগত হয়, (১) তাহাদে: তুর্দ্দশার পরিদীমা থাকে না। তাহারা একান্ত ভাগ্যচ্যুত ও বিপন্ন হইয় জকজিলমে তদানীন্তন ভবিষ্যবক্তা শমউনের নিকটে যাইয়া আজু চুঃং निट्यमन करत, अवर यटल य जुमि जामारमत जना अक जन ताजा मरना নীত কর, আমরা তাঁহাকে অধিনায়ক করিয়া ভালুতের সঙ্গে সংগ্রাহ করিব ও তাহাকে পরাস্ত করিয়া আমাদের পূর্ব্ব মৌভাগ্য উদ্ধার এব দেবদত্ত সাক্ষ্য সিন্ধুক হস্তগত করিব। শম্উন তালুতনামক (২) এক জ সামান্য কুলোভব ব্যক্তিকে অলোকিক লক্ষণাক্রান্ত দেখিয়া রাজপদে মনো নীত করেন, এস্রায়িল বংশীয় লোকেরা প্রথমতঃ তাঁহাকে আপনাদে রাজা করিতে আপত্তি করে, পরে শমউনের অনুরোধে সন্মত হয়।

<sup>(</sup>১) মহাপুরুষচরিত দ্বিতীয় সংখ্যা মুসার জীবনচরিতে সাক্ষ সিস্কুকের বিষয় বিরত হইয়াছে।

<sup>(</sup>২) বাইবলে শৌলনামে উক্ত হইয়াছে।

রাজণদে অভিষিক্ত হইয়াই অশিতি সহত্র এপ্রায়িল সৈন্যমহ জালুর্তের विकरक युक्त याला करवन, পर्थ जिनि रिमनामिगरक वरलन "अर्थव जामा-দিগকে এক নদীতে পরীক্ষা করিবেন, যে ব্যক্তি সেই নদীর জল গণ্ড, যের অধিক পান করিবে তাহার সঙ্গে আমার কোন সম্পর্ক থাকিবে মা।'' পরে ব্বহৎ প্রান্তর অতিক্রম করিয়া পেলেপ্টাইল দেশে সৈন্য দল সেই নদীর কূলে উপস্থিত হয়, তাহার জল অতিশয় স্বচ্ছ ও নির্মাল ছিল, সেনাগণ অত্যন্ত প্রান্ত ও তৃষ্ণাত্ত হইয়া পড়িয়াছিল, তাহারা তালুতের উপদেশ অগ্রাহ করিয়া পর্যাপ্ত জল পানে পিপাসা নিবৃত্তি করিতে প্রবৃত্ত হয়, তাহাতে ভাহাদের উদর ক্ষীত হইয়া উঠে, জিহ্ব। বাহির হইয়া পড়ে, সকলে প্রাণত্যাগ করে। তিন শত তের জন সৈন্য যে গণ্ড, যমাত্র জলপান করি-য়াছিল তাহারাই জীবিত থাকে। সেই তিন শত তের জনের মধ্যে দাউদ ও তাঁহার পিতা এবং ভ্রাত্বর্গ ছিলেন। তালুত এতাধিক সৈনাবিনাশে ও নিরাশ হন না, তিনি এই অল্প সংখ্যক সেনা সহ হুর্জয় সাহসে জালু-তের অভিমুখে অগ্রসর হন। দাউদ জালুতকে লক্ষ্য করিয়া মারিবার জন্য পথি হইতে কয়েক খণ্ড প্রস্তর উঠাইয়া লন। জ্ঞালুতের অগণ্য সৈন্য ছিল, সে তালুতের অত্যল্পংখ্যক সৈন্য দেখিয়া ভাঁহাকে উপ-হাস করিয়া বলিয়া পাঠায় ''তুমি আমার আকুগত্য স্বীকার কর, মুদ্ধে নিরুত্ত হও, উদুশ অল্প সেনার সঙ্গে সংগ্রাম করা আমার পক্ষে অপমান, আমার এক আঘাতও এই কয়েকটা সেনা সহ্য করিতে পারিবে না।" সমুদ্রতরঙ্গের ন্যায় জালুতের বাহিনী দেখিয়া তালুতের সৈন্য সামস্ত**ভ অ**তিশয় ভয়া-কূল হয়। তালুত সকলকে সাহস দান করিয়া বলিতে থাকেন যে, "ঈশ্বর আমাদের সহায়, আমরা অবশ্য এই প্রবল মৈন্যের উপর জঁয় লাভ করিব।" পরে তিনি গোষণা করিলেন ষে, "যে ব্যক্তি জ্ঞালুতকে বধ করিতে পারিবে তাহাকে আমি অর্দ্ধ রাজ্য সহ স্বীয় প্রিয়তম। কন্য। সম্প্রদান করিব।" অতঃ-পর তিনি জালুতকে বলিয়া পাঠান যে "তোমার সঙ্গে আমার যুদ্ধ অনির্বার্য্য, আমি তোমার বহু সেনা দেখিয়া ভীত নহি, ঈশ্বর আমার সহায় আছেন, আমি অবশ্য জয় লাভ করিব"। ইহা শুনিয়া জ্ঞালুত ভাবিল যে এই অল্প সঙ্খ্যক শক্রিদেনার জন্য একা আমিই যথেষ্ট, রণক্ষেত্রে আর সৈন্য '

প্রেরণ প্রয়োজন করে না। এই মনে মনে ছির করিয়া অন্ত শস্ত্র সহ স্বয়ং সমরক্ষেত্র উপস্থিত হয়। জালুত মহা বলবান্ প্রকাণ্ড ভীষণাকার ছিল। তাহার ভয়স্করী মূর্ত্তি দেখিয়াই ভালুতের সেনাগণ ভীত হইয়া উদ্ধিখাসে পলায়ন করিতে লাগিল, তখন তালুত ইচ্ছা করিলেন স্বয়ংই জালুতের সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হন। ইতিমধ্যে নিভীক যুবক দাউদ বণবেশে সন্মৃ-খীন হইলেন। রালাজিজাসা করিলেন "তৃমি কে হও ?" দাউদ বলিলেন "আমি এপ্রায়িল বংশোদ্রব মিশরের পুত্র দাউদ, রাজন! আপনি নির্ভ হউন, আমি যাইতেছি, নিশ্চয় আমি এই নুশংস হুরাত্মাকে বধ করিব"। ইহা বলিয়া বীরবর দাউদ অকুতোভয়ে জ্ঞালুতের নিকটে উপস্থিত হন, জালুত তাঁহাকে অক্ষম ও চুর্ব্বল জানিয়া উপহাস করিতে থাকে এবং বলিতে থাকে "তোমার এমন কি অস্ত্রবল আছে বে, তদ্বারা তুমি আমার সঙ্গে সংগ্রাম করিবে"। দাইদ বলিলেন "আমি ঈশ্বরের আদেশে তোমার সঙ্গে যুদ্ধ করিতে আসিয়াছি, তিনি আমার পৃষ্ঠবল, কুকুরকে মারিতে অন্য কোন অস্ত্রের প্রয়োজন করে না, প্রস্তরাঘাতেই বর্ধ করা যায়। এই আমার হস্তস্থিত প্রস্তরের আঘাতেই তোমাকে আমি কৃতাস্কুত্বনে প্রেরণ করিব।" এই বলিয়াই দাউদ জালুতের মস্তক লক্ষ্য করিয়া কৌশলপূর্ব্বক মহাবলে প্রস্তর নিক্ষেপ করেন, তাহাতেই সে ভূপতিত হইয়া পঞ্চত্ত প্রাপ্ত হয়। রাজার মৃত্যু দেখিয়া তাহার সৈন্যবৃদ্দ ছত্তভঙ্গ হইয়া পলায়ন করে, এবং পলায়মান বহুসংখ্যক সেনা দাউদের হস্তে নিধন প্রাপ্ত হয়। তথন এন্ত্রা-য়িলগণ মহা আনন্দে জয়ধ্বনি করিতে থাকে, যাহারা ভয় পাইয়া পলাইয়া-ছিল তাহারা শুভ সংবাদ প্রবণে মহোল্লাসে দৌড়িয়া আইসে। নরপাল তালুভ প্রফুল্লান্তরে দাউদকে বার বারধন্যবাদ করেন।

#### দাউদের রাজ্যপ্রাপ্তি।

পরে তালুত স্বীয় অঙ্গীকার। নুসারে বাধ্য হইয়া দাউদকে অর্ধরাজ্য দহ আপন কন্যা সম্প্রদান করেন। দাউদ রাজ্যলাভ করিয়া স্থনিয়মে প্রজা পালন করিতে থাকেন, সৈন্য সামস্ত তাঁহার একান্ত অনুগত হইয়া পড়ে।

দাউদের প্রবল প্রতাপ ও মহাপ্রভুত্ব দেখিয়া তালুত ভাবিত হন, এবং দাউদ তাঁহা হইতে রাজ্য কাড়িয়া লইবে ভাবিয়া ভয় করিতে থাকেন। পরে কুবুদ্ধির প্ররোচনায় দাউদকে বধ করিয়া নিষ্ণটকে রাজ্য ভোগ করিতে কুছুসঙ্কল্ল হন। দাউদ ইহা জানিতে পাইয়া এক বনাকীর্ণ পর্মতে পলাইয়া যান, এবং গিরিমূলে এক মন্দির নির্মাণ করিয়া তপস্যায় নিযুক্ত হন। ক্রমে শত শত তপস্বী আসিরা সেই মন্দিরে তাঁহার সঙ্গে তপস্যায় যোগ দান করেন। তালুত এই সংবাদ শ্রবণপূর্ব্বক নিশীথ সময়ে তপোধনবর্গ সহ দা উদকে আক্রমণ করিয়া হত্যা করিবার জন্য সৈন্য পাঠাইয়া দেন, কেননা দাউদ সর্ব্বত্যাগী সন্ন্যাসী ও অরণ্যবাসী -হইলেও তাঁহা হইতে তালুতের অন্তরে ভয় জাগরক থাকে। প্রেরিত সেনাবুন্দ খাইল্লা অন্ধকাৰ রাত্রিতে অতর্কিতভাবে মন্দিরে সমুদায় তপস্বীকে বধ করে। সৌভাগ্যক্রমে দাউদ সেই রাত্রি মন্দিরের বাহিরে অন্যত্র ছিলেন, স্বতরাং তাঁহার প্রাণ রক্ষা পায়। তালুত যথন দেখিলেন ঘাহাকে হত্যা করার চেষ্টা করা হইল সে প্রাণে বাঁচিয়াছে এবং অকারণে তাপস-কুলকে বধ করা হইয়াছে, তখন তিনি অত্যন্ত অনুতাপিত হন, এবং षां छेट एवं निकट । स्वांक भांशिहेश क्या श्वार्थनां कदत्ता । पाँछे प्रतिशा পাঠান তুমি পুণ্যাত্মা তপস্বিবৃদ্দকে বধ করিয়া মহাপাপ করিয়াছ, এই পাপের প্রায়শ্চিত্ত হওয়া আবশ্যক। যদি ধর্মজোহী শক্রসেনার সঙ্গে স্বয়ং তুমি যুদ্ধ কর তাহা হইলে ইহার প্রায়শ্চিত হয়, সেই যুদ্ধহইতে ফিরিয়া আসিলে আমি যাইয়া তোমার সঙ্গে পুনর্দ্মিলিত হইব। তালুত এ কথায় সম্মতি প্রকাশ করেন। ইহার কিয়দ্দিন পরে তিনি এক দিন প্রবল শক্রমেনার সঙ্গে সংগ্রামে প্রবৃত্ত হন, এই যুদ্ধেই শক্তার বানাঘাতে প্রাণত্যাগ করেন। তখন দাউদ আসিয়া তালুতের সিংহাসনে অবি-রুচ্ হন, এবং সমগ্র সাম্রাজ্য অধিকার করেন।

#### দাউদের প্রেরিতত্ব লাভ।

দাউদ মহাত্মা ইয়কুবের বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন, তিনি রাজ-সিংহাসনারোহণেয় চল্লিশ বংসর পরে প্রেরিতত্ত লাভ করেন। তিনি বেমন মহা বলবান্ প্রতাপান্বিত ভূপতি, তদ্রপ অত্যন্ত ভগবদ্রক ছিলেন। কোরাণশরিকে উক্ত হইয়াছে যে "আমার দাস মহা বলশালী দাউদকে স্মরণ কর, সে একান্তই ঈশ্বানুগত ছিল''। আরও উক্ত হইয়াছে ''আমি তাহাকে রাজ্যেশ্বর্য দান করিয়াছি, এবং স্থবিচার ও শাসন প্রণালী, বিজ্ঞান কৌশল বিক্লা দিরাছি"। অপিচ উক্ত হইয়াছে "হে দাউদ, আমি ধরাতলে তোমাকে রাজা করিলাম, তুমি ন্যায়ানুসারে প্রজাপুঞ্জের স্থবিচার করিতে থাক, কুপ্রবৃত্তির অনুসরণ করিও না, তাহা করিলে ঈশবের রাজ্যহইতে দ্রীকৃত হইবে।" দাউদ প্রত্যাদিষ্ট হইয়া জবুর গ্রন্থ রচনা করেন, সেই জবুর গ্রন্থই তাঁহার জীবনে সঞ্চারিত প্রত্যাদেশের বিশেষ ভাব প্রমাণিত করে। এই গ্রন্থে ধর্মান্মগ্রান ও কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয়ে কোন বিধি ব্যবস্থা নাই, ইহাতে কেবল ভজন ও সঙ্গীত, ঈশ্বরস্তোত্র, আরাধন। ও প্রার্থনা এবং ঈশবের পরাক্রম ও মহিমা কীর্ত্তি। মুদাদেবের প্রবর্তিত তওরয়ত গ্রন্থের পরেই জবুরের অবতারণা, জবুর শব্দের অর্থ ধর্মপুস্তিকা। তওরয়তে কঠোর নীতি ও কর্মকাণ্ড বাহুলারূপে উল্লেখিত হইয়াছে, তাহাতে ঈশবের প্রতি প্রেম ভক্তির সরস ভাবের উল্লেখ প্রায় নাই। পরবর্ত্তা গ্রন্থ জবুরে তাহারই পূর্ণতা। এই গ্রন্থ স্থুমিষ্ট ভক্তিভাব প্রকাশ করে। মুসাদেব জীবনে ঈশ্বরাদেশ পালন, বাহ্যিক নানা ক্রিয়া অনুষ্ঠান করিয়াছেন। মহা পুরুষ দাউদের জীবন প্রেমভক্তির জীবন ছিল। তিনি মুসার প্রবর্ত্তিত কর্মকাণ্ডেরই অনুসরণ করিতেন, ক্রিয়াকাগুবিষয়ে কোন বিশেষ নৃতন বিধি ব্যবস্থা জগতে প্রচার করেন নাই, কিন্তু প্রেমভজির নৃতন তত্ত্ব প্রচার করিয়া গিয়াছেন। ঈশ্বরপ্রসাদে তিনি যার পর নাই স্থমিষ্ট কর্মপর লাভ করিয়া-ছিলেন। এরপ বর্ণিত হইয়াছে যে, যথন তওরয়ত পাঠ বা স্বর্যোগে স্তুতি বন্দনা করিতেন তথন তংশ্রবণে স্রোতপতীর স্রোত বিপরীত দিকে সঞ্চা-় লিত হুইত। নানাপ্রকার রাগরাগিণীযোগে ভিনি পাঠ করিতেন, তাঁহার স্থাপুর স্বরে শশু পক্ষী আরুষ্ট হইরা চিত্রার্পিতের ন্যায় শ্বিরভাবে তাঁহার চতুম্পার্শে দাঁড়াইরা তাহা শ্রবণ করিত। তদীর স্থকে মল মনোগারী স্বরে পাযাণ গলিয়া যাইত, পর্বাত সকল স্পান্দিত হইত, সমুদায় জড়জীব স্তোত্র গানে তাঁহার সঙ্গে যোগ দান করিত। দাউদ ঈশ্বরাদেশে যুদ্ধ পরিচ্ছেদ বর্মা নির্মাণ করিয়া তাহা বিক্রয় দারা আপন জাবিকা নির্মাহ করিতেন। রাজস্ব হইতে কিছুই নিজের ও পরিজনবর্গের ভরণপোষণের জন্য গ্রহণ করিতেন না। কথিত আছে তাঁহার অঙ্গুলিম্পার্শে লোহ মধ্খবৎ কোমল হইরা যাইত, অন্যলোকে অগ্রির উত্তাপে লোহা গলাইয়া বর্মা নির্মাণ করিত। তিনি বিদ্যাণ ব্যতিরেকে কেবল অঙ্গুলির সাহায্যে তাহা প্রস্তুত করিতেন। তাঁহার এই অলোকিক ক্রিয়া ছিল। উক্ত হইয়াছে, দাউদই প্রথম লোহময় ক্রচ নিশ্বাণ করেন।

#### দাউদের বিপদ।

রাজর্ষি দাউদ ঈশ্বরে অত্ম সমর্গণপূব্দক ঋষিজীবনে রাজ। শাসন করিতে লাগিলেন। প্রতিদিন রাজ কার্য্যইতে অবসর গ্রহণ করিয়াই ঈশ্বরগুণানুবাদ স্থাতি প্রার্থনায় নিযুক্ত থাকিতেন। ইতিমধ্যে তাঁহার ধর্মাভিমান হয়, তিনি আপনাকে পবিত্রাত্মা সাধু বলিয়া বোর করিতে থাকেন। অহঙ্কার পত্রের দার, বহু সাধুতা লাভের পরও লোকে অহঙ্কারের পথ দিয়া নরকে গমন করে। দাউদের যাই অহঙ্কার হইল তখনই তাঁহার পতন উপস্থিত। রাজ্পাসাদের অদ্বে উড়িয়া নামক এক ব্যক্তির উদ্যান ছিল। সেই উদ্যানম্থ ক্ষুদ্র সরোবরে একদিন উড়িয়ার বৎশেবা নায়ী পরমা স্থন্দরী ভার্মী। বিবসনা হইয়া স্থান করিতেছিল, তখন দাউদ প্রাসাদের ছাদের উপরে যাইয়া একটি স্থন্দর পক্ষীর প্রতি দৃষ্টি প্রসারণ করিয়াছিলেন। বিহঙ্কমটী উড়িয়া উক্ত উদ্যানম্থ তরু শাধায় যাইয়া উপবিষ্ট হয়! দাউদ্ভ উদ্যানের দিকে দৃষ্টি প্রেরণ করিয়া ইতস্ততঃ নিরীক্ষণ করিতে থাকেন, ইতি মধ্যে অকন্মাৎ বসনবিমুক্তা বৎশেবার প্রতি তাঁহার দৃষ্টি নিপতিত হয়। বংশেবার রূপলাবণ্য দেখিয়া তিনি একে বারে বিশ্বলে হইয়া পড়েন, অন্তরে তাহার প্রতি অনুরাগানল প্রজ্ঞলিত

হইয়াঁ উঠে, তথনই এই পরমা স্থলরী স্বতীটী কে তাহার অনুস্কান করিতে লাগিলেন, অন্তমন্ধানে জানিতে পাইলেন যে সেই নারী উড়িয়ানামক এক যুবকের ভার্যা। ইহা অবগত হইয়াই তিনি উড়িয়াকে ডাকিয়া আনিলেন, ও তাহাকে বাধ্য করিয়া সমরক্ষেত্রে পাঠাইয়া দিলেন, এবং এই স্থানে বংশেবাকে হস্তগত করিলেন। এদিকে উড়িয়া যুদ্ধ করিয়া শক্র হস্তে প্রাণত্যাগ করে, দাউদ এই সংবাদ পাইয়া মহা আহ্লাদে বংশেবার পাণি গ্রহণ করেন। পূর্ব্ধতন ভূপালদিগের ন্যায় দাউদের বহু ভার্যা ছিল, তিনি একোনশত নারীকে পত্নীত্বে বরণ করিয়াছিলেন, বংশেবায়ায়া শত ভার্যা পূর্ণ হয়। নারীজাভিসম্বন্ধে যে তাঁহার চরিত্র নির্মাল ছিল না, এ বিষয় বলা বাহল্য। যাহা হউক উড়িয়াকে কৌশলপূর্ব্ধক নিধন করিয়া ভাহার প্রিতমা ভার্যাকে স্বীয় উন্ধাহশৃঙ্খলে বন্ধ করা, যার পর নাই গহিত কার্যা হইয়াছিল। এরপ ধার্ম্মিক পুরুষের ঈদৃশ শোচনীয় আচরণ যংপরোনাপ্তি ছংখজনক। এই বংশেবার গর্ভেই দাউদ নূপতির স্ক্রেখ্যাত পুত্র সোলয়মান জন্ম প্রহণ করেন।

বংশেবার পাণিগ্রহণের পর একদা দাউদ উপাসনালয়ে উপাসনা করিতেছেন, এমন সময় চুই তেজঃপুঞ্জ পুরুষ অতর্কিত ভাবে তথায় উপস্থিত
হন। দাউদ হঠাৎ তাঁহাদিগকে মন্দিরে সমাগত দেখিয়া চমকিয়া
উঠেন। জিজ্ঞাসা করেন "তোমরা কে ? কি জন্য এন্থানে সমাগত ?"
অভ্যাগত দ্বয়ের একজন বলেন "আমার অভিযোগ আছে, বিচারার্থ আপনার
নিকটে উপস্থিত। আপনাকে তাহার মীমাংসা করিতে হইবে'। দাউদ
বলিলেন "কি অভিযোগ প্রকাশ করিয়া বল'। তথন সেই পুরুষ আপন
সঙ্গীকে লক্ষ্য করিয়া বলিলেন "ইনি স্থামার ভাতা, ই হার পালে একোনশত
মেষ আছে, আমার একটা মাত্র মেষ। ইনি বলেন তোমার সেই মেণ্টা
আমাকে দাও, বল প্রয়োগে উহা গ্রহণ করিতে চাহেন। এবিষয়ে আপনার
নিকটে বিচারের প্রার্থী।" তথন দাউদ প্রত্যেথীকে জিজ্ঞানা করেন "এ যাহা
বলিতেছে ইহা কি সত্য ?" তিনি বলেন "হাঁ যথার্থ।" তথন দাউদ কহিলেন
"ভোমার অত্যন্ত অন্যায় যে ভুমি সীয় উনশত মেষের সঙ্গে ইহার একমাত্রে
মেষকে বলপুর্কক গ্রহণ করিয়া যোগ করিতে চাও।" ইহা প্রবণ করিয়া সেই

দুইজন অর্থী প্রত্যর্থী হাস্য করিতে লাগিলেন, এবং বলিলেন "একোনশত ভার্যামত্ত্বে আপনি লোভপরবশ হইয়া উড়িয়ার স্ত্রীকে গ্রহণ করিলেন ও তাহাকে বিবাহ করিয়া শততম ভার্ম্যা পূরণ করিয়া লইলেন, এ কেমন বিচার গ নীতি সম্বন্ধীয় অভিযোগ উপস্থিত করিতে আমরা আপনার নিকটে আসিয়াছি, এই সেই অভিযোগ, ভাবিয়া দেখুন আপনি কি ভয়ানক অত্যাচার করিয়াছেন"। ইহা বলিয়া অভ্যাগত দ্বয় অন্তহিত হন। ক্থিত আছে তাঁহার। দাউদকে শিক্ষা দিবার জন্য ঈশ্বরের প্রেরিত স্বর্গীয় দৃত ছিলেন। গ্রন্থ বিশেষে নরপাল দাউদের সঙ্গে বৎশেবার উদ্বাহরতান্ত অন্যরূপ লিখিত। কিডুজামেমত্ত এয়ারিখ ও কসসোল অধিয়া এই ছুই গ্রন্থে পূর্কো জ্রূপ বর্ণিত হইরাছে। যাহা হৌক দাউদ বুঝিতে পারিলেন যে এ তুই বাক্তি মন্ত্রয নহে, মানবাক্বতি স্বর্গীয় দূত, আমাকে উপদেশ দিবার জন্যই আসিয়াছিলেন। তখন তিনি নিজের পাপ স্পষ্টরূপে বুঝিতে পারিলেন, ভয়ানক আজ্মানির অগ্নি তাহাঁর অন্তরে জলিয়া উঠিল, অন্ততাপাশ্রু বর্ষণ ও আর্ত্তনাদ করিতে লাগিলেন। দিবারাত্রি ক্রন্দন বিলাপের বিগ্রাম নাই, অনাহারে অনিদ্রায় চত্বারিংশৎ দিবস গত হয়, তিনি সর্বাদা দণ্ডবৎ হইয়া প্রার্থনা করিতেন, তাঁহার নয়নজলে ধরাতল প্লাবিত হইত। পরে ঈশ্বরের এই আজ্ঞা শ্রবণ করিলেন ''দাউদ, ক্রন্দন সম্বরণ করিয়া মস্তক উত্তোলন কর, আমি তোমার অনুতাপ গ্রহণ করিয়া পাশ ক্ষমা করিলাম। তুমি উড়িয়ার প্রতি যে অভ্যাচার করিয়াছ ভজ্জন্য তাহার সমাধির নিকটে যাইয়া সানুনয়ে ক্ষমা প্রার্থনা কর''। দাউদ এই আজা প্রবণ করিয়া উড়িয়ার সমাধির অনুসন্ধান লয়েন, সেখানে যাইয়া তাহার আত্মার উদ্দেশ্যে অশ্রুপাত সহকারে ক্ষমা প্রার্থনা করেন। তাহার প্রহুইতে ভাঁহার অন্তরের বিষাদ গ্লানি চলিয়া যায়, শোকানল নিৰ্কাপিত হয়।

#### माछेदमत विहात।

দয়াময় প্রমেশ্বরের দয়াতে রাজর্ষি দাউদ নিদারুণ অন্তর্দাহ ও পাপের যন্ত্রণ। হইতে নির্কৃতি পাইলে পর রাজকার্য্য পর্য্যালোচানার জন্য রাজসিংহাসনে উপবিষ্ট হন। কথিত আছে যে একদিন চুইজন কৃষিজীবী প্রস্পর বিবাদ করিয়া বিচারার্থ তাঁহার নিকটে উপস্থিত হয়। একজন অপরকে লক্ষ্য করিয়া বলে "ইহার ছাগপাল আমার শস্যক্ষেত্রের অপচয় করিয়াছে, মহারাজ, আপনি এবিষয়ে বিচার করুন।" দাউদ রাজকর্মচারীদিগকে ক্ষেত্র ও ছাগ-পালের মূল্য নির্দারণ করিতে আদেশ করেন, ক্লেত্রের মূল্য পশুষ্থের মূল্য অপেক্ষা অধিক হয়। তাহাতে নুপতি পশুমূথকে ক্ষেত্রপতির হস্তে সমর্পণ करतन । ছाপপালের স্বামী রোরুদ্যমান হইয়া সভা হইতে চলিয়া যায়। তথন দাউদনন্দন সোলয়মানের সাত বৎসর বয়ংক্রম, তিনি দ্বারেতে উপ-বিষ্ট ছিলেন। পশুপালককে কাঁদিতে কাঁদিতে চলিয়া ঘাইতে দেখিয়া ক্রন্দনের কারণ জিজ্ঞাস। করেন। সে বিচার বৃত্তান্ত তাঁহার নিকটে নিবে-দ্দন করে। তথন সোলম্মান তাহাকে বলেন, "তুমি ভূপতির নিকটে পুন-র্বার যাইয়া বল যে, অভিযুক্ত বিষয়ে আপনি পুনর্বিবেচনা করিলে এ হুংখীর পক্ষে মন্ত্রল হয়।" সোলম্মানের আজ্ঞাক্রিমে সে পুনরায় রাজসন্নিধানে माउन তাহাকে জিজাস। করেন, बाहेबा शुनर्सिहाद्वत खार्थी इत। "তুমি কাহার কথানুসারে ফিরিয়া আসিয়াছ ?'' সে বলে "রাজকুমার সোলয়মান আমাকে পুনর্বিচারার্থ পাঠাইয়াছেন''। এই কথা ভনিয়া দাউদ সোলয়মানকে ডাকিয়া পাঠান। সোলয়মান সভার উপস্থিত ছইলে তিনি জিজ্ঞাসা করেন, "ভূমি ইহাকে কেন পুনরায় পাঠাইলে"? সোলয়মান নিবেদন করিলেন "পিতঃ, এই উপায়হীন হৃঃখীর সম্বন্ধে গৃঢ় বিবেচনা পূর্বক বিচার করিলে ভাল হয়।" দাউদ বলিলেন "বৎস, তোমার প্রতি ভার দেওয়া গেল, তুমি ইহার বিচার কর।'' তদানীস্তন কালের বিচারের এই নিয়ম ছিল বে, কেহ কোন বস্তু চুরি করিয়া ধরা পড়িলে, যাহার বস্তু চুরি গিয়াছে, চোর চিরজীবন তাহার দাস হইয়া থাকিতে বাধ্য হইত। দাউদ সেই ব্যবস্থাত্মসারে ছাগপাল ক্ষেত্রপতিকে অর্পণ করিয়া-ছিলেন। এই ক্ষণ সোলয়মান বিচার নিম্পত্তি করিলেন যে, ক্ষেত্র-পতি প্রপাল প্রাপ্ত হইবে ও তাহার হুগ্নপান করিবে এবং ছাগপালক ক্ষেত্রে জল সিঞ্চন করিতে থাকিবে, যখন ক্ষেত্র পূর্ব্ববং শস্যপালী হইবে, ক্তব্ন সে আপন ছাগযুধ কেত্রপতিহইতে ফিরিয়া পাইবে। দাউদ বিও সোলয়মানের বিচার নিপ্পত্তি শুনিয়া আহ্লাদিত হইলেন। সোলয়মানের যুক্তিসঙ্গত মীমাংসাই স্থিরতর রাখিলেন ও আপনার বিচার খণ্ডন করিলেন।

এক জন দীনহীন ক্রম সাধ্যুক্ষ ধর্মপ্রবর্ত্তক দাউদের সময় এই ভাবে অবিশ্রান্ত প্রার্থনা করিতেছিলেন ''হে ঈশ্বর! অনায়াদে যাহাতে আমি কিঞ্চিৎ উপজীবিকা প্রাপ্ত হই, তুমি তাহার বিধান কর। যখন তুমি আমাকে হুর্মল কর্মাক্ষম বিকলাঙ্গ স্ক্রম করিরাভ তথন এই আহত-পৃষ্ঠ গর্দ্ধভের উপরে অশ্বের বা উণ্ট্রের বহনফোগ্য ভার অর্পণ করিতে পার না। আমি তোমা হইতে শক্তিহীন হইরা জন্মগ্রহণ করিয়াছি। হৈ পরম ঐশ্বর্য্যের আকর! যে ভাবে অশক্ত গল্পুর উপজীবিকা পাওয়া উচিত সেই ভাবে আমাকে তাহা দান কর। আমি আগ্রিত ও তুর্বল, তোমার প্রেম ও দয়ার ছায়ায় বিত্রাম করিতেছি, তুমি অক্ষম আাশ্রিতদিগকে অন্যবিধ উপায়ে জীবিকা দান করিয়া থাক। যাহার চরণ আছে সে বিচরণ করিয়া উপজীবিক। সংগ্রহ করিতে পারে। যাহার চরণ নাই, তুমি তাহাকে বিশেষ উপায়ে প্রতিপালন করিয়া থাক। দাও, এই দীন হীনকে কিঞ্ছিৎ উপন্ধীবিকা দাও , তুমি সকল ক্ষেত্রে বারি বর্ষণ করিয়া থাক। ভূমি গতিশক্তিহীন ছির, কিন্ত তোমার প্রেম প্রচুর বৃষ্টি তৎপ্রতি প্রেরণ করে। যথন শিশু চলিতে পারে না তখন জননী আসিয়া তাহার প্রাত্যহিক উপজীবিকা যোগাইনা থাকে। আমি অনা-য়াসে অক্ষাৎ জীবিকা লাভ করিতে চাই, আমি ভোমার প্রতি প্রার্থন। ব্যতীত অন্য কোন চেষ্টা করিতে পারি না।" তিনি অনেক কাল এইরূপ প্রার্থনা করেন, এক দিন মধ্যাক্ষকালে উচ্চৈঃম্বরে ব্যাকুল অন্তরে এই প্রকার প্রার্থনা করিতেছেন, এমত সময়ে অক্সাৎ এক বৃহৎ গাভী তাঁহার গৃহাভিমুখে দৌড়িয়া আসিল এবং শৃঙ্গবোগে অবকৃদ্ধ ধার ভগ্ন করিয়া গৃহে প্রবেশপূর্বক তাঁহার সম্মুখে উপস্থিত হইল। প্রার্থনা কারী তৎক্ষণাং গাত্রোখান কয়িয়া তাহাকে বাঁধিলেন, পরে তাহার কঠ ছেদন করিয়া কিরদংশ মাংসে নিজের উদর পূর্ত্তি এবং অবশিষ্ট মাংস ও চর্ম কসাইবের নিকটে বিক্রয় করিলেন। তথন গো-সামী আসিয়া তাঁহাকে আক্রমণ করিয়া বলে বে "রে মূর্য চোর, তুই আমার রোধন

হত্যা করিলি কেন ? বিচারালয়ে আগমন কর।'' গোহত্যাকারী বলিলেন "আমি বছকাল জীবিকার জন্য ব্যাকুলাস্তরে সকাতত্বে প্রার্থনা করিয়া-ছিলাম, তাহাতেই ঈশ্বর আমার নিকটে সেই গোধন প্রেরণ করেন. আমি তাহাকে গ্রহণ করি। উহা আমরা উপজীবিকা ছিল, আমি ঈশুরের নিকটে বাহা বাচ্ঞা করিয়া ছিলাম। সেই পুরাতন প্রার্থনা গৃহীত হইয়াছে। আমার জীবিকা ছিল বলিয়া আমি তাহা কাটিয়া ভক্ষণ করিয়াছি, এই আমার উত্তর।'' গো-স্বামী মহাক্রোধে তাঁহার গ্রীবাদেশ আক্রমণ করিয়া তাঁহার কপোলে কয়েকটী মৃষ্টি প্রহার উপহার দিল, এবং তাঁহাকে টানিয়া নরপাল माউদের निकট লইয়া যাইতে লাগিল, এবং বলিতে লাগিল "तत নুশংস অত্যাচারী মূর্থ প্রতারক। এই প্রাপ্নার যুক্তি রাখিয়া দে। বুদ্ধিকে সজীব কর ও নিজে সবশ হ। প্রার্থনার কথা কিরে ভণ্ড পাষও !" সাধুপুরুষ বলিলেন "ষণার্থই আমি পরমেশ্বরের নিকটে অবিশ্রান্ত প্রার্থনা করিয়াছি, স্তুতি মিনতিতে হৃদয়ের শোণিত অনেক শোষণ করিয়াছি। আমি নিশ্চয় জানি, আমার প্রার্থনা পূর্ণ হইয়াছে।" গোধন-পতি উচ্চৈঃম্বরে বলিতে লাগিল "লোক সকল এম, এই হুরাত্মার প্রলাপ ও প্রবঞ্চনা দেখ। রে বঞ্ক। আর কত অনর্থ উক্তি করিবি। প্রার্থ-নার প্রমাণ রাখিয়া দে, প্রার্থনা আবার কিরে ? বল হে লোক সকল বল, প্রার্থনা করিলে কে আমার সম্পত্তিকে তাহার স্বত্ব করিয়া দিবে। ষদি এইরপ হইত তবে সমগ্র রাজ্য এই এক প্রার্থনাচ্ছলে লোকে নিজম্ব করিয়া লইত। দিবা রজনী তাঁহারা প্রার্থনা ও স্তব স্ততিতে 'হে ঈশ্বর। ধন দাও, সম্পদ দাও বলিয়া মিনতি করিত। অন্ধদি-গেরই ব্যবসায় যাচ্ঞা <del>ও</del> বিনয় চাটুতা; কিন্তু তাহাদিগের মুখে দানের এক খণ্ড রুটিকা ব্যতীত অর্পিত হয় না, তুঃখী বৈরাগিগণও মেই অন্ধ সদৃশ।' তথন সমাগত লোক সকল বলিতে লাগিল "এ ব্যক্তি কোথাকার ধার্ম্মিক, এ প্রার্থনাবিক্রয়ী ভও অত্যাচারী, এরপ প্রার্থনা कि कथन अभीत, এই প্রার্থনাকে कि कथन धर्मविधित অনুগত বলা सात्र ? হে সাধুপুরুষ ! যে বস্তু দান পাও বা ক্রয় কর, কিম্বা এবম্বিধ ' কোন উপায়ে প্রাপ্ত হও ভাহাতে ভোমার স্বস্তুমি যাহা বলিতেছ ভোমার এই বিধি

কোন্ গ্রন্থে লিখিত আছে, বলি গাভীটী প্রত্যর্পণ কর, অথবা কারা-গারে যহিয়া বদ্ধ হও, আর অনর্থক কথা বলিও না।'

**उथन (मर्ट मीन टीन** वाकि উर्द्ध मृष्टि कविशा मीननश्रत विलालन "প্রভো দয়ামরপ, করুণাময়, এ বিষয়ে আমি প্রার্থনা করিয়াছি, তুমি ব্যতীত আমার তত্ত্ব কে জানে ? তুমি আমার অন্তরে সেই প্রার্থনা প্রেরণ করিয়াছ, আমার মনে শত শত আশা সমুক্ষাত করিয়াছ, আমি সেই প্রার্থনা অসত্য করি নাই। আমি মহাত্মা ইউসফের ন্যায় তোমার বাণীতে দুঢ়-বিশ্বাসী।" ইয়ুসফকে যখন তাঁহার হুষ্ট ভ্রাতৃগণ গভীর পুরাতন কূপে বিস-জ্ঞান করে তথন পরমেশ্বরহইতে তাঁহার কর্ণে এই বাণীর দঞ্চার হয়। "ইয়ুসোফ, তুমি এক দিন রাজা হইবে এবং এই ছুরাত্মাদিগকে তাহাদের কার্য্যের সমুচিত প্রতিফল দিবে।" এই বাক্যের বক্তাকে চক্ষে দেখা যায় না। কিন্তু লক্ষণদ্বারা হৃদয় উত্তমরূপে তাঁহার পরিচয় লাভ করে। সেই মহাধ্বনিতে ইয়ুসোফের আত্মার মধ্যে বল শান্তি ও বিশ্বাস সম্দিত হয়, সেই মহাবাক্যে ঐ অন্ধকূপে এবাহিমের অগ্নির ন্যায় তাঁহার সম্বন্ধে পুপোদ্যান ও উৎসব ক্ষেত্র হয়। অতঃপর তাঁহার প্রতি যত অত্যা-চার হইয়াছিল তিনি দেই বাক্যের প্রভাবে তাহা সম্ভোষে পরিণত করিয়াছিলেন। এইরূপে সেই বাণীর মধুরতা প্রত্যেক বিখাসীর অন্তরে চিরকাল থাকে। ভাহাতেই তাঁহারা বিপদে সস্কুচিত হন না। যাঁহারা ঈশ্বরের নিষেধ বিধির অধীন তাঁহারা চিস্তায় অভিভূত নহেন। ভিজ্ঞ অর তাঁহাদের নিকটে শর্করা তুল্য হয়, কণ্টক পুল্পে প্রস্তর মাণিক্য পরিণত হয়। যে আদেশরপ গ্রাসপিও তিক্ত স্বাদ প্রদান করে, বিশ্বাসী তাহাকে গোলেশকরনামক মিষ্টান তুল্য স্থাতু মনে করেন, যাহারা সেই গোলেশক্রের প্রার্থী নহে, তাহারাই তাহা উদ্বমন করিয়া ফেলে। যাঁহারা প্রত্যাদিষ্ট পুরুষ তাঁহারা সাধনপথে প্রমত্ত থাকেন। মন্ত উট্রের ন্যায় নিশ্চিন্ত, অক্লান্ত ও অবিষয়ভাবে তাঁহারা গুরুভার বহন करतन, उक्षे भत्राक्रिय भार्क ल जूना रहा। जिनशानी लाक जना क्षकात्र, এ সংসারে সে ঈশবের তৃত্য ও শিষ্য হয় না। হইলেও তাহার মন নানা ভাবনা চিম্বায় শতধা বিভক্ত থাকে, এক সময়ে ভাহার কৃতজ্ঞতা ' এক সময়ে নিন্দা। সে নানা ভাবনা ও অবিশ্বাসের জন্য ধর্মপথে এক পদ অত্রে এক পদ পশ্চাতে স্থাপন করে এই বিবরণ বলিতে গেলে মূল প্রস্তাবকে আশ্র না করিলে আর শেষ নাই। অতএব ভাহাকেই পুনর্বার অবলম্বন করা যাইতেছে। সেই হৃঃখী বলিলেন "হে ঈশ্বর, কি দোষে এই ব্যক্তি আমাকে অন্ধ বলিতেছে। ইহা অত্যস্ত দান্বীয় অমুভব। আমি কবে অন্ধের ন্যায় প্রার্থনা করিয়াছি। আমি স্ষ্টিকর্তার निकटि राजीज करर थना लाटकत्र निकटि जिक्का ठाहिसाछ। अस ভিক্ষুকেরা মৃচ্তাবশতঃ আশাধিত। আমি তোমার, ভোমাধারা আমার সমূলায় কঠিন সমস্যার মীমাংসা। এ ব্যক্তি আমাকে অন্ধ বলিল, অন্ধ-গণের মধ্যে পরিগণিত করিল। এ, আমার হৃষয়ের প্রেম ও দীনতা (पिश्ल ना। दाँ «প্রেম এক অন্ধতা, সেই অন্ধতা আমার আছে। হে স্থন্দর পরমেশর! প্রীতি অন্ধতা ও বধিরতা সম্পাদন করে, প্রেমের এই স্থলর প্রকৃতি। ধর্মশাস্ত্রের এই উক্তি। অন্যের সম্বন্ধে আমি অন্ধ, কিন্তু তোমার সম্বন্ধে চক্ষুত্মান্। লোকে আমার গঢ়তত্ত্ব জানে না: তাই আমার উক্তিকে অযথার্থ মনে করে। সভ্য প্রচ্ছন, অন্তরদর্শী ব্যতীত অন্তরের তত্ত্ব কে জানে ?" তথন বিপক্ষ বলিল "আমার দিকে মুখ ফিরাইয়া সত্য কথা বল্। তুই আকাশের দিকে মুখ তুলিয়। তাকাইয়। আছিদ কেন । মততার কাহিনী বল্ছিস্, অসত্যের চলাচলি কচ্ছিস, প্রেমের গল্প ঈশ্বর সহবাদের জাঁক করিতে-ছিস। যখন তোর মন নিজীব তখন কোন মুখে তুই উর্দ্ধে দৃষ্টি করি-তেছিদ্।" সেই সময় সকল লোক বলিয়া উঠিল "রে হভভাগা, তুই মাটীর দিকে ভাকাইয়া থাক্।" তথন সেই দীনহীন ধার্মিক ব্যক্তি পুন-র্ব্বার দীনভাবে বলিলেন "হে ঈশ্বর এ দীনকে লজ্জিত করিও না, আমি সেই গভীর রজনী পর্য্যন্ত তোমাকে কত শত দীনতা সম্কারে আহ্বান করিয়াছি। লোকের নিকটে যদিচ তাহার মূল্য নাই, কিন্তু তোমার সন্নিধানে তাহা দীপের ন্যায় উজ্জ্ব। তে ঈশব, আমার নিকটে ইহারা গাভী চাহিতেছে, ধ্বন তুমি তাহা পাঠাইয়াছ আমার অপরাধ কি ?"

অভঃপর গো-স্বামী দেই তুঃখী সাধু পুরুষকে বিচারার্থ মহাপুরুষ দাউদ্বের

নিকটে উপন্থিত করিয়া নিবেদন করিল "মহারাজ, আমার গান্তী এ ব্যক্তির আলয়ে গিয়াছিল, এ তাহা কাটিল কেন ? আপনি ইহাকে জিজ্ঞাসা করন।" দাউদ বলিলেন "সন্যাসী! বল তুমি কেন ইহার উৎকৃষ্ট সামগ্রী নষ্ট করিয়াছ ?" এলো মেলো বকিও না, প্রমাণ প্রয়োগ কর, তাহা হইলে এ অভিযোগের মীমাংসা হইবে।" সেই সাধু পুরুষ বলিলেন 'মহাত্মন্, আমি সাত বৎসর দিবা রাত্রি প্রার্থনা ও ষাচ্ঞা করিয়াছি। পরমেশ্বরের নিকটে এই বলিয়াছি যে, অনায়াসলভ্য উপজীবিকা আমাকে প্রদান কর, নরনারী সকলে আমার কাভরোক্তির বিষয় অবগত আছে, বালকবালিকাগণও অক্তাত নহে। এ বিষয়ে আপনি যাহাকে ইচ্ছা হয় জিজ্ঞাসা করুন, সকলে নির্বিবাদে সাক্ষ্য দান করিবে, আপনি সম্বোপনে বা প্রকাশ্যে লোকের নিকটে প্রশ্ন করুন যে এই ব্যক্তি কি বলিয়াছে ? সেই সকল প্রার্থনা ও আর্তনাদের পরে গৃহের অভান্তরের গাভীকে অকত্মাৎ দেখিতে পাই। ঈশ্বরের দান হৃদয়ঙ্গম করিতে আমি দৃষ্টিহীন হই নাই। আনন্দ এই যে আমার প্রার্থনা পরিগৃহীত হইয়াছে, আমি গাভী বধ করিয়াছি। অন্তর্মদর্শী ঈশ্বরেক কৃতজ্ঞভা দান করি যে, তিনি আমার প্রার্থনা প্রবণ করিয়াছেন।"

দাউদ বলিলেন "এ সকল কথা পরিত্যাগ কর, এই অভিযুক্ত ব্যাপারে বিধিসঙ্গত প্রমাণ প্রদর্শন কর। যাহা তোমার উদ্দেশ্যে প্রদত্ত হয় বা তুমি ক্রেয় কর তাহারই তুমি স্বজাধিকারী, কোন বিত্তের রক্ষক হইলে তাহার চতুর্থাংশে তোমার অধিকার আছে। বিষয় বাণিজ্যকে তুমি ক্র্ষিকর্মের ন্যায় গণনা করিও। তুমি ভূমি কর্ষণাদি না করিলে তহুংপন্ন শস্যে তোমার অধিকার থাকে না, যাহা তুমি কর্ষণ করিবে, কর্ত্তন করিবে তাহাতেই মাত্র তোমার অধিকার, অন্যথা অধিকার নাই। যাও ইহার বস্তু ইহাকে দাও, দ্বিক্তিক করিও না; যাও ঝণ গ্রহণ করিয়া ইহাকে প্রবোধ দাও, অন্যায় বলিও না।"

এই কথা শুনিয়া সাধুপুরুষ বলিলেন "পরম ধার্দ্মিক নরবর, বাহা অধার্দ্মিক লোকেরা বলে, আপনি তাহাই বলিতেছেন।" অনস্তর দীর্ঘ নিশাসদহকারে তিনি "হে ঈশর" বলিয়া সম্বোধন করিলেন। ইহা বলিয়াই হায়। হায়। রবে ক্রন্সন করিতে লাগিলেন। এতদর্শনে নরপত্তির মন বিকম্পিত হইল, ' . . . . . .

তিনি অভিযোক্তাকে বলিলেন "অদ্য ক্ষান্ত হত, ইহার এই প্রার্থনাকে **উপেক্ষা** করিও না। আমি নিভৃত উপাসনামন্দিরে গমন করিতেছি। **অন্তর্য্যামী পরমেশ্বরের নিকটে** এই তত্ত্বের অনুসন্ধান করিব। আমার স্বভাব যে উপাসনাতে আমি কঠিন সমস্যার সিদ্ধান্ত করিয়া থাকি। আমার প্রাণের বাতায়ন উন্মুক্ত, তদ্বারা ঈশবের আজ্ঞা অবাধে উপনীত হইয়া থাকে। আমার সেই গবাক্ষপথ দিয়া প্রাণনিকেতনে আদেশ সমাগত হয়, ও জ্যোতির আকর হইতে জ্যোতি বৃষ্টি হইয়া থাকে। সেই গৃহ নরকডুল্য ষাহাতে গৰাক্ষ নাই, প্রাণের বাতায়ন উজ্ঞাটন করাই প্রকৃত ধর্ম। সকল অরণ্যে কুঠারাঘাত করিও না, স্থির হও গবাক্ষ উদ্যাটনের জন্য কুঠার মার। স্থর্য্যের জ্যোতি কি জান না ৪ স্থর্য্যের কিরণ আবরণমুক্ত, তুমি সেই জ্যোতি দেখিতেছ, পশুরাও, দেখিতেছে, তবে মনুষ্যের শ্রেষ্ঠতা কি ? আমি আত্মার অভ্যন্তরে দিবাকরের ন্যায় জ্যোতিঃপুঞ্জে নিমগ্ন। আমি সেই ক্ষ্যোতি হইতে আপনাকে বিচ্ছিন্ন করিতে পারি না। আমি নির্জন উপা-সনায় প্রজাদিগকে নীতি শিক্ষাদানের তত্ত্ব লাভ করি।" দাউদ ইহা বলিয়া त्मीनावलवनशृक्वक मञ्जतं निज्ज छेशामनालएत गमन कतिएलन। छथात्र ষাইয়া দার রুদ্ধপূর্ম্বক আত্মন্থ হইলেন ও একাগ্র মনে প্রার্থনা করিতে লাগি-লেন। ঈশ্বর অলোকিক উপায়ে তাঁহার নিকটে সমুদায় ঘটনা পরিব্যক্ত করিলেন। দাউদ দণ্ড ও প্রতিক্রিয়া বিধি অবগত হইলেন। এমত ব্যাপার সকল উদ্রাসিত হইয়া পড়িল যে অন্য কেহ জানিত না। নিগ্ তত্ত্ব সকল হাদয়ক্ষম করিয়া তিমি অত্যন্ত আশ্চর্য্যান্বিত হইলেন। পর দিন সভামগুপে বছ লোক সমবেত হইয়া দাউদের নিকটে গ্রেণীবদ্ধ হইল। অধী সেই অভিযোগ উত্থাপিত করিয়া প্রত্যর্থীকে গালি দিতে লাগিল, এবং বলিতে লাগিল "রে ভণ্ড প্রবঞ্চ ! শীদ্র আমার গোধন আনিয়া দে, পরমে<del>ধর</del> ्रहेर्ड लब्बिड र। शंग्र! मश्यूक्य माडेरम्त्र विमामानकारम अक्रय স্পষ্ট বিগহিত অত্যাচার হইল। এইক্লণ এই ধূর্ত নির্ভয়ে গোবধ করিয়া আবার প্রত্যুত্তরে প্রবঞ্চনা করিতেছে বে, আমি কত কাল ব্যাপিয়া ঈশবের निकटि बार्थनात्यात्न ठारिशाहि। छाराटि छिनि बार्याटक छेरा पिशा-(इन। वलून (पथि महाभंतभन, गां**जी हिल आमात मन्पर्धि, अर्थत छा**हारक

দিলেন এ কি কখন হয় ?" তখন দাউদ বলিলেন "চুপ কর, নির্ত্ত হও, এ ব্যক্তিকে তোমার গাভী সম্বন্ধে স্বত্যধিকার প্রদান কর। ঈশ্বর তোমার অপরাধ শুপু রাথিয়াছিলেন বলিয়া বিশ্বাস কর।" বাদী বলিল "ভাল আশ্চর্য্য কাগু! এ কি আদেশ, এ কি বিচার! আমার সম্বন্ধে আপনি কি বিপরীত কার্য্য করিবেন? আপনার স্থবিচারের যশ এরপ বিস্তৃত যে গগন মেদিনী তাহাতে দৌরভীকৃত হইয়াছে। কেহ কুকুরের প্রতিও এরপ অত্যাচার করে না, ভাল অবিচারের যুগ উপন্থিত। হে ধর্মপ্রবর্ত্তক মহাপুরুষ! আমার প্রতি এরপ উৎপীত্ন ও অত্যাচার করিবেন না।" এই ভাবে সে দাউদের নিন্দা অনুযোগ করিতে লাগিল।

অতঃপর দাউদ বলিলেন "রে ছ্রাশর! তুই নিজের সম্পত্তি ইহাকে প্রদান কর, অন্যথা বলিতেছি তোর সম্বন্ধে স্থকঠিন ব্যবস্থা হইবে। আমার এই আজ্ঞা প্রতিপালন না করিলে তোর নিস্তার নাই। তোর অত্যাচার ব্যক্ত হইরা পড়িবে।" সে ইহা প্রবণ করিয়া আক্ষেপে বস্ত্র ছিন্ন ও মস্তকে ধূলি নিক্ষেপ করিতে লাগিল, এবং বলিতে লাগিল "হায়! মৃহ্মুছ আপনি আমার প্রতি উৎপীড়ন বৃদ্ধি করিতে লাগিলেন।" কত ক্ষণ এই প্রকার নিন্দা করিলে পর পুনর্কার দাউদ ভাহাকে নিকটে ডাকিয়া বলিলেন "যখন তোমার ভাগ্য মন্দ, অল্পে অল্পে অত্যাচার বৃদ্ধি হইয়া পড়িল, যাও তুমি সম্বীক ইহার দাস হইলে, আর অধিক কথা কহিও না।"

সে ইহা শুনিয়া হই হস্তে বক্ষে করাঘাত করিতে লাগিল ও মহা আকুল ও অন্থির হইয়া পড়িল। সমাগত সমস্ত লোকও দাউদকে অনুযোগ করিতে লাগিলেন। যেহেতু তাঁহারা তাহার অন্তরের ভাব অনবগত ছিলেন। যেজন কাম জোধাদি বিপুর পরবশ, তৃণের ন্যায় একান্ত অধীন, কৈ উৎপীড়ক কে বা উৎপীড়িত সে কি জানে ? যে জন সীয় অন্তর্গত রিপুর মন্তকছেদন করিয়াছে, সেই উৎপীড়ক ও উৎপীড়িতের প্রভেদ বুকিয়াছে। অন্তরে যেনিক্ষ্টবৃত্তি, সেই উৎপীড়ক ও প্রত্যেক উৎপীড়িতের শক্র। কুকুর হর্কল গর্দভকে আক্রমণ করে, যথাসাধ্য সেই নিরীহ পশুকে আহত করিয়া থাকে। মন্ত্রেরও এইরপ ভাব গতি। তথন সভাছ লোকেরা দাউদের প্রতি দৃষ্টি-পাত করিয়া বলিলেন "মহাজ্বন্। দ্বালু বিচারক। আপনার ইহা কর্ত্ব্য

মাহে, ইহা স্পষ্ট নিদারুণ অত্যাচার, আপনি নিরপরাবীর প্রতি কোধ করিয়াছেন।"

দাউদ য**লিলেন, "বন্ধু**গণ গু**পু ব্যাপার ব্যক্ত হও**য়ার সময় উপস্থিত। সকলে গাত্রোত্থান কর, চল বহির্দ্ধেশে গমন করি ও সেই গুপ্ত ঘটনা অবগত হই। অমুক প্রান্তরে এক প্রকাণ্ড বৃক্ষ আছে। এই নূশ্যে নরাধম খীয় প্রভুকে হত্যা করিয়। মৃতদেহ ভূমিগর্ভে লুক্কায়িত রাখিয়াছে ও প্রভুর সমুদায় সম্পত্তি অপহরণ করিয়াছে। এই যুবকের পিতাই এই চুরাত্মার প্রভু ছিলেন। তথন বাল্যকাল ছিল বলিয়া ইনি এ বিষয় জ্ঞাত নংখন। এপুৰ্য্যস্ত পরমেশরের সহিষ্ণুতা এই ভয়ানক ব্যাপার শুপু রাথিয়াছে। পরিশেষে এই নির্লজ্জ দম্যুর ঘোর অকৃতজ্ঞতায় ইহা প্রকাশ হইয়া পড়িল। এ প্রভুকে হত্যা করিয়া এক দিনও প্রভুর পত্নীর ও সন্তানের তত্ত্ব করে নাই। ইহা **দা**রা ইহাঁরা নিঃম্ব হইয়া ক্লেশ পাইতেছেন। এ এক দিন এক মুষ্টি অন্ন দারা আমুকুল্য করে নাই। এই ক্ষণ একটী গাভীর জন্য এই চুরাত্মা স্বীয় প্রভুর পূক্রকে এরপ লাঞ্চিত করিতেছে। ( ঐ গাভীটীও ইহার পৈত্রিক সম্পত্তি সমুৎপন্ন বলিতে হইবে।) এই চুর্ব্ব ত স্বতঃ স্বীয় অপরাধের আচ্ছো-দন ইন্মোচন করিল। অন্যথা ঈশ্বর তাহা গুপ্ত রাখিয়াছিলেন। চুষ্ট অধা-र्षिक लाक्ति अधर्थ निष्कृत व्यथर्षित व्यावत्र केत्याहन करत, व्यक्ताहात्री স্বীয় গুপ্ত অভ্যাচার লোকের চক্লের নিকটে আনিয়া উপস্থিত করে।" **এই** বলিয়া নরপাল দাউদ সদলবলে দেই তরুমূলে যাইয়া ভূগর্ভহইতে উক্ত সাধুপুরুষের পিতার কঙ্কাল বাহির করিলেন ও সমুদায় ব্যাপার সপ্রমাণ করিয়া দিলেন। তংপর সেই ত্রাত্মা প্রাণ দণ্ডে দণ্ডিত হইল। দাউদের আদেশানুসারে যুবক আপন পিতৃহস্তার সমুদায় সম্পত্তির অধিকারী **इहेलन** ।

## पाउँ पत्र भिष्ठ की वन।

মহারাজ দাউদ চল্লেশ বংসরকাল রাজত্ব করেন, তাঁহার রাজত্বকালে বিবাদ

• বিসন্থাদ ও মুদ্ধবিগ্রহাদি অংশক ব্যাপার হইরাছিল,প্রয়োজনাভাবশতঃ সেই

সমুদায় লিথিয়া পুস্তক বৃদ্ধি করিতে আর ইচ্ছা হইল না। তিনি হিরোণ নামক স্থানে সাত বংসর ছয় মাস, ত্বেকজিলমে তেত্রিশ বংসর রাজস্ব করিয়াছিলেন। জেরুজিলমের ধর্ম্মন্দিরের নির্ম্মাণ কার্য্য তিনিই আরস্ত করেন, পরে তাঁহার পুত্র সোলন্তমানকর্ত্তক মন্দিরের কার্য্য সম্পাদিত হয়। দাউদ স্বীয় পত্নী বৎসেবার সঙ্গে অঙ্গীকার করিয়াছিলেন যে তাঁহার গর্ভজাত পুত্র সোলয়মানকে রাজপদে অভিধিক্ত করিবেন। বৃদ্ধ বয়সে মৃত্যু নিকটে দেখিয়া তদমুসারে তিনি সোলয়মানের হস্তে রাজ্যভার অর্পণ করেন। রাজ্যাভিষেকের পূর্বে দোলরমানকে অনেক হিতোপদেশ দেন, এবং মুসার বিধি, ব্যবস্থা ও নীত অনুসারে রাজ্যশাসন ও জীবন ষাপন করিতে অনুরোধ করেন। খীষ্টের জন্ম গ্রহণের ১০৫৫ বৎসর পূর্কে পাউদ রাজ্যাভিষিক্ত হন। দাউদের রাজ্যকালে এপ্রায়েল বংশীয় আট লক্ষ বলবান পুরুষ ও যিছদা বংশীয় পাঁচ লক্ষ লোক তাঁহার অধীনে ছিল। রাজর্ষি দাউদ স্বীয় পিতৃ পুরুষদিগের ন্যায় মহা নিদ্রায় অভিভূত হইলে পর দাউদ নগরে তাঁহার সমাধি হয়। দাউদ প্রত্যাদেশে চালিত হই-তেন, তিনি সাক্ষাৎ সম্বন্ধে ঈগরহইতে ধর্মালোক লাভ করিয়া জগতে বিস্তার করিয়। গিয়াছেন। অতুল ঐথর্য ও বিস্তীর্ণ সামাজ্যের অধিপতি হইয়া ধর্ম প্রচার ও ঋষি জীবন যাপন করা দাউদই প্রথম দৃষ্টান্ত ছল। ইতি পূর্ব্বে তাঁহার ন্যায় স্থমধ্য ঈশ্বপ্রেম জীবনে কেহই প্রদর্শন ও প্রচার করে নাই, ভাঁছার প্রগাঢ় ভক্তিভাবপূর্ণ স্থতি বন্দনা প্রার্থনাদি পড়িয়া হৃদয় বিগলিত হয়।

হিরোণ রাজধানীতে দাউদের ছয় পুত্র জয়ে। বিমুরেরলিয়া অহিনারমের গর্ভদাত অয়োন, ইনি দাউদের জ্যেষ্ঠ পুত্র। কর্মিলিয়া অবিগছিয়নের গর্ভদাত কিলাব, ইনি বিতীয় পুত্র। গিশুরের তল্ময় রাজার কন্যা মাথার গর্ভজাত অবশালেম, ইনি তৃতীয়। হগিতের গর্ভজাত আদোনীয়, ইনি চতুর্থ। অবিটলের গর্ভজাত শিফটিয়, ইনি পঞ্চম পুত্র। ইয়ানায়ী ভার্যার গর্ভজাত বিত্রিয়ম, ইলি বঠ পুত্র। অমিলিয়ের কন্যা বৎসেবার গর্ভে শিমির, শোবব্, নাথন, সোলয়মান এই চারি পুত্র জেরুজিলমে জন্ম গ্রহণ করেন। তিত্রিম বিভর, ইলিশ্রম, ইলিফেনা, নোহন, নেফন,

ইলিরাদা, ইলিকেলট এই নয় জন পুত্র ছিল। ত:হাদের ভাগিনীর নাম তামর।

## দাউদের গাথা।\*

হে পরমেশ্বর, আমার কত শত্রু হইরাছে, অনেকে আমার বিপক্ষ।
"ঈশ্বরহইতে উহার নিস্তার হইবে না।" আমার জীবন সম্বন্ধে অনেকে
এরপ বলে। কিন্তু হে পরমেশ্বর, ভূমিই আমার ঢাল ও আমার গৌরবস্বরূপ, আমার মস্তকের উন্নতিকারক।

আমি খীর ধ্বতিতে প্রমেশবের নিকটে প্রার্থনা করিলে তিনি আপন পবিত্র পর্বতহইতে আমাকে উত্তর দেন। আমি শবন করিয়া নিজা যাই, পুনর্ব্বার জাগ্রং ইই, কারণ প্রমেশ্বর আমাকে রক্ষা করেন। সহস্র সহস্র লোক আমার বিরুদ্ধে চতুর্দিকে সজ্জিত হইলেও আমি ভীত হইব না।

হে পরমেশর, উথানকর; হে আমার ঈশ্বর, আমাকে পরিত্রাণ কর; কারণ ভূমি আমার সমুদায় শত্রুকে চপেটাঘাত ও ভূষ্টগণের দস্ত ভগ্ন করিয়া থাক।

পরমেশ্বর তুমি আনার কথা শ্রবণ কর, ও আমার কাতোরোজিতে মনোযোগ বিধান কর। হে আমার রাজা ও ঈশ্বর, আমার রোদনধ্বনি শুন, কেননা আমি ভোমার নিকটে নিবেদন করিতেছি। হে প্রমেশ্বর, প্রাতঃকালে তুমি আমার কথা শ্রবণ কর, প্রভাতে আমি ভোমার নিকটে প্রার্থনা করিয়া উদ্ধৃদৃষ্টি করিয়া থাকি। তুমি ত্র্যবহারে সন্তুষ্ট ঈশ্বর নও, তোমার নিকটে কোন তৃষ্ট লোক আশ্রর পায় না! অহঙ্কারী লোকেরা তোমার নাকাতে দাঁড়াইতে পাবে না। হে প্রমেশ্বর, তৃমি হত্যাকারী ও কপটলোকদিগকে নিগ্রহ করিবা, কিন্তু আমি তোমার প্রত্র অন্থ্রহে তোমার মন্দিরে প্রবেশ করিব, তোমার ধর্মনিকেতনের অভিম্থী হইয়া সভরে তোমার ভজনা করিব।

গীত পুস্তক হইতে ইহা গৃহীত। স্থানে স্থানে পরিবর্তন
 কোন কোন অংশ পরিত্যাগ করা গিয়াছে।

"কে আমাদিগকে কল্যাণ প্রদর্শন করিবে ?" এ কথা অনেকেই বলিয়া থাকে। হে প্রমেশ্র,ভূমি আমাদের প্রতি আপন শ্রীমুখের দীপ্তি প্রকাশ কর, শস্য ও দ্রাক্ষারসের বাহুল্য হইলে ভাহাদের বে আনন্দ হয় তদপেক্ষাও অধিক আনন্দ ভূমি আমার মনেতে প্রদান করিয়া থাক। আমি শাস্তিতে শয়ন করিয়া নিদ্রা বাই, কেননা হে প্রমেশ্বর, ভূমি আমাকে নিরাপদে রাখিবে।

হে পধ্যেশ্ব, ক্রোব্রেড আমাকে অনুযোগ করিও না, আমাকে শাস্তি দিও না। হে পরমেশ্বর, আমি ক্ষীণ হইয়া পড়িয়াছি, তুমি আমাকে কুপা কর। হে পরমেশ্বর, আমার অস্থি সকল কাঁপিতেছে, আমাকে স্থন্থ কর। হে পরমেশ্বর, আমার প্রাণ অতি ব্যাকুল হইতেছে, কত কাল বিলম্ব করিবে ? হে পরমেশ্বর, ফিরিয়া আইস, আমার প্রাণকে মুক্ত কর, তোমার দয়াগুণে আমাকে পরিতাণ কর। আমি বিলাপ করিতে করিতে প্রান্ত হই, সমন্ত রজনী অঞ্জলে শ্যাকে অভিষিক্ত করি, ক্রন্দনে আমার চক্ষু ক্ষীণ হইল, শক্রভয়ে আমার নয়ন নিস্তেজ হইল। হে কুক্রিয়াশীল লোক সকল, তোমরা আমার নিকট হইতে দ্ব হও, পরমেশ্বর আমার ক্রন্দনের ধ্বনি শুনিলেন ও পরমেশ্বর আমার বিলাপ গ্রাহ্ম করিলেন। আমার সমুদায় বৈরী অতিশ্র লজ্জিত ও অন্থির হইবে।

হে পরমেশর, আমার অনেক শক্র আছে. অতএব আমাকে তুমি তোমার ধর্মপথে লইয়া যাও, এবং আমার সম্মুখে তোমার পথ সরল কর। তাহাদের মুখে প্রকৃত কথা নাই, তাহাদের অস্কঃকরণ চুষ্ট, তাহাদের কণ্ঠনলী
অনার্তকবর স্বরূপ, তাহারা রসনাযোগে মাত্র স্থাতিবাদ করে। হে ঈশর,
তুমি তাহাদিগকে দণ্ড দাও, তাহারা স্ব স্ব ষড়যন্ত্রে পতিত হউক, তাহাদের
মহাপরাধপ্রযুক্ত তুমি তাহাদিগকে তাড়াইয়া দেও, কেননা তাহারা
তোমার বিরুদ্ধাচরণ করিয়াছে, তাহাতে তোমার শরণাগত সম্পায়
লোক আনন্দিত হইবে, এবং তোমা কর্তৃক রক্ষিত হওয়া প্রযুক্ত সর্কাদা
হাষ্টিতিত্ব হইবে, োমার নামের প্রতি যাহাদের প্রেম আছে, তাহারা
তোমাতে উল্লাস করিবে। হে পরমেশ্বর, তুমিই ধার্ম্মিক লোকদিগকে
আশীর্কাদ করিবে ও অন্প্রাহরূপ আবরণে তাহাদিগকে আর্ভ করিবে।

হে আমাদের প্রভো প্রমেশ্বর, সমুদান্ন পৃথিতীতে তে'মার নাম কেমন আদরণীয়! গগনমণ্ডলের উপরেও তোমার প্রতাপ স্থাপিত হইরাছে। তুমি আপন শত্রু ও হিংস্কুক লোকদিগের দমনের নিমিত্ত বালক ও হ্রুপোষ্য শিশুদিগের মুখহইতে জয়ধ্বনি উথিত করিতেছ।

তোমার অঙ্গুলিরচিত যে নভো মণ্ডল ও তোমাকর্তৃক স্থাপিত যে চন্দ্র ও ভারকাগণ তাহা নিরীক্ষণ করিলে আমি মনুষ্য কে যে তুমি তাহাকে স্মরণ কর, মনুষ্য সম্ভানইবা কে যে তুমি তাহার তত্ত্বাবধান করিয়া থাক।

হে প্রমেশ্বর, আমি সর্প্রান্তঃকরণে ভোমার প্রশংসা করিব ও ভোমার তাবং আশ্চর্য্য ক্রিয়া বর্ণনা করিব এবং ভোমাতে আনন্দ ও উল্লাস করিব। হে সর্প্রোপরিস্থ প্রভো, আমি ভোমার নাম গান করিব, আমার শত্রু-গণ পরাঙ্মুথ হইরা ছোমার সাক্ষাতে পতিত ও বিনষ্ট হইবে। ভূমি আমার বিবাদ নিপ্পত্তি করিবা ও সিংহাসনে বসিয়া যথার্থ বিচার করিবা।

পরমেশবর নিত্যস্থায়ী, তিনি বিচারের জন্য আপন সিংহাসন প্রস্তুত করিয়াছেন, ন্যায়েতে শোকের শাসন করিবেন সত্যেতে জগতের বিচার করিবেন, পরমেশব বিপন্ন লোকদিগের ছুর্গস্বরূপ।

পরমেশ্বর, যাহার। তোমার নাম জ্ঞাত আছে তাহারা তোমাকে বিশ্বাস করে, যেহেতু তুমি আপন অস্বেষণ্কারী লোকদিগকে পরিত্যাগ কর না। তোমরা সিয়োননিবাসিগণ, পরমেধরের নাম গান কর ও মানবমগুলীর নিকটে তাঁহার সমুদায় ক্রিয়া প্রকাশ কর, যিনি রক্তপাতের ফলদাতা, তিনি তাহা শ্বরণ করেন, তিনি তৃঃখীদিগের কাতরোক্তি কখন বিশ্বত হন না।

হে প্রমেশ্বর, তুমি আমার প্রতি দ্য়া কর, দ্বাকারী লোক সকলহইতে আমার যে ক্লেশ হইতেছে তাহার প্রতি দৃষ্টিপাত কর, তুমিই মৃত্যুদারহইতে আমার উদ্ধার কর্তা। আমি সিয়োন নগরের দ্বারে তোমার সমস্তগুণের বর্ণনা করিব ও তোমার কৃত পরিত্রাণ কার্য্যে উল্লাস করিব। অন্যলোকেরা আপনাদের খাত গর্ত্তের মধ্যেই আপনারা পড়িয়াছে ও গোপনে প্রসারিত আপনাদের জালেতেই আপনারা বদ্ধচরণ হইয়াছে। প্রমেশ্বর আপনাকে

প্রকাশ করিয়া বিচার করিয়াছেন এবং তুর্জন লোক স্বকৃত কর্ম দারা ধরা পড়িয়াছে। তৃষ্ট লোকেরা ও ঈশ্বরবিস্মৃত লোকেরা নরকে নিক্ষিপ্ত হইবে।
কেননা দীন দরিজ্ঞগণ সর্ব্বদা তাঁহার বিস্মৃতির পাত্র থাকিবে না, এবং
তুঃখীদিগের আশা চিরকালের নিমিত্র বিনষ্ট হইবার নহে। হে পরমেশ্বর,
উঠ, মানুষকে প্রধল হইতে দিও না। হে পরমেশ্বর, তাহাদের মনে ভয়
উংপাদন কর, অন্য জাতীয় লোকেরা মনুষ্যমাত্র, ইহা তাহারা
ভলত হৌক।

হে পরমেশব, তুমি কেন ভূবে দাঁড়াইয়া থাক, তুর্দশার সময় কেন চকু মুদ্রিত কর। পাষপ্তের গর্ব্ববশতঃ তুঃখী লোকেরা দগ্ধ হর ও তাহার মিথ্যা ছেলে शुक्र हा। पूछे लाक श्रीय मत्नावथ मिकि मञ्चल पर्भ करत, এবং লোভী লোক ধন্যবাদ করিতে করিতে পরমেশ্বকে অবজ্ঞ। করিয়া থাকে। পাষও অহলারবশতঃ ঈশ্বরের অবেষণ করে না, এবং ঈশ্বর নাই এই তাহার সমস্ত চিম্ভার সার, তাহার সর্ব্বাবস্থায় সর্ব্বলা সৌভাগ্য হয়; তোমার-দণ্ডাজ্ঞা উচ্চ, ও তাহার দৃষ্টির বহিভ ত। সে সমুদায় শত্রুর প্রতি ফুৎকার करत এবং মনে মনে বলে আমি কখন স্থানভ্ৰষ্ট হইব না, পুরুষারুক্তমে নিরাপদে থাকিব। তাহার মুখ অভিশাপ ও কপটতা ও শঠতাতে পরিপূর্ণ, এবং তাহার জিহুরার নিম্নভাগে অন্যায় অভ্যাচার থাকে, সে গ্রামের গুপ্ত-चारन विश्वा निर्द्धारन निर्पाषरक वर्ष करत, जाशत हम्म नीन इःथीरक ধরিবার জন্য নিরীক্ষণ করে। যেমন গহরবের মধ্যে সিংহ তদ্রূপ সেও श्रुश्च श्रारन चरलका करत। रम बालन जात्नत मरश्य मृश्यीरक ट्रानिया আনে, তাহাতে দে বিদীর্ণ ছইয়া যায়। এইরূপে বলবান্ লোকেরু। দুঃখগ্রস্ত লোককে নিপাত করে। এবং পরমেশ্বর বিষ্মৃত হইয় ছেন, তাঁছার মুখ্ আচ্ছাদিত, তিনি কখন দেখিতে পাইবেন না, মনে মনে এরূপ কছে।

হে পরমেশ্বর, উঠ, হে ঈশ্বর, আপনার হস্ত বিস্তার কর, তুঃখী কাঙ্গাল দিগকে বিস্মৃত হইও না। তুইলোক কেন ঈশ্বরকে তুচ্ছ করে, তুমি অন্ত্র-সন্ধান করিবে না সে মনে মনে ভাবে, কিন্ত তুমি দেখিতেছ, কারণ তুমি স্বহস্তে অত্যাচারের প্রতিফল দিবার জ্বন্য তাহার প্রতি দৃষ্টিপাত করি-তেছ। তুমি পিতৃহীনের উপকারী বন্ধু, কেন না তুঃখী লোক তোমার ক্তিস্তে সীয় প্রাণ উৎসর্গ করে। তুমি চ্ষ্ট ও চ্রস্ত লোকের বাহ ভগ কর, এবং শেষ পর্যান্ত তাহার চুষ্টতার অনুসন্ধান কর। হে পরমেশ্রর,তুমি তৃঃখী-দের প্রার্থনা শ্রবণ করিয়া তাহাদের মন স্থান্থির করিয়া থাক, এবং সাংসারিক লোক যেন পুনর্বার দৌরাত্ম্য না করে এই নিমিত্ত পিতৃহীন ক্লিষ্ট লোকদিগের বিচারে তৃমি কর্ণপাভ করিবা।

হে আমার মন, পরমেশ্বের ধন্যবাদ কর। আমার প্রভু পরমেশ্বর অতিশ্র মহান্ এবং প্রতাপেও এশির্য্য বিভূষিত। তিনি দীপ্তিরপ বস্ত্র পরিধান করেন ও আকাশকে চন্দ্রাতপের ন্যায় বিস্তার করেন। তিনি বারিযোগে স্বীয় উচ্চ গৃহ নির্মাণ করেন এবং মেঘকে রথস্বরপ ও বায়ুকে পক্ষস্বরূপ করিয়া গমনাগমন করিয়া থাকেন। তিনি আপন দূতগণকে বায়ু স্বরূপ ও আপন সেবকদিগকে অগ্নিশিখাস্বরূপ করেন। তিনি পৃথিবীর মূল এমন স্থানে স্থাপন করিয়াছেন যে মে কদাপি বিচলিত হয় না। তিনি নিয়ভূমিতে প্রস্তরণ সঞ্চারিত করেন, ক্ষেত্রন্থ পশুগণ তাহার জলপান করে ও আরণ্য গর্দান্ত আপন তৃষ্ণা নিবারণ করিয়া থাকে। গগনচারী বিহন্ধকুল তাহার নিকটে কুলায় নির্মাণ ও তরুশাখায় বসিয়া গান করে। তিনি পশুমুথের নিমিত্ত তৃণপুঞ্জ ও মন্থুযোর আহারের জন্য শাক রন্ধি করেন, এবং মন্থুয়মনের আনন্দজনক মদিরা ওতাহার মুখের প্রসন্ধাজনক তৈল ভাহার হাদয়দূচ্কারী শস্য ইত্যাদি খাদ্য প্রব্য পৃথিবীতে উৎপাদন করেন।

তিনি কালকে নির্দ্ধারণ করণার্থ চন্দ্রমার স্থাষ্ট করিরাছেন, স্থাত স্বীর অন্তগমনের সমর জ্ঞাত আছে। তিনি তিমিরাচ্ছন রজনী উপস্থিত করিলে বনচারী পশু সকল বহির্গত হয়; তরুণ সিংহণণ আহারের জন্য গর্জ্জন করিয়া ঈশ্বর হইতে খাদ্য অবেষণ করে। স্থা্যাদ্য হইলে তাহারা স্ব স্থ গুহার মধ্যে প্রবেশ করিয়া শ্বন কয়িয়া শাকে। তখন মনুষ্য সায়ংকাল পর্যান্ত আপন আপন কর্ম্মে পরিশ্রম করিবার জন্য বহির্গত হয়। হে পরমেশ্বর, তোমার কর্মা কেমন বিচিত্র। তৃমি জ্ঞানেতে সমৃদায় স্থাষ্টি করিয়াছ, এই পৃথিবী তোমার ঐশ্বর্য্যে পরিপূর্ণ। ঐ সমুদ্র দেখ কেমন প্রকাণ্ড ও প্রদারিত। তমধ্যে অসঙ্খ্য জলচর ও ক্ষুদ্রস্ত বহৎ কত জন্ত খাকে।

পরমেশবের মহিমা নিত্য, তিনি খীয় কার্য্যে আনন্দিত। আরি যাবজ্জীবন পরমেশবের উদ্দেশে গান করিব ও যাবজ্জীবন আমার ঈশবের গুণারুবাদ করিব, তাঁহার সম্বন্ধে আমার ধ্যান সুখজনক হইবে, আমি পরমেশবেরতে আনন্দ করিব। হে আমার মন পরমেশবের গুণাসুবাদ কর।

ভোমর। পরমেশ্বরের প্রশংসা কর, তাঁহার নাম গান কর, লোকের নিকটে তাহার ক্রিয়া সকল প্রকাশ কর, তাঁহার আশ্চর্য্য কর্ম সকল মনেতে ধ্যান কর। তাঁহার পবিত্র নামের শ্লাঘা কর, পরমেশ্বরের অবেষণকারী লোকদিগের অন্তঃকরণ আনন্দযুক্ত থাকুক। হে তাঁহার সেবক এরাহিমের বংশ, হে তাঁহার মনোনীত ইয়কুবের বংশ, তাঁহার কত আশ্চন্য কর্ম সকল ও তাঁহার অভূত লক্ষণ ও তাঁহার মুখের দণ্ডাক্তা স্মরণ কর।

হে আমার মন, পরমেশ্বরকে ধন্যবাদ কর, তাঁহার মন্ধল কার্য্য সকল বিশ্বত হইও না। তিনি গোমার তাবৎ অপরাধ মার্জ্জনা করেন, ও তোমার সকল রোগের শাস্তি বিধান করেন এবং বিনাশহইতে ভোমার প্রাণকে উদ্ধার করেন ও অনুগ্রহ ও দয়ারূপ মুকুটে ভোমাকে ভূষিত করেন, এবং উৎকৃষ্ট খাদ্যদ্রব্যে তোমার রসনাকে তৃপ্ত করেন, তাহাতে উৎক্রোদ পক্ষীর ন্যায় পুনর্কার ভোমার নৃতন যৌবন হয়। পরমেশ্বর ন্যায় সাধন করেন ও তাব: উপক্রত লোকের নিমিত্ত বিচার নিষ্পত্তি করেন। তিনি মুসাকে আপনার পথ ও এস্রায়েল বংশকে আপনার কর্ম জানাইয়াছেন। পর্বেশ্বর কৃপাময় ও দয়ালু। তিনি নিরস্তর ভৎ সনা করেন না ও সর্ব্বদা অস্কৃষ্ট থাকেন না। আমাদের পাপার্সারে আমাদের সঙ্গে ব্যবহার করেন না ও আমাদের অপরাধারুসারে প্রতিফল দেন না। পৃথিবী অপেক্ষা যেমন আকাশমণ্ডল উচ্চ, তদ্ৰপে তাঁহাহইতে ভীত লে৷কদিগের প্রতি তাঁহার অনুগ্রহ বড়। উদয়াচলহইতে ষেমন অস্তাচল দূরে, তদ্রপ তিনি আমাদিগ হইতে আমাদের পাপ দ্কল দূর করেন। পুত্রের প্রতি যাদৃশ পিতার ক্ষেহ ও ঈশ্বরতীক লোকদিগের প্রতি প্রমেশ্বরের ও তাদৃশ স্নেহ সাহে। তিনি আমাদের স্বভাব জানেন, আমরা যে ধ্লিমাত্র ইহা তাঁধার মার্ণ আছে।

তোমরা পরমেশবের উদ্দেশে নৃত্ন গীত গান কর, কেন না তিনি আশ্চর্য কর্ম করিয়াছেন, এবং তাঁহার দক্ষিণ হস্ত ও পরিত্র বাহু পরিত্রাণ সিদ্ধ করেন। পরমেশব আপন কৃত পরিত্রাণ জানাইয়াছেন, এপ্রায়েল বংশের প্রতি আপন যে অনুগ্রহ ও অঞ্চীকার তাহা শ্বরণ করিয়াছেন। এবং সমগ্র পৃথিবীর লোকেরা আমাদের ঈশবের কৃত পরিত্রাণ দেখিয়াছে। ছে পৃথিবীয় লোকেরা আমাদের ঈশবের উদ্দেশে জয়ধ্বনি কর ও আনন্দ্ধবনি কর এবং উচ্চৈঃস্বরে গান কর, পরমেশবের উদ্দেশে বীণাতে ও বীণার সঙ্গে স্বরেতে গান কর এবং তুরী ভেরী বাজাইয়া রাজ। পরমেশবের সাক্ষাতে জয়ধ্বনি কর। সমুদ্র ও তয়য়্বায় সমুদায় প্রাণী এবং জগৎ ও তয়িবাসিগণ পরমেশবের সাক্ষাতে জয়ধ্বনি করক। নদী সকল করতালি দিউক, পর্ব্বত-গণ পরমেশবের সাক্ষাতে উচ্চ ধ্বনি করক। কেন না তিনি পৃথিবীর বিচার করিতে আসিতেছেন; তিনি ত্যায়েতে জগতের ও সত্যেতে লোকদিগের বিচার করিবেন।

চে প্রমেশ্বর, আমার প্রার্থনা শুন, আমার আর্ত্রনাদ তোমার কর্ণপোচর হৌক, বিপদের দিনে আমা হইতে আপন মুখ আচ্ছাদিত করিও না।
আমার প্রার্থনার সময়ে শীঘ্র আমাকে উত্তর দিও। আমার দিন সকল
ধ্মের ফ্রায় ক্ষয় পায় ও আমার অস্থি সকল দয় কার্চের ফ্রায় উত্তপ্ত হয়।
আমার অস্তঃকরণ তৃণের ফ্রায় দলিত ও গুক্ষ। হাহাকার শব্দ করাতে
আমার অস্তি চর্মা বিদ্ধ। আমি প্রান্তরন্থ হাড়গিলা পক্ষীর ন্যায়, এবং
বনাকীর্ণ পতিত ভূমির পেচকের ন্যায় হই, এবং ছাদের উপরি ছিত সঙ্গিহীন চটকের ন্যায় জাগ্রৎ থাকি।

তোমার প্রমাণরাণী আশ্চর্য্য, এই জন্য আমার মন ভাষা পালন করে, তোমার বাক্যোদর আলোক প্রদান করে ও অজ্ঞানকে জ্ঞান দান করে। তোমার নামের প্রেমিক লোকদিগের প্রতি তোমার যে রূপ ব্যবহার তুমি তদ্রপ আমার প্রতিও দৃষ্টিপাত করিয়া দয়া কর। তোমার বাক্যানুসারে আমার গতি স্থির কর, এবং কোন পাপকে আমার উপর কর্তৃত্ব করিতে দিও না। লোকের অভ্যাচারহইতে আমাকে রক্ষা কর, তাহাতে আমি তোমার আদেশ পালন করিব। আমি তোমার দাস, প্রসরবদনে আমাকে আপন বিধি শিক্ষা দাও। লোক সকল তোমার ব্যবস্থা পালন করিবে না, এজন্য আমার চক্রু ইইতে অঞ্জেলাত প্রবাহিত হইতেছে।

আমি তোমার শাস্ত কেমন ভাল বাসি! সমস্তদিন তাহা ধ্যান করি।
দীর আজ্ঞাক্রমে তুমি আমাকে শক্রগণ অপেক্ষা জ্ঞানবান্ করিতেছ।
সেই আজ্ঞা সর্কানা আমার নিকটে থাকে। আমি তোমার প্রমাণবাক্য
ধ্যান করি, এই কারণ তাবং গুরু অপেক্ষা আমি জ্ঞানবান্ হই; তোমার
আজ্ঞা পালন করি, এই কারণ প্রাচীন লোক অপেক্ষাও বুদ্ধিমান্ হই।
আমি তোমার বাক্য পালনার্থ সম্পার কুপথহইতে আপন চরণকে নির্ক্ত
করি। তুমি আমাকে শিক্ষা দিয়াছ, এই কারণ আমি তোমার রাজনীতি
হইতে বিমুখ হই না। তোমার বাক্য আমার জিহ্লাতে কেমন মিপ্ত লাগে!
তাহা আমার মুখে মধুহইতেও স্থাত্। তোমার আদেশে আমি জ্ঞান
লাভ করি, এই জন্য সমুদায় মিথ্যাপ্য ঘূণা করি।

তোমার বাক্য আমার গমনের প্রদীপ ও পথের আলোকস্বরূপ। আমি
শপথ করিয়াছি যে তোমার পুণ্যময়ী রাজনীতি পালন করিব ও তাহা দিদ্ধ
করিব। আমি অতিশয় তৃঃখী, হে পরমেশর ! স্বীয় বাক্যানুসারে আমাকে
জীবন দান কর। হে পরমেশর ! তোমার নিকটে নিবেদিত আমার মুখের
প্রশংসা গ্রাহ্ম করিয়া আমাকে আপন রাজনীতি শিক্ষা দেও। আমি নিরস্তর প্রাণ হস্তে করিয়া আছি, তথাপি তোমার শাস্ত্র বিস্মৃত হই না। তৃষ্টগণ
আমার নিমিত্ত জাল নিক্ষেপ করিলেও আমি তোমার আজ্ঞাহইতে বিপথগামী নহি। তোমার প্রমাণবাক্য আমার মনের আনন্দদ্দক, এই কারণ
আমি চিরকালের নিমিত্ত তাহা নিজ অধিকারার্থ মনোনীত করিয়াছি, এবং
শেষ পর্যান্ত ভোমার বিধি পালনার্থ আপন মনকে প্রবৃত্তি দান করিয়াছি।

আমি দিমনা লোকদিগকে ঘুণা করি, কিন্ত তোমার শাস্ত্র ভালবাসি।
তুমি আমার গুপ্ত আশ্রম স্থান ও ঢালস্বরপ; আমি তোমার বাক্যের
প্রত্যাশা করি। হে চুজি রাশীল লোক সকল, তোমরা আমার নিকট
হইতে দূর হও, আমি আপন ঈশ্বরের আজ্ঞা পালন করিব। তুমি নিজ্
বাক্যান্ম্যারে আমাকে ধারণ করিয়া রক্ষা কর, আমার আশা সম্বন্ধে আমাকে
লজ্জিত করিও না। সামাকে প্রতিষ্ঠিত কর, তাহাতে আমি পরিত্রাণ পাইব ওঃ

তোমার বিধি সর্বাদা মান্য করিব। তোমার বিধি ইইতে ভ্রাস্ত লোকদিগকে তুমি নিগ্রহ করিবে, তাহাদের প্রবঞ্চণা ভ্রান্তিমাত্র তুমি পৃথিবীস্থ তাবৎ ছপ্ত লোককে মলের ন্যায় দূর করিবে, এই জন্য আমি পুতামার প্রমাণ বাক্য ভাল বাসি। তোমাকে ভয় করাতে আমার শরীর রোমাঞ্চিত হয়, তোমার বিচারাক্তা আমি ভয় করি।

(વિદાલાલ્डा आगि ७३ कात्।